দ্রৌপদি ! তা'র পর, রাজা ক্রুদ্ধ হইলে, সেই সমস্ত প্রজাই সত্বর বিনষ্ট হইয়া যায়। অতএব ক্রোধটা লোকের বিনাশ ও অমঙ্গলের জন্যই হইয়া থাকে ॥৩১॥

কিন্তু জগতে যখন পৃথিবীর তুল্য ক্ষমাশীল লোক সকল দেখা যায়, সেই জন্যই লোকের জন্ম ও মঙ্গল সম্ভবপর হয় ॥৩২॥

অতএব সুন্দরি ! সর্ব্বপ্রকার বিপদের সময়েও মানুষের ক্ষমা করাই উচিত। কারণ, ক্ষমাশীল প্রাণিগণ হইতেই প্রাণিগণের জন্ম হয় ॥৩৩॥

---

[৩৩]...সর্ব্বাপৎসু সুশোভনে !...বা ব কা নি।

প্রভাববানপি নরস্তস্য লোকাঃ সনাতনাঃ।
ক্রোধনস্ত্বল্পবিজ্ঞানঃ প্রেত্য চেহ চ নশ্যতি ॥৩৫॥ (যুগ্মকম্)
অত্রাপ্যুদাহরন্তীমা গাথা নিত্যং ক্ষমাবতাম্।
গীতাঃ ক্ষমাবতা কৃষ্ণে! কাশ্যপেন মহাত্মনা ॥৩৬॥
ক্ষমা ধর্ম্মঃ ক্ষমা যজ্ঞঃ ক্ষমা বেদাঃ ক্ষমা শ্রুতম্।
যস্তামেবং বিজানীতে স সর্ব্বং ক্ষন্তুমর্হতি ॥৩৭॥
ক্ষমা ব্রহ্ম ক্ষমা সত্যং ক্ষমা ভূতঞ্চ ভাবি চ।
ক্ষমা তপঃ ক্ষমা শৌচং ক্ষময়েদং ধৃতং জগৎ ॥৩৮॥

ভারতকৌমুদী

আক্রুষ্ট ইতি। আক্রুষ্টো ভৎর্সিতঃ। প্রভাববান্ শক্তিশালী। লোকাঃ স্বর্গাঃ। ক্রোধনঃ ক্রোধশীলঃ, অল্পবিজ্ঞানঃ অল্পবুদ্ধিঃ, প্রেত্য পরলোকে ॥৩৪—৩৫॥

অত্রেতি। গাথাঃ শ্লোকান্, "গাথা শ্লোকে সংস্কৃতান্যভাষায়াং গেয়বৃত্তয়োঃ" ইতি মেদিনী ॥৩৬॥

ক্ষমেতি। ধর্ম্মো ধর্ম্মসামান্যফলজনিকা। এবং সর্ব্বত্র। শ্রুতং শাস্ত্রান্তরজ্ঞানম্ ॥৩৭॥

ক্ষমেতি। ব্রহ্ম ব্রাহ্মণধর্ম্মঃ; সত্যং ব্রহ্মভূতা, সর্ব্বোৎকর্ষাৎ; ভূতম্ অতীতদৃষ্টফলা, ভাবি চ ভবিষ্যদ্দ্রষ্টব্যফলা চ; তপো বৈধক্লেশতুল্যা; শৌচং তত্ত্বচিত্তপরিষ্করণাৎ ॥৩৮॥

ভারতভাবদীপঃ

স্বাম্যাদিনা যথা আক্রুষ্টস্তাড়িতো বাশক্তঃ ক্ষমতে, তথা যঃ প্রভাববানপি ক্ষমতে, তস্য লোকা ইতি সার্দ্ধশ্লোকো বাক্যম্ ॥৩৪॥ অন্যথা দোষমাহার্দ্ধেন ক্রোধনস্ত্বিতি ॥৩৫॥ অত্রেতি। ক্ষমাবতাং গাথাঃ প্রশংসাঃ, ক্ষমাবতাং মধ্যে মহাত্মনা ॥৩৬॥ ক্ষমা ধর্ম্ম ইতি ক্ষমাহীনস্য ধর্ম্মাদিরনর্থকর ইত্যর্থঃ। যঃ ধর্ম্মাদিফলার্থী ॥৩৭॥ ব্রহ্ম ব্রাহ্মণজাতিঃ, সত্যং পরং ব্রহ্মাপি ক্ষমাপ্রাপ্যম্, ভূতং সঞ্চিতং তপঃ ভাবি চ ক্ষমৈব রক্ষতি ॥৩৮॥ অতি অতিক্রম্য প্রাপ্নুবন্তি

প্রবল ব্যক্তির তিরস্কারে ও তাড়নে ক্রুদ্ধ হইয়াও যে লোক ক্ষমা করে এবং বুদ্ধিমান্ ও শক্তিশালী হইয়াও যে উৎকৃষ্ট লোক সর্ব্বদা ক্রোধকে জয় করেন, তাঁহাদের চিরস্থায়ী স্বর্গ হয়। আর, অল্পবুদ্ধি ও ক্রোধশীল লোক ইহলোকে ও পরলোকে বিনষ্ট হয় ॥৩৪—৩৫॥

দ্রৌপদি! ক্ষমাশীল ও মহাত্মা কাশ্যপ ক্ষমাশালী লোকদিগের সম্বন্ধে যে সকল শ্লোক বলিতেন, ক্ষমার বিষয়ে জ্ঞানীরা সে গুলির উল্লেখ করিয়া থাকেন ॥৩৬॥

ক্ষমা ধর্ম্ম, ক্ষমা যজ্ঞ, ক্ষমা বেদ এবং ক্ষমা শাস্ত্রজ্ঞান। যে লোক ক্ষমাকে এইরূপ জানে, সে—সমস্তই ক্ষমা করিতে পারে ॥৩৭॥

(৩৬)···গীতাঃ ক্ষমাবতাম্···বা নি। (৩৭)···ব এতদেব জানাতি···বা ব. কা নি।

অতি যজ্ঞবিদাং লোকান্ ক্ষমিণঃ প্রাপ্নুবন্তি চ।
অতি ব্রহ্মবিদাং লোকান্ অতি চাপি তপস্বিনাম্ ॥৩৯॥
অন্যে বৈ যজুষাং লোকাঃ কর্ম্মিণামপরে তথা।
ক্ষমাবতাং ব্রহ্মলোকে লোকাঃ পরমপূজিতাঃ ॥৪০॥
ক্ষমা তেজস্বিনাং তেজঃ ক্ষমা ব্রহ্ম তপস্বিনাম্।
ক্ষমা সত্যং সত্যবতাং ক্ষমা যজ্ঞঃ ক্ষমা শমঃ ॥৪১॥
তাং ক্ষমামীদৃশীং কৃষ্ণে! কথমস্মদ্বিধস্ত্যজেৎ।
যস্যাং ব্রহ্ম চ সত্যঞ্চ প্রজ্ঞা লোকাশ্চ বিষ্ঠিতাঃ ॥৪২॥
ক্ষন্তব্যমেব সততং পুরুষেণ বিজানতা
যদা হি ক্ষমতে সর্ব্বং ব্রহ্ম সম্পদ্যতে তদা ॥৪৩॥

ভারতকৌমুদী

অতীতি। ক্ষমিণঃ ক্ষমাবন্তো জনাঃ, যজ্ঞবিদাং লোকান্ অতি অতিক্রম্য ব্রহ্মবিদাং লোকান্ অতি অতিক্রম্য তপস্বিনাঞ্চাপি লোকান্ অতি অতিক্রম্য, প্রাপ্নুবন্তি উত্তমান্ লোকান্ যান্তি; চিত্তনৈর্ম্মল্যসম্পাদকতয়া পাতঞ্জলোক্তোপেক্ষারূপত্বাদিতি ভাবঃ ॥৩৯॥

অন্য ইতি। যজুষাং বেদবিদাম্। কর্ম্মিণাং যাগাদিকর্ম্মনিরতানাম্ ॥৪০॥

ক্ষমেতি। ব্রহ্ম তপঃ। সত্যং ত্রিষপি কালেষু নির্ব্বাধাৎ ॥৪১॥

তামিতি। ব্রহ্ম তপঃ। প্রজ্ঞা জ্ঞানম্, লোকাঃ স্বর্গাঃ, বিষ্ঠিতা অবস্থিতাঃ ॥৪২॥

ক্ষন্তব্যমিতি। বিজানতা বিশেষেণ ক্রোধদোষং জানতা। ব্রহ্ম তপঃ ॥৪৩॥

ক্ষমা ব্রাহ্মণের ধর্ম্ম, ক্ষমা ব্রহ্ম, ক্ষমার ফল অতীতে দেখা গিয়াছে, ভবিষ্যতেও দেখা যাইবে; ক্ষমা তপস্যা এবং ক্ষমা শৌচ। সুতরাং ক্ষমাই এই জগৎটাকে ধারণ করিয়া রহিয়াছে ॥৩৮॥

ক্ষমাশীল লোকেরা যজ্ঞবিৎ, ব্রহ্মবিৎ ও তপস্বীদিগের লোক অতিক্রম করিয়া আরও উত্তম লোকে যাইয়া থাকেন ॥৩৯॥

বেদবিদ্‌গণের স্থান অন্য এবং কর্ম্মিগণের স্থানও অন্য; কিন্তু ক্ষমাশীলগণের পরমপূজিত স্থান ব্রহ্মলোকে ॥৪০॥

ক্ষমা তেজস্বীদিগের তেজ, ক্ষমা তপস্বীদিগের তপস্যা এবং ক্ষমা সত্যপরায়ণদিগের সত্য; আর ক্ষমা যজ্ঞ এবং ক্ষমা শম ॥৪১॥

দ্রৌপদি! এইরূপ সেই ক্ষমাকে আমার মত লোক কি করিয়া ত্যাগ করিতে পারে? যাহাতে তপস্যা, সত্য, প্রজ্ঞা এবং স্বর্গ রহিয়াছে ॥৪২॥

যিনি ক্রোধের দোষ জানেন, তিনি সর্ব্বদাই ক্ষমা করিবেন। মানুষ যখন সমস্ত ক্ষমা করিতে পারে, তখনই তাহার তপস্যা সম্ভবপর হয় ॥৪৩॥

---

(৩৯) অত্র বিবিধা এব পাঠভেদাঃ সন্তি। [৪২] তাং ক্ষমাং তাদৃশীম্…বিষ্ঠিতাঃ, বা ব ক। নি।

ক্ষমাবতাময়ং লোকঃ পরশ্চৈব ক্ষমাবতাম্।
ইহ সম্মানমৃচ্ছন্তি পরত্র চ শুভাং গতিম্ ॥৪৪॥
যেষাং মন্যুর্মনুষ্যাণাং ক্ষময়াভিহতঃ সদা।
তেষাং পরতরে লোকাস্তস্মাৎ ক্ষান্তিঃ পরা মতা ॥৪৫॥
ইতি গীতাঃ কাশ্যপেন গাথা নিত্যং ক্ষমাবতাম্।
শ্রুত্বা গাথাঃ ক্ষমায়াস্ত্বং তুষ্য দ্রৌপদি! মা ক্রুধঃ ॥৪৬॥
পিতামহঃ শান্তনবঃ শমং সম্পূজয়িষ্যতি।
কৃষ্ণশ্চ দেবকীপুত্রঃ শমং সম্পূজয়িষ্যতি ॥৪৭॥
আচার্য্যো বিদুরঃ ক্ষত্তা শমমেব বদিষ্যতঃ।
কৃপশ্চ সঞ্জয়শ্চৈব শমমেব বদিষ্যতঃ ॥৪৮॥

ভারতকৌমুদী

ক্ষমেতি। অয়ং লোকঃ অনুকূল ইতি শেষঃ। ঋচ্ছন্তি প্রাপ্নুবন্তি ॥৪৪॥
যেষামিতি। মন্যুঃ ক্রোধঃ। অভিহতো নাশিতঃ। পরতরে সর্ব্বোৎকৃষ্টাঃ ॥৪৫॥
ইতীতি। গাথাঃ শ্লোকাঃ। তুষ্য সন্তুষ্টা ভব, মা ক্রুধঃ ক্রোধং ন কুরু ॥৪৬॥
পিতামহ ইতি। শান্তনবো ভীষ্মঃ, শমং শান্তিং মম ক্রোধনিবৃত্তিমিত্যর্থঃ ॥৪৭॥
আচার্য্য ইতি। আচার্য্যো দ্রোণঃ। ক্ষত্তা শূদ্রাগর্ভোদ্ভবঃ ॥৪৮॥

ভারতভাবদীপঃ

যদূর্দ্ধং পদমিতি শেষঃ। ব্রহ্মবিদাং বেদবিদাম্ ॥৩৯॥ যজুষাং ত্রেতাগ্নিসাধ্যকর্ম্মবতাম্, কর্ম্মিণাং বাপীকূপাদিধর্ম্মবতাম্ ॥৪০—৪২॥ সর্ব্বং মনঃপ্রাণেন্দ্রিয়াণাং বেগং ক্ষমতে সোঢ়ুং শক্নোতি ॥৪৩—৪৪॥ পরতরে সত্যলোকে, লোকাঃ ভোগ্যপদার্থাঃ ॥৪৫॥ তুষ্য তুষ্টা ভব

ক্ষমাশীল লোকদিগের ইহলোক ও পরলোক অনুকূল হয়। ক্ষমাশীল লোকেরা ইহলোকে সম্মান লাভ করে এবং পরলোকে শুভ গতি প্রাপ্ত হয় ॥৪৪॥

যে সকল মানুষের ক্রোধ ক্ষমাকর্তৃক সর্ব্বদা বিনষ্ট হয়, তাহাদের অত্যুৎকৃষ্ট লোকপ্রাপ্তি হয়। অতএব ক্ষমাই সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ ॥৪৫॥

মহর্ষি কাশ্যপ ক্ষমাশীল লোকদিগের সম্বন্ধে এই শ্লোকগুলি বলিতেন। সুতরাং দ্রৌপদি! তুমি সেই ক্ষমার শ্লোকগুলি শুনিয়া সন্তুষ্ট হও, ক্রুদ্ধ হইও না ॥৪৬॥

তা'র পর পিতামহ ভীষ্ম আমার ক্রোধনিবৃত্তির প্রশংসা করিবেন এবং দেবকীনন্দন কৃষ্ণও আমার ক্ষমার সম্মান করিবেন ॥৪৭॥

আর, আচার্য্য দ্রোণ ও ক্ষত্তা বিদুর আমার ক্ষমার কথাই বলিবেন এবং আচার্য্য কৃপ ও সঞ্জয় আমার ক্ষমার বিষয়ই উপদেশ দিবেন ॥৪৮॥

(৪৪)…ইহ সম্মানমর্হন্তি…পি।

সোমদত্তো যুযুৎসুশ্চ দ্রোণপুত্রস্তথৈব চ।
পিতামহশ্চ নো ব্যাসঃ শমং বদতি নিত্যশঃ ॥৪৯॥
এতৈর্হি রাজা নিয়তং চোদ্যমানঃ শমং প্রতি।
রাজ্যং দাতেতি মে বুদ্ধির্ন চেল্লোভান্নশিষ্যতি ॥৫০॥
কালোঽয়ং দারুণঃ প্রাপ্তো ভরতানামভূতয়ে।
নিশ্চিতং মে সদৈবেতৎ পুরস্তাদপি ভাবিনি ! ॥৫১॥
সুযোধনো নার্হতীতি ক্ষমামেবং ন বিন্দতি।
অর্হস্তত্রাহমিত্যেবং তস্মান্মাং বিন্দতে ক্ষমা ॥৫২॥
এতদাত্মবতাং বৃত্তমেষ ধর্ম্মঃ সনাতনঃ।
ক্ষমা চৈবানৃশংস্যঞ্চ তৎ কর্ত্তাস্ম্যহমঞ্জসা ॥৫৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি অর্জ্জুনাভিগমনে দ্রৌপদীযুধিষ্ঠিরসংবাদে পঞ্চবিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

সোমেতি। দ্রোণপুত্রোঽশ্বত্থামা। নঃ অস্মাকম্। শমং ক্রোধনিবৃত্তিম্ ॥৪৯॥

এতৈরিতি। এতৈর্ভীষ্মাদিভিঃ, রাজা ধৃতরাষ্ট্রঃ। দাতা দাস্যতি ॥৫০॥

কাল ইতি। অয়ং বর্ত্তমানঃ, পুরস্তাদ্ভাবী চ কালঃ। অভূতয়ে অমঙ্গলায় ॥৫১॥

অথ দুর্য্যোধনঃ কথং ক্ষমাং ন করোতীত্যাহ সুযোধন ইতি। নার্হতি কোপনত্বাদিতি ভাবঃ। ন বিন্দতি ন লভতে। তত্র আবয়োর্মধ্যে, অহমর্হো যোগ্যঃ ॥৫২॥

এতদিতি। আত্মবতাং মনস্বিনাম্, বৃত্তং স্বভাবঃ। আনৃশংস্যং দয়া, তৎ উভয়ম্, অহম্, অঞ্জসা তত্ত্বেন, কর্ত্তাস্মি করিষ্যামি। "তত্ত্বে ত্বদ্ধাঞ্জসা দ্বয়ম্" ইত্যমরঃ ॥৫৩॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি অর্জ্জুনাভিগমনে পঞ্চবিংশোঽধ্যায়ঃ ॥০॥

সোমদত্ত, যুযুৎসু, অশ্বত্থামা এবং আমাদের পিতামহ বেদব্যাস, ইঁহারা সর্ব্বদাই শান্তির কথা বলেন ॥৪৯॥

সুতরাং ইঁহারা শান্তির জন্য উপদেশ দিতে থাকিলে, ধৃতরাষ্ট্র নিশ্চয়ই আমাকে রাজ্য দান করিবেন; যদি লোভবশতঃ রাজ্যদান না করেন, তবে বিনষ্ট হইবেন ॥৫০॥

দ্রৌপদি! সর্ব্বদাই আমার এই ধারণা হয় যে, ভরতবংশের অমঙ্গলের জন্য এই দারুণ সময় উপস্থিত হইয়াছে এবং পরে আরও দারুণ হইবে ॥৫১॥

তা'র পর, দুর্য্যোধন ক্ষমা ধারণ করিবার যোগ্য নহে বলিয়া এরূপ ক্ষমা লাভ করে নাই; আর আমি যোগ্য বলিয়া ক্ষমা আমাকে আশ্রয় করিয়াছে ॥৫২॥

---

* '...ঊনত্রিংশোঽধ্যায়ঃ' বা ব কা নি।

ষড়্বিংশোঽধ্যায়ঃ

——:(*):——

দ্রৌপদ্যুবাচ।

নমো ধাত্রে বিধাত্রে চ যৌ মোহং চক্রতুস্তব।
পিতৃপৈতামহে বৃত্তে বোঢ়ব্যে তেঽন্যথা মতিঃ ॥১॥
কর্ম্মভিশ্চিন্তিতো লোকো গত্যাং গত্যাং পৃথগ্‌বিধঃ।
তস্মাৎ কর্ম্মাণি নিত্যানি লোভান্মোক্ষং যিযাসতি ॥২॥

ভারতকৌমুদী

নম ইতি। ধাত্রে সর্ব্বনিয়ন্ত্রে ব্রহ্মণে, বিধাত্রে দৈবায় চ নমঃ; যৌ তব মোহং চক্রতুঃ। যেন হি পিতৃপৈতামহে বৃত্তে রাজ্যশাসনাদিচরিত্রে ত্বয়া বোঢ়ব্যে সতি, তে মতিরন্যথা জাতা। দৈবাদেব তবায়ং মোহো রাজ্যভ্রংশাদিশ্চেতি ভাবঃ ॥১॥

কিঞ্চ কর্ম্মভিরিতি। কর্ম্মভির্ধর্ম্মাধর্ম্মৈঃ, গত্যাং গত্যাং জন্মনি জন্মনি, পৃথগ্বিধো বিভিন্ন-প্রকারঃ, লোকঃ পুরুষঃ, চিন্তিতো মুনিভিঃ স্মৃতঃ। তস্মাৎ কর্ম্মাণি, নিত্যানি ভোগমঙ্কলো-ক্ষয়াণি; লোভান্মোহাদেব পুরুষো মোক্ষং কর্ম্মফলভূতদুঃখান্মুক্তিম্, যিযাসতি যাতুং প্রাপ্তু-মিচ্ছতি। কর্ম্মবশাদেব তবায়ং দুর্ভোগ ইত্যাশয়ঃ ॥২॥

ভারতভাবদীপঃ

॥৪৬—৪৯॥ রাজা ধৃতরাষ্ট্রঃ, তৎ পুত্রো বা দাতা দাস্যতি ॥৫০॥ অভূতয়ে নাশায় ॥৫১॥ নার্হতি রাজ্যমিতি শেষঃ। তত্র হেতুঃ—ইতীতি। এবমুক্তরীত্যা ॥৫২॥ অঞ্জসা তত্ত্বতঃ ॥৫৩॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চবিংশোঽধ্যায়ঃ ॥২৫॥

——:*:——

নমো ধাত্রে ইতি। ধাত্রে ঈশ্বরায়, বিধাত্রে পূর্ব্বকর্ম্মণে, বৃত্তে বলেন রাজ্যাক্রমণরূপে ॥১॥ ঈশ্বরস্যাপি কর্ম্মাপেক্ষত্বাৎ প্রথমং কর্ম্মপ্রাবল্যমেবাহ—কর্ম্মভিরিতি। চিন্তিতঃ সঙ্কল্পিতো লোকো ভোগসাধনং গত্যাং গত্যাম্ ঊর্দ্ধাধো মধ্যমোত্তমাধমযোনিষু, নিত্যানি অপরিহার্য্যফলানি, লোভাৎ মোহাৎ, মোক্ষং কর্ম্মফলেভ্যো দুঃখেভ্যো মুক্তিম্, যিযাসতি

ক্ষমা ও দয়া এই দুইটী মনস্বীদিগের স্বভাব এবং সনাতন ধর্ম্ম; সুতরাং আমি এই দুইটীকে অবশ্যই অবলম্বন করিব' ॥৫৩॥

——:(*):——

দ্রৌপদী বলিলেন—'ব্রহ্মা ও দৈবকে আমি নমস্কার করি, যাঁহারা আপনার মোহ জন্মাইয়া দিয়াছেন। না হইলে, কোথায় আপনি পৈতৃকভার বহন করিবেন, আর কোথায় এখন অন্যপ্রকার বুদ্ধি হইয়া পড়িয়াছে ॥১॥

প্রাণীরা কর্ম্মানুসারে জন্মে জন্মে বিভিন্নপ্রকার হইয়া থাকে। অতএব

নেহ ধর্ম্মানৃশংসাভ্যাং ন ক্ষান্ত্যা নার্জ্জবেন চ।
পুরুষঃ শ্রিয়মাপ্নোতি ন ঘৃণিত্বেন কর্হিচিৎ ॥৩॥
ত্বাঞ্চেদ্ব্যসনমভ্যাগাদিদং ভারত ! দুঃসহম্।
যত্ত্বং নার্হসি নাপীমে ভ্রাতরস্তে মহৌজসঃ ॥৪॥
নহি তেঽধ্যগমন্ জাতু তদানীং নাদ্য ভারত ! ।
ধর্ম্মাৎ প্রিয়তরং কিঞ্চিদপি চেজ্জীবিতাদিহ ॥৫॥
ধর্ম্মার্থমেব তে রাজ্যং ধর্ম্মার্থং জীবিতঞ্চ তে।
ব্রাহ্মণা গুরবশ্চৈব জানন্ত্যপি চ দেবতাঃ ॥৬॥

ভারতকৌমুদী

নেতি। ইহ জগতি পুরুষঃ, ধর্ম্মশ্চ অনৃশংসমনৈষ্ঠুর্য্যঞ্চ তাভ্যাং ন, ক্ষান্ত্যা ক্ষময়া ন, আর্জবেন সরলতয়া ন, ঘৃণিত্বেন দয়য়া চ ন, কর্হিচিদপি শ্রিয়মাপ্নোতি ॥৩॥

উক্তার্থে দৃষ্টান্তমাহ ত্বামিতি। চেদিতি ধর্ম্মকুৎসায়াম্। পরত্রাপ্যেবম্। "চেৎ কুৎসিতপ্রশংসয়োঃ। পক্ষান্তরেঽপ্যসাকল্যে" ইতি মেদিনী। হে ভারত ! ইদং দুঃসহং ব্যসনং বিপৎ, ত্বাম্, অভ্যাগাৎ প্রাপৎ ; যৎ ব্যসনং ত্বং প্রাপ্তুং নার্হসি, ইমে তে মহৌজসো ভ্রাতরোঽপি প্রাপ্তুং নার্হন্তি ॥৪॥

নহীতি। হে ভারত ! তে তব ভ্রাতরঃ, তদানীং রাজ্যসময়ে, অদ্য বনবাসসময়ে চ, কিং বহুনা জাতু কদাচিদপি কিঞ্চিদপি ধর্ম্মাৎ প্রিয়তরম্, নহি অধ্যগমন্ ন খল্ববগতবন্তঃ ; কিঞ্চ ইহ জীবিতাদপি ধর্ম্মমেব প্রিয়তরমধ্যগমন্নিত্যর্থঃ ॥৫॥

ভারতভাবদীপঃ

প্রাপ্তুমিচ্ছতি ॥২॥ কর্ম্মনিত্যত্বমেবাহ—নেহেতি। ইহ জন্মনি পুরুষঃ পূর্ব্বকর্ম্মভির্বাধ্যমানো ধর্ম্মাদিনা ন শ্রিয়মাপ্নোতি, আনৃশংস্যং দয়া, ঘৃণা লোকাপবাদভয়ম্ ॥৩॥ তত্র ত্বমেব দৃষ্টান্ত ইত্যাহ—ত্বামিত্যাদিনা ॥৪॥ তদানীং রাজ্যকালে, অদ্য রাজ্যচ্যুতৌ, জাতু কদাচিৎ, ধর্ম্মাৎ

ভোগ ব্যতীত কর্ম্মের ক্ষয় হয় না ; সুতরাং ভ্রমবশতই মানুষ কর্ম্মফল হইতে মুক্তিলাভ করিতে ইচ্ছা করে ॥২॥

এই জগতে ধর্ম্ম, কোমলতা, ক্ষমা, সরলতা, কিংবা দয়া দ্বারা কেহ কখনও সম্পদ লাভ করিতে পারে না ॥৩॥

ভরতনন্দন ! আপনি বা আপনার এই মহাবল ভ্রাতারা যে বিপদ ভোগ করিবার যোগ্য নহেন, আপনার সেই দুঃসহ বিপদ এই উপস্থিত হইয়াছে ॥৪॥

আপনার ভ্রাতারা তখন বা এখন বা কোন সময়েই ধর্ম্ম অপেক্ষা কোন বস্তুকেই প্রিয়তর বলিয়া জানেন নাই ; জীবন অপেক্ষাও ধর্ম্মকেই প্রিয়তর বলিয়া জানেন ॥৫॥

---

(৪)···যত্ত্বং নার্হসি···পি কা ব নি।

ভীমসেনার্জ্জুনৌ চেমৌ মাদ্রেয়ৌ চ ময়া সহ।
ত্যজেস্ত্বমিতি মে বুদ্ধির্ন তু ধর্ম্মং পরিত্যজেঃ ॥৭॥
রাজানং ধর্ম্মগোপ্তারং ধর্ম্মো রক্ষতি রক্ষিতঃ।
ইতি মে শ্রুতমার্য্যাণাং ত্বাস্তু মন্যে ন রক্ষতি ॥৮॥
অনন্যা হি নরব্যাঘ্র! নিত্যদা ধর্ম্মমেব তে।
বুদ্ধিঃ সততমন্বেতি চ্ছায়েব পুরুষং নিজা ॥৯॥
নাবমংস্থা হি সদৃশান্ নাবরান্ শ্রেয়সঃ কুতঃ।
অবাপ্য পৃথিবীং কৃৎস্নাং ন তে শৃঙ্গমবর্দ্ধত ॥১০॥
স্বাহাকারৈঃ স্বধাভিশ্চ পূজাভিরপি চ দ্বিজান্।
দৈবতানি পিতৃংশ্চৈব সততং পার্থ! সেবসে ॥১১॥

ভারতকৌমুদী

ধর্ম্মেতি। অত্র জানন্তীত্যস্য পূর্ব্বার্দ্ধবাক্যার্থ এব কর্ম্ম, ইতি জানন্তীত্যর্থঃ ॥৬॥

ভীমেতি। মাদ্রেয়ৌ মাদ্রীপুত্রৌ। বুদ্ধিঃ সম্ভাবনা ॥৭॥

রাজানমিতি। ধর্ম্মস্য গোপ্তারং রক্ষকম্। অতএব রক্ষিতঃ। আর্য্যাণাং সজ্জনানাম্ ॥৮॥

অনন্যেতি। ন বিদ্যতে অন্যো বিষয়ো যস্যাঃ সা। অন্বেতি অনুসরতি ॥৯॥

নেতি। হে রাজন্! ত্বং কৃৎস্নাং পৃথিবীমবাপ্যাপি, সদৃশান্, অবরান্ নিকৃষ্টাংশ্চ জনান্ নাবমংস্থা নাবজ্ঞাতবান্, কুত এব শ্রেয়সঃ শ্রেষ্ঠান্ অবমংস্থাঃ, কুতোঽপি নেত্যর্থঃ। যেন হি তে শৃঙ্গং প্রভুত্বং প্রভুত্বাভিমানো নাবর্দ্ধত। "শৃঙ্গং প্রভুত্বে শিখরে" ইতি বিশ্বঃ ॥১০॥

স্বাহেতি। স্বাহাকারৈর্হোমৈঃ, স্বধাভিঃ পিত্রন্নৈঃ, "স্বধা বৈ পিতৃণামন্নম্" ইতি শ্রুতেঃ ॥১১॥

এবং আপনারও ধর্ম্মার্থই রাজ্য এবং ধর্ম্মার্থই জীবন, ইহা ব্রাহ্মণেরা, গুরুজনেরা এবং দেবতারাও জানেন ॥৬॥

তা'র পর, আমার এই ধারণা যে, আমার সহিত এই ভীম, অর্জ্জুন, নকুল এবং সহদেবকেও আপনি ত্যাগ করিতে পারেন; কিন্তু ধর্ম্মকে ত্যাগ করিতে পারেন না ॥৭॥

আমি গুরুজনবর্গের নিকট শুনিয়াছি যে, রাজা ধর্ম্মকে রক্ষা করিলে, ধর্ম্মও রাজাকে রক্ষা করেন; কিন্তু সে ধর্ম্ম আপনাকে রক্ষা করেন না ইহা আমি মনে করি ॥৮॥

নরশ্রেষ্ঠ! নিজের ছায়া যেমন নিজের অনুসরণ করে, সেইরূপ আপনার বুদ্ধি অন্য বিষয়ে যায় না, নিত্য সর্ব্বদাই ধর্ম্মেরই অনুসরণ করে ॥৯॥

আপনি সমস্ত পৃথিবী লাভ করিয়াও সমান বা নিকৃষ্ট লোকেরও অবমাননা করেন নাই, তাহাতে উৎকৃষ্ট লোকের অবমাননা করিবেন কেন। কারণ, সমস্ত পৃথিবীলাভেও আপনার প্রভুত্বাভিমান বৃদ্ধি পাইয়াছিল না ॥১০॥

ব্রাহ্মণাঃ সর্ব্বকামৈস্তে সততং পার্থ! তর্পিতাঃ।
যতয়ো মোক্ষিণশ্চৈব গৃহস্থাশ্চৈব ভারত।।
ভুঞ্জন্তে রুক্মপাত্রীভির্যত্রাহং পরিচারিকা ॥১২॥
আরণ্যকেভ্যো লৌহানি ভাজনানি প্রযচ্ছসি।
নাদেয়ং ব্রাহ্মণেভ্যস্তে গৃহে কিঞ্চন বিদ্যতে ॥১৩॥
যদিদং বৈশ্বদেবং তে শান্তয়ে ক্রিয়তে গৃহে।
তদ্দত্ত্বাতিথিভূতেভ্যো রাজন্! শিষ্টেন জীবসি ॥১৪॥
ইষ্টয়ঃ পশুবন্ধাশ্চ কাম্যনৈমিত্তিকাশ্চ যে।
বর্ত্তন্তে পাকযজ্ঞাশ্চ যজ্ঞকর্ম্ম চ নিত্যদা ॥১৫॥
অস্মিন্নপি মহারণ্যে বিজনে দস্যুসেবিতে।
রাষ্ট্রাদপেত্য বসতো ধর্ম্মস্তে নাবসীদতি ॥১৬॥

ভারতকৌমুদী

ব্রাহ্মণা ইতি। তে ত্বয়া। যতয়ো ব্রহ্মচারিণঃ, মোক্ষিণো বানপ্রস্থাঃ। রুক্মপাত্রীভিঃ স্বর্ণভাজনৈঃ। পরিচারিকা ব্যজনাদিনা সেবিকা। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১২॥

আরণ্যকেভ্য ইতি। লৌহানি তৈজসানি। "সর্ব্বঞ্চ তৈজসং লৌহম্" ইত্যমরঃ ॥১৩॥

যদিতি। তে ত্বয়া। শিষ্টেন তদবশিষ্টান্নভক্ষণেন ॥১৪॥

ইষ্টয় ইতি। ইষ্টয়ঃ সোমাদয়ো যাগাঃ, পশুবন্ধাঃ পশুযাগাঃ, যে চ কাম্যনৈমিত্তিকাঃ সত্রাদয়ঃ, পাকযজ্ঞা গ্রহযাগাদয়ঃ, নিত্যদা যজ্ঞকর্ম্ম অগ্নিহোত্রাদি ॥১৫॥

ভারতভাবদীপঃ

প্রিয়তরং ন হি তে অধ্যগমন্ জ্ঞাতবন্তঃ কিন্তু জীবিতাদপি প্রিয়তরং ধর্ম্মমেবাধ্যগমন্ ॥৫—৯॥ শৃঙ্গং প্রভুত্বাভিমানঃ ॥১০—১১॥ তে ত্বয়া, মোক্ষিণঃ সন্ন্যাসিনো মোক্ষাশ্রমস্থাঃ ॥১২॥ আরণ্যকেভ্যো বানপ্রস্থেভ্যঃ, লৌহানি সৌবর্ণাদীনি। "লৌহানাং কাঞ্চনং

রাজা! আপনি যজ্ঞ দ্বারা দেবগণের, শ্রাদ্ধ দ্বারা পিতৃগণের এবং পূজা দ্বারা ব্রাহ্মণগণের সর্ব্বদাই সেবা করিয়া থাকেন ॥১১॥

আপনি সর্ব্বদা সর্ব্বপ্রকার অভীষ্ট বস্তু দ্বারা ব্রাহ্মণদিগকে সন্তুষ্ট করিতেন এবং আপনার গৃহে ব্রহ্মচারী, বানপ্রস্থ এবং গৃহস্থেরা স্বর্ণপাত্রে করিয়া ভোজন করিতেন, যেখানে আমি পরিচারিকা থাকিতাম ॥১২॥

আপনি বনবাসীদিগকে তৈজসপাত্র দান করিয়া থাকেন; আপনার গৃহে কোন বস্তুই ব্রাহ্মণদিগকে অদেয় নাই ॥১৩॥

রাজা! আপনি শান্তির নিমিত্ত গৃহে এই যে বৈশ্বদেব করেন এবং অতিথি ও প্রাণিগণকে দিয়া তাহার অবশিষ্ট ভক্ষণ করিয়া জীবন ধারণ করেন ॥১৪॥

আর, সাধারণ যাগ, পশুযাগ, কাম্যযাগ, নৈমিত্তিক যাগ, পাকযাগ এবং নিত্যযাগ হইতেছে ॥১৫॥

অশ্বমেধো রাজসূয়ঃ পুণ্ডরীকোঽথ গোসবঃ।
এতৈরপি মহাযজ্ঞৈরিষ্টং তে ভূরিদক্ষিণৈঃ ॥১৭॥
রাজন্! পরীতয়া বুদ্ধ্যা বিষমেঽক্ষপরাজয়ে।
রাজ্যং বসূন্যায়ুধানি ভ্রাতৄন্ মাঞ্চাপি নির্জ্জিতঃ ॥১৮॥
ঋজোর্ম্মৃদোর্বদান্যস্য হ্রীমতঃ সত্যবাদিনঃ।
কথমক্ষব্যসনজা বুদ্ধিরাপতিতা তব ॥১৯॥
অতীবমোহমায়াতি মনশ্চ পরিভূয়তে।
নিশাম্য তে দুঃখমিদমিমাঞ্চাপদমীদৃশীম্ ॥২০॥
অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
ঈশ্বরস্য বশে লোকাস্তিষ্ঠন্তে নাত্মনো যথা ॥২১॥

ভারতকৌমুদী

অস্মিন্নিতি। রাষ্ট্রাৎ রাজ্যাৎ, অপেত্য অপক্রম্য। নাবসীদতি ন লুপ্যতে ॥১৬॥
অশ্বেতি। পুণ্ডরীকগোসবাবপি যাগবিশেষৌ। ইষ্টং যজ্ঞঃ কৃতঃ, তে ত্বয়া ॥১৭॥
রাজন্নিতি। পরীতয়া মোহেন ব্যাপ্তয়া। বসূনি ধনানি। নির্জ্জিতো হারিতবান্ ॥১৮॥
ঋজোরিতি। ঋজোঃ সরলস্য, মৃদোঃ কোমলস্য, হ্রীমতো লজ্জাশীলস্য ॥১৯॥
অতীবেতি। পরিভূয়তে দুঃখেন। নিশাম্য দৃষ্ট্বা। ঈদৃশীং বনবাসরূপাম্ ॥২০॥

ভারতভাবদীপঃ

বর"মিতি লিঙ্গাৎ ॥১৩—১৪॥ পাকযজ্ঞা গৃহ্যাগ্নিসাধ্যা ইষ্টয়ঃ ॥১৫—১৭॥ পরীতয়া বিপরীতয়া ॥১৮॥ ঋজোরবক্রস্য, মৃদোর্দ্দয়ালোঃ ॥১৯॥ নিশাম্য আলোচ্য, মম মনো মোহং মৌঢ্যমায়াতি পরিভূয়তে চেত্যন্বয়ঃ, পরিভব আর্ত্তিঃ ॥২০॥ লোকা ভোগ্যানি, তিষ্ঠন্তে

সুতরাং আপনি রাজ্য হইতে নির্গত হইয়া এই নির্জ্জন ও দস্যুসেবিত মহারণ্যে বাস করিবার সময়েও আপনার ধর্ম্মকর্ম্ম হ্রাস পাইতেছে না ॥১৬॥

তা'র পর, আপনি প্রচুরদক্ষিণাযুক্ত অশ্বমেধ, রাজসূয়, পুণ্ডরীক এবং গোসব, এই সকল মহাযজ্ঞও করিয়াছেন ॥১৭॥

কিন্তু রাজা! তাহার পর আপনি ভ্রান্তবুদ্ধিবশতঃ সেই দারুণ দ্যূতপরাজয়ের সময়ে রাজ্য, ধন, অস্ত্র, ভ্রাতৃগণ এবং আমাকে পর্য্যন্ত হারিয়াছেন ॥১৮॥

আপনি সরল, কোমল, দাতা, লজ্জাশীল এবং সত্যবাদী; তথাপি কেন আপনার দ্যূতব্যসনে বুদ্ধি উপস্থিত হইয়াছিল। ॥১৯॥

আপনার এই দুঃখ এবং ঈদৃশ বিপদ দেখিয়া আমার মন অত্যন্ত মুগ্ধ এবং দুঃখাভিভূত হইতেছে ॥২০॥

এ বিষয়েও মনস্বীরা এই পুরাতন ইতিহাসের উল্লেখ করিয়া থাকেন। যথা—মানুষ ঈশ্বরের অধীনেই থাকে, কিন্তু নিজের অধীনে থাকে না ॥২১॥

ধাতৈব খলু ভূতানাং সুখদুঃখে প্রিয়াপ্রিয়ে।
দদাতি সর্ব্বমীশানঃ পুরস্তাচ্ছুক্রমুচ্চরন্ ॥২২॥
যথা দারুময়ী যোষা নরবীর! সমাহিতা।
ঈরয়ত্যঙ্গমঙ্গানি তথা রাজন্নিমাঃ প্রজাঃ ॥২৩॥
আকাশ ইব ভূতানি ব্যাপ্য সর্ব্বাণি ভারত!।
ঈশ্বরো বিদধাতীহ কল্যাণং যচ্চ পাপকম্ ॥২৪॥
শকুনিস্তন্তুবদ্ধো বা নিয়তোঽয়মনীশ্বরঃ।
ঈশ্বরস্য বশে তিষ্ঠেন্নান্যেষাং নাত্মনঃ প্রভুঃ ॥২৫॥

ভারতকৌমুদী

অত্রেতি। উদাহরন্তি পণ্ডিতা ইতি শেষঃ। আত্মনো বশে ন তিষ্ঠন্ত ইত্যর্থঃ ॥২১॥

ধাতেতি। ঈশানঃ সর্ব্বপ্রভুর্ধাতৈব, পুরস্তাচ্ছুক্রং পূর্ব্বজন্মীয়কর্ম্মরূপং বীজম্, উচ্চরন্ অনুসরন্ সন্, ভূতানাং প্রাণিনাম্, সুখদুঃখে প্রিয়াপ্রিয়ে, কিং বহুনা সর্ব্বমেব দদাতি ॥২২॥

যথেতি। হে নরবীর রাজন্! যথা সমাহিতা নর্ত্তকেন ধৃতা দারুময়ী যোষা স্ত্রী, অঙ্গম্, ঈরয়তি সঞ্চালয়তি, তথা ইমাঃ প্রজা অপি ঈশ্বরেণ সমাহিতাঃ সত্য এব, অঙ্গানি, ঈরয়ন্তি। স্বাঙ্গসঞ্চালনেঽপি প্রজানাং স্বাধীনতা নাস্তীতি ভাবঃ ॥২৩॥

আকাশ ইতি। হে ভারত! ঈশ্বর আকাশ ইব, সর্বাণি ভূতানি, ব্যাপ্য অন্তর্বহিশ্চাবলম্ব্য, ইহ যৎ কল্যাণম্, যচ্চ পাপকমকল্যাণম্, তদ্বিদধাতি ॥২৪॥

শকুনিরিতি। অয়ং লোকঃ, তন্তুনা সূত্রেণ বদ্ধঃ, শকুনির্বা পক্ষীব, নিয়তঃ প্রাক্তনকর্ম্মসম্বদ্ধঃ, অতএব অনীশ্বরঃ অস্বাধীনঃ সন্, ঈশ্বরস্য বশে তিষ্ঠেৎ, কিন্তু অন্যেষাং প্রাণিনাং ন, আত্মনশ্চ ন, প্রভুর্নিয়ন্তা ভবতি। "বা স্যাদ্বিকল্পোপমযোঃ" ইতি বিশ্বঃ ॥২৫॥

ভারতভাবদীপঃ

প্রকাশন্তে। প্রকাশনস্থেয়াখ্যায়োশ্চেতি তঙ্ ॥২১॥ ধাতা ঈশ্বরঃ, শুক্রং প্রাক্ কর্ম্মবীজম্, উচ্চরন্ উৎকর্ষেণানুসরন্ ॥২২॥ যথেতি। হে নরবীর! সূত্রধারেণ সমাহিতা সম্যঙ্নিযুক্তা সতী অঙ্গমীরয়তি তথা ইমাঃ প্রজাঃ অঙ্গানি হস্তাদীনি ঈশ্বরেণ সমাহিতাঃ সত্য ঈরয়ন্তি। চেষ্টয়ন্ত্যঙ্গকর্ম্মাণীতি পাঠে হে অঙ্গ! কর্ম্মাণি কর্ত্তৄণি কর্ম্মানুরোধী ঈশ্বর ইত্যর্থঃ ॥২৩॥ অন্তর্বহির্ব্যাপ্তৌ আকাশদৃষ্টান্তভূতানি জরায়ুজাদীনি ॥২৪॥ বদ্ধো বা বদ্ধ ইব,

বিধাতাই প্রাণিগণের পূর্ব্বজন্মের কর্ম্ম অনুসারে তাহাদের সুখ, দুঃখ, প্রিয়, অপ্রিয়, এমন কি সমস্ত অবস্থারই বিধান করেন ॥২২॥

মহারাজ! নর্ত্তকচালিত কাঠের পুতুল যেমন অঙ্গসঞ্চালন করে, সেইরূপ জগতের সকল প্রাণীই ঈশ্বরচালিত হইয়াই অঙ্গসঞ্চালন করে ॥২৩॥

ভরতনন্দন! ঈশ্বর আকাশের তুল্যই সমস্ত প্রাণীকে অবলম্বন করিয়া তাহাদের মঙ্গল ও অমঙ্গল বিধান করেন ॥২৪॥

(২২)…দধাতি সর্ব্বমীশানঃ…বা কা।

মণিঃ সূত্র ইব প্রোতো নস্যোত ইব গোবৃষঃ।
স্রোতসো মধ্যমাপন্নঃ কূলাদ্বৃক্ষ ইব চ্যুতঃ ॥২৬॥
ধাতুরাদেশমন্বেতি তন্ময়ো হি তদর্পণঃ।
নাত্মাধীনো মনুষ্যোঽয়ং কালং ভজতি কঞ্চন ॥২৭॥ (যুগ্মকম্)
অজ্ঞো জন্তুরনীশোঽয়মাত্মনঃ সুখদুঃখয়োঃ।
ঈশ্বরপ্রেষিতো গচ্ছেৎ স্বর্গং নরকমেব চ ॥২৮॥
যথা বায়োস্তৃণাগ্রাণি বশং যান্তি বলীয়সঃ।
ধাতুরেবং বশং যান্তি সর্ব্বভূতানি ভারত ! ॥২৯॥

ভারতকৌমুদী

মণিরিতি। তন্ময় ঈশ্বরব্যাপ্তঃ, তদর্পণ ঈশ্বর এবার্পিতাত্মা অয়ং মনুষ্যঃ, সূত্রে প্রোতো গ্রথিতো মণিরিব, নসি নাসিকায়াম্, ওতো বদ্ধঃ গোবৃষো গোশ্রেষ্ঠ ইব, কূলাত্তীরাৎ চ্যুতঃ অতএব স্রোতসো মধ্যম্ আপন্নঃ প্রাপ্তো বৃক্ষ ইব চ, ধাতুরীশ্বরস্যৈবাদেশম্, অন্বেতি অনুসরতি; কিন্তু আত্মাধীনঃ সন্ কঞ্চনাপি কালং ন ভজতি ॥২৬—২৭॥

অজ্ঞ ইতি। আত্মনঃ সুখদুঃখয়োস্তদ্বিধান ইত্যর্থঃ, অনীশঃ অসমর্থঃ, অজ্ঞশ্চায়ং জন্তুঃ প্রাণী, ঈশ্বরপ্রেষিতঃ সন্নেব, স্বর্গং নরকমেব চ গচ্ছেৎ ॥২৮॥

যথেতি। অগ্রপদং মূলবিচ্ছিন্নতাসূচনার্থম্। অন্যথা বায়োর্ব্বশীভাবাসম্ভবঃ। তথা জীবা অপি মায়য়া মূলব্রহ্মণো বিচ্ছিন্নভাবাপন্না এব বশং যান্তীত্যাশয়ঃ ॥২৯॥

ভারতভাবদীপঃ

অন্যেষামুপাধ্যায়াদীনাম্ ॥২৫॥ নসি নাসিকায়াং ভবং নস্যং নাসাসূত্রং তেন বা ওতঃ প্রোতঃ। অত্র দ্বৌ আকাশশকুনিসূত্রদৃষ্টান্তৌ ঈশ্বরস্য ব্যাপকত্বপ্রেরকত্বয়োঃ ত্রয়ো মণিবৃষবৃক্ষদৃষ্টান্তা জীবস্যাস্বাতন্ত্র্যে ॥২৬॥ আদেশমাজ্ঞামন্বেতি অনুসরতি, তত্র হেতুঃ—তন্ময়ো হি তদর্পণ ইতি। যথা মৃন্ময়ো ঘটো মৃদ্যেব লীয়তেঽতো মধ্যেঽপি মৃদধীনোঽন্যস্য এবং জীবোঽপীশ্বরস্যৈব রূপভেদস্তন্ময়স্তদর্পণশ্চাতো মধ্যেঽপি তৎপ্রের্য্য এবেত্যর্থঃ। যথোক্তম্—"অজনি চ যন্ময়ং তদবিমুচ্য নিয়ন্তৃ ভবে"দিতি। যদ্যন্ময়ং তত্তন্নিয়ম্যমিতি তস্যার্থঃ, অয়মাত্মাধীনো ন কিন্তু কঞ্চন অনির্দ্দেশ্যরূপং কালং কালয়িতারমীশং ভজত্যনুসরতি ॥২৭—২৯॥ চরতে

সূত্রবদ্ধ পক্ষীর ন্যায় কর্ম্মবদ্ধ প্রাণীরা অস্বাধীনভাবে ঈশ্বরেরই অধীনে থাকে, কিন্তু পরের বা নিজের পরিচালনে সমর্থ হয় না ॥২৫॥

জগতের সকল প্রাণীই ঈশ্বরময় এবং ঈশ্বরে আত্মসমর্পণ করিয়া রহিয়াছে; সুতরাং সূত্রগ্রথিত মণির ন্যায়, নাসিকাবদ্ধ বৃষের ন্যায় এবং তীরচ্যুত ও স্রোতের মধ্যে পতিত বৃক্ষের ন্যায় প্রাণিগণ বিধাতার আদেশেরই অনুসরণ করে, কিন্তু স্বাধীন হইয়া কোন সময়েই চলিতে পারে না ॥২৬—২৭॥

নিজের সুখ-দুঃখবিধানে অসমর্থ মূঢ় প্রাণীরা ঈশ্বরপ্রেরিত হইয়াই স্বর্গে বা নরকে যায় ॥২৮॥

আর্য্যকর্ম্মণি যুঞ্জানঃ পাপে বা পুনরীশ্বরঃ।
ব্যাপ্য ভূতানি চরতে ন চায়মিতি লক্ষ্যতে ॥৩০॥
হেতুমাত্রমিদং ধাতুঃ শরীরং ক্ষেত্রসংজ্ঞিতম্।
যেন কারয়তে কর্ম্ম শুভাশুভফলং বিভুঃ ॥৩১॥
পশ্য মায়াপ্রভাবোঽয়মীশ্বরেণ যথা কৃতঃ।
যো হন্তি ভূতৈর্ভূতানি মোহয়িত্বাত্মমায়য়া ॥৩২॥

ভারতকৌমুদী

আর্য্যেতি। ঈশ্বরঃ সর্ব্বাণ্যেব ভূতানি ব্যাপ্য, আর্য্যাণাং কর্ম্ম পুণ্যং তস্মিন্, পুনরনার্য্যকর্ম্মণি পাপে বা, যুঞ্জানো জীবরূপেণ ব্যাপৃতঃ সন্, চরতে বিচরতি। কিন্তু অয়মীশ্বর এব চরত ইতি ন লক্ষ্যতে ন বুধ্যতে জীবৈঃ, অজ্ঞানেন ভেদজ্ঞানাদিতি ভাবঃ ॥৩০॥

অথ কথম্ভূতো যুঞ্জান ইত্যাহ হেত্বিতি। হেতুমাত্রং কর্ম্মবিধানে কেবলকারণীভূতমিদম্ অস্মদাদীনাং শরীরম্, ধাতুশ্চিন্ময়স্যেশ্বরস্য, ক্ষেত্রসংজ্ঞিতং প্রকাশস্থাননামকম্, দীপস্যেব ঘট ইতি ভাবঃ। যেন শরীরেণ, বিভুঃ স ঈশ্বরঃ, শুভাশুভফলং পুণ্যং পাপঞ্চ কর্ম্ম, জীবান্ কারয়তে। জীবাভেদাচ্চ স এবেত্থং চরত ইত্যাশয়ঃ ॥৩১॥

নন্বেবং জীবব্রহ্মণোরভিন্নত্বে জীবস্তৎ কথং ন জানাতীত্যাহ পশ্যেতি। পশ্যেত্যস্য

ভারতভাবদীপঃ

ভুঙ্ক্তে কর্ম্মব্যতিহারে তঙ্, ফলপ্রদত্বেনোপকারকমীশং জীবো ভুঙ্ক্তে কর্ম্মকর্ত্তৃত্বেনোপকারকং জীবমীশো ভুঙ্ক্ত ইত্যর্থঃ, অয়মিতি রাজবত্তটস্থতয়া ন চ লক্ষ্যতে অন্তর্যামিত্বাৎ ॥৩০॥ নন্বীশ্বরো জীবাদন্যোঽনন্যো বা? আদ্যে ন চায়মিতি লক্ষ্যতে ইত্যনুপপন্নম্, দ্বিতীয়ে তয়োঃ শাস্তৃশাস্যভাবানুপপত্তিরিত্যাশঙ্ক্যাহ—হেতুমাত্রমিতি। বিভুশ্চিদাত্মা যেন প্রযোজ্যেন কর্ম্ম কারয়তে 'তত ইদং শরীরং মহাভূতান্যহঙ্কার' ইত্যাদিনোক্তরূপং স্থূলসূক্ষ্মদেহদ্বয়ং তদেব কর্ত্তৃ ইত্যর্থঃ। ননু জড়ে কর্ত্তৃত্বাসম্ভব ইত্যাশঙ্ক্যাহ,—স ধাতুঃ ক্ষেত্রসংজ্ঞিতং ক্ষেত্রমিব ক্ষেত্রং চিত্রং চিদাত্মন আভাসরূপবীজনিবাপস্থানং চিদাভাসযুক্তং ক্ষেত্রং কর্ত্তৃ ইত্যর্থঃ। তচ্চ হেতুমাত্রম্ ইচ্ছাত্মাত্মকত্বাৎ হেতুরপি ন মুখ্যহেতুভূতম্, বিম্বপ্রতিবিম্বদৃষ্টান্তেন চিদাভাসস্য চিদাত্মতন্ত্রত্বাৎ, তথাচাভাসস্যান্যত্বমাদায় শাস্তৃশাস্যভাবো ব্যবহারিকঃ, পরমার্থতস্তু ক্ষেত্রস্য সুপ্তিসমাধ্যোরভাবাৎ ন চায়মিতি লক্ষ্যত ইত্যুক্তমিতি ভাবঃ ॥৩১॥ অয়ং পূর্ব্বোক্তো

ভরতনন্দন! ছিন্ন তৃণ সকল যেমন বলবান্ বায়ুর বশীভূত হইয়া চলে, সেইরূপ সমস্ত প্রাণীই ঈশ্বরের বশীভূত হইয়া চলে ॥২৯॥

ঈশ্বরই সর্ব্বভূতে অধিষ্ঠান করিয়া, পুণ্যে বা পাপে প্রবৃত্ত হইয়া বিচরণ করিতেছেন; কিন্তু তিনিই যে বিচরণ করিতেছেন ইহা জীব লক্ষ্য করিতে পারে না ॥৩০॥

কার্য্যের হেতুমাত্র এই শরীরগুলি ঈশ্বরের প্রকাশিত হইবার স্থান; যাহা দ্বারা তিনি জীবকে শুভাশুভ কর্ম্ম করাইতেছেন ॥৩১॥

অন্যথা পরিদৃষ্টানি মুনিভিস্তত্ত্বদর্শিভিঃ।
অন্যথা পরিবর্ত্তন্তে বেগা ইব নভস্বতঃ ॥৩৩॥
অন্যথৈব হি মন্যন্তে পুরুষাস্তানি তানি চ।
অন্যথৈব প্রভুস্তানি করোতি বিকরোতি চ ॥৩৪॥
যথা কাষ্ঠেন বা কাষ্ঠমশ্মানঞ্চাশ্মনা পুনঃ।
অয়সা বাপ্যয়শ্ছিন্দ্যান্নির্বিচেষ্টমচেতনম্ ॥৩৫॥

ভারতকৌমুদী

পূর্ব্ববাক্যার্থঃ কর্ম্ম। মায়ায়াস্ত্রিগুণাত্মিকায়াঃ সত্ত্বাসত্ত্বাভ্যামনির্বাচ্যায়াঃ প্রভাবঃ শক্তিঃ। য ঈশ্বরঃ, আত্মমায়য়া মোহয়িত্বা, ভূতৈর্ভূতানি হন্তি। মায়ামোহবশাদেব জীবো ব্রহ্মাভিন্নত্বমাত্মনো ন বুধ্যতে। অতএব চ হন্তৃহন্তব্যতেতি ভাবঃ ॥৩২॥

অথ কিমিদং জীবমাত্রমেব মায়ামুগ্ধমিত্যাহ অন্যথেতি। তত্ত্বদর্শিভির্জ্ঞানিভির্মুনিভিঃ, অন্যথা ব্রহ্মরূপেণ পরিদৃষ্টানি ঘটাদীনি বস্তূনি, নভস্বতো বায়োর্বেগা ইব, অজ্ঞানিষু জীবেষু অন্যথা জড়ঘটাদিরূপেণ পরিবর্ত্তন্তে। যথা খল্বাকাশবর্ত্তিনো বায়ুবেগং সরলং মন্যন্তে, গৃহবর্ত্তিনস্তু কুটিলম্; তথা মায়ামুক্তা যদ্ব্রহ্ম পশ্যন্তি, মায়াক্রান্তাস্তু তদেব ঘটং পশ্যন্তীতি ভাবঃ ॥৩৩॥

অন্যথেতি। কিঞ্চ পুরুষা মায়িনো জীবাঃ, তানি তানি ধনজনাদীনি বস্তূনি, অন্যথৈব স্বকীয়ত্বাদিনৈব মন্যন্তে। কিন্তু প্রভুরীশ্বরঃ, তান্যেব বস্তূনি, অন্যথৈব পরকীয়ত্বাদিরূপাণ্যেব করোতি, বিকরোতি বিকৃতানি করোতি চ; যথা পূর্ব্বং যুষ্মদ্ধনম্, ইদানীং তদেব দুর্য্যোধনধনম্, যথা বা পূর্বং যুবানম্, ইদানীং জরন্তমিতি ভাবঃ ॥৩৪॥

ভারতভাবদীপঃ

মায়ায়া অঘটিতঘটনাপটীয়স্যা অনির্ব্বচনীয়াজ্ঞানাখ্যায়াঃ প্রভাবঃ, য ঈশ্বরো ভূতৈঃ পৃথক্ পৃথক্ ক্ষেত্রাভিমানিভির্মোহয়িত্বা অনাত্মনি দেহাদাবাত্মবুদ্ধিং জনয়িত্বা ॥৩২॥ মোহমেব বিবৃণোতি দ্বাভ্যাম্—অন্যথেতি। তত্ত্বদর্শিভিঃ স্বপ্নমায়েন্দ্রজালবৎ দৃষ্টান্যপি মূঢ়ানাং সত্যবৎ পরিবর্ত্তন্তে ভাসন্তে, বেগাঃ করপ্রসরাঃ, নভস্বত আকাশগামিনঃ সূর্য্যস্য তেজোময়াঃ সন্তো জলহ্রদবদবভাসন্তে অনিত্যাশুচিদুঃখরূপাণ্যপি তানি নিত্যশুচিসুখরূপাণি মন্যন্তে ॥৩৩॥ অন্যথা করোতি গগনবদজাতমপ্যঙ্কুরাদিক্রমেণ জনয়তি, বিকরোতি চ

মহারাজ! ঈশ্বর এই মায়ার প্রভাবকে যেমন করিয়াছেন, তাহা দেখুন। যিনি নিজের মায়ায় মোহিত করিয়া প্রাণিগণ দ্বারাই প্রাণিগণকে বধ করিতেছেন ॥৩২॥

জ্ঞানী মুনিরা বস্তু সকল একপ্রকার দেখিতেছেন; সেই বস্তুগুলিই আবার বায়ুর বেগের ন্যায় অজ্ঞানীদের নিকট অন্যরূপ হইতেছে ॥৩৩॥

জীব সেই সেই বস্তুকে অন্যরূপ মনে করিতেছে; আবার ঈশ্বর সেগুলিকে অন্যরূপ করিতেছেন এবং বিকৃত করিতেছেন ॥৩৪॥

এবং স ভগবান্ দেবঃ স্বয়স্তূঃ প্রপিতামহঃ।
হিনস্তি ভূতৈর্ভূতানি চ্ছদ্ম কৃত্বা যুধিষ্ঠির ! ॥৩৬॥ (যুগ্মকম্)
সম্প্রযোজ্য বিযোজ্যায়ং কামকারকরঃ প্রভুঃ।
ক্রীড়তে ভগবান্ ভূতৈর্বালঃ ক্রীড়নকৈরিব ॥৩৭॥
ন মাতৃপিতৃবদ্রাজন্ ! ধাতা ভূতেষু বর্ত্ততে।
রোষাদিব প্রবৃত্তোঽয়ং যথায়মিতরো জনঃ ॥৩৮॥

ভারতকৌমুদী

যথেতি। লোকো যথা কাষ্ঠেন অচেতনম্ অতএব নির্বিচেষ্টং বাধাদানাদিচেষ্টারহিতং কাষ্ঠম্, পুনর্বা অশ্মনা পাষাণেন চ তাদৃশম্ অশ্মানং পাষাণম্, অয়সা লৌহেন বাপি তাদৃশম্ অয়ো লৌহম্, ছিন্দ্যাৎ যথাসম্ভবং নাশয়েচ্চূর্ণয়েৎ কৃন্তেচ্চ। হে যুধিষ্ঠির ! এবমিত্থমেব, সঃ, ভগবান্ মাহাত্ম্যবান্, দীব্যতীতি দেবঃ ক্রীড়াশীলঃ, স্বয়ম্ভূর্জনকহীনঃ, প্রপিতামহঃ সর্ব্বজনক ইত্যর্থঃ ঈশ্বরঃ, ছদ্ম মায়াকাপট্যং কৃত্বা, ভূতৈর্ভূতানি, হিনস্তি নাশয়তি; চেতনা-সত্ত্বেঽপি কাষ্ঠাদিবদেব বাধাদানাশক্তত্বাদচেতনানীবেতি ভাবঃ ॥৩৫—৩৬॥

অথ কথময়ং হিনস্তীত্যাহ সম্প্রযোজ্যেতি। কামেন ইচ্ছামাত্রেণৈব কারং কার্য্যং করোতীতি সঃ, ভগবান্ সর্বেভ্য এব প্রকৃষ্টৈশ্বর্য্যবান্, অয়ং প্রভুরীশ্বরঃ, ক্রীড়নকৈঃ খেলোপ-করণৈঃ পুত্তলকাদিভির্বাল ইব, ভূতৈঃ, ক্রীড়তে খেলতি ॥৩৭॥

অথ তথাপি দয়ামকৃত্বা কথং হিনস্তীত্যাহ নেতি। ধাতা ঈশ্বরঃ, পুত্রাদিষু মাতৃপিতৃবৎ, ভূতেষু দয়য়া ন বর্ত্ততে; কিন্তু যথা অয়ং চাণ্ডালাদিরিতরো জনস্তথৈব রোষাদিব অয়মীশ্বরঃ, ভূতেষু প্রবৃত্তঃ; সর্ব্বেষামেব ভূতানাং মরণাদিদুঃখদর্শনাদিত্যাশয়ঃ ॥৩৮॥

ভারতভাবদীপঃ

জীর্ণত্বাদিভাবঞ্চ নয়তি ॥৩৪॥ অয়োবৎ তরুবন্ন কেবলং নিশ্চেষ্টং কিন্ত্বচেতনমপি ॥৩৫॥ ছদ্ম মায়াম্ ॥৩৬॥ সম্প্রযোজ্য সংযোগং কৃত্বা, কামকার ইচ্ছা তয়ৈব করোতীতি কামকার-করঃ, বালঃ প্রাকৃতঃ, ক্রীড়নকৈঃ সারীপ্রভৃতিভিঃ ॥৩৭॥ ন মাত্রিতি। ঈশো ন দয়ালুঃ প্রত্যুত

রাজা ! মানুষ যেমন কাষ্ঠ, পাষাণ ও লৌহ দ্বারা অচেতন ও নিশ্চেষ্ট কাষ্ঠ, পাষাণ ও লৌহ বিনষ্ট করে, সেইরূপ সেই মাহাত্ম্যশালী, ক্রীড়াশীল, জনকবিহীন, অথচ সকলেরই জনক ঈশ্বর মায়ার কপটতা করিয়া প্রাণিগণ দ্বারা প্রাণিগণের হিংসা করেন ॥৩৫—৩৬॥

বালক যেমন খেলার বস্তু দ্বারা খেলা করে, তেমন ইচ্ছানুসারে কার্য্যকারী এই ভগবান্ ঈশ্বরও সংযোগ এবং বিয়োগ ঘটাইয়া প্রাণিগণ দ্বারা খেলা করেন ॥৩৭॥

মহারাজ ! মাতা ও পিতা যেমন দয়াসহকারে পুত্রপ্রভৃতির সহিত ব্যবহার করেন, ঈশ্বর সেইরূপ দয়াসহকারে প্রাণিগণের সহিত ব্যবহার করেন না; কিন্তু ঈশ্বর ইতরলোকের ন্যায় ক্রোধসহকারেই যেন প্রাণিগণের সহিত ব্যবহার করেন ॥৩৮॥

আর্য্যান্ শীলবতো দৃষ্ট্বা হ্রীমতো বৃত্তিকর্ষিতান্।
অনার্য্যান্ সুখিনশ্চৈব বিহ্বলামীব চিন্তয়া ॥৩৯॥
তবেমামাপদং দৃষ্ট্বা সমৃদ্ধিঞ্চ সুযোধনে।
ধাতারং গর্হয়ে পার্থ! বিষমং যোঽনুপশ্যতি ॥৪০॥
আর্য্যশাস্ত্রাতিগে ক্রূরে লুব্ধে ধর্ম্মাপচায়িনি।
ধার্ত্তরাষ্ট্রে শ্রিয়ং দত্ত্বা ধাতা কিং ফলমশ্নুতে ॥৪১॥
কর্ম্ম চেৎ কৃতমন্বেতি কর্ত্তারং নান্যমৃচ্ছতি।
কর্ম্মণা তেন পাপেন লিপ্যতে নূনমীশ্বরঃ ॥৪২॥

ভারতকৌমুদী

অথ ভূতেষু সুখমপি দৃশ্যত ইত্যাহ আর্য্যানিতি। শীলবতঃ সচ্চরিত্রান্, হ্রীমতো লজ্জাশীলাংশ্চ, আর্য্যান্ সজ্জনান্, বৃত্তৌ জীবিকানির্বাহে কর্ষিতান্ কষ্টাকৃষ্টান্ দৃষ্ট্বা, অনার্য্যান্ অসজ্জনাংশ্চ সুখিনো দৃষ্ট্বা, চিন্তয়া তৎকারণানুসন্ধানেন, বিহ্বলামীব ॥৩৯॥

উক্তার্থে প্রত্যক্ষং দৃষ্টান্তমাহ তবেতি। হে পার্থ! ইমাং তব আপদম্, সুযোধনে চ সমৃদ্ধিং দৃষ্ট্বা, ধাতারং তয়োঃ প্রদাতারমীশ্বরং গর্হয়ে নিন্দামি। যো ধাতা বিষমং সজ্জনে বিপৎ দুর্জনে চ সম্পৎ দাতব্যেতি বিপরীতম্, অনুপশ্যতি পর্য্যালোচয়তি ॥৪০॥

ঈদৃশং বিষমদর্শনং নিষ্ফলমপীত্যাহ আর্য্যেতি। ধাতা ঈশ্বরঃ, আর্য্যশাস্ত্রাতিগে জ্ঞাতিবঞ্চনাদ্ধর্ম্মশাস্ত্রাতিক্রমকারিণি, অতএব ধর্ম্মাপচায়িনি ধর্ম্মনাশকারিণি, ক্রূরে লুব্ধে চ ধার্ত্তরাষ্ট্রে দুর্য্যোধনে, শ্রিয়ং দত্ত্বা কিং ফলম্, অশ্নুতে ভুনক্তি; কিমপি নেত্যর্থঃ, ততঃ সুযোধনাৎ পূজাপ্রাপ্ত্যাদ্যভাবাদিতি ভাবঃ ॥৪১॥

ভারতভাবদীপঃ

নৃশংস ইত্যর্থঃ ॥৩৮॥ কিঞ্চ ঈশস্য দুষ্টেষু পক্ষপাতঃ সাধুষু চ দ্বেষো দৃশ্যতেঽতঃ স নিন্দ্য এবেত্যাহ—আর্য্যানিত্যাদি ত্রিভিঃ। চিন্তয়া ধনাদিধ্যানেন ॥৩৯—৪০॥ ধর্ম্মাভিশঙ্কি-নীতি পাঠে—ধর্ম্মশ্রদ্ধাশূন্যে, ফলং যজ্ঞাদিনা তৃপ্তিঃ, কিমশ্নুতে অপি তু নৈবেত্যর্থঃ ॥৪১॥ কর্ম্মেতি। কৃতং কর্ম্ম যদি কর্ত্তারমেব গচ্ছতি নত্বন্যং তর্হি কারয়িতৃত্বাদীশ্বরোঽপি

সচ্চরিত্র ও লজ্জাশীল সজ্জনদিগকে দুঃখিত দেখিয়া এবং অসজ্জনদিগকে সুখী দেখিয়া আমি চিন্তায় যেন বিহ্বল হইতেছি ॥৩৯॥

পার্থ! আপনার এই বিপদ এবং দুর্য্যোধনের সম্পদ দেখিয়া আমি বিধাতাকেই নিন্দা করিতেছি। কারণ, যিনি বিপরীতভাবে পর্য্যালোচনা করিতেছেন ॥৪০॥

হায়! দুর্য্যোধন ধর্ম্মশাস্ত্র অতিক্রম করিয়া ধর্ম্ম নষ্ট করিয়াছে এবং সে ক্রূরস্বভাব ও লুব্ধপ্রকৃতি; তথাপি বিধাতা তাহাকে সম্পত্তি দান করিয়া কি ফল পাইতেছেন। ॥৪১॥

অথ কর্ম্ম কৃতং পাপং ন চেৎ কর্ত্তারমৃচ্ছতি।
কারণং বলমেবেহ জনান্ শোচামি দুর্ব্বলান্ ॥৪৩॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
অর্জ্জুনাভিগমনে যুধিষ্ঠিরদ্রৌপদীসংবাদে ষড়্‌বিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—:০:—

ভারতকৌমুদী

অথাস্মাকং প্রাক্তনকর্ম্মবশাদেবেদং দুঃখং ন পুনরীশ্বরস্য বিষমদর্শনাদিত্যাহ কর্ম্মেতি। কৃতং ধর্ম্মাধর্ম্মরূপং কর্ম্ম চেৎ কর্ত্তারমেব, অন্বেতি অনুগচ্ছতি; অন্যং জনং ন ঋচ্ছতি গচ্ছতি; কার্য্যকারণয়োঃ সামানাধিকরণ্যনিয়মেন কার্য্যস্য দুঃখাদেঃ কর্ত্তরি দৃষ্টতয়া তৎকারণস্য পাপাদেরপি কর্ত্তর্য্যেবানুমানাদযুক্তিতশ্চেতি ভাবঃ। তদা তেন কর্ত্তৃকৃতেন পাপেন কর্ম্মণা, নূনং নিশ্চিতম্, ঈশ্বরোঽপি লিপ্যত এব, তস্যাপি প্রযোজককর্ত্তৃত্বাদিত্যাশয়ঃ ॥৪২॥

পক্ষান্তরমাহ অথেতি। অথ কৃতং পাপং কর্ম্ম, চেৎ, কর্ত্তারং ন ঋচ্ছতি ন গচ্ছতি; তদা ইহ তত্র তদগমনে বলমেব কারণম্, কার্য্যকারণয়োঃ সামানাধিকরণ্যনিয়মস্যাত্রাপ্যবশ্যম্ভাবাদযুক্তিসাম্যাচ্চেতি ভাবঃ। তথা চ সত্যং খল্বীশ্বরঃ প্রযোজকঃ কর্ত্তা, তথাপি প্রযোজ্যকর্ত্তৃকৃতং পাপং তত্র প্রবর্ত্তমানমপি তদীয়ং নিরতিশয়ৈশ্বর্য্যবলমেব প্রতিবধ্নাতীতি স্পষ্টার্থঃ। এবঞ্চ দুর্ব্বলানেব জনান্ শোচামি, পারিশেষ্যাৎ কেবলং তেষামেব দুঃখদর্শনাদিত্যাশয়ঃ। এতেন দুর্য্যোধনাদয়ঃ প্রবলত্বাদ্দুঃখং নাপশ্যন্তে, যুধিষ্ঠিরাদয়স্তু দুর্ব্বলত্বাদেব দুঃখমনুভবন্তি। ইত্থঞ্চ ফলসম্পাদনে বলসাপেক্ষতয়া ঈশ্বরস্য নিরপেক্ষতাব্যাঘাতাৎ প্রবলভয়াচ্চ নিতরাং নিন্দ্যৈবেতি সূচিতম্ ॥৪৩॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি অর্জ্জুনাভিগমনে ষড়্‌বিংশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

পাপেন লিপ্যতৈবেত্যর্থঃ ॥৪২॥ অথেতি। কর্ত্তারং কারয়িতারমীশ্বরম্, ঐশ্বর্য্যাদেব কর্ম্ম ন স্পৃশতি তর্হি তৎপ্রযোজ্যা জীবা এব কর্ম্মভিরীহিতাস্তথা চ ঈশ্বরো বলাদীনান্নরকে পাতয়তীত্যত্যন্তং নিন্দ্য এব স ইতি ভাবঃ ॥৪৩॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষড়্‌বিংশোঽধ্যায়ঃ ॥২৬॥

যদি প্রাক্তন কর্ম্ম কর্ত্তারই অনুসরণ করে, অন্যের অনুসরণ করে না; তবে নিশ্চয়ই সেই পাপকর্ম্মে ঈশ্বরও লিপ্ত হইতেছেন ॥৪২॥

তা'র পর, যদি ইহা বলা যায় যে, প্রাক্তন কর্ম্ম কর্ত্তার অনুসরণ করে না, তবে বলিতে হইবে যে, তাহার কারণ একমাত্র বল। এমন হইলে, দুর্ব্বল লোকদের জন্যই আমার শোক হইতেছে' ॥৪৩॥

---

* '...ত্রিংশোঽধ্যায়ঃ' বা ব কা নি।

সপ্তবিংশোঽধ্যায়ঃ

—:(*):—

যুধিষ্ঠির উবাচ।

বল্গু চিত্রপদং শ্লক্ষ্ণং যাজ্ঞসেনি! ত্বয়া বচঃ।
উক্তং তচ্ছ্রুতমস্মাভির্নাস্তিক্যন্তু প্রভাষসে ॥১॥
নাহং ধর্ম্মফলান্বেষী রাজপুত্রি! চরাম্যুত।
দদামি দেয়মিত্যেব যজে যষ্টব্যমিত্যুত ॥২॥
অস্তু বাত্র ফলং মা বা কর্ত্তব্যং পুরুষেণ যৎ।
গৃহে নিবসতা কৃষ্ণে! যথাশক্তি করোমি তৎ ॥৩॥

ভারতকৌমুদী

বল্গ্বিতি। হে যাজ্ঞসেনি! ত্বয়া বল্গু সুন্দরম্, চিত্রাণি অর্থানামাশ্চর্য্যত্বাদাশ্চর্য্যাণি পদানি যত্র তচ্চিত্রপদম্, শ্লক্ষ্ণং প্রসাদগুণান্বিতত্বাৎ কোমলঞ্চ বচ উক্তম্। তচ্চাস্মাভিঃ শ্রুতম্। কিন্তু নাস্তিক্যং নাস্তিকানুরূপং প্রভাষসে, ধর্ম্মং প্রত্যবিশ্বাসাদিতি ভাবঃ ॥১॥

"ত্বাঞ্চেদ্ব্যসনমভ্যাগাৎ" ইত্যাদিদ্রৌপদ্যুক্তেরুত্তরমাহ নেতি। দেয়ং দাতব্যম্, যষ্টব্যং যাগঃ কর্ত্তব্যঃ, "অহরহর্দদ্যাৎ" "যাবজ্জীবমগ্নিহোত্রং জুহুয়াৎ" ইতি নিত্যবিধিত ইতি ভাবঃ ॥২॥

উক্তমর্থমেব বিবৃণ্বন্নাহ অস্ত্বিতি। হে কৃষ্ণে! অত্র ধর্ম্মানুষ্ঠানে ফলমস্তু বা, মা বা অস্তু; তথাপি গৃহে নিবসতা পুরুষেণ যৎ কর্ত্তব্যম্, তদ্‌যথাশক্তি করোমি, ফলমননুসন্দধানঃ ॥৩॥

ভারতভাবদীপঃ

এবং ধর্ম্মেশ্বরয়োরাক্ষেপে প্রাপ্তে প্রত্যক্ষানুমানাগমৈস্তৌ সমর্থয়িতুমধ্যায় আরভ্যতে, বল্গু-চিত্রেতি। বল্গু শোভনম্, শ্লক্ষ্ণং সুকুমারম্, নাস্তিক্যং বেদবিদ্বিষ্টম্ ॥১॥ যদুক্তং "ত্বাং চেদ্ব্যসনিন" মিত্যাদিনা ধর্ম্মস্য নৈষ্ফল্যে ত্বদভিভব এব দৃষ্টান্ত ইতি তত্রাহ—নাহমিতি। কর্ম্ম ধর্ম্ম-ফলার্থিনা কৃতো ধর্ম্মো যদি নিষ্ফলঃ স্যাৎ তর্হি ভবেদয়মাক্ষেপঃ, ন ত্বহং তথাচরামীত্যর্থঃ। নন্থ ফলেচ্ছায়া অভাবে কিমর্থং ধর্ম্মঃ কর্ত্তব্য ইত্যত আহ—দদামীত্যাদিনা। দেয়মৃণমিত্যেব দদামি। "জায়মানো বৈ ব্রাহ্মণস্ত্রিভির্ঋণৈ বা জায়তে ব্রহ্মচর্য্যেণ ঋষিভ্যো যজ্ঞেন দেবেভ্যঃ প্রজয়া পিতৃভ্য" ইতি শ্রুতেঃ, ঋণবা ঋণবান্ ॥২॥ যথাশক্তি যৎকর্ত্তব্যং তৎ করোমীত্যন্বয়ঃ

যুধিষ্ঠির বলিলেন—'দ্রৌপদি! তুমি—সুন্দর, আশ্চর্য্য ও কোমল বাক্য-গুলি বলিয়াছ; তাহা আমি শুনিয়াছি; কিন্তু তুমি নাস্তিকের মত বলিয়াছ ॥১॥

রাজনন্দিনি! আমি ধর্ম্মের ফল খুঁজিয়া বেড়াইতেছি না; দান করিতে হয়, তাই দান করিতেছি এবং যজ্ঞ করিতে হয়, তাই যজ্ঞ করিতেছি ॥২॥

(১) বর্বচিত্রং পদশ্লক্ষম্...পি। (২) নাহং কর্ম্মফলান্বেষী...দদানি...বা ব কা নি। (৩)...গৃহে বা বসতা...বা ব কা পি।

ধর্ম্মং চরামি সুশ্রোণি ! ন ধর্ম্মফলকারণাৎ ।
আগমাননতিক্রম্য সতাং বৃত্তমবেক্ষ্য চ ॥৪॥
ধর্ম্ম এব মনঃ কৃষ্ণে ! স্বভাবাচ্চৈব মে ধৃতম্ ।
ধর্ম্মবাণিজ্যকো হীনো জঘন্যো ধর্ম্মবাদিনাম্ ॥৫॥
ন ধর্ম্মফলমাপ্নোতি যো ধর্ম্মং দোগ্ধুমিচ্ছতি ।
যশ্চৈনং শঙ্কতে কৃত্বা নাস্তিক্যাৎ পাপচেতনঃ ॥৬॥

ভারতকৌমুদী

দার্ঢ্যার্থং পুনরপ্যাহ ধর্ম্মমিতি । আগমান্ ধর্ম্মবিধিবাক্যানি, বৃত্তং চরিত্রম্ ॥৪॥

ধর্ম্মফলানুসন্ধানে দোষমাহ ধর্ম্ম ইতি । ধর্ম্মেণ বাণিজ্যং যস্য স ধর্ম্মবাণিজ্যকঃ ধর্ম্মবিনিময়েন ফলগ্রহীতা, হীনো নিকৃষ্টঃ, মোক্ষানুপযোগিত্বাৎ নিষ্কামধর্ম্মস্যৈব মোক্ষাধায়কত্বাদিত্যাশয়ঃ । ধর্ম্মবাদিনাং মতে স জঘন্যো নিন্দিতশ্চ, উক্তাদেব হেতোঃ ॥৫॥

দোষান্তরমাহ নেতি । যো ধর্ম্মং দোগ্ধুমিচ্ছতি তৎফলমিতি শেষঃ ধর্ম্মাৎ ফলং লব্ধুমিচ্ছতীত্যর্থঃ, নাস্তিক্যাৎ পাপচেতনো যশ্চ এনং ধর্ম্মং কৃত্বা শঙ্কতে ফলং দত্তে নবেতি সংশেতে, তদুভয়মপি ধর্ম্মফলং মোক্ষং নাপ্নোতি ; সকামত্বাদিত্যভিপ্রায়ঃ ॥৬॥

ভারতভাবদীপঃ

॥৩॥ ধর্ম্মমিতি । বেদবাক্যাৎ শিষ্টাচারাচ্চ নিষ্কামমেব ধর্ম্মং চরামি । "অগ্নিহোত্রং জুহুয়াৎ স্বর্গকাম" ইতি স্বর্গাদিফলশ্রুতিস্তু ধর্ম্মে প্ররোচনার্থেতি ভাবঃ ॥৪॥ স্বভাবাৎ "শৌর্য্যং তেজো ধৃতির্দাক্ষ্যং যুদ্ধে চাপ্যপলায়নম্ । দানমীশ্বরভাবশ্চ ক্ষাত্রং কর্ম্ম স্বভাবজম্ ॥" ইতি গীতাবচনোক্তধর্ম্মচরণশীল এব ক্ষত্রিয়ো নান্য ইতি নিয়মান্মে ময়া ধর্ম্মে মনো ধৃতং যতো ধর্ম্মবাণিজ্যকো ধর্ম্মাৎ স্বর্গাদিফলমিচ্ছন্ হীনো মুখ্যফলাৎ চ্যুতোঽত এব জঘন্যো নীচঃ ॥৫॥ ধর্ম্মফলম্—"তমেতং বেদানুবচনেন ব্রাহ্মণা বিবিদিষন্তি যজ্ঞেন দানেন তপসানাশকেন" ইতি শ্রুতের্ব্বিদ্যা বিবিদিষা বা ধর্ম্মফলং মুখ্যং তন্নাপ্নোতি যশ্চৈনং ধর্ম্মং শঙ্কতে বিশ্বাসং ন

কৃষ্ণে ! ধর্ম্ম অনুষ্ঠানে ফল হউক বা নাই হউক ; গৃহস্থ লোকের যাহা কর্ত্তব্য, আমি শক্তি অনুসারে তাহাই করিয়া যাইতেছি ॥৩॥

দ্রৌপদি ! ধর্ম্মশাস্ত্র লঙ্ঘন না করিয়া এবং সজ্জনের চরিত্র পর্য্যবেক্ষণ করিয়া আমি ধর্ম্মের অনুষ্ঠান করিতেছি ; কিন্তু ধর্ম্মের ফল লাভ করিবার জন্য নহে ॥৪॥

কৃষ্ণে ! আমি স্বভাবতই ধর্ম্মের দিকে মন রাখিয়াছি । কারণ, যাহারা ধর্ম্মের বাণিজ্য করে, তাহারা ধর্ম্মবাদীদিগের মতে নিকৃষ্ট ও নিন্দিত ॥৫॥

যে ব্যক্তি ধর্ম্ম হইতে ফল দোহন করিতে ইচ্ছা করে এবং যে পাপাত্মা নাস্তিকতাবশতঃ ধর্ম্ম করিয়া ফলের আশঙ্কা করে, তাহারা উভয়েই ধর্ম্মের প্রকৃত ফল পায় না ॥৬॥

অতিবাদাম্বদাম্যেষ মা ধর্ম্মমভিশঙ্কিথাঃ।
ধর্ম্মাভিশঙ্কী পুরুষস্তির্য্যগ্‌গতিপরায়ণঃ ॥৭॥
ধর্ম্মো যস্যাভিশঙ্ক্যঃ স্যাদার্ষং বা দুর্ব্বলাত্মনঃ।
বেদাচ্ছূদ্র ইবাপেয়াৎ স লোকাদজরামরাৎ ॥৮॥
বেদাধ্যায়ী ধর্ম্মপরঃ কুলে জাতো মনস্বিনি!।
স্থবিরেষু প্রয়োক্তব্যো রাজভির্ধর্ম্মচারিভিঃ ॥৯॥
পাপীয়ান্ স হি শূদ্রেভ্যস্তস্করেভ্যো বিশিষ্যতে।
শাস্ত্রাতিগো মন্দবুদ্ধির্যো ধর্ম্মমভিশঙ্কতে ॥১০॥

ভারতকৌমুদী

বক্তব্যমাহ অতীতি। অতিবাদাৎ ধর্ম্মেশ্বরয়োরাক্ষেপায় ত্বয়া অধিককথনাৎ ॥৭॥

ধর্ম্ম ইতি। যস্য দুর্ব্বলাত্মনস্তত্ত্বনির্ণয়াসমর্থচিত্তস্য জনস্য, ধর্ম্মঃ, অভিশঙ্ক্যঃ ফলজননে সন্দেহ্যঃ স্যাৎ, আর্ষং ধর্ম্মবিষয়কম্ ঋষিবাক্যং বা অভিশঙ্ক্যং স্যাৎ; স জনঃ, বেদাৎ শূদ্র ইব, অজরামরাৎ লোকাৎ জরামরণরহিতাৎ ব্রহ্মলোকাৎ, অপেয়াৎ ভ্রশ্যেৎ ॥৮॥

বেদেতি। জাতো বালকঃ। স্থবিরেষু প্রয়োক্তব্যস্তদুপদেশেন ধর্ম্মনির্ণয়ায় স্থাপ্যঃ ॥৯॥

ভারতভাবদীপঃ

কুরুতে সোঽপি ধর্ম্মফলং নাপ্নোতি। পাপচেতনঃ পাপবুদ্ধিঃ ॥৬॥ অতিবাদাৎ মানান্তরমতিক্রান্তো বাদো বচনং তস্মাদ্বেদৈকপ্রামাণ্যাৎ ॥৭॥ আর্ষম্ ঋষয়ো মন্ত্রাস্তদ্দ্রষ্টারো মন্বাদয়ো বা ধর্ম্মমূলভূতং মন্ত্রজাতং বা মন্বাদিবাক্যং বেত্যর্থঃ। অর্থে বেতি পাঠে ফলে বিষয়ে ইত্যর্থঃ। দুর্ব্বলাত্মনো বিবেকাক্ষমচিত্তস্য, অপেয়াৎ অপগচ্ছেৎ, লোকাদাত্মলোকাৎ। স্বর্লোকাদিতি পাঠেঽপ্যানন্দরূপাদাত্মলোকাদিত্যর্থঃ। অনাত্মলোকেষু অজরামরত্বয়োরসম্ভবাৎ অজরামরাৎ মোক্ষরূপাৎ ॥৮॥ বালোঽপি স্থবিরেষু যোক্তব্যো নিযোক্তব্যো গণনীয়ঃ ॥৯—১০॥

তুমি বড় বেশী বলিয়া ফেলিয়াছ বলিয়া এই আমি বলিতেছি যে, তুমি ধর্ম্মের প্রতি সন্দেহ করিও না। কারণ, ধর্ম্মসন্দেহী লোক তির্য্যগ্‌গতি প্রাপ্ত হয় ॥৭॥

মন ধর্ম্মের তত্ত্বনির্ণয় করিতে অসমর্থ হওয়ায় যে ব্যক্তি ধর্ম্মের প্রতি কিংবা ঋষিবাক্যের প্রতি সন্দেহ করে, সে ব্যক্তি—বেদ হইতে শূদ্রের ন্যায় ব্রহ্মলোক হইতে বিচ্যুত থাকে ॥৮॥

মনস্বিনি! ধর্ম্মচারী রাজারা, বেদাধ্যায়ী ও ধর্ম্মপরায়ণ সৎকুলজাত বালককে ধর্ম্মনির্ণয়ের জন্য বৃদ্ধবর্গের নিকটে স্থাপন করিবেন ॥৯॥

যে মন্দবুদ্ধি শাস্ত্র লঙ্ঘন করিয়া ধর্ম্মের প্রতি সন্দেহ করে, সে লোক তস্কর শূদ্র হইতেও অধিক পাপিষ্ঠ বলিয়া গণ্য হয় ॥১০॥

(৯)…স্থবিরেষু স যোক্তব্যো রাজর্ষিধর্ম্মচারিভিঃ, বা কা।

প্রত্যক্ষং হি ত্বয়া দৃষ্ট ঋষির্গচ্ছন্ মহাতপাঃ।
মার্কণ্ডেয়োঽপ্রমেয়াত্মা ধর্ম্মেণ চিরজীবিতা ॥১১॥
ব্যাসো বশিষ্ঠো মৈত্রেয়ো নারদো লোমশঃ শুকঃ।
অন্যে চ ঋষয়ঃ সর্ব্বে ধর্ম্মেণৈব সুচেতসঃ ॥১২॥
প্রত্যক্ষং পশ্যসি হ্যেতান্ দিব্যযোগসমন্বিতান্।
শাপানুগ্রহণে শক্তান্ দেবেভ্যোঽপি গরীয়সঃ ॥১৩॥
এতে হি ধর্ম্মমেবাদৌ বর্ণয়ন্তি সদানঘে!।
কর্ত্তব্যমমরপ্রখ্যাঃ প্রত্যক্ষাগমবুদ্ধয়ঃ ॥১৪॥
অতো নার্হসি কল্যাণি! ধাতারং ধর্ম্মমেব চ।
রাজ্ঞি! মূঢ়েন মনসা ক্ষেপ্তুং শঙ্কিতুমেব চ ॥১৫॥

ভারতকৌমুদী

পাপীয়ানিতি। পাপীয়ান্ বিশিষ্যতে অধিকঃ পাপীয়ান্ গণ্যতে ॥১০॥

ধর্ম্মসাফল্যে জ্যেষ্ঠং শ্রেষ্ঠঞ্চ প্রমাণমুদাহরতি প্রত্যক্ষমিতি। চিরজীবিতা তস্য ॥১১॥

ব্যাস ইতি। সুচেতসো মৈত্র্যাদিভাবনাশক্তিলাভেন বিশুদ্ধচিত্তা জাতাঃ ॥১২॥

প্রত্যক্ষমিতি। শাপেন যুক্তমনুগ্রহণং তস্মিন্, মধ্যপদলোপী সমাসঃ ॥১৩॥

এত ইতি। আদৌ কর্ত্তব্যমিতি সম্বন্ধঃ। প্রত্যক্ষমেব আগমবুদ্ধির্যেষাং তে, প্রাকৃতানাং শাস্ত্রপর্য্যালোচনয়া যদ্বিষয়া বুদ্ধির্জায়তে, তে চ বিষয়াস্তেষাং প্রত্যক্ষা এবেত্যর্থঃ ॥১৪॥

অত ইতি। ধাতারমীশ্বরম্, ক্ষেপ্তুং নিন্দিতুম্, ধর্ম্মঞ্চ শঙ্কিতুং সাফল্যে সন্দেগ্ধুম্ ॥১৫॥

ভারতভাবদীপঃ

এবং ধর্ম্মস্য বেদৈকগম্যত্বাদনতিশঙ্ক্যত্বং বেদস্য চ শ্রেষ্ঠপ্রমাণত্বমুক্ত্বা প্রত্যক্ষত্বাদপি ধর্ম্মফলস্যানতিশঙ্ক্যত্বমাহ—প্রত্যক্ষং হীত্যাদিনা। চিরজীবিতা চিরজীবী ॥১১—১৩॥ ধর্ম্মং কর্ত্তব্যম্, বর্ণয়ন্তি প্রত্যক্ষাগমবুদ্ধয়ঃ অস্মাকং বেদৈকগম্যমপ্যর্থং প্রত্যক্ষেণ পশ্যন্ত ইত্যর্থঃ ॥১৪॥

দ্রৌপদি! মহর্ষি, মহাতপা ও মহাত্মা মার্কণ্ডেয়কে যাইবার সময়ে তুমি প্রত্যক্ষ দেখিয়াছ; তিনি ধর্ম্মবলেই চিরজীবী হইয়াছেন ॥১১॥

ব্যাস, বশিষ্ঠ, মৈত্রেয়, নারদ, লোমশ, শুক এবং অন্যান্য ঋষিরা সকলেও ধর্ম্ম অনুষ্ঠান করিয়াই বিশুদ্ধচিত্ত হইয়াছেন ॥১২॥

ইঁহারা অলৌকিক-যোগশক্তি-সম্পন্ন, শাপ দিতে ও অনুগ্রহ করিতে সমর্থ এবং দেবগণ অপেক্ষাও শ্রেষ্ঠ; ইহা তুমি প্রত্যক্ষ দেখিতেছ ॥১৩॥

দ্রৌপদি! প্রাকৃত লোকেরা শাস্ত্র পর্য্যালোচনা করিয়া যে ধর্ম্ম বোঝে, ইঁহারা তাহা প্রত্যক্ষ করেন; সুতরাং দেবতুল্য এই মহর্ষিরা সর্ব্বদাই ধর্ম্মকেই প্রথমকর্ত্তব্য বলিয়া প্রকাশ করেন ॥১৪॥

[১১]···ধর্ম্মেণ চিরজীবিতাম্, পি।

উন্মত্তান্ মন্যতে বালঃ সর্ব্বানাগতনিশ্চয়ান্।
ধর্ম্মাভিশঙ্কী নান্যস্মাৎ প্রমাণমধিগচ্ছতি ॥১৬॥
আত্মপ্রমাণ উন্নদ্ধঃ শ্রেয়সোঽপ্যবমন্যকঃ।
ইন্দ্রিয়প্রতিসংবদ্ধং যদিদং লোকসাক্ষিকম্।
এতাবন্মন্যতে বালো মোহমন্যত্র গচ্ছতি ॥১৭॥
প্রায়শ্চিত্তং ন তস্যাস্তি যো ধর্ম্মমভিশঙ্কতে।
ধ্যায়ন্ স কৃপণঃ পাপো ন লোকান্ প্রতিপদ্যতে ॥১৮॥
প্রমাণাদ্বিনিবৃত্তো হি বেদশাস্ত্রার্থনিন্দকঃ।
কামলোভাতিগো মূঢ়ো নরকং প্রতিপদ্যতে ॥১৯॥

ভারতকৌমুদী

উন্মত্তানিতি। ধর্ম্মাভিশঙ্কী বালো মূর্খঃ, সর্ব্বান্, আগতনিশ্চয়ান্ গুরূপদেশাদিনা জ্ঞাতধর্ম্ম-তত্ত্বান্ পণ্ডিতান্, উন্মত্তান্ মন্যতে, অন্যস্মাজ্জনাচ্চ উপদেশাদিরূপং প্রমাণং নাধিগচ্ছতি ॥১৬॥

আত্মেতি। কিঞ্চ আত্মা স্ববুদ্ধিরেব প্রমাণং যস্য সঃ, উন্নদ্ধ উদ্ধতস্বভাবঃ, শ্রেয়সঃ শ্রেষ্ঠস্যাপি জনস্য, অবমন্যকঃ অবজ্ঞাতা। বুণি যন্‌বিকরণ আর্যঃ। বালো মূর্খঃ, ইন্দ্রিয়-প্রতিসংবদ্ধম্, লোকসাক্ষিকং লোকপ্রত্যক্ষম্, যদিদং ঘটাদিকং বর্ত্ততে; এতাবন্মাত্রমেব অস্তিত্বেন মন্যতে; অন্যত্র অনুমেয়ে ধর্ম্মাদৌ, মোহং মোহেন নাস্তিত্বং গচ্ছতি অবধারয়তি। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৭॥

প্রায় ইতি। ধ্যায়ন্ ঐহিকসুখোপায়মাত্রং চিন্তয়ন্, কৃপণঃ ক্ষুদ্রঃ, লোকান্ স্বর্গান্ ॥১৮॥

ভারতভাবদীপঃ

ক্ষেপো নিন্দা, শঙ্কা ফলে সংশয়ঃ ॥১৫॥ এতচ্চ মূঢ়কার্য্যমিত্যাহ—উন্মত্তানিত্যাদিনা। আগতনিশ্চয়ান্ প্রাপ্ততত্ত্বনিশ্চিয়ান্ ॥১৬॥ উন্নদ্ধো দৃপ্তঃ, শ্রেয়সো ধর্ম্মস্য, অন্যত্রাতীন্দ্রিয়ে

অতএব কল্যাণি! মহিষি! তুমি মুগ্ধ চিত্ত দ্বারা ঈশ্বরের নিন্দাও করিতে পার না, ধর্ম্মের প্রতি সন্দেহও করিতে পার না ॥১৫॥

ধর্ম্মসন্দেহী মূর্খলোক ধর্ম্মতত্ত্বজ্ঞ সমস্ত লোককেই উন্মত্ত বলিয়া মনে করে এবং অন্য লোকের নিকট হইতে কোন প্রমাণই গ্রহণ করে না ॥১৬॥

কেবল নিজের বুদ্ধিটাকেই যে প্রমাণ বলিয়া মনে করে, সেই উদ্ধতস্বভাব এবং শ্রেষ্ঠলোকেরও অবজ্ঞাকারী মূর্খলোক, ইন্দ্রিয়সংসৃষ্ট লোকপ্রত্যক্ষ এই যাহা কিছু দৃষ্টিগোচর হয়, তাহাই আছে বলিয়া মনে করে, কিন্তু অপ্রত্যক্ষ বিষয়ে মোহিত হয় ॥১৭॥

যে লোক ধর্ম্মের প্রতি সন্দেহ করে, তাহার কোন প্রায়শ্চিত্ত নাই এবং সেই ক্ষুদ্র পাপাত্মা ঐহিকসুখোপায়ের চিন্তা করিতে থাকিয়া স্বর্গলাভ করে না ॥১৮॥

---

(১৭) আত্মপ্রমাণতত্ত্বজ্ঞঃ...পি, ইন্দ্রিয়প্রীতিসংবদ্ধম্...বা ব কা।

যস্তু নিত্যং কৃতমতির্ধর্ম্মমেবাভিপদ্যতে।
অশঙ্কমানঃ কল্যাণি! সোঽমুত্রানন্ত্যমশ্নুতে ॥২০॥
আর্ষং প্রমাণমুৎক্রম্য ধর্ম্মং ন প্রতিপালয়ন্।
সর্ব্বশাস্ত্রাতিগো মূঢ়ঃ শং জন্মসু ন বিন্দতি ॥২১॥
যস্য নার্ষং প্রমাণং স্যাচ্ছিষ্টাচারশ্চ ভাবিনি!।
নৈব তস্য পরো লোকো নায়মস্তীতি নিশ্চয়ঃ ॥২২॥
শিষ্টৈরাচরিতং ধর্ম্মং কৃষ্ণে। মাস্মাভিশঙ্কিথাঃ।
পুরাণমৃষিভিঃ প্রোক্তং সর্ব্বজ্ঞৈঃ সর্ব্বদর্শিভিঃ ॥২৩॥
ধর্ম্ম এব প্লবো নান্যঃ স্বর্গং দ্রৌপদি! গচ্ছতাম্।
সৈব নৌঃ সাগরস্যেব বণিজঃ পারমিচ্ছতঃ ॥২৪॥

ভারতকৌমুদী

প্রমাণাদিতি। প্রমাণাদ্গুরুবাক্যাদেঃ। কামলোভৌ অতিশয়েন গচ্ছতি ভুনক্তীতি সঃ ॥১৯॥

য ইতি। কৃতা মতির্ধর্ম্মসফলতানিশ্চয়ো যেন সঃ। অমুত্র পরলোকে, আনন্ত্যং স্বর্গম্ ॥২০॥

আর্ষমিতি। আর্ষং প্রমাণম্ ঋষিপ্রণীতং শাস্ত্রম্। শং মঙ্গলম্, জন্মসু বহুম্বপি ॥২১॥

যস্যেতি। আর্ষম্ ঋষিবাক্যং ধর্ম্মশাস্ত্রম্। অয়ং লোকঃ ॥২২॥

শিষ্টৈরিতি। পুরাণং বৃদ্ধপরম্পরাগতম্। সর্ব্বজ্ঞৈরিত্যাদিনা অকল্পিতত্বমুক্তম্ ॥২৩॥

ভারতভাবদীপঃ

ধর্ম্মাত্যর্থে ॥১৭॥ ধ্যায়ন্ অর্থাংশ্চিন্তয়ন্নপি, লোকান্ ধর্ম্মপ্রাপ্যান্ ॥১৮॥ কামলোভাবত্যন্তং গচ্ছতি প্রাপ্নোতীতি কামলোভাতিগঃ ॥১৯॥ আনন্ত্যং ব্রহ্মভাবম্ ॥২০॥ শং কল্যাণম্

যে মূর্খ কোন প্রমাণকে গ্রাহ্য করে না, বেদ ও অন্যান্য শাস্ত্রের নিন্দা করে এবং অধিকপরিমাণে কাম ও লোভের সেবা করে, সে নরকগামী হয় ॥১৯॥

আর, যে লোক ধর্ম্মের সফলতা জানিয়া, কোন আশঙ্কা না করিয়া, সর্ব্বদা ধর্ম্মেরই সেবা করে, সে লোক মরণের পরে অনন্ত স্বর্গ লাভ করে ॥২০॥

আবার যে মূর্খ ঋষিবাক্য লঙ্ঘন করিয়া এবং সমস্ত শাস্ত্র অতিক্রম করিয়া ধর্ম্ম পালন না করে, সে বহুজন্মেও মঙ্গললাভ করে না ॥২১॥

দ্রৌপদি! যাহার নিকট ঋষিবাক্য ও শিষ্টাচার প্রমাণ না হয়, তাহার ইহলোকও নাই, পরলোকও নাই, ইহা নিশ্চয় ॥২২॥

কৃষ্ণে! সর্ব্বজ্ঞ ও সর্ব্বদর্শী ঋষিরা যাহা বলিয়াছেন, শিষ্টেরা যাহা আচরণ করিয়া আসিতেছেন এবং যাহা প্রাচীন কাল হইতে চলিয়া আসিতেছে, সেই ধর্ম্মের প্রতি তুমি সন্দেহ করিও না ॥২৩॥

অফলো যদি ধর্ম্মঃ স্যাচ্চরিতো ধর্ম্মচারিভিঃ।
অপ্রতিষ্ঠে তমস্যেতজ্জগন্মজ্জেদনিন্দিতে! ॥২৫॥
নির্বাণং নাধিগচ্ছেয়ুর্জীবেয়ুঃ পশুজীবিকাম্।
বিদ্যয়া নৈব যুজ্যেয়ুর্ন চার্থং কেচিদাপ্নুয়ুঃ ॥২৬॥
তপশ্চ ব্রহ্মচর্য্যঞ্চ যজ্ঞঃ স্বাধ্যায় এব চ।
দানমার্জবমেতানি যদি স্যুরফলানি বৈ ॥২৭॥

ভারতকৌমুদী

ধর্ম্ম ইতি। প্লব উড়ুপম্। সা প্রসিদ্ধা। ইচ্ছতো গন্তুমিতি শেষঃ ॥২৪॥

অফল ইতি। অপ্রতিষ্ঠে অসীমে, তমসি অন্ধকারে। ধর্ম্মফলমেবালোকঃ ॥২৫॥

নির্বাণমিতি। সর্ব্বত্র ধর্ম্মফলাভাবে ইত্যন্বেয়ম্। পশুজীবিকামাশ্রিত্যেতি শেষঃ, "ধর্ম্মেণ হীনাঃ পশুভিঃ সমানাঃ" ইত্যুক্তেরিতি ভাবঃ। বিদ্যয়া জ্ঞানেন, অর্থং ধনম্ ॥২৬॥

তপ ইতি। স্বাধ্যায়ো বেদপাঠঃ। আর্জবং সরলতা। পরে অন্যে, পরে উৎকৃষ্টাঃ,

ভারতভাবদীপঃ

॥২১—২৪॥ অনুমানমপি ধর্ম্মে প্রমাণমিত্যাহ—অফল ইতি। অয়ং ভাবঃ—যদি ধর্ম্মো ন স্যাৎ তর্হি ঊর্দ্ধগতিং কশ্চিদপি নাপ্নুয়াৎ। জায়স্ব ম্রিয়স্বেতি মশকাদীনামপি পূর্ব্বসংস্কারাৎ পুনঃ পুনস্তত্তজ্জাতীয়দেহস্যৈব প্রাপ্তিশ্রুতেরন্ধতমঃপ্রাপ্তিরেব সর্ব্বেষাং স্যাৎ ততশ্চ শাস্ত্রানর্থক্যম্। যদি তু ধর্ম্মোঽস্তি তর্হি তেষামপি বিশিষ্টদেশনিবাসাদিজনিতস্য পুণ্যস্যাপরিহার্য্যত্বাদূর্দ্ধগতিঃ সম্ভবতি ॥২৫॥ নন্নু যথা তৃণাৎ ক্ষীরং ক্ষীরাদ্দধীতিবৎ পরিণামক্রমাদেব তত্তদ্বিশিষ্টদেহলাভাদূর্দ্ধগতির্ভবিষ্যতি কিং ধর্ম্মেণেত্যাশঙ্ক্যাহ—নির্ব্বাণমিতি। দগ্ধোঽপি গবোপভুক্তাৎ ক্ষীরমূত্রাদিনা চ পরিণামদৃষ্টের্নৈতদ্যুক্তম্। তথাচ মোক্ষাসিদ্ধিঃ, তস্যাঞ্চ সত্যাং বোধশূন্যাং পশুজীবিকাং জীবেয়ুরন্ধং তমঃ প্রবিশেয়ুরেবেত্যর্থঃ। ততশ্চ তে পশুতুল্যা বিদ্যাং বিদ্যয়া নৈব যুজ্যেরন্, সন্তু তর্হি স্বভাবেনৈব সর্ব্বেঽপি প্রাণিনঃ কিং বিদ্যয়া কিংবা মোক্ষেণেত্যাশঙ্ক্যাহ,—ন চার্থং কেচিদাপ্নুয়ুরিতি। অয়ং ভাবঃ—ঘটশরাবোদঞ্চনাদিকার্য্যবৈচিত্র্যং ক্রিয়াবৈচিত্র্যায়ত্তং যথা দৃষ্টম্, তথা ঐহিকযত্নাভাবেঽপি নৃষু পশ্বাদিষু জ্ঞানৈশ্বর্য্যতারতম্যং দৃশ্যমানং জন্মান্তরীয়ক্রিয়ানুমাপকম্, তদভাবে জগদ্বৈচিত্র্যস্যাকস্মিকনিখিলাভাদেশ্চাসম্ভবঃ স্যাদিতি ॥২৬॥ অনাদিপরম্পরাগতঃ শিষ্টাচারোঽপি ধর্ম্মাস্তিত্বে প্রমাণমিত্যাহ,

---

দ্রৌপদি! সমুদ্রপারে গমনাভিলাষী বণিকের পক্ষে যেমন সেই নৌকা, সেইরূপ স্বর্গগামীর পক্ষে ধর্ম্মই ভেলা, অন্য কিছু নহে ॥২৪॥

অনিন্দিতে! ধার্ম্মিকদিগের আচরিত ধর্ম্ম যদি নিষ্ফল হইত, তবে এই জগৎটাই অসীম অন্ধকারে মগ্ন হইয়া যাইত ॥২৫॥

এবং ধার্ম্মিকেরা নির্বাণমুক্তি পাইতেন না, পশুর মত জীবন ধারণ করিতেন, জ্ঞানী হইতেন না এবং ধনও পাইতেন না ॥২৬॥

তপস্যা, ব্রহ্মচর্য্য, যজ্ঞ, বেদপাঠ, দান ও সরলতা এই গুলি যদি নিষ্ফল

নাচরিষ্যন্ পরে ধর্ম্মং পরে পরতরে চ যে।
বিপ্রলম্ভোঽয়মত্যন্তং যদি স্যুরফলাঃ ক্রিয়াঃ ॥২৮॥ (যুগ্মকম্)
ঋষয়শ্চৈব দেবাশ্চ গন্ধর্ব্বাসুররাক্ষসাঃ।
ঈশ্বরাঃ কস্য হেতোস্তে চরেয়ুর্ধর্ম্মমাদৃতাঃ ॥২৯॥
ফলদন্ত্বিহ বিজ্ঞায় ধাতারং শ্রেয়সি ধ্রুবম্।
ধর্ম্মং তে ব্যচরন্ কৃষ্ণে! তদ্ধি শর্ম্ম সনাতনম্ ॥৩০॥
স নায়মফলো ধর্ম্মো নাধর্ম্মোঽফলবানপি।
দৃশ্যন্তেঽপি হি বিদ্যানাং ফলানি তপসাং তথা ॥৩১॥
ত্বমাত্মনো বিজানীষে জন্ম কৃষ্ণে! যথা শ্রুতম্।
বেত্থ চাপি যথা জাতো ধৃষ্টদ্যুম্নঃ প্রতাপবান্।
এতাবদেব পর্য্যাপ্তমুপমানং শুচিস্মিতে! ॥৩২॥

ভারতকৌমুদী

পরতরে উৎকৃষ্টতরাঃ। কিঞ্চ যদি ক্রিয়া যাগাদয়ঃ, অফলাঃ স্যুঃ, তদা অয়ং "স্বর্গকামো যজেত" ইত্যাদিবিধিঃ, অত্যন্তং বিপ্রলম্ভঃ প্রতারণা স্যাৎ লোকে কষ্টমাত্রার্পণাৎ শঠবাক্যবৎ ॥২৭—২৮॥

ঋষয় ইতি। ঈশ্বরাঃ প্রভাববন্তঃ। কস্য হেতোঃ, ধর্ম্মস্য ফলসন্দেহে ইত্যর্থঃ ॥২৯॥

ফলদমিতি। হে কৃষ্ণে! তে ঋষ্যাদয়ঃ, ইহ ধাতারম্ ঈশ্বরম্, ধ্রুবং ফলদং বিজ্ঞায়, শ্রেয়সি মঙ্গলনিমিত্তে, ধর্ম্মং ব্যচরন্। তৎ তদ্ধর্ম্মজনিতম্, শর্ম্ম সুখম্, সনাতনমপি জাতম্ ॥৩০॥

অতএবাহ স ইতি। অধর্ম্মঃ পাপমপি, অফলবান্ ন। দৃশ্যন্তে প্রত্যক্ষীক্রিয়ন্তে ॥৩১॥

ভারতভাবদীপঃ

তপশ্চেত্যাদিনা ॥২৭॥ বিপ্রলম্ভো বঞ্চনম্, অয়ং যজ্ঞাদিধর্ম্মঃ ॥২৮—২৯॥ শ্রেয়সি শ্রেয়োনিমিত্তং ধর্ম্মং ব্যচরন্, তদ্ধি ধর্ম্মো হি শ্রেয়ঃ শ্রেয়ঃসাধনং সনাতনমনাদ্যনন্তম্ ॥৩০—৩১॥

হইত, তবে অন্য যাঁহারা উত্তম ও অত্যুত্তম লোক আছেন, তাঁহারা ধর্ম্মাচরণ করিতেন না এবং ধর্ম্মকার্য্যগুলি যদি নিষ্ফল হইত, তবে তাহার বিধিবাক্যগুলিও অত্যন্তপ্রতারণাস্বরূপ হইত ॥২৭—২৮॥

তা'র পর, ধর্ম্মের যদি ফল না হইত, তবে প্রভাবশালী ঋষি, দেবতা, গন্ধর্ব্ব, অসুর এবং রাক্ষসেরা আদরপূর্ব্বক কেন ধর্ম্মাচরণ করিবেন? ॥২৯॥

কিন্তু তাঁহারা ঈশ্বরকে নিশ্চয় ফলদাতা জানিয়া মঙ্গলের জন্য ধর্ম্মাচরণ করিয়াছেন; তাহাতে তাঁহাদের চিরস্থায়ী সুখও হইয়াছে ॥৩০॥

অতএব সে ধর্ম্মেরও ফল আছে, অধর্ম্মেরও ফল আছে এবং জ্ঞান ও তপস্যার ফল প্রত্যক্ষও দেখা যায় ॥৩১॥

(৩০)…তদ্ধি শ্রেয়ঃ সনাতনম্…কা। (৩২) ত্বমাত্মনো বিজানীহি…বা ব কা।

কর্ম্মণাং ফলমাপ্নোতি ধীরোঽল্পেনাপি তুষ্যতি।
বহুনাপি হ্যবিদ্বাংসো নৈব তুষ্যন্ত্যবুদ্ধয়ঃ ॥৩৩॥
তেষাং ন ধর্ম্মজং কিঞ্চিৎ প্রেত্য শর্ম্মাস্তি বা পুনঃ।
কর্ম্মণাং শ্রুতপুণ্যানাং পাপানাঞ্চ ফলোদয়ঃ ॥৩৪॥

ভারতকৌমুদী

অথ কুত্র দৃশ্যস্ত ইত্যাহ ত্বমিতি। প্রত্যক্ষদর্শিনাং দ্রুপদরাজাদীনাং মুখাদ্‌যথা শ্রুতম্, তথা বিজানীষে। পরত্রাপ্যেবমর্থঃ। হে শুচিস্মিতে! এতাবদেব আত্মনো ধৃষ্টদ্যুম্নস্য চ জন্মৈব, পর্য্যাপ্তং যথেষ্টম্, উপমানং ধর্ম্মস্য সফলতায়াং দৃষ্টান্তঃ। তথা চ ধর্ম্মো যদি ফলজনকো ন স্যাত্তর্হি যাজোপযাজধর্ম্মক্রিয়য়া তব ধৃষ্টদ্যুম্নস্য চ অগ্নিতো জন্ম ন স্যাৎ। তত্র চ পিত্রাদিপ্রত্যক্ষমপি স্বপ্রত্যক্ষমিবাব্যাহতমিতি ভাবঃ। কিঞ্চ দুঃশাসনকর্ত্তৃকবসনাকর্ষণকালে বসনরাশীভাবঃ স্বয়মেব প্রত্যক্ষীকৃত ইত্যপি বক্তব্যম্।

হন্ত! তদানীং তত্তদুদাহরতা যুধিষ্ঠিরেণ ধর্ম্মস্য সফলতাং প্রতি দ্রৌপদ্যা বিশ্বাসঃ সম্পাদিত এব; অস্মাকং পুনরিদানীং প্রত্যক্ষং ধর্ম্মফলং তথা দর্শয়িতুমশক্নুবতাং লোকবিশ্বাসসম্পাদনে কা গতিঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩২॥

যথা কথঞ্চিত্তু ধর্ম্মফলং সর্ব এব প্রাপ্নুবন্তীত্যাহ কর্ম্মণামিতি। ধীরঃ শাস্ত্রযুক্ত্যাদিকং জানন্, অল্পেনাপি ধর্ম্মফলেন। অবিদ্বাংসঃ শাস্ত্রযুক্ত্যাদিকমজানন্তঃ ॥৩৩॥

তেষামিতি। তেষামবিদুষাম্। ফলোদয়ো ন স্যাদিতি সম্বন্ধঃ, অবিশ্বাসাদিতি ভাবঃ ॥৩৪॥

ভারতভাবদীপঃ

অনুভবোঽপি ধর্ম্মে প্রমাণমিত্যাহ—ত্বমিতি। অয়ং ভাবঃ—"অগ্নৌ প্রাস্তাহুতিঃ সম্যগাদিত্যমুপতিষ্ঠতে। আদিত্যাজ্জায়তে বৃষ্টির্বৃষ্টেরন্নং ততঃ প্রজা॥" ইতি শ্রুতেঃ। পঞ্চাগ্নিবিদ্যায়াঞ্চ দ্যুপর্জ্জন্যপৃথিবীপুরুষযোষাস্বগ্নিষু শ্রদ্ধাসোমবর্ষান্নরেত আহুতয়ো হূয়ন্তে ততঃ শরীরমিতি ক্রমেণ "পঞ্চামাম্যাহুতাবাপঃ পুরুষবচসো ভবন্তী"তি শ্রুতেশ্চ সর্ব্বেষাং প্রাণিনামুৎপত্তিরবগতা। তত্র গর্ভবাসাখ্যারেতোদ্রব্যকপঞ্চম্যাহুত্যবস্থাঽত্যন্তদুঃখময়ী পুণ্যবশাৎ দ্রোণস্য নাসীৎ। দ্রৌপদীধৃষ্টদ্যুম্নয়োস্ততিপুণ্যবশাৎ রেতোরূপমলপরিণামহেতুরন্নাহুতিরপি নাস্তি সাক্ষাদগ্নিকুণ্ডোদ্ভবত্বাৎ, তদিদং ধর্ম্মফলং তবানুভবসিদ্ধমতো ধর্ম্মং মাবমংস্থা ইতি ॥৩২॥ উপমানং নিদর্শনম্, কর্ম্মসু আদরবশাদল্পেন অন্নাচ্ছাদনমাত্রেণ তুষ্টো ভবতি ন তু কর্ম্মাণ্য-

---

দ্রৌপদি! তুমি তোমার জন্মবৃত্তান্ত যেমন শুনিয়াছ, তাহা ত জান এবং প্রতাপশালী ধৃষ্টদ্যুম্ন যে ভাবে জন্মিয়াছেন, তাহাও জান। সুতরাং নির্ম্মলহাসিনি! এই দুইটীই ধর্ম্মের সফলতাবিষয়ে উপযুক্ত দৃষ্টান্ত ॥৩২॥

তা'র পর, অভিজ্ঞ লোক কর্ম্মের ফলও পান, অল্পে সন্তুষ্টও হন; আর অনভিজ্ঞ নির্ব্বোধ লোক বহুতর ফল পাইয়াও সন্তুষ্ট হয় না ॥৩৩॥

তাহাদের পরলোকে ধর্ম্মজনিত কোন সুখ হয় না, কিংবা ইহলোকেও ধর্ম্মকর্ম্ম এবং অধর্ম্মকর্ম্মের কোন ফল হয় না ॥৩৪॥

প্রভবশ্চাত্যয়শ্চৈব দেবগুহ্যানি ভাবিনি ।।
নৈতানি বেদ যঃ কশ্চিন্মুহ্যন্তেঽত্র প্রজা ইমাঃ ॥৩৫॥
অপি কল্পসহস্রেণ ন স শ্রেয়োঽধিগচ্ছতি ।
রক্ষ্যাণ্যেতানি দেবানাং গূঢ়মায়া হি দেবতাঃ ॥৩৬॥
কৃশাঙ্গাঃ সুব্রতাশ্চৈব তপসা দগ্ধকিল্বিষাঃ ।
প্রসাদৈর্মানসৈর্যুক্তাঃ পশ্যন্ত্যেতানি বৈ দ্বিজাঃ ॥৩৭॥

ভারতকৌমুদী

প্রভব ইতি। হে ভাবিনি! প্রভব উৎপত্তিঃ, অত্যয়ো বিনাশশ্চ, এতয়োর্মূলীভূতানি কর্ম্মাণীত্যর্থঃ দেবেষ্বপি গুহ্যানি। অতএব যঃ কশ্চিজ্জনঃ, এতানি ন বেদ। ততশ্চ ইমাঃ প্রাকৃতাঃ প্রজাঃ, অত্র ধর্ম্মসাফল্যে মুহ্যন্তে; অতএব তত্র সন্দিহন্তীতি ভাবঃ ॥৩৫॥

সেই ভ্রাতৃগণকে বনে পরিত্যাগ করিয়া এবং শত্রুতার প্রতিশোধ না দিয়া (অন্য কিছু করিলে) আমি দীর্ঘকাল যাবৎ সমস্ত জগতে নিন্দাভাজন হইব' ॥৫৫॥

অর্জ্জুন এইরূপ বলিলে, ত্রিভুবনবন্দিত দেবরাজ অর্জ্জুনকে কোমল বাক্যে আশ্বস্ত করিয়া বলিলেন—॥৫৬॥

'বৎস ! তুমি যখন ভূতনাথ, ত্রিলোচন ও শূলপাণি মহাদেবের দর্শন লাভ করিবে, তখন আমি তোমাকে সমস্ত দিব্য অস্ত্র দান করিব ॥৫৭॥

অতএব কুন্তীনন্দন! তুমি পরমদেবতা মহাদেবের দর্শন লাভ করিবার জন্য যত্ন কর ; তাঁহার দর্শনে সিদ্ধ হইয়া তুমি সমস্তই পাইবে' ॥৫৮॥

অর্জ্জুনকে এই কথা বলিয়া দেবরাজ পুনরায় অদৃশ্য হইলেন। তাহার পর অর্জ্জুনও যোগাবলম্বন করিয়া সেই খানেই রহিলেন ॥৫৯॥

———:(:):———

(৫৮)···সংসিদ্ধঃ স্বর্গমেষ্যসি, পি নি। * '···সপ্তত্রিংশোঽধ্যায়ঃ' বা ব কা নি।

চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ

——ঃ(*)ঃ——

জনমেজয় উবাচ।

ভগবন্! শ্রোতুমিচ্ছামি পার্থস্যাক্লিষ্টকর্ম্মণঃ।
বিস্তরেণ কথামেতাং যথাস্ত্রাণ্যুপলব্ধবান্॥১॥
যথা চ পুরুষব্যাঘ্রো দীর্ঘবাহুর্দ্ধনঞ্জয়ঃ।
বনং প্রবিষ্টস্তেজস্বী নির্ম্মনুষ্যমভীতবৎ॥২॥
কিঞ্চ তেন কৃতং তত্র বসতা ব্রহ্মবিত্তম!।
কথঞ্চ ভগবান্ স্থাণুর্দেবরাজশ্চ তোষিতঃ॥৩॥
এতদিচ্ছাম্যহং শ্রোতুং ত্বৎপ্রসাদাদ্দ্বিজোত্তম!।
ত্বং হি সর্ব্বজ্ঞ! দিব্যঞ্চ মানুষঞ্চৈব বেত্থ হ॥৪॥
অত্যদ্ভুততমং ব্রহ্মন্! লোমহর্ষণমর্জ্জুনঃ।
ভবেন সহ সংগ্রামং চকারাপ্রতিমং কিল॥৫॥

ভারতকৌমুদী

ভগবন্নিতি। পার্থস্য অর্জ্জুনস্য, অক্লিষ্টকর্ম্মণঃ অনায়াসেন কার্য্যকারিণঃ॥১॥
যথেতি। নির্ম্মনুষ্যং মনুষ্যহীনমপি বনম্, অভীতবৎ নির্ভয় ইব॥২॥
কিমিতি। হে ব্রহ্মবিত্তম! বেদজ্ঞশ্রেষ্ঠ!। স্থাণুঃ শিবঃ॥৩॥
এতদিতি। দিব্যং স্বর্গীয়ম্, মানুষং মানুষলোকীয়ঞ্চ বৃত্তান্তম্॥৪॥
অতীতি। ভবেন শিবেন। দৈন্যম্ অর্জ্জুনস্য জীবনাশঙ্কয়া বিষাদঃ হর্ষো দেবদেবেনাপি

জনমেজয় বলিলেন—'ভগবন্! অক্লিষ্টকর্ম্মা অর্জ্জুন যে ভাবে সমস্ত দেবাস্ত্র লাভ করিয়াছিলেন, সেই বৃত্তান্ত আমি বিস্তরক্রমে শুনিতে ইচ্ছা করি॥১॥

এবং পুরুষশ্রেষ্ঠ, দীর্ঘবাহু ও মহাপরাক্রমশালী অর্জ্জুন মনুষ্যহীন বনের ভিতরেও যে ভাবে নির্ভয়ের ন্যায় প্রবেশ করিয়াছিলেন (তাহাও বলুন)॥২॥

বেদজ্ঞশ্রেষ্ঠ! তিনি সেখানে বাস করিতে থাকিয়া কি কার্য্য করিয়াছিলেন এবং কি ভাবেই বা ভগবান্ মহাদেবকে ও ইন্দ্রকে সন্তুষ্ট করিয়াছিলেন?॥৩॥

হে সর্ব্বজ্ঞ ব্রাহ্মণশ্রেষ্ঠ! আপনার অনুগ্রহে আমি ইহা শুনিতে ইচ্ছা করি। কারণ, আপনি স্বর্গের ও মর্ত্ত্যের সমস্ত বৃত্তান্তই জানেন॥৪॥

ব্রাহ্মণ! যোদ্ধৃশ্রেষ্ঠ এবং যুদ্ধে অপরাজিত অর্জ্জুন পূর্ব্বে মহাদেবের সহিত অতিশয় অদ্ভুত, লোমহর্ষণ ও অতুলনীয় যুদ্ধ করিয়াছিলেন; যাহা শুনিয়া নর-

পুরা প্রহরতাং শ্রেষ্ঠঃ সংগ্রামেষ্বপরাজিতঃ।
যচ্ছ্রুত্বা নরসিংহানাং দৈন্যহর্ষাতিবিস্ময়াৎ ॥৬॥
শূরাণামপি পার্থানাং হৃদয়ানি চকম্পিরে।
যদ্‌যচ্চ কৃতবানন্যৎ পার্থস্তদখিলং বদ ॥৭॥ (বিশেষকম্)
ন হ্যস্য নিন্দিতং জিষ্ণোঃ সুসূক্ষ্মমপি লক্ষয়ে।
চরিতং তস্য শূরস্য তন্মে সর্ব্বং প্রকীর্ত্তয় ॥৮॥

বৈশম্পায়ন উবাচ।

কথয়িষ্যামি তে তাত! কথামেতাং মহাত্মনঃ।
দিব্যাং কৌরবশার্দ্দূল! মহতীমদ্ভুতোপমাম্ ॥৯॥
গাত্রসংস্পর্শসংবদ্ধং ত্র্যম্বকেন সহানঘ!।
পার্থস্য দেবদেবেন শৃণু সম্যক্ সমাগমম্ ॥১০॥
যুধিষ্ঠিরনিয়োগাৎ স জগামামিতবিক্রমঃ।
শক্রং সুরেশ্বরং দ্রষ্টুং দেবদেবঞ্চ শঙ্করম্ ॥১১॥

ভারতকৌমুদী

সার্দ্ধং যুদ্ধমিত্যানন্দঃ, তত্রাপি ন ভয়ং ন বা বিরাম ইত্যতিবিস্ময়শ্চ তস্মাৎ। পার্থানামন্যেষাং পাণ্ডবানাম্। পার্থোঽর্জ্জুনঃ ॥৫—৭॥

নেতি। হি নিশ্চিতম্। জিষ্ণোরর্জ্জুনস্য, সুসূক্ষ্মমপি কার্য্যম্ ॥৮॥

কথয়িষ্যামীতি। দিব্যামলৌকিকীম্। অদ্ভুতোপমাম্ আশ্চর্য্যরূপাম্ ॥৯॥

গাত্রেতি। গাত্রস্পর্শেনৈব সংবদ্ধং সংঘটিতম্। সমাগমং সম্মেলনম্ ॥১০॥

ভারতভাবদীপঃ

ভগবন্নিতি ॥১—৫॥ দৈন্যহর্ষাতিবিস্ময়াৎ—দৈন্যং নাশভয়াৎ, হর্ষো মহাদেবপ্রতি-

---

শ্রেষ্ঠ ও মহাবীর অন্য পাণ্ডবগণেরও হৃদয়—বিষাদ, আনন্দ ও মহাবিস্ময়ে উদ্বেলিত হইয়াছিল এবং অর্জ্জুন অন্য যে যে কার্য্য করিয়াছিলেন—সে সমস্তও আপনি বলুন ॥৫—৭॥

এই অর্জ্জুনের কোন ক্ষুদ্রতম কার্য্যও নিন্দিত ছিল বলিয়া লক্ষ্য হয় না। সুতরাং সেই মহাবীরের সেই সমস্ত চরিত্রই আমার নিকট বলুন' ॥৮॥

বৈশম্পায়ন বলিলেন—বৎস কৌরবশ্রেষ্ঠ! আপনার নিকটে মহাত্মা অর্জ্জুনের এই অলৌকিক, বিশাল ও অদ্ভুত বৃত্তান্ত বলিব ॥৯॥

হে নিষ্পাপ রাজা! দেবদেব মহাদেবের সহিত অর্জ্জুনের একেবারে গাত্রসংস্পর্শরূপ সম্মেলনই ঘটিয়াছিল; তাহা শ্রবণ করুন ॥১০॥

---

(৯) কথয়িষ্যামি তে রাজন্!…পি। (১০) গাত্রসংস্পর্শসংবদ্ধাম্…বা ব কা নি।

দিব্যং তদ্ধনুরাদায় খড়্গঞ্চ কনকৎসরুম্।
মহাবলো মহাবাহুরর্জ্জুনঃ কার্য্যসিদ্ধয়ে ॥১২॥
দিশং হ্যুদীচীং কৌরব্যো হিমবচ্ছিখরং প্রতি।
ঐন্দ্রিঃ স্থিরমনা রাজন্! সর্ব্বলোকমহারথঃ ॥১৩॥ (বিশেষকম্)
ত্বরয়া পরয়া যুক্তস্তপসে ধৃতনিশ্চয়ঃ।
বনং কণ্টকিতং ঘোরমেক এবাভ্যপদ্যত ॥১৪॥
নানাপুষ্পফলোপেতং নানাপক্ষিনিষেবিতম্।
নানামৃগগণাকীর্ণং সিদ্ধচারণসেবিতম্ ॥১৫॥ (যুগ্মকম্)
ততঃ প্রয়াতে কৌন্তেয়ে বনং মানুষবর্জ্জিতম্।
শঙ্খানাং পটহানাঞ্চ শব্দঃ সমভবদ্দিবি ॥১৬॥
পুষ্পবর্ষঞ্চ সুমহন্নিপপাত মহীতলে।
মেঘজালঞ্চ বিততং ছাদয়ামাস সর্ব্বতঃ ॥১৭॥

ভারতকৌমুদী

যুধীতি। শক্রমিন্দ্রম্। দিব্যমলৌকিকং গাণ্ডীবম্। কনকস্য ত্সরুর্মুষ্টিদেশো যস্য তম্। হিমবতঃ পর্ব্বতস্য শিখরং শৃঙ্গম্। ইন্দ্রস্যাপত্যং পুত্র ঐন্দ্রিঃ ॥১১—১৩॥

ত্বরয়েতি। পরয়া অত্যন্তয়া। কণ্টকিতং সঞ্জাতকণ্টকম্। অভ্যপদ্যত প্রাপ্নোৎ। নানামৃগগণৈঃ পশুসমূহৈরাকীর্ণং ব্যাপ্তম্। "পশবোঽপি মৃগাঃ" ইত্যমরঃ ॥১৪—১৫॥

তত ইতি। দিবি আকাশে। অর্জ্জুনাগমনেনামোদিতানাং দেবদূতানামিত্যাশয়ঃ ॥১৬॥

ভারতভাবদীপঃ

ভটত্বাৎ, বিস্ময়স্তৎপ্রসাদেনালৌকিকসামর্থ্যলাভাৎ ॥৬—১১॥ কনকৎসরুং স্বর্ণমুষ্টিম্ ॥১২॥

রাজা! অমিতপরাক্রম, মহাবল, মহাবাহু এবং সমস্ত জগতের মধ্যে প্রধান মহারথ ইন্দ্রনন্দন সেই কৌরব অর্জ্জুন যুধিষ্ঠিরের আদেশে দেবরাজ ইন্দ্রের এবং দেবদেব মহাদেবের দর্শন লাভ করিবার জন্য, অলৌকিক গাণ্ডীবধনু ও স্বর্ণ-মুষ্টিযুক্ত তরবারি ধারণ করিয়া, স্থিরচিত্ত হইয়া, কার্য্যসিদ্ধি উদ্দেশে হিমালয়ের শৃঙ্গ লক্ষ্য করিয়া উত্তরদিকে গমন করিলেন ॥১১—১৩॥

তিনি তপস্যার জন্য কৃতনিশ্চয় ও অত্যন্তত্বরান্বিত হইয়া একাকীই কণ্টকাকীর্ণ ভয়ঙ্কর বনের ভিতরে যাইয়া উপস্থিত হইলেন। সেই বনটী নানাবিধ পুষ্পে ও ফলে পরিপূর্ণ এবং বহুবিধ পশুসমূহে ব্যাপ্ত ছিল, আর তাহার ভিতরে নানাপ্রকার পক্ষী এবং সিদ্ধগণ ও চারণগণ বিচরণ করিত ॥১৪—১৫॥

তাহার পর অর্জ্জুন সেই মনুষ্যবিহীন বনে প্রবেশ করিলে, আকাশে শঙ্খধ্বনি ও পটহধ্বনি হইতে থাকিল ॥১৬॥

সোঽতীত্য বনদুর্গাণি সন্নিকর্ষে মহাগিরেঃ।
শুশুভে হিমবৎপৃষ্ঠে বসমানোঽর্জ্জুনস্তদা ॥১৮॥
তত্রাপশ্যদ্‌দ্রুমান্ ফুল্লান্ বিহগৈর্বল্গুনাদিতান্।
নদীশ্চ বিপুলাবর্ত্তা বৈদূর্য্যবিমলপ্রভাঃ ॥১৯॥
হংসকারণ্ডবোদ্‌গীতাঃ সারসাভিরুতাস্তথা।
পুংস্কোকিলরুতাশ্চৈব ক্রৌঞ্চবর্হিণনাদিতাঃ ॥২০॥
মনোহরবনোপেতাস্তস্মিন্নতিরথোঽর্জ্জুনঃ।
পুণ্যশীলামলজলাঃ পশ্যন্ প্রীতমনাঽভবৎ ॥২১॥ (বিশেষকম্)
রমণীয়ে বনোদ্দেশে রমমাণোঽর্জ্জুনস্তদা।
তপস্যুগ্রে বর্ত্তমান উগ্রতেজা মহামনাঃ ॥২২॥

ভারতকৌমুদী

পুষ্পেতি। পুষ্পবর্ষমপি দেবদূতহস্তমুক্তমিতিভাবঃ। বিততং বিস্তৃতম্ ॥১৭॥

স ইতি। মহাগিরের্হিমালয়স্য সন্নিকর্ষে বনদুর্গাণীতি সম্বন্ধঃ ॥১৮॥

তত্রেতি। ফুল্লান্ ফুল্লকুসুমান্ বল্গুনাদিতান্ সুন্দরশব্দিতান্। বিপুলাবর্ত্তা বিশালজলভ্রমিযুক্তাঃ। তস্মিন্ স্থানে। পুণ্যশীলং পবিত্রস্বভাবমমলঞ্চ জলং যাসাং তাঃ। প্রীতমনাঽভবদিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥১৯—২১॥

ভারতভাবদীপঃ

ঐন্দ্রিরর্জ্জুনঃ ॥১৩॥ কণ্টকিতং কণ্টকাক্রান্তম্ ॥১৪—১৮॥ বল্গু মধুরম্ ॥১৯—২২॥ দর্ভচীরং

আর, ভূতলে বিশাল পুষ্পবৃষ্টি পতিত হইল এবং বিস্তৃত মেঘসকল সমস্ত দিক্ আবৃত করিল ॥১৭॥

তখন অর্জ্জুন হিমালয়ের সন্নিহিত দুর্গম বনসকল অতিক্রম করিয়া, তাহার উপরে থাকিয়া শোভা পাইতে লাগিলেন ॥১৮॥

তিনি সেখানে দেখিলেন—নানাবিধ বৃক্ষ আছে, তাহাতে বহুতর ফুল ফুটিয়া রহিয়াছে এবং নানাপ্রকার পক্ষী মনোহর রব করিয়া বেড়াইতেছে; আর, অনেক নদী প্রবাহিত হইতেছে, সেগুলির আবর্ত্ত (ঘোলা) সকল বিশাল এবং জল বৈদূর্য্যমণির ন্যায় নির্ম্মল; তাহার নিকট হংস, কারণ্ডব, সারস, কোকিল, কোঁচবক ও ময়ূরগণ রব করিতেছে এবং তাহার তীরে মনোহর বন রহিয়াছে। অতিরথ অর্জ্জুন সেই স্থানে নদীগুলির পবিত্র ও নির্ম্মল জল দেখিয়া আনন্দিত হইলেন ॥১৯—২১॥

অত্যন্ত তেজস্বী ও দৃঢ়চেতা অর্জ্জুন তখন সেই মনোহর বনের ভিতরে থাকিয়া দারুণ তপস্যায় প্রবৃত্ত হইলেন; তিনি কুশময় কৌপীন পরিধান করিয়া

দর্ভচীরং নিবস্যাথ দণ্ডাজিনবিভূষিতঃ।
শীর্ণঞ্চ পতিতং ভূমৌ পর্ণং সমুপযুক্তবান্ ॥২৩॥ (যুগ্মকম্)
পূর্ণে পূর্ণে ত্রিরাত্রে তু মাসমেকং ফলাশনঃ।
দ্বিগুণেন হি কালেন দ্বিতীয়ং মাসমত্যয়াৎ ॥২৪॥
তৃতীয়মপি মাসং স পক্ষেণাহারমাচরৎ।
চতুর্থে ত্বথ সম্প্রাপ্তে মাসে ভরতসত্তমঃ ॥২৫॥
বায়ুভক্ষো মহাবাহুরভবৎ পাণ্ডুনন্দনঃ।
ঊর্দ্ধবাহুর্নিরালম্বঃ পাদাঙ্গুষ্ঠাগ্রবিষ্ঠিতঃ ॥২৬॥ (যুগ্মকম্)
সদোপস্পর্শনাচ্চাস্য বভূবুরমিতৌজসঃ।
বিদ্যুদম্ভোধরনিভা জটাস্তস্য মহাত্মনঃ ॥২৭॥

ভারতকৌমুদী

রমণীয় ইতি। উগ্রে ভয়ঙ্করে। দর্ভচীরং কুশময়ং কৌপীনম্, নিবস্য পরিধায়। সমুপযুক্তবান্ ভুক্তবান্, ক্লেশাতিশয়ার্থমিত্যাশয়ঃ ॥২২—২৩॥

পূর্ণ ইতি। একং মাসমত্যয়াৎ। দ্বিগুণেন ষড়্রাত্রেণ। অত্যয়াদতিক্রান্তবান্ ॥২৪॥

তৃতীয়মিতি। মাসং প্রাপ্য। আহারং ফলস্যৈব। বায়ুভক্ষ উপবাসীত্যর্থঃ। নিরালম্বো বৃক্ষাদ্যবলম্বনরহিতঃ, পাদাঙ্গুষ্ঠাগ্রাভ্যামেব বিষ্ঠিতো ভূমাববস্থিতঃ ॥২৫—২৬॥

সদেতি। উপস্পর্শনাৎ স্নানাৎ। কাশ্চিদ্বিদ্যুত্তুল্যাঃ পিঙ্গলাঃ, অপরা মেঘবৎ কৃষ্ণাঃ ॥২৭॥

ভারতভাবদীপঃ

তৃণময়ং বাসঃ, নিবস্য পরিধায়, সমুপযুক্তবান্ ভুক্তবান্ ॥২৩॥ দ্বিগুণেন ষড়্রাত্রেণাত্যয়াদতি-

---

দণ্ড ও মৃগচর্ম্ম ধারণপূর্ব্বক প্রথমে ভূতলপতিত শুষ্কপত্র মাত্র ভোজন করিতেন ॥২২—২৩॥

পরে, তিন তিন দিনের পর এক একটী ফল ভক্ষণ করিয়া একমাস অতিক্রম করিলেন; তাহার পর আবার ছয় ছয় দিনের পর এক একটী ফল ভোজন করিয়া দ্বিতীয়মাস অতিবাহিত করিলেন ॥২৪॥

তৃতীয়মাসে পনর পনর দিনের পর এক একটী ফল ভোজন করিলেন; তাহার পর চতুর্থমাস উপস্থিত হইলে, তখন ভরতশ্রেষ্ঠ মহাবাহু অর্জ্জুন কেবল বায়ু ভক্ষণ করিয়া, নিরবলম্বনে থাকিয়া, চরণাঙ্গুষ্ঠের অগ্রভাগ দ্বারা ভূতলে দাঁড়াইয়া ঊর্দ্ধবাহু হইয়া তপস্যা করিতে লাগিলেন ॥২৫—২৬॥

সর্ব্বদা স্নান করায় অমিততেজা ও মহাত্মা অর্জ্জুনের জটাসমূহের মধ্যে

---

(২৬)...পাদাঙ্গুষ্ঠাগ্রধিষ্ঠিতঃ, বা ব কা নি।

ততো মহর্ষয়ঃ সর্ব্বে জগ্মুর্দেবং পিনাকিনম্ ।
বিবেদয়িষবঃ পার্থং তপস্যুগ্রে সমাস্থিতম্ ॥২৮॥
তং প্রণম্য মহাদেবং শশংসুঃ পার্থকর্ম্ম তৎ ।
এষ পার্থো মহাতেজা হিমবৎপৃষ্ঠমাস্থিতঃ ॥২৯॥
উগ্রে তপসি দুষ্পারে স্থিতো ধূমায়য়ন্ দিশঃ ।
তস্য দেবেশ ! ন বয়ং বিদ্মঃ সর্ব্বে চিকীর্ষিতম্ ॥৩০॥
সন্তাপয়তি নঃ সর্ব্বানসৌ সাধু নিবার্য্যতাম্ ।
তেষাং তদ্বচনং শ্রুত্বা মুনীনাং ভাবিতাত্মনাম্ ॥৩১॥
উমাপতির্ভূতপতির্বাক্যমেতদুবাচ হ ।
ন বো বিষাদঃ কর্ত্তব্যঃ ফাল্গুনং প্রতি সর্ব্বশঃ ॥৩২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। পিনাকিনং শিবম্। বিবেদয়িষবো বেদয়িতুং জ্ঞাপয়িতুমিচ্ছবঃ ॥২৮॥

তমিতি। তৎ তপোরূপম্, পার্থস্য অর্জ্জুনস্য কর্ম্ম, শশংসুঃ উক্তবন্তঃ ॥২৯॥

উগ্র ইতি। দুষ্পারে দুষ্কর ইত্যর্থঃ, ধূমায়য়ন্ ধূমায়মানাঃ কুর্ব্বন্ ॥৩০॥

সন্তাপয়তীতি। সাধু সম্যক্। ভাবিতাত্মনাং মৈত্র্যাদিভাবনয়া নির্ম্মলীকৃতচিত্তানাম্। বো যুষ্মাকম্, "বা কর্ত্তরি কৃত্যে" ইতি কর্ত্তরি ষষ্ঠী ॥৩১—৩২॥

ভারতভাবদীপঃ

বাহিতবান্ ॥২৪—২৫॥ নিরালম্বো নিরাশ্রয়ঃ ॥২৬—২৯॥ ধূমায়য়ন্ ধূমবতীরিব কুর্ব্বন্

কতকগুলি বিদ্যুতের ন্যায় পিঙ্গলবর্ণ হইয়া গেল এবং কতকগুলি মেঘের ন্যায় কৃষ্ণবর্ণই থাকিল ॥২৭॥

তাহার পর, মহর্ষিরা সকলে অর্জ্জুনকে ভয়ঙ্কর তপস্যায় প্রবৃত্ত বলিয়া জানাইবার জন্য মহাদেবের নিকট গমন করিলেন ॥২৮॥

এবং তাঁহারা মহাদেবকে নমস্কার করিয়া তাঁহার নিকট অর্জ্জুনের সেই তপস্যার বিষয় বলিতে লাগিলেন—'মহাতেজা অর্জ্জুন হিমালয়ের উপরে অবস্থান করিতেছেন ॥২৯॥

দেবদেব! অর্জ্জুন আপন তেজে সমস্ত দিক্ যেন ধূম্রবর্ণ করিয়া দুষ্কর ভয়ঙ্কর তপস্যায় প্রবৃত্ত হইয়াছেন; আমরা সকলে তাঁহার উদ্দেশ্য বুঝিতেছি না ॥৩০॥

কিন্তু উনি আমাদের সকলকেই সন্তপ্ত করিতেছেন; অতএব আপনি উঁহাকে সম্যক্ রূপে বারণ করুন'। নির্ম্মলচিত্ত ঋষিগণের সেই কথা শুনিয়া ভূতনাথ মহাদেব এই কথা বলিলেন—'ঋষিগণ! আপনারা অর্জ্জুনের প্রতি কোন আশঙ্কা করিবেন না ॥৩১—৩২॥

শীঘ্রং গচ্ছত সংহৃষ্টা যথাগতমতন্দ্রিতাঃ।
অহমস্য বিজানামি সঙ্কল্পং মনসি স্থিতম্ ॥৩৩॥
নাস্য স্বর্গস্পৃহা কাচিন্নৈশ্বর্য্যস্য ন চায়ুষঃ।
যত্ত্বস্য কাঙ্ক্ষিতং সর্ব্বং তৎ করিষ্যেঽহমদ্য বৈ ॥৩৪॥

বৈশম্পায়ন উবাচ।

তচ্ছ্রুত্বা শর্ব্ববচনমৃষয়ঃ সত্যবাদিনঃ।
প্রহৃষ্টমনসো জগ্মুর্যথাস্বং পুনরাশ্রমান্ ॥৩৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি কৈরাতে ঋষিশঙ্করসংবাদে চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

ভারতকৌমুদী

শীঘ্রমিতি। সংহৃষ্টা অর্জ্জুনতো ভয়াভাবাদানন্দিতাঃ। সঙ্কল্পমুদ্দেশ্যম্ ॥৩৩॥

নেতি। ঐশ্বর্য্যস্য সম্পদঃ, আয়ুষশ্চ ন স্পৃহেত্যর্থঃ ॥৩৪॥

তদিতি। শর্ববচনং শিববাক্যম্। স্বং স্বমনতিক্রম্যেতি যথাস্বম্ ॥৩৫॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি কৈরাতে চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

———:*:———

ভারতভাবদীপঃ

॥৩০—৩২॥ সংকল্পং মনোরথম্ ॥৩৩—৩৫॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৪॥

———:*:———

আপনারা আনন্দিত হইয়া নিরুদ্বেগে যথাস্থানে সত্বর গমন করুন; আমি উহার মনের উদ্দেশ্য জানি' ॥৩৩॥

উহার স্বর্গের প্রতি কোন ইচ্ছা নাই, সম্পদ বা আয়ুরও কোন কামনা নাই। কিন্তু উহার যাহা অভীষ্ট, সেই সমস্ত অদ্যই আমি সম্পাদন করিব' ॥৩৪॥

বৈশম্পায়ন বলিলেন—সত্যবাদী ঋষিরা মহাদেবের সেই কথা শুনিয়া আনন্দিতচিত্তে পুনরায় আপন আপন আশ্রমে চলিয়া গেলেন ॥৩৫॥

———:0:———

(৩৪)…নৈশ্বর্য্যস্য তথায়ুষঃ…বা ব কা। (৩৫) তচ্ছ্রুত্বা ভগবদ্বাক্যম্…পি, সর্ববচনম্…বা…যথাস্বান্ পুনরালয়ান্, বা ব কা; যথাস্বান্ পুনরাশ্রমান্, পি।

* '…অষ্টত্রিংশোঽধ্যায়ঃ' বা ব কা নি।

পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ

——:০:——

বৈশম্পায়ন উবাচ।

গতেষু তেষু সর্ব্বেষু তপস্বিষু মহাত্মসু।
পিনাকপানির্ভগবান্ সর্ব্বপাপহরো হরঃ ॥১॥
কৈরাতং বেশমাস্থায় কাঞ্চনদ্রুমসন্নিভম্।
বিভ্রাজমানো বপুষা গিরির্মেরুরিবাপরঃ ॥২॥
শ্রীমদ্ধনুরুপাদায় শরাংশ্চাশীবিষোপমান্।
নিষ্পপাত মহাবেগো দহনো দেহবানিব ॥৩॥
দেব্যা সহোময়া শ্রীমান্ সমানব্রতবেশয়া।
নানাবেশধরৈর্হৃষ্টৈর্ভূতৈরনুগতস্তথা ॥৪॥
কিরাতবেশসংছন্নঃ স্ত্রীভিশ্চাপি সহস্রশঃ।
অশোভত তদা রাজন্! স দেশোঽতীব ভারত! ॥৫॥ (কুলকম্)
ক্ষণেন তদ্বনং সর্ব্বং নিঃশব্দমভবত্তদা।
নাদঃ প্রস্রবণানাঞ্চ পক্ষিণাঞ্চাপ্যুপারমৎ ॥৬॥

ভারতকৌমুদী

গতেষ্বিতি। হরঃ শিবঃ। কৈরাতং ব্যাধানুরূপং বেশম্, আস্থায় ধৃত্বা, অর্জ্জুনস্য পরীক্ষার্থমিত্যাশয়ঃ। শ্রীমৎ সুন্দরম্। নিষ্পপাত স্বভবনান্নির্জগাম। দহনো বহ্নিঃ। ভূতৈঃ প্রমথৈঃ। কিরাতবেশেন সংছন্ন আবৃতস্বরূপঃ। দেশঃ স্থানম্ ॥১—৫॥

ক্ষণেনেতি। প্রস্রবণানাং নির্ঝরাণাম্। উপারমৎ শিবপ্রভাবাদ্বিরতবান্ ॥৬॥

বৈশম্পায়ন বলিলেন—সেই মহাত্মা তপস্বীরা সকলেই চলিয়া গেলে, সর্ব্বপাপনাশক ও মনোহরমূর্ত্তি ভগবান্ মহাদেব স্বর্ণবৃক্ষের ন্যায় উজ্জ্বল ব্যাধের বেশ ধারণ করিয়া, শরীর দ্বারা অপর সুমেরুপর্ব্বতের ন্যায় শোভা পাইতে থাকিয়া, সুন্দর পিনাকনামক ধনু ও সর্পতুল্য বাণ লইয়া, মূর্ত্তিমান্ অগ্নির ন্যায় মহাবেগে আপন ভবন হইতে নির্গত হইলেন; তখন সমান নিয়ম ও সমানবেশধারিণী উমাদেবী, অন্যান্য বহুতর স্ত্রী এবং নানাবিধবেশধারী ও হৃষ্টচিত্ত ভূতগণ মহাদেবের অনুগমন করিতে লাগিলেন। ভরতনন্দন রাজা! তখন সেই স্থানটী অত্যন্ত শোভা পাইতে লাগিল ॥১—৫॥

এবং সেই সময়ে সেই সমস্ত বনটাই ক্ষণকালের মধ্যে নিঃশব্দ হইয়া গেল এবং নির্ঝরের শব্দ ও পক্ষীর রব বিরত হইল ॥৬॥

(২)···বিভ্রাজমানো বিপুলঃ···বা ব কা। (৩) শ্রীমান্ ধনুরুপাদায়···পি।

স সন্নিকর্ষমাগম্য পার্থস্যাক্লিষ্টকর্ম্মণঃ।
মূকং নাম দনোঃ পুত্রং দদর্শাদ্ভুতদর্শনম্ ॥৭॥
বারাহং রূপমাস্থায় তর্কয়ন্তমিবার্জ্জুনম্।
হন্তুং পরমদুষ্টাত্মা তমুবাচাথ ফাল্গুনঃ ॥৮॥
গাণ্ডীবং ধনুরাদায় শরাংশ্চাশীবিষোপমান্।
সজ্যং ধনুর্ব্বরং কৃত্বা জ্যাঘোষেণ নিনাদয়ন্ ॥৯॥ (যুগ্মকম্)
যস্মাং প্রার্থয়সে হন্তুমনাগসমিহাগতম্।
তস্মাত্ত্বাং পূর্ব্বমেবাহং নেতাঽস্মি যমসাদনম্ ॥১০॥
দৃষ্ট্বা তং প্রহরিষ্যন্তং ফাল্গুনং দৃঢ়ধন্বিনম্।
কিরাতরূপী সহসা বারয়ামাস শঙ্করঃ ॥১১॥

ভারতকৌমুদী

স ইতি। স হরঃ। পার্থস্য অর্জ্জুনস্য। দনোঃ পুত্রং দানবম্ ॥৭॥

বারাহমিতি। পরমদুষ্টাত্মা মূকদানবঃ, বারাহং রূপম্, আস্থায় ধৃত্বা, তর্কয়ন্তং স্বজিঘাংসামালোচয়ন্তমিব স্থিতমর্জ্জুনম্, হন্তুমাগতবানিতি শেষঃ। অথ ফাল্গুনোঽর্জ্জুনঃ, তমুবাচ। ধনুর্ব্বরং তদ্গাণ্ডীবম্, সজ্যং সগুণং কৃত্বা ॥৮—৯॥

কিমুবাচেত্যাহ যদিতি। অনাগসং নিরপরাধম্। নেতা নেষ্যামি ॥১০॥

ভারতভাবদীপঃ

গতেষ্বিতি ॥১—৩॥ ভূতৈঃ প্রমথাখ্যৈঃ স্বপার্ষদৈঃ ॥৪—৭॥ অর্জ্জুনং হন্তুং তর্কয়ন্তমিচ্ছন্তং

মহাদেব, অনায়াসে কার্য্যকারী অর্জ্জুনের নিকটে যাইয়া 'মূক'-নামক অদ্ভুতাকৃতি একটা দানবকে দেখিতে পাইলেন ॥৭॥

এদিকে অর্জ্জুনও সেই মূকদানবের জিঘাংসার বিষয়ই যেন মনে মনে আলোচনা করিতে লাগিলেন; তখন সেই অতিদুষ্টাত্মা মূকদানব শূকরের রূপ ধারণ করিয়া অর্জ্জুনকে বধ করিতে আসিতে লাগিল। তখন অর্জ্জুন গাণ্ডীবধনু ও সর্পতুল্য বাণ লইয়া, সেই শ্রেষ্ঠ ধনুতে গুণারোপণ করিয়া এবং জ্যাশব্দে সমস্ত দিক্ শব্দিত করিয়া মূকদানবকে বলিলেন—॥৮—৯॥

'আমি এখানে আগন্তুক এবং আমার কোন অপরাধ নাই; তথাপি তুই যখন আমাকে বধ করিবার ইচ্ছা করিতেছিস, তখন আমিই তোকে আগে যমালয়ে পাঠাইব' ॥১০॥

এই কথা বলিয়া দৃঢ়ধন্বা অর্জ্জুন প্রহার করিতে প্রবৃত্ত হইলেন; ইহা দেখিয়া

(৮)…হন্তুং পরং দীপ্যমানম্…কা। (১১)…কিরাতরূপী ভগবান্…পি।

ময়ৈষ প্রার্থিতঃ পূর্ব্বং নীলমেঘসমপ্রভঃ।
অনাদৃত্যৈব তদ্বাক্যং প্রজহারৈব ফাল্গুনঃ ॥১২॥ (যুগ্মকম্)
কিরাতশ্চ সমং তস্মিন্নেকলক্ষ্যে মহাদ্যুতিঃ।
প্রমুমোচাশনিপ্রখ্যং শরমগ্নিশিখোপমম্ ॥১৩॥
তৌ মুক্তৌ সায়কৌ তাভ্যাং সমং তত্র নিপেততুঃ।
মূকস্য গাত্রে বিস্তীর্ণে শৈলসংহননে তদা ॥১৪॥
যথাশনের্বিনির্ঘোষো বজ্রস্যেব চ পর্ব্বতে।
তথা তয়োঃ সন্নিপাতঃ শরয়োরভবত্তদা ॥১৫॥
স বিদ্ধো বহুভির্বাণৈর্দীপ্তাস্যৈঃ পন্নগৈরিব।
মমার রাক্ষসং রূপং ভূয়ঃ কৃত্বা বিভীষণম্ ॥১৬॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। ফাল্গুনমর্জ্জুনম্। প্রার্থিতো হন্তুং যাচিত ইষ্ট ইত্যর্থঃ ॥১১—১২॥

কিরাত ইতি। কিরাতো ব্যাধরূপী শিবঃ, সমং সমানকালম্, তস্মিন্ মূকে ॥১৩॥

তাবিতি। তাভ্যাং কিরাতার্জ্জুনাভ্যাম্। শৈলসংহননে পর্ব্বততুল্যদৃঢ়গাত্রে ॥১৪॥

যথেতি। যথা অশনের্বিদ্যুতো বিনির্ঘোষঃ, "অশনিঃ পবিবিদ্যুতোঃ" ইতি বিশ্বঃ, পর্ব্বতে বজ্রস্য বিনির্ঘোষঃ শব্দ ইব চ, তথা তদা তয়োঃ শরয়োঃ সন্নিপাতো দানবদেহে সন্নিপতনশব্দঃ অভবৎ। এতেন দানবদেহস্য পর্ব্বততুল্যদৃঢ়ত্বং সূচিতম্ ॥১৫॥

স ইতি। দীপ্তাস্যৈরুজ্জ্বলমুখৈঃ। রাক্ষসং রাক্ষসবৎ, বিভীষণমতিদারুণম্ ॥১৬॥

ভারতভাবদীপঃ

ক্রোধেন দীপ্যমানমিব ॥৮—৯॥ নেতা নেষ্যামি ॥১০—১১॥ ইন্দ্রকীলো মাহেন্দ্রমণিময়ঃ পর্ব্বতঃ ॥১২॥ সমমেককালম্ ॥১৩॥ শৈলসংহননে শৈলবদ্ দৃঢ়ে ॥১৪॥ অশনির্মেঘজং বজ্রং,

কিরাতরূপী মহাদেব এই বলিয়া তাঁহাকে বারণ করিলেন যে, 'এই নীলমেঘতুল্য শূকরটাকে আমিই আগে বধ করিবার ইচ্ছা করিয়াছি।' কিন্তু অর্জ্জুন তাঁহার সেই বাক্য অগ্রাহ্য করিয়া প্রহারই করিলেন ॥১১–১২॥

মহাতেজা কিরাতও সেই একমাত্র লক্ষ্য মূকদানবের প্রতি এক সময়েই বজ্রের তুল্য বেগবান্ এবং অগ্নিশিখার ন্যায় উজ্জ্বল একটা বাণ নিক্ষেপ করিলেন ॥১৩॥

তখন কিরাতের ও অর্জ্জুনের নিক্ষিপ্ত সেই বাণ দুইটা যাইয়া, পর্ব্বতের ন্যায় দৃঢ় ও বিস্তৃত সেই মূকদানবের গাত্রে একসময়েই পতিত হইল ॥১৪॥

তখন বৈদ্যুতিক শব্দের ন্যায় এবং পর্ব্বতের উপরে বজ্রপাতশব্দের ন্যায়, দানবদেহে সেই বাণ দুইটার পতনশব্দ হইল ॥১৫॥

(১২)···ইন্দ্রকীলসমপ্রভঃ···কা।

স দদর্শ ততো জিষ্ণুঃ পুরুষং কাঞ্চনপ্রভম্।
কিরাতবেশসংছন্নং স্ত্রীসহায়মমিত্রহা ॥১৭॥
তমব্রবীৎ প্রীতমনাঃ কৌন্তেয়ঃ প্রহসন্নিব।
কো ভবানটতে শূন্যে বনে স্ত্রীগণসংবৃতঃ ॥১৮॥
ন ত্বমস্মিন্ বনে ঘোরে বিভেষি কনকপ্রভ!।
কিমর্থঞ্চ ত্বয়া বিদ্ধো বরাহো মৎপরিগ্রহঃ ॥১৯॥
ময়াভিপন্নঃ পূর্ব্বং হি রাক্ষসোঽয়মিহাগতঃ।
কামাৎ পরিভবাদ্বাপি ন মে জীবন্ বিমোক্ষ্যসে ॥২০॥
ন হ্যেষ মৃগয়াধর্ম্মো যস্ত্বয়াদ্য কৃতো ময়ি।
তেন ত্বাং ভ্রংশয়িষ্যামি জীবিতাৎ পর্ব্বতাশ্রয়! ॥২১॥

ভারতকৌমুদী

স ইতি। জিষ্ণুরর্জ্জুনঃ। কাঞ্চনপ্রভং স্বর্ণকান্তিম্। অমিত্রহা শত্রুহন্তা ॥১৭॥

তমিতি। প্রীতমনাঃ, বীরস্য প্রতিবীরলাভে প্রীতেঃ স্বাভাবিকত্বাদিতি ভাবঃ ॥১৮॥

নেতি। ন বিভেষীতি কাকুঃ। মৎপরিগ্রহো মৎস্বীকৃতঃ ॥১৯॥

ময়েতি। ইহাগতঃ অয়ং রাক্ষসো রাক্ষসবদ্বিকটাকারো দানবঃ পূর্ব্বং হি ময়া অভিপন্নঃ প্রাপ্তঃ। কামাদিচ্ছাতঃ, পরিভবাদ্বাপি মৎপরিভবমভিপ্রেত্য বা, দ্বিতীয়া ল্যব্‌লোপে পঞ্চমী, ইমং বিধ্যন্নিতি শেষঃ, ত্বং জীবন্, মে মম হস্তান্ন বিমোক্ষ্যসে ॥২০॥

নেতি। পর্ব্বতাশ্রয়েতি সম্বোধনেনাসভ্যতাসূচনান্মৃগয়াধর্ম্মানভিজ্ঞত্বং সূচিতম্ ॥২১॥

ভারতভাবদীপঃ

বজ্রমিন্দ্রপ্রহরণং, সন্নিপাতো যোগঃ ॥১৫॥ স দানবঃ রাক্ষসমিব ॥১৬—১৯॥ অভিপন্নঃ

তখন সেই দানব সর্পতুল্য উজ্জ্বলমুখ বহুতর বাণ দ্বারা আবার বিদ্ধ হইয়া রাক্ষসের ন্যায় অতিভীষণ আকৃতি ধারণ করিয়া মরিয়া গেল ॥১৬॥

তাহার পর, শত্রুহন্তা অর্জ্জুন—স্বর্ণকান্তি, ব্যাধবেশধারী এবং স্ত্রীসমূহসমন্বিত সেই পুরুষকে দেখিতে পাইলেন ॥১৭॥

তখন অর্জ্জুন আনন্দিত হইয়া হাসিতে হাসিতেই যেন সেই পুরুষটাকে বলিলেন—'কে তুমি নির্জন বনে স্ত্রীবেষ্টিত হইয়া বিচরণ করিতেছ? ॥১৮॥

হে স্বর্ণকান্তি পুরুষ! এই ভয়ঙ্কর বনে তোমার কি ভয় হইতেছে না? কি জন্যই বা তুমি আমার শূকরটাকে বিদ্ধ করিলে? ॥১৯॥

রাক্ষসের ন্যায় বিকটাকার এই দানব এখানে আসিলে, আমিই আগে উহাকে পাইয়াছি। সুতরাং ইচ্ছা করিয়াই হউক বা আমাকে পরিভূত করিবার উদ্দেশেই হউক, তুমি উহাকে বিদ্ধ করিয়া আমার হাত হইতে জীবিত অবস্থায় মুক্তিলাভ করিতে পারিবে না ॥২০॥

ইত্যুক্তঃ পাণ্ডবেয়েন কিরাতঃ প্রহসন্নিব।
উবাচ শ্লক্ষ্ণয়া বাচা পাণ্ডবং সব্যসাচিনম্ ॥২২॥
ন মৎকৃতে ত্বয়া বীর! ভীঃ কার্য্যা বনমন্তিকাৎ।
ইয়ং ভূমিঃ সদাস্মাকমুচিতা বসতাং বনে ॥২৩॥
ত্বয়া তু দুষ্করঃ কস্মাদিহ বাসঃ প্ররোচিতঃ।
বয়ন্তু বহুসত্ত্বেঽস্মিন্ নিবসামস্তপোধন! ॥২৪॥
ভবাংস্তু কৃষ্ণবর্ত্মাভঃ সুকুমারঃ সুখোচিতঃ।
কথং শূন্যমিমং দেশমেকাকী বিচরিষ্যতি ॥২৫॥

অর্জ্জুন উবাচ।

গাণ্ডীবমাশ্রয়ং কৃত্বা নারাচাংশ্চাগ্নিসন্নিভান্।
নিবসামি মহারণ্যে দ্বিতীয় ইব পাবকঃ ॥২৬॥

ভারতকৌমুদী

ইতীতি। পাণ্ডবেয়েন অর্জ্জুনেন। শ্লক্ষ্ণয়া কোমলয়া ॥২২॥

নেতি। হে বীর! ত্বয়া, বনমন্তিকাৎ বনং তদন্তিকঞ্চ প্রাপ্য, মৎকৃতে মন্নিমিত্তা, ভীর্ভয়ং ন কার্য্যা। বনে বসতামস্মাকম্, ইয়ং ভূমিঃ, সদৈবোচিতা অভ্যস্তা ॥২৩॥

ত্বয়েতি। প্ররোচিতঃ অভিপ্রেতঃ। বহূনি সত্ত্বানি জন্তবো যত্র তস্মিন্ ॥২৪॥

ভবানিতি। কৃষ্ণবর্ত্মাভঃ অগ্নিতুল্যতেজাঃ, সুখোচিতঃ সুখভোগ এবাভ্যস্তঃ ॥২৫॥

গাণ্ডীবমিতি। নারাচান্ বাণবিশেষান্। অত একাকিত্বেঽপি ন ভয়মিতি ভাবঃ ॥২৬॥

ভারতভাবদীপঃ

পরিগৃহীতঃ কামাদ্‌যদৃচ্ছাতঃ, পরিভবাৎ মমাভিভবায় ॥২০—২২॥ মৎকৃতে মন্নিমিত্তং, বনমন্তিকাদ্বনস্য সমীপে ॥২৩॥ প্ররোচিতঃ স্বীকৃতঃ ॥২৪—২৫॥ পাবকিঃ স্বামী কার্ত্তিকেয়ঃ

কারণ, তুমি আজ আমার বিষয়ে যে ব্যবহার করিয়াছ, এটা মৃগয়ার নিয়ম নহে। অতএব পার্ব্বত্য! আমি তোমাকে প্রাণচ্যুত করিব ॥২১॥

অর্জ্জুন এইরূপ বলিলে, ব্যাধ হাসিতে হাসিতেই যেন কোমল বাক্যে অর্জ্জুনকে বলিল—॥২২॥

'বীর! তুমি বনের নিকটে আমা হইতে কোন ভয় করিও না। আমরা এই বনেই বাস করি বলিয়া এই স্থান সর্ব্বদাই আমাদের পরিচিত ॥২৩॥

কিন্তু তপোধন! তুমি কি কারণে এই বনে দুষ্কর বাস করিবার ইচ্ছা করিয়াছ? তবে আমরা বহুজন্তুপূর্ণ এই বনেই বাস করিয়া থাকি ॥২৪॥

কিন্তু তুমি অগ্নির তুল্য তেজস্বী, সুকুমারদেহ এবং সুখভোগে অভ্যস্ত। সুতরাং তুমি একাকী কি করিয়া এই শূন্যবনে বিচরণ করিবে?' ॥২৫॥

এষ চাপি ময়া জন্তুর্ম্মৃগরূপং সমাশ্রিতঃ।
রাক্ষসো নিহতো ঘোরো হন্তুং মামিহ চাগতঃ ॥২৭॥

কিরাত উবাচ।

ময়ৈবৈষ ধনুর্ম্মুক্তৈস্তাড়িতঃ পূর্ব্বমেব হি।
বাণৈরভিহতঃ শেতে নীতশ্চ যমসাদনম্ ॥২৮॥
মমৈষ লক্ষ্যভূতো হি পূর্ব্বমেব পরিগ্রহঃ।
মমৈব চ প্রহারেণ জীবিতাদ্ব্যবরোপিতঃ ॥২৯॥
দোষান্ স্বান্ নার্হসেঽন্যস্মৈ বক্তুং স্ববলদর্পিতঃ।
অবলিপ্তোঽসি মন্দাত্মন্! ন মে জীবন্ বিমোক্ষ্যসে ॥৩০॥
স্থিরো ভবস্ব মোক্ষ্যামি সায়কানশনীনিব।
ঘটস্ব পরয়া শক্ত্যা মুঞ্চ ত্বমপি সায়কান্ ॥৩১॥

ভারতকৌমুদী

এষ ইতি। মৃগরূপং পশুরূপং বরাহমূর্ত্তিমিত্যর্থঃ। "পশবোঽপি মৃগাঃ" ইত্যমরঃ ॥২৭॥ কলহমারভমাণঃ "ময়াভিপন্নঃ পূর্ব্বং হি" ইত্যস্যোত্তরমাহ ময়েতি। এষ পশুঃ ॥২৮॥ মমেতি। লক্ষ্যভূতো দৃশ্যো জাতঃ, পরিগৃহ্যত ইতি পরিগ্রহঃ স্বীকারবিষয়ঃ ॥২৯॥ দোষানিতি। দোষান্ পরকীয়ে পশৌ প্রহারাদীন্। অবলিপ্তো গর্ব্বিতঃ ॥৩০॥

ভারতভাবদীপঃ

॥২৬—২৯॥ দোষান্ মৃগয়াধর্ম্মাতিক্রমরূপান্ ॥৩০॥ স্থিরঃ সন্ ভবস্ব প্রাপ্নুহি ॥৩১—৩৩॥

অর্জ্জুন বলিলেন—'গাণ্ডীব ধনু এবং অগ্নিতুল্য নারাচ (বাণবিশেষ) সকল আশ্রয় করিয়া আমি দ্বিতীয় অগ্নির ন্যায় এই মহাবনে বাস করিব ॥২৬॥

এই দারুণ রাক্ষস আমাকে বধ করিবার জন্য বরাহরূপ ধারণ করিয়া এখানে আসিয়াছিল; তাই আমি উহাকে বধ করিয়াছি' ॥২৭॥

ব্যাধ বলিল—'আমিই আগে উহাকে ধনুঃক্ষিপ্ত বাণ দ্বারা তাড়ন করিয়াছি এবং বধও করিয়াছি, যমালয়েও পাঠাইয়াছি ॥২৮॥

এই বরাহটা প্রথমে আমারই লক্ষ্য হইয়াছিল; সুতরাং আমারই হইয়াছিল এবং আমার প্রহারেই এটা প্রাণচ্যুত হইয়াছে ॥২৯॥

তুমি আপন বলে দর্পিত কি না; তাই অন্যের নিকট নিজের দোষ বলিতে পারিতেছ না, তুমি গর্ব্বিত হইয়াছ। সুতরাং মূর্খ! তুমি জীবিত অবস্থায় আমার নিকট হইতে মুক্তিলাভ করিতে পারিবে না ॥৩০॥

(২৭) এষ চাপি মহাজন্তুঃ...কা, মৃগরূপং সমাস্থিতঃ...পি। (২৮) ময়ৈষ ধনুর্নির্ম্মুক্তৈঃ ...কা নি ব, ময়ৈষ ধনুর্নির্ম্মুক্তৈঃ...বা। (২৯)...মম পূর্ব্বপরিগ্রহঃ...বা ব কা।

তস্য তদ্বচনং শ্রুত্বা কিরাতস্যার্জ্জুনস্তদা ।
রোষমাহারয়ামাস তাড়য়ামাস চেষুভিঃ ॥৩২॥
ততো হৃষ্টেন মনসা প্রতিজগ্রাহ সায়কান্ ।
ভূয়ো ভূয় ইতি প্রাহ মন্দ ! মন্দেত্যুবাচ হ ॥৩৩॥
প্রহরস্ব শরানেতান্ নারাচান্ মর্ম্মভেদিনঃ ।
ইত্যুক্তো বাণবর্ষং স মুমোচ সহসার্জ্জুনঃ ॥৩৪॥
ততস্তৌ তত্র সংরব্ধৌ রাজমানৌ মুহুর্মুহুঃ ।
শরৈরাশীবিষাকারৈস্ততক্ষাতে পরস্পরম্ ॥৩৫॥
ততোঽর্জ্জুনঃ শরবর্ষং কিরাতে সমবাসৃজৎ ।
তৎ প্রসন্নেন মনসা প্রতিজগ্রাহ শঙ্করঃ ॥৩৬॥
মুহূর্ত্তং শরবর্ষং তৎ প্রতিগৃহ্য পিনাকধৃক্ ।
অক্ষতেন শরীরেণ তস্থৌ গিরিরিবাচলঃ ॥৩৭॥

ভারতকৌমুদী

স্থির ইতি। ভবস্বেত্যাত্মনেপদমার্ষম্। ঘটস্ব ময়া সার্দ্ধং যুদ্ধে সংযুজ্যস্ব ॥৩১॥
তস্যেতি। আহারয়ামাস আবিশ্চকার। ইষুভির্বাণৈঃ ॥৩২॥
তত ইতি। ইতি 'স্থিরো ভবস্ব' ইত্যাদি বাক্যং প্রাহ স্ম, কিরাত ইতি শেষঃ ॥৩৩॥
প্রেতি। নারাচান্ তদ্রূপান্ শরান্। ইত্যুক্তঃ কিরাতেন মুমোচ চকার ॥৩৪॥
তত ইতি। সংরব্ধৌ ক্রুদ্ধৌ। আশীবিষাকারৈঃ সর্পতুল্যৈঃ, ততক্ষাতে প্রজহ্রতুঃ ॥৩৫॥
তত ইতি। কিরাতে ব্যাধোপরি, সমবাসৃজৎ কৃতবান্। তৎ শরবর্ষম্ ॥৩৬॥

তুমি স্থির হও; আমি বজ্রতুল্য বাণ নিক্ষেপ করিব; তুমি তোমার পরম শক্তি সহকারে আমার সহিত মিলিত হও এবং তুমিও বাণক্ষেপ কর' ॥৩১॥

তখন অর্জ্জুন সেই ব্যাধের সেই বাক্য শুনিয়া ক্রোধ প্রকাশ করিলেন এবং বাণ দ্বারা তাহাকে তাড়ন করিলেন ॥৩২॥

তাহার পর, ব্যাধ হৃষ্টচিত্তে সেই বাণ সকল গ্রহণ করিল এবং বার বার 'স্থির হও' এই কথা বলিল, আর 'মূর্খ! মূর্খ!' বলিয়া সম্বোধন করিল ॥৩৩॥

এবং 'এই সকল মর্ম্মভেদী নারাচবাণ নিক্ষেপ কর' এই কথাও কহিল। তখন অর্জ্জুন তৎক্ষণাৎ বাণবর্ষণ করিতে লাগিলেন ॥৩৪॥

তৎপরে তাঁহারা দুই জনেই ক্রুদ্ধ হইয়া, পরাক্রমবশতঃ শোভা পাইতে থাকিয়া, সর্পতুল্য বাণদ্বারা বার বার পরস্পর প্রহার করিতে লাগিলেন ॥৩৫॥

তৎপরে—অর্জ্জুন ব্যাধের উপরে বাণবৃষ্টি করিতে লাগিলেন; ব্যাধরূপী মহাদেবও তাহা প্রসন্নচিত্তে আপন অঙ্গে ধারণ করিতে থাকিলেন ॥৩৬॥

স দৃষ্ট্বা বাণবর্ষন্তু মোঘীভূতং ধনঞ্জয়ঃ।
পরমং বিস্ময়ং চক্রে সাধু সাধ্বিতি চাব্রবীৎ ॥৩৮॥
অহোঽয়ং সুকুমারাঙ্গো হিমবৎপর্ব্বতাশ্রয়ঃ।
গাণ্ডীবমুক্তান্ নারাচান্ প্রতিগৃহ্লাত্যবিহ্বলঃ ॥৩৯॥
কোঽয়ং দেবো ভবেৎ সাক্ষাদ্রুদ্রো যক্ষঃ সুরোঽসুরঃ।
বিদ্যতে হি গিরিশ্রেষ্ঠে ত্রিদশানাং সমাগমঃ ॥৪০॥
ন হি মদ্বাণজালানামুৎসৃষ্টানাং সহস্রশঃ।
শক্তোঽন্যঃ সহিতুং বেগমৃতে দেবং পিনাকিনম্ ॥৪১॥
দেবো বা যদি বা যক্ষো রুদ্রাদন্যো ব্যবস্থিতঃ।
অহমেনং শরৈস্তীক্ষ্ণৈর্নয়ামি যমসাদনম্ ॥৪২॥

ভারতকৌমুদী

মুহূর্ত্তমিতি। প্রতিগৃহ্য স্বাঙ্গে ধারয়িত্বা, পিনাকধৃক্ কিরাতরূপী শিবঃ ॥৩৭॥
স ইতি। মোঘীভূতং ব্যর্থীভূতম্। পরমং বিস্ময়ং চক্রে, অস্ত্রাব্যর্থত্বাৎ ॥৩৮॥
তর্কয়তি চতুর্ভিঃ অহো ইতি। অহো অয়মিতি প্রকৃতিসম্ভবেঽপ্যকারলোপ আর্ষঃ ॥৩৯॥
ক ইতি। অয়ং কঃ, কিং সাক্ষাদ্রুদ্রো দেবো ভবেদিত্যাদিরূপো বিতর্কঃ ॥৪০॥
নেতি। উৎসৃষ্টানাং নিক্ষিপ্তানাম্। ঋতে বিনা, পিনাকিনং শিবম্ ॥৪১॥
দেব ইতি। ব্যবস্থিতো বিশেষেণাবস্থিতো ভবেৎ, তদেতি শেষঃ ॥৪২॥

ভারতভাবদীপঃ

নারাচান্ শরজাতিভেদান্ ॥৩৪—৩৮॥ অহোঽয়মিতি সন্ধিরার্ষঃ ॥৩৯—৪০॥ সহিতুং সোঢ়ুম্,

---

ব্যাধরূপী মহাদেব কিছুকাল সেই বাণবৃষ্টি ধারণ করিয়া অক্ষত শরীরেই পর্ব্বতের ন্যায় অচল রহিলেন ॥৩৭॥

অর্জ্জুন নিজের বাণবর্ষণ ব্যর্থ হইয়াছে দেখিয়া অত্যন্তবিস্ময়াপন্ন হইলেন এবং 'সাধু সাধু' এই কথা বলিলেন ॥৩৮॥

(আর, মনে মনে ভাবিলেন—) 'হিমালয়বাসী এই কোমলাঙ্গ ব্যাধ অবিহ্বল থাকিয়াই গাণ্ডীবনিক্ষিপ্ত নারাচগুলি গ্রহণ করিতেছে; কি আশ্চর্য্য! ॥৩৯॥

এ ব্যক্তি—কে? ইনি কি সাক্ষাৎ মহাদেব হইবেন? না কোন যক্ষ? না দেবতা? না অসুর? কারণ, হিমালয়ে দেবতাপ্রভৃতির সমাগম হইয়া থাকে ॥৪০॥

আমার নিক্ষিপ্ত বাণসমূহের বেগ, মহাদেবভিন্ন অন্য কেহই সহ্য করিতে সমর্থ হয় না ॥৪১॥

---

(৩৯)···হিমবচ্ছিখরাশ্রয়ঃ···বা ব কা নি।

ততো হৃষ্টমনা জিষ্ণুর্নারাচান্ মর্ম্মভেদিনঃ।
ব্যসৃজচ্ছতধা তত্র ময়ূখানিব ভাস্করঃ ॥৪৩॥
তান্ প্রসন্নেন মনসা ভগবান্ লোকভাবনঃ।
শূলপাণিঃ প্রত্যগৃহ্লাচ্ছিলাবর্ষমিবাচলঃ ॥৪৪॥
ক্ষণেন ক্ষীণবাণোঽথ সংবৃত্তঃ ফাল্গুনস্তদা।
বিত্রাসঞ্চ জগামাথ তং দৃষ্ট্বা শরসংক্ষয়ম্ ॥৪৫॥
চিন্তয়ামাস জিষ্ণুশ্চ ভগবন্তং হুতাশনম্।
পুরস্তাদক্ষয়ৌ দত্তৌ তূণৌ যেনাস্য খাণ্ডবে ॥৪৬॥
কিন্তু মোক্ষ্যামি ধনুষা যন্মে বাণাঃ ক্ষয়ং গতাঃ।
অয়ঞ্চ পুরুষঃ কোঽপি বাণান্ গ্রসতি সর্ব্বশঃ ॥৪৭॥

ভারতকৌমুদী

তত ইতি। জিষ্ণুরর্জ্জুনঃ। তত্র কিরাতশরীরে। ময়ূখান্ কিরণান্ ॥৪৩॥
তানিতি। লোকভাবনো জগৎসৃষ্টিকর্ত্তা। শিলাবর্ষং করকাবর্ষণম্ ॥৪৪॥
ক্ষণেনেতি। সংবৃত্তঃ সঞ্জাতঃ, ফাল্গুনোঽর্জ্জুনঃ। বিত্রাসং বিশেষভয়ম্ ॥৪৫॥
চিন্তয়ামাসেতি। পুরস্তাৎ পূর্ব্বম্। অস্য জিষ্ণোঃ, খাণ্ডবে তদ্দাহকালে ॥৪৬॥
দ্বাভ্যামর্জ্জুনস্য বিতর্কমাহ কিমিতি। কোঽপি অনির্ব্বচনীয়ঃ সর্ব্বশঃ সর্ব্বান্ ॥৪৭॥

এই ব্যক্তি যদি মহাদেবভিন্ন অপর কোন দেবতা বা যক্ষ হন, তবে আমি ইঁহাকে তীক্ষ্ণ বাণদ্বারা যমালয়ে প্রেরণ করিব' ॥৪২॥

তদনন্তর, সূর্য্য যেমন কিরণ নিক্ষেপ করেন, সেই রূপ হৃষ্টচিত্ত অর্জ্জুন শত শত মর্ম্মভেদী নারাচ কিরাতের উপরে নিক্ষেপ করিলেন ॥৪৩॥

তখন পর্ব্বত যেমন শিলাবৃষ্টি গ্রহণ করে, সেই রূপ জগৎসৃষ্টিকর্ত্তা কিরাত-রূপী ভগবান্ মহাদেব প্রসন্নচিত্তে সেই নারাচবৃষ্টি গ্রহণ করিলেন ॥৪৪॥

তাহার পর, অর্জ্জুন ক্ষণকালমধ্যেই বাণশূন্য হইয়া পড়িলেন এবং বাণগুলি ক্ষয় পাইয়াছে দেখিয়া অত্যন্ত ভীত হইলেন ॥৪৫॥

তখন অর্জ্জুন ভগবান্ অগ্নিদেবকে স্মরণ করিলেন, যিনি পূর্ব্বে খাণ্ডববন-দাহের সময়ে তাঁহাকে দুইটী অক্ষয় তূণ দিয়াছিলেন ॥৪৬॥

(সেই সময়ে অর্জ্জুন মনে মনে ভাবিতে লাগিলেন—) 'এখন আমি ধনুদ্বারা কি নিক্ষেপ করিব; যেহেতু আমার সমস্ত বাণই নিঃশেষ হইয়াছে। এ পুরুষটাও অনির্ব্বচনীয়ই বটে; যে হেতু সমস্ত বাণগুলিই গ্রাস করিয়াছে। ॥৪৭॥

[৪৩]…ব্যসৃজচ্ছতধা রাজন্…বা ব কা নি। [৪৫]…ভীশ্চৈনমাবিশত্তীব্রা তং দৃষ্ট্বা… বা ব কা নি।

হত্বা চৈনং ধনুষ্কোট্যা শূলাগ্রেণেব কুঞ্জরম্।
নয়ামি দণ্ডধারস্য যমস্য সদনং প্রতি ॥৪৮॥
প্রগৃহ্যাথ ধনুষ্কোট্যা জ্যাঞ্চাক্ষিপ্য ধনঞ্জয়ঃ।
মুষ্টিভিশ্চাপি হতবান্ বজ্রকল্পৈর্মহাদ্যুতিঃ ॥৪৯॥
সম্প্রাযুধ্যদ্ধনুষ্কোট্যা কৌন্তেয়ঃ পরবীরহা।
তদপ্যস্য ধনুর্দিব্যং জগ্রাহ গিরিগোচরঃ ॥৫০॥
ততোঽর্জ্জুনো গ্রস্তধনুঃ খড়্গপাণিরতিষ্ঠত।
যুদ্ধস্যান্তমভীপ্সন্ বৈ বেগেনাভিজগাম তম্ ॥৫১॥
তস্য মূর্দ্ধ্নি শিতং খড়্গমসক্তং পর্ব্বতেষ্বপি।
মুমোচ ভুজবীর্য্যেণ বিক্রম্য কুরুনন্দনঃ ॥৫২॥

ভারতকৌমুদী

হত্বেতি। ধনুষঃ কোট্যা অগ্রদেশেন। কুঞ্জরং হস্তিনম্ ॥৪৮॥
প্রগৃহ্যেতি। জ্যাং গুণম্, আক্ষিপ্য ধনুরগ্রে যোজয়িত্বা, তয়া ধনুষ্কোট্যা ॥৪৯॥
সমিতি। সংপ্রাযুধ্যৎ প্রাহরৎ। গিরিগোচরঃ পর্ব্বতবাসী কিরাতঃ ॥৫০॥
তত ইতি। ততো গ্রহণানন্তরমেব গ্রস্তং কিরাতেন মুখে প্রবেশিতং ধনুর্যস্য সঃ ॥৫১॥
তস্যেতি। অসক্তম্ অচ্ছিত্বা অলগ্নং পর্ব্বতস্যাপি চ্ছেদকমিত্যর্থঃ ॥৫২॥

ভারতভাবদীপঃ

ঋতে বিনা ॥৪১—৪৯॥ সম্প্রযুদ্ধঃ সম্যক্ প্রযুদ্ধং প্রহৃতং প্রহারো যস্য সঃ ॥৫০—৫১॥

(সে যাহা হউক) শূলাগ্রদ্বারা যেমন হস্তীকে বধ করে, তেমন ধনুর অগ্রদ্বারা ইহাকে বধ করিয়া যমালয়ে প্রেরণ করি' ॥৪৮॥

ইহা ভাবিয়া মহাতেজা অর্জ্জুন ধনুর অগ্রে গুণসংযোগ করিয়া, তাহা দ্বারা ধরিয়া বজ্রতুল্য মুষ্টিদ্বারা প্রহার করিলেন ॥৪৯॥

পরে, শত্রুহন্তা অর্জ্জুন ধনুর অগ্রদ্বারাই যুদ্ধ করিতে প্রবৃত্ত হইলেন; তখন সেই ব্যাধ অর্জ্জুনের সেই অলৌকিক ধনুও ধরিয়া ফেলিল ॥৫০॥

এবং ধরিয়া ফেলিয়াই তাহা গ্রাস করিয়া ফেলিল। তখন অর্জ্জুন তরবারি ধারণ করিলেন এবং যুদ্ধ শেষ করিবার ইচ্ছায় ব্যাধের প্রতি বেগে ধাবিত হইলেন ॥৫১॥

এবং পর্ব্বতও ছেদন করিতে সমর্থ, এহেন সেই তীক্ষ্ণধার তরবারিখানাকে বিক্রমসহকারে সম্পূর্ণ বাহুবল প্রয়োগ করিয়া ব্যাধের মস্তকে নিক্ষেপ করিলেন ॥৫২॥

[৪৯]...জ্যাপাশেনাবকৃষ্য চ...বা ব কা নি। [৫০] সম্প্রযুদ্ধঃ...বা ব কা নি।

তস্য মূর্দ্ধানমাসাদ্য পফালাসিবরো হি সঃ।
ততো বৃক্ষৈঃ শিলাভিশ্চ যোধয়ামাস ফাল্গুনঃ ॥৫৩॥
তদা বৃক্ষান্ মহাকায়ঃ প্রত্যগৃহ্লাদথো শিলাঃ।
কিরাতরূপী ভগবাংস্ততঃ পার্থো মহাবলঃ ॥৫৪॥
মুষ্টিভির্বজ্রসঙ্কাশৈর্ধূমমুৎপাদয়ন্ মুখে।
প্রজহার দুরাধর্ষে কিরাতসমরূপিণি ॥৫৫॥ (যুগ্মকম্)
ততঃ শক্রাশনিসমৈর্মুষ্টিভির্ভৃশদারুণৈঃ।
কিরাতরূপী ভগবানর্দ্দয়ামাস ফাল্গুনম্ ॥৫৬॥
ততশ্চটচটাশব্দঃ সুঘোরঃ সমপদ্যত।
পাণ্ডবস্য চ মুষ্টীনাং কিরাতস্য চ যুধ্যতঃ ॥৫৭॥
সুমুহূর্ত্তং তয়োর্যুদ্ধমভবল্লোমহর্ষণম্।
ভুজপ্রহারসংযুক্তং বৃত্রবাসবয়োরিব ॥৫৮॥

ভারতকৌমুদী

তস্যেতি। পফাল ভৃশং লম্ফনং চকার, লৌহস্যেব মূর্দ্ধ্নো দৃঢ়ত্বাদিত্যাশয়ঃ ॥৫৩॥
তত ইতি। প্রত্যগৃহ্লাদগ্রসৎ। ধূমং শ্রমাতিশয়াচ্ছ্বাসাতিশয়েন বাষ্পম্ ॥৫৪—৫৫॥
তত ইতি। শক্রাশনিসমৈঃ ইন্দ্রক্ষিপ্তবজ্রতুল্যৈঃ ॥৫৬॥
তত ইতি। মুষ্টীনাং মুষ্টিপাতানাং চটচটাশব্দ ইতি সম্বন্ধঃ ॥৫৭॥
স্বিতি। সুমুহূর্ত্তং পূর্ণৈকমুহূর্ত্তং যাবৎ, তয়োঃ কিরাতার্জ্জুনয়োঃ ॥৫৮॥

তখন সেই উৎকৃষ্ট তরবারিখানা ব্যাধের মস্তকে পড়িয়া লাফাইয়া উঠিল। তাহার পর অর্জ্জুন বৃক্ষ ও শিলা বর্ষণ করিয়া যুদ্ধ করিতে লাগিলেন ॥৫৩॥

তখন বিশালমূর্ত্তি কিরাতরূপী ভগবান্ মহাদেব সেই সকল বৃক্ষ এবং শিলাও গ্রাস করিতে লাগিলেন। তৎপরে মহাবল অর্জ্জুন মুখে ধূম উদ্গার করিতে থাকিয়া বজ্রতুল্য মুষ্টিদ্বারা দুর্দ্ধর্ষ ব্যাধকে প্রহার করিলেন ॥৫৪—৫৫॥

তখন ব্যাধরূপী মহাদেবও বজ্রতুল্য অতিদারুণ মুষ্টিদ্বারা অর্জ্জুনকে পীড়ন করিতে লাগিলেন ॥৫৬॥

সেই সময়ে যুধ্যমান অর্জ্জুনের ও ব্যাধের মুষ্টিপ্রহার হইতে থাকায় ভয়ঙ্কর 'চটচটা'-শব্দ হইতে লাগিল ॥৫৭॥

বৃত্রাসুর ও ইন্দ্রের ন্যায় ব্যাধ ও অর্জ্জুনের সেই লোমহর্ষণ বাহুযুদ্ধ পূর্ণ একমুহূর্ত্তকাল হইল ॥৫৮॥

(৫৮) সুমুহূর্ত্তস্তু তদ্‌যুদ্ধম্...বা ব কা, সুমুহূর্ত্তমভূদ্‌যুদ্ধমাসীত্তল্লোমহর্ষণম্...পি।

জঘানাথ ততো জিষ্ণুঃ কিরাতমুরসা বলী।
পাণ্ডবঞ্চ বিচেষ্টন্তং কিরাতোঽপ্যহনদ্বলাৎ ॥৫৯॥
তয়োর্ভুজবিনিষ্পেষাৎ সংঘর্ষেণোরসোস্তথা।
সমজায়ত গাত্রেষু পাবকোঽঙ্গারধূমবান্ ॥৬০॥
তত এনং মহাদেবঃ পীড্য গাত্রৈঃ সুপীড়িতম্।
তেজসাব্যক্রমদ্রোষাচ্চেতস্তস্য বিমোহয়ন্ ॥৬১॥
ততোঽতিপীড়িতৈর্গাত্রৈঃ পিণ্ডীকৃত ইবাবভৌ।
ফাল্গুনো গাত্রসংরুদ্ধো দেবদেবেন ভারত! ॥৬২॥
নিরুচ্ছ্বাসোঽভবচ্চৈব সন্নিরুদ্ধো মহাত্মনা।
পপাত ভূম্যাং নিশ্চেষ্টো গতসত্ত্ব ইবাভবৎ ॥৬৩॥

ভারতকৌমুদী

জঘানেতি। বিচেষ্টন্তম্—কিরাতবাহ্বোরন্তরাদ্বহির্ভবিতুং স্পন্দমানম্ ॥৫৯॥
তয়োরিতি। উরসোর্বক্ষসোঃ। গাত্রেষু অঙ্গেষু, পাবকঃ সমজায়তেব ॥৬০॥
তত ইতি। পীড্য পীড়য়িত্বা। আব্যক্রমৎ বিশেষেণাক্রামৎ। চেতশ্চৈতন্যম্ ॥৬১॥
তত ইতি। পিণ্ডীকৃত ইব সঙ্কোচিতদেহ ইব। গাত্রৈঃ সংরুদ্ধ আক্রান্তঃ ॥৬২॥
নিরিতি। নিরুচ্ছ্বাসঃ শ্বাসপ্রশ্বাসরহিতঃ। গতসত্ত্বঃ প্রাণহীনঃ ॥৬৩॥

ভারতভাবদীপঃ

অসক্তমকুণ্ঠিতম্ ॥৫২॥ পফাল বিশীর্ণঃ ॥৫৩—৫৪॥ ধূমং ক্রোধাবেশেন ॥৫৫—৬০॥ পীড্য

তাহার পর বলবান্ অর্জ্জুন বক্ষদ্বারা ব্যাধকে আঘাত করিলেন; ব্যাধও বলপূর্ব্বক স্পন্দিতদেহ অর্জ্জুনকে প্রহার করিলেন ॥৫৯॥

তাঁহাদের বাহুনিষ্পেষণে এবং বক্ষের সংঘর্ষে অঙ্গে যেন ধূমশালী কাষ্ঠাগ্নি উৎপন্ন হইল ॥৬০॥

তাহার পর মহাদেব আপন অঙ্গদ্বারা অর্জ্জুনকে নিপীড়িত করিয়া, তাঁহার চৈতন্যলোপ করিতে থাকিয়া, ক্রোধে অধিকতেজে আক্রমণ করিলেন ॥৬১॥

ভরতনন্দন! তৎপরে অর্জ্জুন মহাদেবের অঙ্গে আবদ্ধ হইয়া, অতিপীড়িত গাত্রে একেবারে যেন সঙ্কুচিত হইয়া পড়িলেন ॥৬২॥

মহাদেবের অঙ্গদ্বারা দৃঢ় আবদ্ধ হওয়ায় অর্জ্জুনের শ্বাসরোধ হইয়া গেল; তিনি নিস্পন্দ হইয়া ভূতলে পতিত হইলেন এবং তাঁহার প্রাণ যেন বাহির হইয়া গেল ॥৬৩॥

---

(৫৯)…কিরাতোঽপ্যহনদ্বলী, বা ব কা পি।

স মুহূর্ত্তং তথা ভূত্বা সচেতাঃ পুনরুত্থিতঃ।
রুধিরেণাপ্লুতাঙ্গস্তু পাণ্ডবো ভৃশদুঃখিতঃ ॥৬৪॥
শরণ্যং শরণং গত্বা ভগবন্তং পিনাকিনম্।
মৃন্ময়ং স্থণ্ডিলং কৃত্বা মাল্যেনাপূজয়ন্তবম্ ॥৬৫॥
তচ্চ মাল্যং তদা পার্থঃ কিরাতশিরসি স্থিতম্।
অপশ্যৎ পাণ্ডবশ্রেষ্ঠো হর্ষেণ প্রকৃতিং গতঃ ॥৬৬॥
পপাত পাদয়োস্তস্য ততঃ প্রীতোঽভবদ্ভবঃ।
উবাচ চৈনং বচসা মেঘগম্ভীরগীর্হরঃ।
জাতবিস্ময়মালোক্য তপঃক্ষীণাঙ্গসংহতিম্ ॥৬৭॥

ভব উবাচ।

ভো ভো ফাল্গুন! তুষ্টোঽস্মি কর্ম্মণাঽপ্রতিমেন তে।
শৌর্য্যেণানেন ধৃত্যা চ ক্ষত্রিয়ো নাস্তি তে সমঃ ॥৬৮॥

ভারতকৌমুদী

স ইতি। সচেতাঃ প্রাপ্তচৈতন্যঃ। ভৃশদুঃখিতঃ সমুত্থিত ইতি সম্বন্ধঃ ॥৬৪॥
শরণ্যমিতি। স্থণ্ডিলং স্থণ্ডিলোপরিশিবপ্রতিমাম্। ভবং মহাদেবম্ ॥৬৫॥
তদিতি। হর্ষেণানন্দেন, প্রকৃতিং বিষাদাপগমাৎ স্বভাবম্, গতঃ প্রাপ্তঃ ॥৬৬॥
পপাতেতি। মেঘস্যেব গম্ভীরা গীর্বাক্যং যস্য সঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৭॥
ভো ইতি। অপ্রতিমেন অনুপমেন। ধৃত্যা ধৈর্য্যেণ। সমঃ সমানঃ ॥৬৮॥

ভারতভাবদীপঃ

নিপীড্য ॥৬১॥ গাত্রেষু সংরুদ্ধশ্চলনহীনঃ ॥৬২—৬৫॥ প্রকৃতিং স্বাস্থ্যম্ ॥৬৬—৬৯॥

তিনি মুহূর্ত্তকাল সেই ভাবে থাকিয়া, আবার চৈতন্যলাভ করিয়া, অত্যন্ত দুঃখিত হইয়া, রক্তাক্তদেহে গাত্রোত্থান করিলেন ॥৬৪॥

এবং শরণাগতরক্ষক ভগবান্ মহাদেবের শরণাপন্ন হইয়া, স্থণ্ডিলের উপরে তাঁহার মৃন্ময় প্রতিমা নির্ম্মাণ করিয়া, মালা দ্বারা তাঁহার পূজা করিলেন ॥৬৫॥

তখন পাণ্ডবশ্রেষ্ঠ অর্জ্জুন সেই মালাটী ব্যাধেরই মস্তকে অবস্থিত দেখিলেন; অমনি তিনি আনন্দে প্রকৃতিস্থ হইলেন ॥৬৬॥

এবং কিরাতরূপী মহাদেবের চরণযুগলে পতিত হইলেন। তখন মহাদেব সন্তুষ্ট হইয়া, অর্জ্জুনকে বিস্ময়াপন্ন ও তপঃক্ষীণাঙ্গ দেখিয়া, মেঘগম্ভীর বাক্যে তাঁহাকে বলিলেন ॥৬৭॥

মহাদেব কহিলেন—'অর্জ্জুন! অর্জ্জুন! আমি তোমার এই অতুলনীয় বীরত্বে ও ধৈর্য্যগুণে সন্তুষ্ট হইয়াছি; তোমার তুল্য ক্ষত্রিয় নাই ॥৬৮॥

সমং তেজশ্চ বীর্য্যঞ্চ মমাদ্য তব চানঘ !।
প্রীতস্তেঽহং মহাবাহো ! পশ্য মাং ভরতর্ষভ ! ॥৬৯॥
দদামি তে বিশালাক্ষ ! চক্ষুঃ পূর্ব্ব ঋষির্ভবান্।
বিজেষ্যসি রণে শত্রূনপি সর্ব্বান্ দিবৌকসঃ ॥৭০॥
প্রীত্যা চ তেঽহং দাস্যামি যদস্ত্রমনিবারিতম্।
ত্বং হি শক্তো মদীয়ং তদস্ত্রং ধারয়িতুং ক্ষণাৎ ॥৭১॥
বৈশম্পায়ন উবাচ।
ততো দেবং মহাদেবং গিরিশং শূলপাণিনম্।
দদর্শ ফাল্গুনস্তত্র সহ দেব্যা মহাদ্যুতিম্ ॥৭২॥
সজানুভ্যাং মহীং গত্বা শিরসা প্রণিপত্য চ।
প্রসাদয়ামাস হরং পার্থঃ পরপুরঞ্জয়ঃ ॥৭৩॥

ভারতকৌমুদী

সমমিতি। সমং সমানম্, তেজ উৎসাহঃ। মাং মৎপ্রকৃতরূপম্ ॥৬৯॥
দদামীতি। চক্ষুঃ মদ্দর্শনযোগ্যং নয়নম্। যেন হি ভবান্ পূর্ব ঋষিঃ ॥৭০॥
প্রীত্যেতি। অনিবারিতং বিপক্ষৈরিতি শেষঃ। ক্ষণাৎ অচিরকালাদেব ॥৭১॥
তত ইতি। শূলেন পণিতুং যুদ্ধে ব্যবহর্ত্তুং শীলমস্যেতি তং। পণতেণিন্ ॥৭২॥
স ইতি। মহীং গত্বা ভূতলং সংস্পৃশ্য। প্রসাদয়ামাস স্তবেনেতি শেষঃ ॥৭৩॥

হে নিষ্পাপ মহাবাহু ভরতশ্রেষ্ঠ ! আজ আমার ও তোমার উৎসাহ ও বল সমানই দেখিলাম; সুতরাং আমি তোমার উপরে সন্তুষ্ট হইয়াছি; তুমি আমার স্বরূপ দর্শন কর ॥৬৯॥

বিশালনয়ন ! তুমি পূর্ব্বজন্মে ঋষি ছিলে, সুতরাং তোমাকে আমি দিব্য চক্ষু দিতেছি; আর তুমি যুদ্ধে সমস্ত শত্রুকে এবং সমস্ত দেবতাকেও জয় করিতে পারিবে ॥৭০॥

আমার যে অস্ত্র অন্য কেহই নিবারণ করিতে পারে নাই, আমি প্রীতিবশতঃ সেই অস্ত্র তোমাকে দান করিব; তুমি অচিরকালমধ্যেই আমার সেই অস্ত্র ধারণ করিতে পারিবে ॥৭১॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর, অর্জ্জুন সেই স্থানে দেবী পার্ব্বতীর সহিত অত্যন্ত তেজস্বী, কৈলাসবাসী ও শূলপাণি মহাদেবকে দর্শন করিলেন ॥৭২॥

তখন শত্রুনগরবিজয়ী অর্জ্জুন জানুযুগল দ্বারা ভূতল স্পর্শ করিয়া এবং মস্তক দ্বারা প্রণাম করিয়া, স্তব দ্বারা মহাদেবকে প্রসন্ন করিতে লাগিলেন ॥৭৩॥

অর্জ্জুন উবাচ।

কপর্দ্দিন্! সর্ব্বভূতেশ! ভগনেত্রনিপাতন!।
দেবদেব! মহাদেব! নীলগ্রীব! জটাধর! ॥৭৪॥
কারণানামপি পরং জানে ত্বাং ত্র্যম্বকং বিভুম্।
দেবানাঞ্চ গতিং দেব! ত্বৎপ্রসূতমিদং জগৎ ॥৭৫॥
অজেয়স্ত্বং ত্রিভির্লোকৈঃ সদেবাসুরমানুষৈঃ।
শিবায় বিষ্ণুরূপায় বিষ্ণবে শিবরূপিণে।
দক্ষযজ্ঞবিনাশায় হরিভদ্রায় বৈ নমঃ ॥৭৬॥
ললাটাক্ষায় শর্ব্বায় মীঢ়ুষে শূলপাণয়ে।
পিনাকগোপ্ত্রে সূর্য্যায় মঙ্গল্যায় চ বেধসে ॥৭৭॥

ভারতকৌমুদী

কপর্দ্দিন্নিতি। কপর্দ্দো জটাজূটোঽস্যাস্তীতি কপর্দ্দী। "কপর্দ্দোঽস্য জটাজূটঃ" ইত্যমরঃ। ভগং কামদেবং নেত্রেণ অগ্নিময়ললাটনয়নেন নিপাতয়তীতি সঃ। "ভগং শ্রীকামমাহাত্ম্যবীর্য্যযত্নার্ককীর্ত্তিষু" ইত্যমরঃ। নীলগ্রীবঃ কালকূটবিষপানান্নীলকণ্ঠঃ ॥৭৪॥

কারণানামিতি। কারণানাং ব্রহ্মাদীনামপি মধ্যে পরং শ্রেষ্ঠম্। ত্র্যম্বকং ত্রিলোচনম্, বিভুং ব্রহ্মরূপত্বাদ্ব্যাপকম্। ত্বয়া প্রসূতমুৎপাদিতম্। নম ইত্যনুবৃত্তিঃ ॥৭৫॥

অজেয় ইতি। হরিভদ্রায় যজ্ঞহারকবীরভদ্ররূপায়। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৭৬॥

ভারতভাবদীপঃ

চক্ষুর্দিব্যজ্ঞানম্ ॥৭০—৭৩॥ কপর্দ্দিন্নিত্যাদি নামানি শিবসহস্রনামব্যাখ্যায়াং ব্যাখ্যাস্যন্তে ॥৭৪—৭৬॥ মীঢ়ুষে বর্ষকায়, মার্জ্জালীয়ায় কিরাতায় শুদ্ধদেহায় বা। 'মার্জ্জালীয়ঃ

অর্জ্জুন বলিলেন—'মহাদেব! আপনি জটাজূটধারী, সমস্ত প্রাণীর অধীশ্বর, তৃতীয় নয়ন দ্বারা কামদেবকে নিপাত করিয়াছেন, দেবতারও দেবতা এবং নীলকণ্ঠ ॥৭৪॥

দেব! আমি জানি যে, আপনি ব্রহ্মাদি সৃষ্টিকর্ত্তাদের মধ্যে প্রধান, ত্রিলোচন, সর্ব্বব্যাপক, দেবগণেরও গতি এবং এই জগৎটা আপনারই উৎপাদিত ॥৭৫॥

আপনি—দেব, দানব ও মনুষ্যসমন্বিত ত্রিভুবনেরই অজেয়, আপনি বিষ্ণুরূপী শিব, আবার শিবরূপী বিষ্ণু এবং আপনি দক্ষযজ্ঞবিনাশকারী বীরভদ্র; সুতরাং আপনাকে নমস্কার করি ॥৭৬॥

(৭৪) কপর্দ্দিন্! সর্ব্বদেবেশ!···বা ব কা। (৭৫) কারণানাঞ্চ পরমম্···বা ব কা। (৭৬)···হরিরুদ্রায়···বা ব কা, হরিরূপায়—নি। (৭৭)···মার্জালীয়ায় বেধসে···বা ব কা, মার্জ্জবীয়ায় বেধসে—পি।

প্রসাদয়ে ত্বাং ভগবন্ ! সর্ব্বভূতমহেশ্বর ! ।
গণেশং জগতঃ শম্ভুং লোককারণকারণম্ ॥৭৮॥
প্রধানপুরুষাতীতং পরং সূক্ষ্মতরং হরম্ ।
ব্যতিক্রমং মে ভগবন্ ! ক্ষন্তুমর্হসি শঙ্কর ! ॥৭৯॥ (যুগ্মকম্)
ভগবদ্দর্শনাকাঙ্ক্ষী প্রাপ্তোঽস্মীমং মহাগিরিম্ ।
দয়িতং তব দেবেশ ! তাপসালয়মুত্তমম্ ॥৮০॥
প্রসাদয়ে ত্বাং ভগবন্ ! সর্ব্বলোকনমস্কৃতম্ ।
ন মে স্যাদপরাধোঽয়ং মহাদেবাতিসাহসাৎ ॥৮১॥

ভারতকৌমুদী

ললাটেতি। শৃণাতি জগৎ হিনস্তীতি শর্ব্বস্তস্মৈ। "শৄ হিংসায়াম্" ইতি শৄধাতোরৌণাদিকো বপ্রত্যয়ঃ। মীঢ়ুষে জগদুৎপাদনায় বীর্য্যং সিক্তবতে। "মিহসেচনে" ইতি মিহধাতোঃ "দাশ্বান্ সাহ্বান্ মীঢ়াংশ্চ" ইতি ক্বসুপ্রত্যয়ান্তো নিপাতঃ। পিনাকগোপ্ত্রে পিনাকাখ্যধনুর্দ্ধরায়, সূর্য্যায় জগৎসবিতৃরূপায় ॥৭৭॥

প্রসাদয় ইতি। গণেশং প্রমথগণাধীশ্বরম্। লোকানাং কারণানি ব্রহ্মাদয়ঃ প্রজাপতয়স্তেষামপি কারণং স্রষ্টারম্। প্রধানং প্রকৃতিঃ পুরুষশ্চ তানপ্যতীতং সূক্ষ্মত্বে অতিক্রান্তম্, অতএব সূক্ষ্মতরম্, পরং সর্ব্বোৎকৃষ্টং তুরীয়ব্রহ্মরূপম্, হরং শিবং ত্বাং প্রসাদয়ে, "শান্তং শিবমদ্বৈতং তুরীয়ং মন্যন্তে" ইতি শ্রুতেঃ ॥৭৮—৭৯॥

ভগেতি। ভগবতো ভবতো দর্শনাকাঙ্ক্ষী। তব দয়িতং প্রিয়ম্ ॥৮০॥

প্রসাদয় ইতি। হে মহাদেব ! অতিসাহসাৎ এতদ্‌যুদ্ধকরণরূপাৎ ॥৮১॥

আপনি ললাটনেত্র, জগতের সংহারক ও উৎপাদক, শূলপাণি, পিনাকধনুর্দ্ধারী, সূর্য্যস্বরূপ, মঙ্গলকারক এবং বিধাতা। অতএব আপনাকে নমস্কার করি ॥৭৭॥

ভগবন্ ! মহেশ্বর ! আপনি—প্রমথগণের অধিপতি, জগতের মঙ্গলকারক, সৃষ্টিকর্ত্তাদেরও সৃষ্টিকর্ত্তা, প্রকৃতি-পুরুষেরও অতীত, সর্ব্বোৎকৃষ্ট এবং পরমসূক্ষ্ম তুরীয় ব্রহ্ম শিবস্বরূপ ; আমি আপনাকে প্রসন্ন করিতেছি। ভগবন্ ! শঙ্কর ! আমি যে অপরাধ করিয়াছি, তাহা আপনি ক্ষমা করুন ॥৭৮—৭৯॥

দেবদেব ! আমি আপনারই সাক্ষাৎকারের আকাঙ্ক্ষী হইয়া, তপস্বীদিগের উত্তম আশ্রয় এবং আপনার প্রীতিকর এই মহাপর্ব্বতে আসিয়াছি ॥৮০॥

ভগবন্ ! আপনি সমগ্র জগতের নমস্কৃত ; সুতরাং আমি আপনাকে প্রসন্ন করিতেছি। মহাদেব ! গুরুতর সাহস করায় আমার এটা যেন অপরাধ না হয় ॥৮১॥

কৃতো ময়া যদজ্ঞানাদ্বিমর্দ্দোঽয়ং ত্বয়া সহ।
শরণং সম্প্রপন্নায় তৎ ক্ষমস্বাদ্য শঙ্কর! ॥৮২॥
বৈশম্পায়ন উবাচ।
তমুবাচ মহাতেজা প্রহস্য বৃষভধ্বজঃ।
প্রগৃহ্য রুচিরং বাহুং ক্ষান্তমিত্যেব ফাল্গুনম্ ॥৮৩॥
পরিষ্বজ্য চ বাহুভ্যাং প্রীতাত্মা ভগবান্ হরঃ।
পুনঃ পার্থং সান্ত্বপূর্ব্বমুবাচ বৃষভধ্বজঃ ॥৮৪॥
দেবদেব উবাচ। *
নরস্ত্বং পূর্ব্বদেহে বৈ নারায়ণসহায়বান্।
বদর্য্যাং তপ্তবানুগ্রং তপো বর্ষাযুতান্ বহূন্ ॥৮৫॥
ত্বয়ি যৎ পরমং তেজো বিষ্ণৌ বা পুরুষোত্তমে।
যুবাভ্যাং পুরুষাগ্র্যাভ্যাং ধার্য্যতে তেজসা জগৎ ॥৮৬॥

ভারতকৌমুদী

কৃত ইতি। বিমর্দ্দো যুদ্ধসংঘর্ষঃ। সম্প্রপন্নায় সম্যক্ প্রাপ্তায় ॥৮২॥

তমিতি। বৃষভধ্বজঃ শিবঃ। বাহুমর্জ্জুনস্য। ফাল্গুনমর্জ্জুনম্ ॥৮৩॥

পরীতি। পরিষ্বজ্য আলিঙ্গ্য। সান্ত্বপূর্ব্বম্ আশ্বাসনপূর্ব্বকম্ ॥৮৪॥

"পূর্ব্ব ঋষির্ভবান্" ইতি প্রাগুক্তং বিবৃণোতি নর ইতি। বদর্য্যাং তদাশ্রমে ॥৮৫॥

ত্বয়ীতি। তেজঃ পরাক্রমঃ। ধার্য্যতে রক্ষ্যতে, তেজসা তেন পরাক্রমেণ ॥৮৬॥

ভারতভাবদীপঃ

স্বতঃ শূদ্রে বিড়ালে কায়শোধনে' ইতি বিশ্বঃ ॥৭৭—৮৪॥ নরস্ত্বমিতি ॥৮৫—৮৬॥

শঙ্কর! আমি আপনার শরণাগত; সুতরাং আমি আজ না বুঝিয়া আপনার সহিত যে সংঘর্ষ করিয়াছি, তাহা আপনি ক্ষমা করুন' ॥৮২॥

বৈশম্পায়ন বলিলেন—তখন মহাতেজা মহাদেব হাস্য করিয়া, অর্জ্জুনের সুন্দর হাতখানি ধরিয়া তাঁহাকে বলিলেন—'আমি ক্ষমা করিয়াছিই' ॥৮৩॥

ভগবান্ মহাদেব সন্তুষ্ট হইয়া বাহুযুগল দ্বারা অর্জ্জুনকে আলিঙ্গন করিয়া, আশ্বাসদানপূর্ব্বক পুনরায় অর্জ্জুনকে বলিলেন ॥৮৪॥

মহাদেব বলিলেন—'অর্জ্জুন! তুমি পূর্ব্বজন্মে বদরিকাশ্রমে নারায়ণের সহচর হইয়া বহু অযুতবৎসর যাবৎ ভয়ঙ্কর তপস্যা করিয়াছিলে ॥৮৫॥

অর্জ্জুন! তোমাতে বা পুরুষশ্রেষ্ঠ নারায়ণে যে পরম তেজ রহিয়াছে, সেই তেজ দ্বারাই তোমরা দুই জনে জগৎ রক্ষা করিতেছ ॥৮৬॥

---

[৮২] কৃতো ময়াঽয়মজ্ঞানাদ্বিমর্দ্দো যত্ত্বয়া সহ। শরণং প্রতিপন্নায়…। [৮৪] শ্লোকাৎ পরম্ 'একোনচত্বারিংশোঽধ্যায়ঃ' বা ব কা নি। * বামদেব উবাচ, কা। [৮৬] ত্বয়ি বা পরমং তেজঃ…বা ব কা নি।

শক্রাভিষেকে সুমহদ্ধনুর্জ্জলদনিস্বনম্।
প্রগৃহ্য দানবাঃ শাস্তাস্ত্বয়া কৃষ্ণেন চ প্রভো! ॥৮৭॥
তদেতদেব গাণ্ডীবং তব পার্থ! করোচিতম্।
মায়ামাস্থায় যদ্‌গ্রস্তং ময়া পুরুষসত্তম! ॥৮৮॥
তূণৌ চাপ্যক্ষয়ৌ ভূয়স্তব পার্থ! যথোচিতৌ।
ভবিষ্যতি শরীরঞ্চ নীরুজং কুরুনন্দন! ॥৮৯॥
প্রীতিমানস্মি তে পার্থ! ভবান্ সত্যপরাক্রমঃ।
গৃহাণ বরমস্মত্তঃ কাঙ্ক্ষিতং পুরুষোত্তম! ॥৯০॥
ন ত্বয়া সদৃশঃ কশ্চিৎ পুমান্ মর্ত্ত্যেষু মানদ!।
দিবি বা বর্ত্ততে ক্ষত্রং ত্বৎ প্রধানমরিন্দম! ॥৯১॥

অর্জ্জুন উবাচ।

বরং দদাসি চেন্মহ্যং কামং প্রীত্যা বৃষধ্বজ!।
কাময়ে দিব্যমস্ত্রং তদ্‌ঘোরং পাশুপতং প্রভো! ॥৯২॥

ভারতকৌমুদী

উক্তার্থে নিদর্শনমাহ শক্রেতি। শক্রাভিষেকে ইন্দ্রস্য রাজ্যাভিষেককালে ॥৮৭॥
তদিতি। করোচিতং হস্তযোগ্যম্। আস্থায় আশ্রিত্য, গ্রস্তং কবলীকৃতম্ ॥৮৮॥
তূণাবিতি। যথোচিতৌ ভবতাম্। নীরুজং মৎপ্রহারকৃতবেদনারহিতম্ ॥৮৯॥
প্রীতিমানিতি। অস্মত্তো মম সকাশাৎ, কাঙ্ক্ষিতং বরং গৃহাণ ॥৯০॥
নেতি। ত্বৎ ত্বত্তঃ, প্রধানং ক্ষত্রং ক্ষত্রোচিতবলশালী পুমান্ দিবি বা ন বর্ত্ততে ॥৯১॥

হে প্রভাবসম্পন্ন অর্জ্জুন! ইন্দ্রের রাজ্যাভিষেকের সময়ে তুমি এবং বিষ্ণু মেঘের ন্যায় গম্ভীরধ্বনিযুক্ত বিশাল একখানা ধনু ধারণ করিয়া দানবগণকে নিবারণ করিয়াছিলে ॥৮৭॥

পুরুষশ্রেষ্ঠ অর্জ্জুন! এই সেই গাণ্ডীব ধনু; ইহা তোমারই হস্তের যোগ্য। আমি মায়া করিয়া যে ধনুখানা গ্রাস করিয়াছিলাম ॥৮৮॥

আর, এই সেই অক্ষয় তূণ দুইটী পুনরায় তোমারই হউক; ইহাও তোমারই যোগ্য। এবং তোমার শরীরটীও বেদনাশূন্য হইবে ॥৮৯॥

পুরুষশ্রেষ্ঠ অর্জ্জুন! তুমি যথার্থই পরাক্রমশালী; সুতরাং তোমার উপরে আমি সন্তুষ্ট হইয়াছি। অতএব তুমি আমার নিকট হইতে অভীষ্ট বর গ্রহণ কর ॥৯০॥

হে সম্মানকারী অরিন্দম! মর্ত্ত্যলোকে তোমার তুল্য কোন পুরুষ নাই এবং স্বর্গেও তোমা অপেক্ষা প্রধান ক্ষাত্রশক্তিশালী লোক নাই' ॥৯১॥

---

[৯২] ভবন্! দদাসি চেন্মহ্যম্...পি, ভগবন্! দদাসি চেন্মহ্যম্...বা ব কা।

যত্তু ব্রহ্মশিরো নাম রৌদ্রং ভীমপরাক্রমম্।
যুগান্তে দারুণে প্রাপ্তে কৃৎস্নং সংহরতে জগৎ ॥৯৩॥
কর্ণভীষ্মকৃপদ্রোণৈর্ভবিতা মে মহাহবঃ।
ত্বৎপ্রসাদান্মহাদেব ! জয়েয়ং তান্ যথা যুধি ॥৯৪॥
দহেয়ং যেন সংগ্রামে দানবান্ রাক্ষসাংস্তথা।
ভূতানি চ পিশাচাংশ্চ গন্ধর্ব্বানথ পন্নগান্ ॥৯৫॥
যস্মিন্ শূলসহস্রাণি গদাশ্চোগ্রপ্রদর্শনাঃ।
শরাশ্চাশীবিষাকারাঃ সম্ভবন্ত্যনুমন্ত্রিতে ॥৯৬॥

ভারতকৌমুদী

বরমিতি। কাম্যত ইতি কামোঽভীষ্টস্তম্। দিব্যমলৌকিকম্ ॥৯২॥

যদিতি। রৌদ্রং রুদ্রস্য ভবতঃ সম্বন্ধি। তদপি কাময় ইত্যনুবৃত্তিঃ। ইদং দ্রোণদত্তা-দন্যদ্‌ব্রহ্মশির ইতি বোধ্যম্। অতএব রৌদ্রমিতি বিশেষণম্, অনেন দ্রোণস্যাপি পরশ্লোকে জয়েচ্ছা চ সঙ্গচ্ছতে। অথবা ব্রহ্মশির ইতি পাশুপতস্যাপি নাম ॥৯৩॥

কর্ণেতি। মহাহবো মহাযুদ্ধম্, স্বেচ্ছয়া দুর্য্যোধনেনাস্মদ্রাজ্যদানাসম্ভবাৎ ॥৯৪॥

দহেয়মিতি। যেন পাশুপতাস্ত্রেণ। ভূতানি দেবযোনিবিশেষান্ ॥৯৫॥

যস্মিন্নিতি যস্মিন্ পাশুপতে, অনুমন্ত্রিতে প্রয়োগায়াভিমন্ত্রিতে ॥৯৬॥

ভারতভাবদীপঃ

শস্তা মারিতাঃ ॥৮৭॥ ত্বয়া পুরুষ ইতি পাঠে সমমিত্যধ্যাহারঃ ॥৮৮—৯০॥ ত্বৎপ্রধানং ত্বমেব

অর্জ্জুন বলিলেন—'প্রভু বৃষধ্বজ ! আপনি প্রীতিবশতঃ যদি আমাকে অভীষ্ট বর দান করেন, তবে আমি সেই ভয়ঙ্কর দিব্য পাশুপত অস্ত্র লইতে ইচ্ছা করি ॥৯২॥

যে অস্ত্রের নাম—'ব্রহ্মশির', যাহা কেবল আপনারই আছে, যাহার পরাক্রম ভয়ঙ্কর এবং যাহা দারুণ প্রলয়কাল উপস্থিত হইলে সমগ্র জগৎটাকেই সংহার করিয়া থাকে ॥৯৩॥

মহাদেব ! ভীষ্ম, দ্রোণ, কৃপ ও কর্ণের সহিত আমার মহাযুদ্ধ হইবে ; সেই যুদ্ধে যাহাতে আমি আপনার অনুগ্রহে তাঁহাদিগকে জয় করিতে পারি ॥৯৪॥

যে অস্ত্রদ্বারা আমি যুদ্ধে দানব, রাক্ষস, ভূত, পিশাচ, গন্ধর্ব্ব ও নাগদিগকে দগ্ধ করিতে সমর্থ হইব ॥৯৫॥

যে অস্ত্র অভিমন্ত্রিত করিলে, তাহা হইতে সহস্র সহস্র শূল, ভয়ঙ্কর গদা এবং সর্পাকৃতি বাণ সকল আবির্ভূত হইয়া থাকে ॥৯৬॥

(৯৩) যত্তদ্‌ব্রহ্মশিরো নাম···নি।

যুধ্যেয়ং যেন ভীষ্মেণ দ্রোণেন চ কৃপেণ চ।
সূতপুত্রেণ চ রণে নিত্যং কটুকভাষিণা ॥৯৭॥
এষ মে প্রথমঃ কামো ভগবন্! ভগনেত্রহন্!।
ত্বৎপ্রসাদাদরীন্ হন্তুং সমর্থঃ স্যামহং যথা ॥৯৮॥

ভব উবাচ। *

দদামি তেঽস্ত্রং দয়িতমহং পাশুপতং বিভো!।
সমর্থো ধারণে মোক্ষে সংহারে চাসি পাণ্ডব! ॥৯৯॥
নৈতদ্বেদ মহেন্দ্রোঽপি ন যমো ন চ যক্ষরাট্।
বরুণো বাঽথবা বায়ুঃ কুতো বেৎস্যন্তি মানবাঃ ॥১০০॥
ন ত্বেতৎ সহসা পার্থ! মোক্তব্যং পুরুষে ক্বচিৎ।
জগদ্বিনির্দহেদেতদল্পতেজসি পাতিতম্ ॥১০১॥

ভারতকৌমুদী

যুধ্যেয়মিতি। যেন পাশুপতাস্ত্রেণ। কটুকভাষিণেতি সূতপুত্রমাত্রেঽন্বিতম্ ॥৯৭॥
এষ ইতি। ভগং কামদেবং নেত্রেণ তৃতীয়নয়নানলেন হন্তীতি তৎসম্বোধনম্ ॥৯৮॥
দদামীতি। দয়িতং মৎপ্রিয়ম্। দানে হেতুমাহ সমর্থ ইতি ॥৯৯॥
নেতি। বেদ জানাতি। যক্ষরাট্ কুবেরঃ। বেৎস্যন্তি জ্ঞাস্যন্তি ॥১০০॥

ভারতভাবদীপঃ

শ্রেষ্ঠো যস্মিন্ ক্ষত্রে ॥৯১॥ কামং বরম্ ॥৯২—৯৭॥ বিনির্বৃত্তো বিশেষণ কৃতকৃত্যঃ ॥৯৮॥

এবং যে অস্ত্র দ্বারা আমি—ভীষ্ম, দ্রোণ, কৃপ ও সর্ব্বদা কটুভাষী কর্ণের সহিত যুদ্ধ করিতে পারিব ॥৯৭॥

ভগবন্ কামনাশক! ইহাই আমার প্রথম কামনা যে, যাহাতে আমি আপনার অনুগ্রহে শত্রুসংহারে সমর্থ হই' ॥৯৮॥

মহাদেব বলিলেন—'প্রভাবশালী পাণ্ডব! আমার প্রিয় পাশুপত অস্ত্র আমি তোমাকে দান করিব। কেন না, তুমি তাহা ধারণ, প্রয়োগ ও উপসংহার করিতে সমর্থ ॥৯৯॥

ইন্দ্র, যম, কুবের, বরুণ, কিংবা বায়ুও এ অস্ত্র জানেন না। সুতরাং মানুষেরা জানিবে কি করিয়া? ॥১০০॥

অর্জ্জুন! তুমি সহসা কোন লোকের উপরে এ অস্ত্র নিক্ষেপ করিও না। কারণ, দুর্ব্বলের উপরে নিক্ষেপ করিলে, এ অস্ত্র জগৎটাকেই দগ্ধ করিবে ॥১০১॥

---

(৯৮)…ত্বৎপ্রসাদাদ্বিনির্বৃত্তঃ…বা ব কা নি। * ভগবানুবাচ, পি।
(১০০)…বরুণোঽপ্যবা বায়ুঃ…বা ব কা। (১০১)…জগদ্বিনাশয়েৎ সর্ব্বম্…বা ব কা নি।

অবধ্যো নাম নাস্ত্যস্য ত্রৈলোক্যে সচরাচরে।
মনসা চক্ষুষা বাচা ধনুষা চ নিপাত্যতে ॥১০২॥

বৈশম্পায়ন উবাচ।

তচ্ছ্রুত্বা ত্বরিতঃ পার্থঃ শুচির্ভূত্বা সমাহিতঃ।
উপসঙ্গম্য বিশ্বেশমধীষ্বেত্যথ সোঽব্রবীৎ ॥১০৩॥
ততস্ত্বধ্যাপয়ামাস সরহস্যনিবর্ত্তনম্।
তদস্ত্রং পাণ্ডবশ্রেষ্ঠং মূর্ত্তিমন্তমিবান্তকম্ ॥১০৪॥
উপতস্থে চ তৎ পার্থং যথা ত্র্যক্ষমুমাপতিম্।
প্রতিজগ্রাহ তচ্চাপি প্রীতিমানর্জ্জুনস্তদা ॥১০৫॥
ততশ্চচাল পৃথিবী সপর্ব্বতবনদ্রুমা।
সসাগরবনোদ্দেশা সগ্রামনগরাকরা ॥১০৬॥

ভারতকৌমুদী

নেতি। সহসেত্যনেন বিপৎসময়ে তু মোক্তব্যমেবেতি সূচিতম্ ॥১০১॥
অবধ্য ইতি। নিপাত্যতে শত্রুপরি নিপাতয়িতুং শক্যতে ॥১০২॥
তদিতি। সমাহিত একাগ্রচিত্তঃ। বিশ্বেশং শিবম্, অধীষ্ব পঠ ॥১০৩॥
তত ইতি। রহস্যং মন্ত্রঃ সঙ্কেতশ্চ নিবর্ত্তনমুপসংহারশ্চ তাভ্যাং সহেতি তৎ ॥১০৪॥
উপেতি। উপতস্থে উপাসাঞ্চক্রে। "উপান্মন্ত্রেণ" ইত্যাত্মনেপদম্ ॥১০৫॥
তত ইতি। চচাল তদস্ত্রভয়াচ্চকম্পে। আকরাঃ স্বর্ণাদীনাং খনয়ঃ ॥১০৬॥

ভারতভাবদীপঃ

সংহারে নিবর্ত্তনে ॥৯৯—১০১॥ "মনসা সঙ্কল্পমাত্রেণ নিপাতয়েৎ শত্রুং ধনুষে"তি বাণপ্রয়োগেণ ॥১০২॥ অধীষ্বাধ্যাপয় ॥১০৩—১০৪॥ উপতস্থে কর্ম্মব্যতিহারে তঙ্, পার্থোঽস্ত্রং প্রত্যুপনত

স্থাবর-জঙ্গমাত্মক ত্রিভুবনের মধ্যে কোন প্রাণীই এই অস্ত্রের অবধ্য নাই। বিশেষতঃ এই অস্ত্র—মন, নয়ন, বাক্য ও ধনুদ্বারা নিক্ষেপ করা যায়' ॥১০২॥

বৈশম্পায়ন বলিলেন—সেই কথা শুনিয়া অর্জ্জুন পবিত্র ও একাগ্রচিত্ত হইয়া সত্বর মহাদেবের নিকট যাইয়া বলিলেন—'শিক্ষা দিন' ॥১০৩॥

তাহার পর, মহাদেব মন্ত্র, সঙ্কেত ও উপসংহারের সহিত মূর্ত্তিমান্ যমের ন্যায় সেই পাশুপত অস্ত্র অর্জ্জুনকে শিক্ষা দিলেন ॥১০৪॥

তখন সেই পাশুপত অস্ত্র শিবের যেমন অনুগত ছিল, অর্জ্জুনেরও তেমনই অনুগত হইল; অর্জ্জুনও সন্তুষ্ট হইয়া তাহাকে গ্রহণ করিলেন ॥১০৫॥

তাহার পর, পর্ব্বত, বন, বৃক্ষ, সমুদ্র, বনসন্নিহিত স্থান, গ্রাম, নগর ও খনির সহিত সমগ্র পৃথিবী কাঁপিতে লাগিল ॥১০৬॥

শঙ্খদুন্দুভিঘোষাশ্চ ভেরীণাঞ্চ সহস্রশঃ।
তস্মিন্ মুহূর্ত্তে সম্প্রাপ্তে নির্ঘাতশ্চ মহানভূৎ ॥১০৭॥
অথাস্ত্রং জাজ্বলদ্‌ঘোরং পাণ্ডবস্যামিতৌজসঃ।
মূর্ত্তিমদ্বৈ স্থিতং পার্শ্বে দদৃশুর্দেবদানবাঃ ॥১০৮॥
স্পৃষ্টস্য ত্র্যম্বকেনাথ ফাল্গুনস্যামিতৌজসঃ।
যৎকিঞ্চিদশুভং দেহে তৎ সর্ব্বং নাশমীয়িবৎ ॥১০৯॥
স্বর্গং গচ্ছেত্যনুজ্ঞাতস্ত্র্যম্বকেন তদাঽর্জ্জুনঃ।
প্রণম্য শিরসা রাজন্! প্রাঞ্জলির্দেবমৈক্ষত ॥১১০॥
ততঃ প্রভুস্ত্রিদিবনিবাসিনাং বশী মহাদ্যুতির্গিরিশ উমাপতিঃ শিবঃ।
ধনুর্মহদ্দিতিজপিশাচসূদনং দদৌ ভবঃ পুরুষবরায় গাণ্ডিবম্ ॥১১১॥

ভারতকৌমুদী

শঙ্খেতি। পাশুপতাস্ত্রলাভে শঙ্খাদিঘোষেণ অর্জ্জুনানুকূলানাং শুভসূচনম্, নির্ঘাতেন চ তৎপ্রতিকূলানামশুভজ্ঞাপনমিত্যাশয়ঃ। নির্ঘাতমাহ তিথিতত্ত্বে—"যদান্তরীক্ষে বলবান্ মারুতো মরুতা হতঃ। পতত্যধঃ স নির্ঘাতো জায়তে বায়ুসম্ভবঃ" ॥১০৭॥

অথেতি। জাজ্বলৎ অতিশয়েনাজ্বলৎ। চেক্রীযিতলোপে হ্রস্বত্বামড়াগমাভাব আর্ষঃ॥১০৮॥

স্পৃষ্টস্যেতি। অশুভম্ অস্ত্রক্ষতবেদনাদিকম্। ঈয়িবৎ প্রাপ্তবৎ ॥১০৯॥

স্বর্গমিতি। স্বর্গং গচ্ছ, ইন্দ্রাদীনামস্ত্রলাভায়েতি ভাবঃ। দেবং শিবম্ ॥১১০॥

তত ইতি। ততঃ, ত্রিদিবনিবাসিনাং দেবানাং প্রভুরধীশ্বরঃ, বশী স্বাধীনঃ, মহাদ্যুতিঃ, গিরৌ কৈলাসে শেত ইতি গিরিশঃ, উমাপতিঃ, শিবো জগন্মঙ্গলকরঃ, ভবো মহাদেবঃ, পুরুষ-

---

আর, সেই সময়ে সহস্র সহস্র শঙ্খ, দুন্দুভি ও ভেরীর শব্দ এবং বিশাল নির্ঘাতের শব্দ হইল ॥১০৭॥

তদনন্তর সেই ভয়ঙ্কর পাশুপত অস্ত্র মূর্ত্তিধারণপূর্ব্বক অমিততেজা অর্জ্জুনের পার্শ্বে থাকিয়া অত্যন্ত জ্বলিতে লাগিল; তাহা দেবগণ ও দানবগণ দর্শন করিলেন ॥১০৮॥

তাহার পর, মহাদেব অমিততেজা অর্জ্জুনের অঙ্গ স্পর্শ করিলে, অর্জ্জুনের শরীরে পূর্ব্বে যে কিছু ক্ষত বা বেদনা হইয়াছিল, সে সমস্তই তিরোহিত হইল ॥১০৯॥

তৎপরে মহাদেব অনুমতি করিলেন যে—'অর্জ্জুন! তুমি স্বর্গে গমন কর'। তখন অর্জ্জুন মস্তকদ্বারা মহাদেবকে প্রণাম করিয়া কৃতাঞ্জলি হইয়া তাঁহার দিকে চাহিয়া রহিলেন ॥১১০॥

---

(১০৭)···নির্ঘাতাশ্চাপতন্ মুহুঃ, বা ব কা।

ততঃ শুভং গিরিবরমীশ্বরস্তদা সহোময়া সিততটসানুকন্দরম্।
বিহায় তং পতগমহর্ষিসেবিতং জগাম খং পুরুষবরস্য পশ্যতঃ ॥১১২॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
কৈরাতে শিবপ্রস্থানে পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

ভারতকৌমুদী

বরায় অর্জ্জুনায়, দিতিজপিশাচসূদনং মহদ্‌গাণ্ডিবং ধনুঃ, দদৌ প্রত্যর্পিতবান্। "কপিধ্বজস্য গাণ্ডীবং গাণ্ডিবং পুংনপুংসকম্" ইত্যমরঃ ॥১১১॥

তত ইতি। ততস্তদৈব, ঈশ্বরো মহাদেবঃ, উময়া সহ সিতানি তুষারময়ত্বাৎ শুভ্রাণি তটসানুকন্দরাণি যস্য তম্, পতগৈঃ পক্ষিভির্মহর্ষিভিশ্চ সেবিতম্, শুভং তং গিরিবরং হিমালয়ং বিহায়, পশ্যতঃ পুরুষবরস্যার্জ্জুনস্য সমীপাৎ, খমাকাশং জগাম ॥১১২॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি কৈরাতে পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

———:*:———

ভারতভাবদীপঃ

রক্ষন্তু ত্বাং মহাভাগে ! ধর্ম্মেণাসি সমাবৃতা ॥৬০॥
এবমুক্ত্বা প্রিয়াং ভার্য্যাং রূপেণাপ্রতিমাং ভুবি ।
কলিনাপহৃতজ্ঞানো নলঃ প্রাতিষ্ঠতান্যতঃ ॥৬১॥

ভারতকৌমুদী

তত ইতি। নিবৃত্তহৃদয়ো দময়ন্তীং প্রত্যাগতচিত্তঃ। সভাং পান্থশালাম্ ॥৫৬॥
যামিতি। পুরা ন পশ্যতি স্ম, অনবরতমেবান্তঃপুরে স্থিতেরিতি ভাবঃ ॥৫৭॥
ইয়মিতি। বস্ত্রস্য অবকর্ত্তেন চ্ছেদনেন, সংবীতা বস্ত্রার্দ্ধেনাবৃতা। কথমিতি খেদে ॥৫৮॥
কথমিতি। মৃগৈর্ব্যাঘ্রাদিভিঃ পশুভিঃ ব্যালৈঃ সর্পৈশ্চ নিষেবিতে ॥৫৯॥
আদিত্যা ইতি। মরুদ্‌গণৈরপরৈর্দেবগণৈঃ সহেতি সমরুদ্‌গণৌ ॥৬০॥

তাহার পর তখনই নলের হৃদয় ফিরিল বলিয়া তিনি আবার সেই ঘরে আসিয়া দময়ন্তীকে দেখিয়া রোদন করিতে লাগিলেন ॥৫৬॥

'পূর্ব্বে বায়ু বা সূর্য্যও আমার যে প্রিয়তমাকে দেখিতে পান নাই, সেই প্রিয়তমা আজ এই পান্থশালায় ভূতলে অনাথার ন্যায় শয়ন করিয়া রহিয়াছেন ॥৫৭॥

বস্ত্রচ্ছেদন করায় অর্দ্ধবস্ত্রাবৃতা এই মধুরহাসিনী চৈতন্য লাভ করিয়া আমা ব্যতীত হায় উন্মত্তার ন্যায়ই হইবেন ॥৫৮॥

কল্যাণী দময়ন্তী আমা ব্যতীত একাকিনী হইয়া হিংস্র পশু ও সর্পগণে পরিপূর্ণ এই ভয়ঙ্কর বনে কি প্রকারে বিচরণ করিবেন ॥৫৯॥

মহাভাগে ! তুমি ত ধর্ম্মদ্বারাই আবৃত রহিয়াছ; তথাপি আদিত্যগণ, বসুগণ, রুদ্রগণ, অশ্বিনীকুমারদ্বয় এবং অন্যান্য দেবগণ তোমাকে রক্ষা করুন' ॥৬০॥

কলি নলের বুদ্ধি হরণ করিয়াছিলেন; তাই নল জগতে অতুলনীয় সুন্দরী প্রিয়তমা ভার্য্যাকে এইরূপ বলিয়া অন্যত্র প্রস্থান করিলেন ॥৬১॥

[৫৮]...উন্মত্তেব বরারোহা...বা ব কা নি। [৬১]...নলঃ প্রাতিষ্ঠদুত্তমঃ—বা ব কা নি।

গত্বা গত্বা নলো রাজা পুনরেতি সভাং মুহুঃ।
আকৃষ্যমাণঃ কলিনা সৌহৃদেনাবকৃষ্যতে ॥৬২॥
দ্বিধেব হৃদয়ং তস্য দুঃখিতস্যাভবত্তদা।
দোলেব মুহুরায়াতি যাতি চৈব সভাং প্রতি ॥৬৩॥
সোঽবকৃষ্টস্তু কলিনা মোহিতঃ প্রাদ্রবন্নলঃ।
সুপ্তামুৎসৃজ্য তাং ভার্য্যাং বিলপ্য করুণং বহু ॥৬৪॥
নষ্টাত্মা কলিনা স্পৃষ্টস্তত্তদ্বিগণয়ন্ নৃপঃ।
জগামৈকাং বনে শূন্যে ভার্য্যামুৎসৃজ্য দুঃখিতঃ ॥৬৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি নলোপাখ্যানে নলস্য দময়ন্তীত্যাগে একপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:০:——

ভারতকৌমুদী

এবমিতি। অন্ততঃ অন্যত্র প্রাতিষ্ঠত, কলিনাপহৃতজ্ঞানত্বাদেবেত্যাশয়ঃ ॥৬১॥

গত্বেতি। যদা কলেরাকর্ষণং তদা গমনম্, যদা প্রণয়াকর্ষণং তদা চাগমনম্ ॥৬২॥

দ্বিধেতি। কলেরাকর্ষণাদ্‌যিযাসু, প্রণয়াকর্ষণাচ্চ তিষ্ঠাসু ইতি দ্বিবিধম্ ॥৬৩॥

স ইতি। অবকৃষ্টো দময়ন্তীং বিহায় গমনায়াকৃষ্টঃ। সুপ্তাং নিদ্রিতাম্ ॥৬৪॥

উক্তমেবার্থং কিঞ্চিদ্বিশেষং বক্তুং পুনরাহ নষ্টেতি। নষ্টাত্মা লুপ্তপূর্ব্বস্বভাবঃ, স্পৃষ্টঃ অধিষ্ঠিতঃ, তত্তৎ দময়ন্ত্যাঃ স্বজনালয়গমনাদিকম্, বিগণয়ন্ পর্য্যালোচয়ন্ ॥৬৫॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি নলোপাখ্যানে একপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

——•:※:•——

নলরাজা যাইয়া যাইয়া আবার সেই পান্থনিবাসে বার বার আসিতে লাগিলেন। কারণ, কলি তাঁহাকে বাহিরের দিকে আকর্ষণ করিতেছিলেন এবং দময়ন্তীর প্রণয় ভিতরের দিকে আকর্ষণ করিতেছিল ॥৬২॥

তখন দুঃখিত নলরাজার হৃদয় দুই প্রকার হইয়াছিল; তাই সে হৃদয় দোলার ন্যায় বার বার সেই সভাগৃহে আসিতে লাগিল ও যাইতে লাগিল ॥৬৩॥

তৎপরে নলরাজা কলিকর্ত্তৃক আকৃষ্ট ও মোহিত হইয়া, বহুতর করুণ বিলাপ করিয়া, নিদ্রিত ভার্য্যা দময়ন্তীকে পরিত্যাগপূর্ব্বক দ্রুত প্রস্থান করিলেন ॥৬৪॥

কলির সংস্পর্শে নলরাজার পূর্ব্বস্বভাব নষ্ট হইয়াছিল; তাই তিনি দুঃখিত-চিত্তে সেই সেই বিষয় পর্য্যালোচনাপূর্ব্বক শূন্য বনে একাকিনী দময়ন্তীকে পরিত্যাগ করিয়া চলিয়া গিয়াছিলেন ॥৬৫॥

* '...দ্বিষষ্টিতমঃ...' বা ব কা, '...ষষ্টিতমঃ...' পি, '...একোনষষ্টিতমঃ...' নি।

দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ

——:(*):——

বৃহদশ্ব উবাচ।

অপক্রান্তে নলে রাজন্! দময়ন্তী গতক্লমা।
অবুধ্যত বরারোহা সন্ত্রস্তা বিজনে বনে ॥১॥
অপশ্যমানা ভর্ত্তারং শোকদুঃখসমন্বিতা।
প্রাক্রোশদুচ্চৈঃ সন্ত্রস্তা মহারাজেতি নৈষধম্ ॥২॥
হা নাথ! হা মহারাজ! হা স্বামিন্! কিং জহাসি মাম্।
হা হতাস্মি বিনষ্টাস্মি ভীতাস্মি বিজনে বনে ॥৩॥
ননু নাম মহারাজ! ধর্ম্মজ্ঞঃ সত্যবাগসি।
কথমুক্ত্বা তথা সত্যং সুপ্তামুৎসৃজ্য মাং গতঃ ॥৪॥
কথমুৎসৃজ্য গন্তাসি দক্ষাং ভার্য্যামনুব্রতাম্।
বিশেষতোঽনপকৃতে পরেণাপকৃতে সতি ॥৫॥

ভারতকৌমুদী

অপেতি। গতক্লমা নিদ্রয়া নষ্টক্লান্তিঃ। অবুধ্যত জাগরিতবতী ॥১॥
অপশ্যেতি। অপশ্যমানা অপশ্যন্তী। প্রাক্রোশদাহূতবতী ॥২॥
হেতি। হতা দৈবেন, বিনষ্টা তবাদর্শনং গতা ॥৩॥
নন্বিতি। তথা সত্যম্ "ত্যজেয়মহমাত্মানং ন চৈব ত্বামনিন্দিতে!" ইতি প্রাক্তনম্ ॥৪॥
কথমিতি। অনপকৃতে মৎকৃতাপকারাভাবে, পরেণ পুষ্করেণৈব বিশেষতঃ অপকৃতে সতি, দক্ষাং ত্বৎসেবানিপুণাম্ অনুব্রতামনুকূলাঞ্চ ভার্য্যামুৎসৃজ্য কথং গন্তাসি ॥৫॥

বৃহদশ্ব বলিলেন—'রাজা! নল চলিয়া গেলে, সুনিতম্বা দময়ন্তী সেই নির্জ্জন-বন-মধ্যে ক্লান্তিশূন্য অথ চ ভীত হইয়া জাগরিত হইলেন ॥১॥

তিনি স্বামীকে না দেখিয়া শোক, দুঃখ ও ত্রাসযুক্ত হইয়া 'মহারাজ!' বলিয়া উচ্চস্বরে নলকে ডাকিতে লাগিলেন ॥২॥

হা নাথ! হা মহারাজ! হা স্বামিন্! আপনি কেন আমাকে ত্যাগ করিলেন; আমি আপনার অদর্শনে ভীত ও হত হইলাম ॥৩॥

মহারাজ! আপনি ত ধর্ম্মজ্ঞ এবং সত্যবাদী। সুতরাং সেইরূপ সত্য-কথা বলিয়া, এখন নিদ্রিত অবস্থায় আমাকে পরিত্যাগ করিয়া কেন চলিয়া গেলেন ॥৪॥

আমি আপনার কোন অপকার করি নাই; অন্য ব্যক্তিই আপনার বিশেষ

[২]···প্রাক্রোশদুচ্চৈঃ সহসা···পি। [৪]···সুপ্তামুৎসৃজ্য কাননে বা ব কা।

শক্যসে তা গিরঃ সম্যক্ কর্ত্তুং ময়ি নরেশ্বর!।
যাস্তেষাং লোকপালানাং সন্নিধৌ কথিতাঃ পুরা ॥৬॥
নাকালে বিহিতো মৃত্যুর্মর্ত্ত্যানাং পুরুষর্ষভ!।
যত্র কান্তা ত্বয়োৎসৃষ্টা মুহূর্ত্তমপি জীবতি ॥৭॥
পর্য্যাপ্তঃ পরিহাসোঽয়মেতাবান্ পুরুষর্ষভ!।
ভীতাহমতিদুর্দ্ধর্ষ! দর্শয়াত্মানমীশ্বর! ॥৮॥
দৃশ্যসে দৃশ্যসে রাজন্! এষ দৃষ্টোঽসি নৈষধ!।
আবার্য্য গুল্মৈরাত্মানং কিং মাং ন প্রতিভাষসে ॥৯॥
নৃশংসং বত রাজেন্দ্র! যন্মামেবং গতামিহ।
বিলপন্তীং সমাগম্য নাশ্বাসয়সি পার্থিব! ॥১০॥

ভারতকৌমুদী

শক্যস ইতি। শকধাতুরয়ং দৈবাদিক উভয়পদী। সম্যক্ সমীচীনাঃ, মদ্বচনেনৈবাত্রা-গমনাদিতি ভাবঃ। যাঃ—'যত্ত্বং ভজসি কল্যাণি! পুমাংসং দেবসন্নিধৌ। তস্মান্মাং বিদ্ধি ভর্ত্তারমেবং তে বচনে রতম্" ইত্যাদিরূপাঃ ॥৬॥

নেতি। হে পুরুষর্ষভ! বিধাত্রা অকালে মর্ত্ত্যানাং মরণধর্ম্মণাং প্রাণিনাং মৃত্যুর্ন বিহিতঃ। অতএব ত্বয়া যত্র কান্তা ভার্য্যা উৎসৃষ্টা ত্যক্তা, তত্রাপি সা মুহূর্ত্তমপি জীবতি। ঈদৃগধিককালাৎ পরন্তু ম্রিয়েতৈবেতি ভাবঃ ॥৭॥

পরিহাসেন পলায়নং মত্বাহ পর্য্যাপ্ত ইতি। পর্য্যাপ্তঃ প্রচুরো জাতঃ ॥৮॥

দৃশ্যস ইতি। আবার্য্য আচ্ছাদ্য, গুল্মৈর্ক্ষস্তম্বৈঃ, আত্মানং দেহম্ ॥৯॥

অপকার করিয়াছে; তা'র পর আমি আপনার পরিচর্য্যায় নিপুণা, অনুকূলা এবং ভার্য্যা; তথাপি আমাকে ত্যাগ করিয়া কেন যাইতেছেন ॥৫॥

নরনাথ! আপনি স্বয়ম্বরসভায় দিক্‌পালগণের নিকটে যে সকল কথা বলিয়াছিলেন, আমার বিষয়ে সে কথাগুলি এখন সত্য করিতে পারেন ॥৬॥

পুরুষশ্রেষ্ঠ! বিধাতা অকালে প্রাণিগণের মৃত্যু বিধান করেন নাই বলিয়াই আপনি যেখানে আপনার ভার্য্যাকে পরিত্যাগ করিয়াছেন, সেখানেও সে মুহূর্ত্তকালও জীবিত রহিতেছে ॥৭॥

নরশ্রেষ্ঠ! এতখানি এই পরিহাসই যথেষ্ট হইয়াছে; হে অতিদুর্দ্ধর্ষ! আমি ভয়ে আকুল হইয়াছি; প্রাণেশ্বর! দর্শন দান করুন ॥৮॥

রাজা! আপনাকে দেখিতেছি দেখিতেছি! নিষধেশ্বর! এই আপনাকে দেখিয়া ফেলিয়াছি। মহারাজ! আপনি বৃক্ষস্তম্বে আপনাকে আবৃত রাখিয়া কেন আমার কথার প্রত্যুত্তর দিতেছেন না ॥৯॥

ন শোচাম্যহমাত্মানং ন চান্যদপি কিঞ্চন।
কথং নু ভবিতাস্যেক ইতি ত্বাং নৃপ! শোচয়ে ॥১১॥
কথং নু রাজংস্তৃষিতঃ ক্ষুধিতঃ শ্রমকর্ষিতঃ।
সায়াহ্নে বৃক্ষমূলেষু মামপশ্যন্ ভবিষ্যসি ॥১২॥
ততঃ সা তীব্রশোকার্ত্তা প্রদীপ্তেব চ মন্যুনা।
ইতশ্চেতশ্চ রুদতী পর্য্যধাবত দুঃখিতা ॥১৩॥
মুহুরুৎপততে বালা মুহুঃ পততি বিহ্বলা।
মুহুরালীয়তে ভীতা মুহুঃ ক্রোশতি রোদিতি ॥১৪॥
সা তীব্রশোকসন্তপ্তা মুহুর্নিশ্বস্য দুঃখিতা।
উবাচ ভৈমী নিষ্ক্রান্তা রোদমানা পতিব্রতা ॥১৫॥

ভারতকৌমুদী

নৃশংসমিতি। এতৎ নৃশংসং নিষ্ঠুরকার্য্যম্। বত খেদে। এবং দুঃখম্ ॥১০॥
নেতি। কথং কীদৃশঃ, এক একাকী, ইতি বিভাব্য ॥১১॥
কথমিতি। কথং কীদৃশো ভবিষ্যসি, অতীবাকুলো ভবিষ্যসীত্যর্থঃ ॥১২॥
তত ইতি। মন্যুনা বিষাদানলেন, প্রদীপ্তা প্রজ্বলিতেব ॥১৩॥
মুহুরিতি। উৎপততে উত্তিষ্ঠতি স্ম। আলীয়তে মণ্ডপস্তম্ভান্তরালে লুক্কায়িতাভূৎ ॥১৪॥

হা রাজশ্রেষ্ঠ! আমি এখানে এইরূপ দুঃখভোগ করিতে থাকিয়া বিলাপ করিতেছি, তথাপি আপনি আসিয়া যে আমাকে আশ্বস্ত করিতেছেন না, ইহা আপনার পক্ষে নৃশংসের কার্য্য হইতেছে ॥১০॥

রাজা! আমি নিজের জন্য শোক করিতেছি না, অন্য কিছুর জন্যও শোক করিতেছি না; কিন্তু আপনি একাকী কিরূপ হইয়া পড়িবেন ইহা ভাবিয়া আপনার জন্যই শোক করিতেছি ॥১১॥

রাজা! আপনি তৃষিত, ক্ষুধিত ও পরিশ্রান্ত হইয়া অদ্য সন্ধ্যাকালেই বৃক্ষমূলে আমাকে না দেখিয়া কিরূপ হইয়া পড়িবেন!' ॥১২॥

তাহার পর, দুঃখিতা ও তীব্রশোকার্ত্তা দময়ন্তী বিষাদানলে যেন দগ্ধ হইতে থাকিয়া রোদন করিতে করিতে ইতস্ততঃ ধাবিত হইতে লাগিলেন ॥১৩॥

এবং আকুলা দময়ন্তী বার বার উঠিতে লাগিলেন, বার বার পড়িতে থাকিলেন, আবার ভীত হইয়া বার বার মণ্ডপস্তম্ভের অন্তরালে লুক্কায়িত হইতে লাগিলেন এবং বার বার নলকে ডাকিতে লাগিলেন ও রোদন করিতে থাকিলেন ॥১৪॥

---

(১১)···নৃপ! শোচিমি—বা ব ক,···নৃপ! রোদিমি—পি।

যস্যাভিশাপাদ্দুঃখার্ত্তো দুঃখং বিন্দতি নৈষধঃ।
তস্য ভূতস্য নো দুঃখাদ্দুঃখমভ্যধিকং ভবেৎ ॥১৬॥
অপাপচেতসং পাপো য এবং কৃতবান্ নলম্।
তস্মাদ্দুঃখতরং প্রাপ্য জীবত্বসুখজীবিকাম্ ॥১৭॥
এবন্তু বিলপন্তী সা রাজ্ঞো ভার্য্যা মহাত্মনঃ।
অন্বেষতি স্ম ভর্ত্তারং বনে শ্বাপদসেবিতে ॥১৮॥
উন্মত্তবদ্ভীমসুতা বিলপন্তী ততস্ততঃ।
হা হা রাজন্নিতি মুহুরিতশ্চেতশ্চ ধাবতি ॥১৯॥

ভারতকৌমুদী

সেতি। নিষ্ক্রান্তা নলস্যান্বেষণায় তস্মাৎ পান্থনিবাসমণ্ডপান্নির্গতা ॥১৫॥
কিমুবাচেত্যাহ যস্যেতি। বিন্দতি লভতে। ভূতস্য প্রাণিনঃ, নঃ অস্মাকম্ ॥১৬॥
অপাপেতি। স পাপঃ, অসুখজীবিকাং প্রাপ্য তস্মান্নলাদপি দুঃখতরং জীবতু ॥১৭॥
এবমিতি। অন্বেষতীতি যন্বিকরণাভাব আর্ষঃ। শ্বাপদৈর্হিংস্রজন্তুভিঃ সেবিতে ॥১৮॥
উন্মত্তবদিতি। ভীমসুতা দময়ন্তী। ধাবতীতি স্মপদাধ্যাহারেণ বর্ত্তমানা ॥১৯॥

ভারতভাবদীপঃ

অপেত্তি ॥১—৩॥ তথা সত্যং যৎ স্বয়ম্বরে উক্তং ত্বাং ন ত্যক্ষ্যামীতি ॥৪॥ অনপকৃতে অপকারাভাবে ॥৫—১০॥ শোচিমি শোচামি ॥১১—১২॥ মন্যুনা শোকেন ॥১৩—১৫॥ কলিং শপতি যস্যেতি। অভিশাপাৎ বৃথাদ্বেষাৎ, নো দুঃখাৎ অস্মৎসম্বন্ধিদুঃখাৎ ॥১৬—১৯॥

তাহার পর, তীব্রশোকসন্তপ্তা ও অত্যন্তদুঃখিতা পতিব্রতা দময়ন্তী বার বার নিশ্বাস ত্যাগ করিয়া রোদন করিতে করিতে সেই পান্থশালা হইতে নির্গত হইয়া বলিলেন— ॥১৫॥

'নলরাজা যাহার অভিশাপে দুঃখার্ত্ত হইয়া আরও দুঃখ পাইতেছেন, সেই প্রাণীর আমাদের দুঃখ অপেক্ষাও অধিক দুঃখ হইবে ॥১৬॥

যে পাপাত্মা নিষ্পাপচিত্ত নলরাজাকে এইরূপ করিয়াছে, সে পাপাত্মা দুঃখময় জীবিকা পাইয়া নল অপেক্ষাও গুরুতর দুঃখে জীবন যাপন করুক' ॥১৭॥

মহাত্মা নলের ভার্য্যা দময়ন্তী এইরূপ বিলাপ করিতে থাকিয়া হিংস্রজন্তু-পরিপূর্ণ বনে স্বামীর অন্বেষণ করিতে লাগিলেন ॥১৮॥

দময়ন্তী উন্মত্তের ন্যায় নানাদিকে যাইয়া বিলাপ করতঃ 'হা হা রাজা!' বলিয়া বার বার ইতস্ততঃ ধাবিত হইতে লাগিলেন ॥১৯॥

---

(১৫) অতীবশোকসন্তপ্তা...বা ব কা। (১৮)...অন্বেষয়তি ভর্ত্তারম্...পি, অন্বেষমাণা ভর্ত্তারম্...বা ব কা।

তাং শুষ্যমাণামত্যর্থং কুররীমিব বাশতীম্।
করুণং বহু শোচন্তীং বিলপন্তীং মুহুর্মুহুঃ ॥২০॥
সহসাভ্যাগতাং ভৈমীমভ্যাসপরিবর্ত্তিনীম্।
জগ্রাহাজগরো গ্রাহো মহাকায়ঃ ক্ষুধান্বিতঃ ॥২১॥ (যুগ্মকম্)
সা গ্রস্যমানা গ্রাহেণ শোকেন চ পরিপ্লুতা।
নাত্মানং শোচতি তথা যথা শোচতি নৈষধম্ ॥২২॥
হা নাথ! মামিহ বনে গ্রস্যমানামনাথবৎ।
গ্রাহেণানেন বিজনে কিমর্থং নানুধাবসি ॥২৩॥
কথং ভবিষ্যসি পুনর্মামনুস্মৃত্য নৈষধ!।
কথং ভবান্ জগামাদ্য মামুৎসৃজ্য বনে প্রভো! ॥২৪॥
পাপান্মুক্তঃ পুনর্লব্ধ্বা বুদ্ধিঞ্চেতো ধনানি চ।
শ্রান্তস্য তে ক্ষুধার্ত্তস্য পরিম্লানস্য নৈষধ!।
কঃ শ্রমং রাজশার্দ্দূল! নাশয়িষ্যতি তেঽনঘ! ॥২৫॥

ভারতকৌমুদী

তামিতি। শুষ্যমাণাং শোকেন। কুররীং তদাখ্যাং পক্ষিণীমিব, বাশতীম্ উচ্চৈঃ শব্দায়মানাম্। অভ্যাসপরিবর্ত্তিনীং নিকটবর্ত্তিনীম্। গ্রাহো জলজন্তুরিব ॥২০—২১॥
সেতি। গ্রাহেণ জলজন্তুতুল্যাকৃতিনা অজগরেণ। পরিপ্লুতা সমাকুলা ॥২২॥
হেতি। অনাথবৎ অনাথামিব। নানুধাবসি রক্ষিতুং দ্রুতং নাগচ্ছসি ॥২৩॥
কথমিতি। কথং কীদৃশো ভবিষ্যসি, নিতান্তবিহ্বল এব ভবিষ্যসীত্যর্থঃ ॥২৪॥
পাপাদিতি। পাপান্মোহাৎ। ইতঃ পরম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৫॥

শোকে শুষ্কপ্রায়া, কুররী-(বাজকুরুল) পক্ষিণীর ন্যায় উচ্চস্বরে শব্দায়মানা, করুণস্বরে বহুতরশোককারিণী এবং অনবরত বিলাপপরায়ণা দময়ন্তী নিকট-বর্ত্তিনী হইলে, তৎক্ষণাৎ জলজন্তুর ন্যায় বিশালদেহ ও ক্ষুধার্ত্ত এক অজগর তাঁহাকে ধরিল ॥২০—২১॥

অজগর গ্রাস করিতে লাগিলে, শোকাকুলা দময়ন্তী নলের জন্য যেরূপ শোক করিতে লাগিলেন, নিজের জন্য সেরূপ শোক করিলেন না ॥২২॥

'হা নাথ! এই অজগর এই নির্জ্জন-বন-মধ্যে অনাথার ন্যায় আমাকে গ্রাস করিতেছে; আপনি কেন সত্বর আসিতেছেন না ॥২৩॥

নিষধরাজ! আপনি আমাকে স্মরণ করিয়া কি প্রকার হইয়া পড়িবেন; প্রভু! আপনি কেন আজ আমাকে বনে পরিত্যাগ করিয়া চলিয়া গেলেন ॥২৪॥

[২০] তাং ক্রন্দমানামত্যর্থম্…বা ব কা।

ততঃ কশ্চিন্মৃগব্যাধো বিচরন্ গহনে বনে।
আক্রন্দমানাং সংশ্রুত্য জবেনাভিসসার হ ॥২৬॥
তাং স দৃষ্ট্বা তথা গ্রস্তামুরগেণায়তেক্ষণাম্।
ত্বরমাণো মৃগব্যাধঃ সমভিক্রম্য বেগতঃ ॥২৭॥
মুখতঃ পাটয়ামাস শস্ত্রেণ নিশিতেন চ।
নির্বিচেষ্টং ভুজঙ্গং তং বিশস্য মৃগজীবনঃ ॥২৮॥
মোক্ষয়িত্বা স তাং ব্যাধঃ প্রক্ষাল্য সলিলেন হ।
সমাশ্বাস্য কৃতাহারামথ পপ্রচ্ছ ভারত ! ॥২৯॥ (বিশেষকম্)
কস্য ত্বং মৃগশাবাক্ষি ! কথঞ্চাভ্যাগতা বনম্।
কথঞ্চেদং মহৎ কৃচ্ছ্রং প্রাপ্তবত্যসি ভাবিনি ! ॥৩০॥

ভারতকৌমুদী

তত ইতি। মৃগং বিধ্যতীতি মৃগব্যাধঃ কিরাতঃ। গহনে নিবিড়ে। জবেন বেগেন ॥২৬॥

তামিতি। উরগেণ অজগরেণ। সমভিক্রম্য দ্রুতমাক্রম্য। বেগতো বেগেন, মুখতো মুখৈকপার্শ্বম্। নির্বিচেষ্টং বৃহত্ত্বাদচলম্। অতএব ব্যাধোপরি লাঙ্গুলেনাঘাতেঽপ্যসামসমর্থ ইতি ভাবঃ। বিশস্য বিনাশ্য, মৃগজীবনো মৃগৈর্জীবিকানির্ব্বাহী। কৃত আহারো ব্যাধদত্তফলাদিভক্ষণং যয়া তাম্, সমাশ্বাস্য পপ্রচ্ছ ॥২৭—২৯॥

কস্যেতি। কস্য সম্বন্ধিনী। ইদম্ অজগরমুখপ্রবেশজনিতম্, কৃচ্ছ্রং কষ্টম্ ॥৩০॥

হে নিষ্পাপ রাজশ্রেষ্ঠ নিষধরাজ! আপনি ইহার পরে মোহমুক্ত হইয়া নিজের প্রকৃত জ্ঞান ও ধন লাভ করিয়া যখন পরিশ্রান্ত, ক্ষুধার্ত্ত ও অত্যন্ত ম্লান হইবেন, তখন কে আপনার ক্লান্তি দূর করিবে' ॥২৫॥

তাহার পর, কোন ব্যাধ নিবিড় বনে বিচরণ করিতেছিল, সে—দময়ন্তীর আর্ত্তনাদ শুনিয়া সত্বর আগমন করিল ॥২৬॥

তৎপরে বৃহৎ অজগর আয়তনয়না দময়ন্তীকে গ্রাস করিতেছে দেখিয়া সেই ব্যাধ সত্বর আক্রমণ করিয়া, নিশিত অস্ত্রদ্বারা বেগে সেই অজগরের মুখের একপার্শ্ব ফাড়িয়া ফেলিল। এই ভাবে সেই ব্যাধ সেই অচল সর্পকে সংহার করিয়া দময়ন্তীকে মুক্ত করিল এবং জলদ্বারা তাঁহার অঙ্গ প্রক্ষালন করিয়া তাঁহাকে কিছু খাইতে দিল, দময়ন্তী তাহা আহার করিলে, ব্যাধ তাঁহাকে আশ্বস্ত করিয়া জিজ্ঞাসা করিল—॥২৭—২৯॥

'হরিণশাবকনয়নে! তুমি কাহার লোক? কি জন্যই বা বনে আসিয়াছ? এবং কি কারণেই বা এই গুরুতর কষ্ট ভোগ করিলে?' ॥৩০॥

দময়ন্তী তথা তেন পৃচ্ছ্যমানা বিশাংপতে ! ।
সর্ব্বমেতদ্‌যথাবৃত্তমাচচক্ষেঽস্য ভারত ! ॥৩১॥
তামর্দ্ধবস্ত্রসংবীতাং পীনশ্রোণিপয়োধরাম্ ।
সুকুমারানবদ্যাঙ্গীং পূর্ণচন্দ্রনিভাননাম্ ॥৩২॥
অরালপক্ষ্মনয়নাং তথা মধুরভাষিণীম্ ।
লক্ষয়িত্বা মৃগব্যাধঃ কামস্য বশমীয়িবান্ ॥৩৩॥ (যুগ্মকম্)
তামথ শ্লক্ষ্ণয়া বাচা লুব্ধকো মৃদুপূর্ব্বয়া ।
সান্ত্বয়ামাস কামার্ত্তস্তদবুধ্যত ভাবিনী ॥৩৪॥
দময়ন্ত্যপি তং দুষ্টমুপলভ্য পতিব্রতা ।
তীব্ররোষসমাবিষ্টা প্রজজ্বালেব মন্যুনা ॥৩৫॥

ভারতকৌমুদী

দময়ন্তীতি। তেন ব্যাধেন। আচচক্ষে উবাচ, অস্য ব্যাধস্য সমীপে ॥৩১॥

তামিতি। অর্দ্ধবস্ত্রেণ সংবীতাম্ আবৃতাধরকায়াম্, পীনৌ স্থূলৌ শ্রোণী নিতম্বৌ পয়োধরৌ স্তনৌ চ যস্যাস্তাম্। অরালানি সরলানি পক্ষ্মাণি লোমানি যয়োস্তে তাদৃশে নয়নে যস্যাস্তাম। লক্ষয়িত্বা অবলোক্য। ঈয়িবান্ প্রাপ্তবান্ ॥৩২—৩৩॥

তামিতি। শ্লক্ষ্ণয়া কোমলয়া, লুব্ধকো ব্যাধঃ, মৃদুপূর্ব্বয়া কোমলভাবপূর্ব্বয়া ॥৩৪॥

দময়ন্তীতি। দুষ্টং দুষ্টাভিপ্রায়ম্, উপলভ্য জ্ঞাত্বা। মন্যুনা ক্রোধেন ॥৩৫॥

ভারতভাবদীপঃ

বাশতীং ক্রোশন্তীম্ ॥২০॥ গ্রাহঃ সর্পঃ, অজগরঃ তদ্বৎ স্থূলঃ ॥২১—২৩॥ বুদ্ধিলাভাদূর্দ্ধং মাং বিনা কথং জীবিষ্যসি ॥২৪—২৭॥ বিশস্য বিদার্য্য ॥২৮—৩২॥ অরালানি কুটিলানি শোভমানানি বা পক্ষ্মাণি নয়নপ্রান্তকেশা যয়োস্তাদৃশে নয়নে যস্যা ইতি তথা ॥৩৩—৩৪॥ মন্যুনা

ভরতনন্দন রাজা! ব্যাধ সেইরূপ জিজ্ঞাসা করিলে, দময়ন্তী যথাবৎ বৃত্তান্ত সমস্তই তাহার নিকট বলিলেন ॥৩১॥

তখন দময়ন্তীর নাভি হইতে নিম্নভাগ বস্ত্রখণ্ডে আবৃত ছিল, নিতম্ব দুইটী ও স্তন দুইটী স্থূল, সমস্ত অঙ্গ কোমল ও অনিন্দনীয়, মুখখানি পূর্ণচন্দ্রের তুল্য, নয়নের লোমগুলি সরল এবং ভাষা সুমধুর ; এই সমস্ত দেখিয়া ব্যাধ কামের বশবর্ত্তী হইল ॥৩২—৩৩॥

তাহার পর, কামার্ত্ত ব্যাধ কোমল বাক্যে ও কোমল ভাবে দময়ন্তীর অনুনয় করিতে লাগিল ; দময়ন্তী তাহা বুঝিতে পারিলেন ॥৩৪॥

তখন পতিব্রতা দময়ন্তী ব্যাধের দুরভিসন্ধি বুঝিতে পারিয়া অত্যন্তক্রুদ্ধ হইলেন, ক্রমে ক্রোধে যেন জ্বলিয়া উঠিলেন ॥৩৫॥

স তু পাপমতিঃ ক্রুদ্ধঃ প্রধর্ষয়িতুমাতুরঃ।
দুর্দ্ধর্ষাং তর্কয়ামাস দীপ্তামগ্নিশিখামিব ॥৩৬॥
দময়ন্তী তু দুঃখার্ত্তা পতিরাজ্যবিনাকৃতা।
অতীতবাক্‌পথে কালে শশাপৈনং রুষান্বিতা ॥৩৭॥
যথাহং নৈষধাদন্যং মনসাপি ন চিন্তয়ে।
তথায়ং পততাং ক্ষুদ্রঃ পরাসুর্ম্মৃগজীবনঃ ॥৩৮॥

ভারতকৌমুদী

স ইতি। আতুরঃ কামার্ত্তঃ পাপমতিশ্চ স তু ব্যাধঃ, ক্রুদ্ধঃ সন্, প্রধর্ষয়িতুং বলাদ্রময়িতুমিচ্ছন্নপি, দীপ্তাং প্রজ্বলিতামগ্নিশিখামিব, দময়ন্তীং দুর্দ্ধর্ষাং তর্কয়ামাস ॥৩৬॥

দময়ন্তীতি। পত্যা নলেন রাজ্যেন চ বিনাকৃতা বিরহিতা। এতেন ক্রোধস্যাতিপ্রবলত্বং সূচিতম্। অতএব দুঃখার্ত্তা দময়ন্তী তু রুষান্বিতা সতী, অতীতো বাক্‌পথো বাগ্‌বিষয়ো যেন তস্মিন্ পতিরাজ্যাদিবিনাকৃতত্বাদ্দময়ন্তীপক্ষে বর্ণয়িতুমযোগ্যে ইত্যর্থঃ, কালে সময়ে, এনং ব্যাধং শশাপ। অত্র "অতীতবাক্‌পথে বাচাপ্যনিবার্য্যে সতি, কালে ধূম্রবর্ণে ব্যাধে" ইতি নীলকণ্ঠব্যাখ্যানং হেয়ম্, বাচা নিবারণস্যাকৃতত্বাৎ এনমিত্যস্য পুনরুক্তত্বাপত্তেশ্চ।

অথ জীবনদাতুর্ব্যাধস্য জীবননাশায়ৈব শাপেন দময়ন্ত্যাঃ কৃতঘ্নতাপাপমিতি চেৎ সত্যম্, তৎপাপাপেক্ষয়া সতীধর্ম্মো গরীয়ানিতি মহাসতী দময়ন্তী তৎপাপমঙ্গীকৃত্যৈব শাপেনাত্মনঃ সতীধর্ম্মং ররক্ষ। দৃশ্যতেঽপি লোকে বেদে চ লঘুপাপাঙ্গীকারেণ গরীয়সো ধর্ম্মস্য রক্ষণমর্জনঞ্চ। যথা ধর্ম্মজ্ঞ এব জনো মিথ্যাভাষণেন কস্যচিজ্জীবনং রক্ষতি। স্মৃতিশ্চাত্রোক্তযুক্তিমূলা—"নানৃতবচনে দোষো জীবনঞ্চেত্তদধীনম্"। "অগ্নীষোমীয়ং পশুমালভেত" ইতি শ্রুত্যা অগ্নীষোমযাগধর্ম্মার্জনার্থং পশ্বালম্ভনম্। মিথ্যাভাষণেন পাপং স্মৃতিশাস্ত্রাদৌ হিংসামাত্রেণ চ পাপং সাংখ্যশাস্ত্রে দ্রষ্টব্যম্ ॥৩৭॥

কিং শশাপেত্যাহ যথেতি। নৈষধান্নলাৎ। পততাং ভূমৌ পততু, পরাসুর্নিষ্প্রাণঃ ॥৩৮॥

কিন্তু কামাতুর এবং পাপবুদ্ধি ব্যাধও ক্রুদ্ধ হইয়া বলপূর্ব্বক রমণ করিবার ইচ্ছা করিয়াও প্রজ্বলিত অগ্নিশিখার তুল্যই দময়ন্তীকে দুর্দ্ধর্ষা বলিয়া মনে করিল ॥৩৬॥

রাজ্য ত পূর্ব্বেই গিয়াছে, পতিও চলিয়া গিয়াছেন ; তাই অত্যন্তদুঃখার্ত্তা দময়ন্তী অত্যন্তক্রুদ্ধ হইয়া সেই অবর্ণনীয় সময়ে ব্যাধকে অভিসম্পাত করিলেন—॥৩৭॥

'যখন আমি নলভিন্ন অন্য পুরুষকে মনেও চিন্তা করি না, তখন এই ক্ষুদ্র ব্যাধ প্রাণশূন্য হইয়া ভূতলে পতিত হউক' ॥৩৮॥

[৩৭]···পতিরাজ্যনিরাকৃতা···রুষা কিল—পি। [৩৮] যস্তহং নৈষধাৎ···বা ব কা নি।

উক্তমাত্রে তু বচনে তথা স মৃগজীবনঃ।
ব্যসুঃ পপাত মেদিন্যামগ্নিদগ্ধ ইব দ্রুমঃ ॥৩৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি নলোপাখ্যানে দময়ন্তীব্যাধশাপে দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:(*):———

ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ

———:(*):———

বৃহদশ্ব উবাচ।

সা নিহত্য মৃগব্যাধং প্রতস্থে কমলেক্ষণা।
বনং প্রতিভয়ং শূন্যং ঝিল্লিকাগণনাদিতম্ ॥১॥
সিংহ-দ্বীপি-রুরু-ব্যাঘ্র-মহিষর্ক্ষ-মৃগৈর্যুতম্।
নানাপক্ষিগণাকীর্ণং ম্লেচ্ছতস্করসেবিতম্ ॥২॥

ভারতকৌমুদী

উক্তেতি। তথা তাদৃশে, মৃগজীবনো ব্যাধঃ। ব্যসুর্বিগতপ্রাণঃ ॥৩৯॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি নলোপাখ্যানে দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

———:০:———

সেতি। মৃগব্যাধং কিরাতম্। প্রতিভয়ং ভয়ঙ্করম্। ঝিল্লিকা তীব্ররবঃ কীটবিশেষঃ।

ভারতভাবদীপঃ

ক্রোধেন ॥৩৫—৩৬॥ পতিরাজ্যবিনাকৃতা পত্যা রাজ্যেন চ রহিতা, অতীতবাকৃপথে বাচাপ্যনিবার্য্যে সতি, কালে ধূম্রবর্ণে ব্যাধে ॥৩৭॥ পরাসুর্গতপ্রাণঃ ॥৩৮॥ ব্যসুর্বিগতপ্রাণঃ ॥৩৯॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫২॥

দময়ন্তী সেইরূপ কথা বলিবামাত্র সেই ব্যাধ—অগ্নিদগ্ধ বৃক্ষের ন্যায় প্রাণশূন্য হইয়া ভূতলে পতিত হইল' ॥৩৯॥

———:০:———

বৃহদশ্ব বলিলেন—'পদ্মনয়না দময়ন্তী ব্যাধকে বধ করিয়া (নলের অন্বেষণে) ভয়ঙ্কর শূন্য বনে প্রবেশ করিলেন। সে বনে ঝিঁঝী ডাকিতেছিল এবং সে বন—সিংহ, ব্যাঘ্রবিশেষ (কেঁদুয়া বাঘ), সাধারণ ব্যাঘ্র, রুরুহরিণ, অন্যান্য হরিণ, মহিষ, ভল্লুক ও নানাবিধ পক্ষিগণে পরিপূর্ণ ছিল; আর তাহাতে

[৩৯]...তয়া স মৃগজীবনঃ...পি। * '...ত্রিষষ্টিতমঃ...' বা ব কা, '...একষষ্টিতমঃ...' পি,'...ষষ্টিতমঃ...' নি।

শাল-বেণু-ধবাশ্বত্থ-তিন্দুকেঙ্গুদ-কিংশুকৈঃ।
অর্জ্জুনারিষ্টসংছন্নং স্যন্দনৈশ্চ সশাল্মলৈঃ ॥৩॥
জম্ব্বাম্র-লোধ্র-খদির-শাক-বেত্র-সমাকুলম্।
পদ্মকামলক-প্লক্ষ-কদম্বোডুম্বরাবৃতম্ ॥৪॥
বদরী-বিল্ব-সংছন্নং ন্যগ্রোধৈশ্চ সমাকুলম্।
প্রিয়াল-তাল-খর্জ্জূর-হরীতক-বিভীতকৈঃ ॥৫॥ (কুলকম্)
নানাধাতুশতৈর্নদ্ধান্ বিবিধানপি চাচলান্।
নিকুঞ্জান্ পক্ষিসংঘুষ্টান্ দরীশ্চাদ্ভুতদর্শনাঃ ॥৬॥
নদীঃ সরাংসি বাপীশ্চ বিবিধাংশ্চ মৃগদ্বিজান্।
সা বহূন্ ভীমরূপাংশ্চ পিশাচোরগরাক্ষসান্ ॥৭॥
পল্বলানি তড়াগানি গিরিকূটানি সর্ব্বশঃ।
সরিতো নির্ঝরাংশ্চৈব দদর্শাদ্ভুতদর্শনান্ ॥৮॥ (বিশেষকম্)
যূথশো দদৃশে তত্র বিদর্ভাধিপনন্দিনী।
মহিষাংশ্চ বরাহাংশ্চ ঋক্ষাংশ্চ বনপন্নগান্ ॥৯॥

ভারতকৌমুদী

দ্বীপী ব্যাঘ্রবিশেষঃ, রুরুর্হরিণবিশেষঃ, ঋক্ষো ভল্লুকঃ। বেণুর্বংশঃ। অরিষ্টো নিম্বঃ। স্যন্দনৈস্তিনিশৈঃ সংছন্নমিতি শেষঃ। প্লক্ষঃ পর্কটী। ন্যগ্রোধৈর্বটৈঃ ॥১—৫॥

নানেতি। নদ্ধান্ বদ্ধান্ আবৃতানিত্যর্থঃ। অচলান্ পর্ব্বতান্। দরীর্গুহাঃ। মৃগ-দ্বিজান্ পশুপক্ষিণঃ। পল্বলানি অল্পজলাশয়ান্। গিরীণাং কূটানি শৃঙ্গাণি ॥৬—৮॥

ম্লেচ্ছ ও তস্করগণ বিচরণ করিত এবং সে বন—শাল, বাঁশ, ধব, অশ্বত্থ, তিন্দুক, ইঙ্গুদ, কিংশুক, অর্জ্জুন, নিম্ব, তিনিশ, শাল্মলী, জম্বূ, আম্র, লোধ্র, খদির, শাক, বেত্র, পদ্মক, আমলকী, পর্কটী, কদম্ব, উডুম্বর, বদরী, বিল্ব, বট, পিয়াল, তাল, খর্জ্জূর, হরীতকী ও বিভীতকীবৃক্ষে পরিপূর্ণ ছিল ॥১—৫॥

ক্রমে দময়ন্তী দেখিলেন - সেই বনে নানাবিধ পর্ব্বত রহিয়াছে, সেগুলি হইতে বহুবিধ ধাতু নির্গত হইতেছে; বহুতর কুঞ্জ আছে, তাহার ভিতরে পক্ষিগণ রব করিতেছে এবং অনেক গুহা আছে, সেগুলির আকৃতি অদ্ভুত; আর দেখিলেন—বহুতর নদী, সরোবর, দীঘী, নানাবিধ পশু ও পক্ষী, ভয়ঙ্করাকৃতি বহুতর পিশাচ, সর্প ও রাক্ষস; অনেক ক্ষুদ্র জলাশয়, বৃহৎ জলাশয়, সর্ব্বপ্রকার পর্ব্বতশৃঙ্গ, ক্ষুদ্র নদী এবং অদ্ভুতাকৃতি নির্ঝর রহিয়াছে ॥৬—৮॥

---

[৪] ··শাল-বেত্র···বা ব কা পি। [৫]···পিয়ালতাল···কা পি। [৭]···সুবহূন্ ভীম-রূপাংশ্চ···পি। (৯)···মহিষান্ বরাহান্ গোমায়ুরুক্ষবানরপন্নগান্—পি নি।

তেজসা যশসা লক্ষ্ম্যা স্থিত্যা চ পরয়া যুতা।
বৈদর্ভী বিচরত্যেকা নলমন্বেষতী তদা ॥১০॥
নাবিভ্যৎ সা নৃপসুতা ভৈমী তত্রাথ কস্যচিৎ।
দারুণামটবীং প্রাপ্য ভর্তৃব্যসনপীড়িতা ॥১১॥
বিদর্ভতনয়া রাজন্! বিললাপ সুদুঃখিতা।
ভর্তৃশোকপরীতাঙ্গী শিলাতলমথাশ্রিতা ॥১২॥

দময়ন্ত্যুবাচ।

সিংহোরস্ক! মহাবাহো! নিষধানাং জনাধিপ!।
ক্ব নু রাজন্! গতোঽস্যদ্য ত্যক্ত্বা মাং নির্জনে বনে ॥১৩॥
অশ্বমেধাদিভির্বীর! ক্রতুভির্ভূরিদক্ষিণৈঃ।
কথমিষ্ট্বা নরব্যাঘ্র! ময়ি মিথ্যা প্রবর্ত্তসে ॥১৪॥

ভারতকৌমুদী

যূথশ ইতি। যূথশো বহুশ্রেণীবদ্ধভাবান্, দদৃশে দদর্শ। ঋক্ষান্ ভল্লূকান্ ॥৯॥
তেজসেতি। স্থিত্যা সতীমর্য্যাদয়া, পরয়া উত্তময়া। অন্বেষতী অন্বিষ্যন্তী ॥১০॥
নেতি। নাবিভ্যৎ ন ভীতা। অটবীং বনম্। ভর্ত্তুর্ব্যসনেন বিরহবিপদা পীড়িতা ॥১১॥
বিদর্ভেতি। ভর্তৃশোকেন পরীতানি ব্যাপ্তানি ব্যাপ্ততয়া আকুলানি অঙ্গানি যস্যাঃ সা ॥১২॥
সিংহেতি। সিংহস্যেব উরো বক্ষো যস্য তৎসম্বোধনম্। নিষধানাং তদ্দেশস্য ॥১৩॥

দময়ন্তী সেই বনমধ্যে বহুশ্রেণীবদ্ধভাবে মহিষ, শূকর, ভল্লূক ও বন্য সর্প দেখিলেন ॥৯॥

অসাধারণ তেজ, যশ, কান্তি ও মর্য্যাদাসম্পন্না দময়ন্তী তখন একাকিনীই নলের অন্বেষণে বিচরণ করিতে লাগিলেন ॥১০॥

ভর্ত্তৃবিরহপীড়িতা দময়ন্তী সেই ভয়ঙ্করবনমধ্যেও কোন জন্তু হইতেই ভীত হইলেন না ॥১১॥

রাজা! তাহার পর, ভর্ত্তৃশোকে আকুলা ও অতিদুঃখিতা দময়ন্তী একখানি শিলার উপরে বসিয়া বিলাপ করিতে লাগিলেন ॥১২॥

দময়ন্তী বলিলেন—'সিংহবক্ষা মহাবাহু নিষধরাজ! আপনি আজ আমাকে নির্জন বনে পরিত্যাগ করিয়া কোথায় গেলেন ॥১৩॥

বীর নরশ্রেষ্ঠ! আপনি প্রচুর-দক্ষিণাযুক্ত অশ্বমেধপ্রভৃতি যজ্ঞ করিয়া আমার উপরে কেন মিথ্যা ব্যবহার করিতেছেন ॥১৪॥

(১৩)…ব্যূঢ়োরস্ক!…বা ব কা, গতোঽস্যদ্য বিসৃজ্য বিজনে বনে—বা ব কা নি।

যত্ত্বয়োক্তং নরশ্রেষ্ঠ! মৎসমক্ষং মহাদ্যুতে!।
কর্ত্তুমর্হসি কল্যাণ! তদৃতং পার্থিবর্ষভ! ॥১৫॥
যচ্চোক্তং বিহগৈর্হংসৈঃ সমীপে তব ভূমিপ!।
মৎসমক্ষং যদুক্তঞ্চ তদবেক্ষিতুমর্হসি ॥১৬॥
চত্বার একতো বেদাঃ সাঙ্গোপাঙ্গাঃ সবিস্তরাঃ।
স্বধীতা মনুজব্যাঘ্র! সত্যমেকং কিলৈকতঃ ॥১৭॥
তস্মাদর্হসি শত্রুঘ্ন! সত্যং কর্ত্তুং নরেশ্বর!।
উক্তবানসি যদ্বীর! মৎসকাশে পুরা বচঃ ॥১৮॥
হা বীর! ননু নামাহমিষ্টা কিল তবানঘ!।
অস্যামটব্যাং ঘোরায়াং কিং মাং ন প্রতিভাষসে ॥১৯॥

ভারতকৌমুদী

অশ্বেতি। ইষ্ট্বা দেবান্ পূজয়িত্বা। মিথ্যা প্রবর্ত্তসে, পূর্বোক্তিব্যত্যয়করণাৎ ॥১৪॥

যদিতি। "ত্যজেয়মপি চাত্মানং ন চৈব ত্বামনিন্দিতে!" ইতি যদুক্তম্। ঋতং সত্যম্ ॥১৫॥

যদিতি। "ত্বঞ্চাপি রত্নং নারীণাং নরেষু চ নলো বরঃ" ইত্যাদিরূপং পূর্ব্বং যচ্চোক্তম্। তথা চ রত্নত্বং বরত্বঞ্চ সত্যব্যাঘাতাদ্ব্যাহন্যত এবেতি ভাবঃ ॥১৬॥

চত্বার ইতি। অঙ্গৈর্ব্যাকরণাদিভিঃ উপাঙ্গৈর্মীমাংসাদিভিশ্চ সহেতি সাঙ্গোপাঙ্গাঃ, বিস্তরৈঃ পুরাণাদিভিঃ সহেতি সবিস্তরাঃ। স্বধীতাঃ সম্যক্ শিক্ষিতাঃ ॥১৭॥

তস্মাদিতি। যৎ—"ত্যজেয়মপি চাত্মানম্" ইত্যাদিরূপম্ ॥১৮॥

হেতি। ইষ্টা প্রিয়া। নাম সম্ভাবনায়াম্। অটব্যাম্ অরণ্যে ॥১৯॥

নরশ্রেষ্ঠ! মহাতেজা! মঙ্গলভাজন! রাজশ্রেষ্ঠ! আপনি আমার সমক্ষে যাহা বলিয়াছিলেন, তাহা সত্য করুন ॥১৫॥

এবং রাজা! হংসপক্ষীরা আপনার নিকটে যাহা বলিয়াছিল এবং আমার সমক্ষে যাহা কহিয়াছিল, সেই সকল বিষয়ে লক্ষ্য করুন ॥১৬॥

নরশ্রেষ্ঠ! অঙ্গ, উপাঙ্গ ও পুরাণপ্রভৃতির সহিত সম্যক্ অধীত চারিটী বেদ একদিক্ এবং সত্য একদিক্ ॥১৭॥

অতএব হে শত্রুহন্তা বীর নরনাথ! আপনি পূর্ব্বে আমার নিকটে যে সকল কথা বলিয়াছিলেন, তাহা সত্য করুন ॥১৮॥

হা নিষ্পাপ বীর! আমি ধারণা করি যে, আমি আপনার প্রিয়। কিন্তু তবে, এই ভয়ঙ্কর বনে আমার কথার উত্তর দিতেছেন না কেন? ॥১৯॥

(১৫)···স্মর্ত্তুমর্হসি কল্যাণ! বচনম্···বা ব কা। (১৬)···মৎসকাশে চ তৈরুক্তম্···পি। [১৭] একতশ্চতুরো বেদাঃ···পি।

ধর্ষয়ত্যেব মাং রৌদ্রো ব্যাত্তাস্যো দারুণাকৃতিঃ।
অরণ্যরাট্ ক্ষুধাবিষ্টঃ কিং মাং ন ত্রাতুমর্হসি ॥২০॥
ন মে ত্বদন্যা কাচিদ্ধি প্রিয়াস্তীত্যব্রবীঃ সদা।
তামৃতাং কুরু কল্যাণ! পুরোক্তাং ভারতীং নৃপ! ॥২১॥
উন্মত্তাং বিলপন্তীং মাং ভার্য্যামিষ্টাং নরাধিপ!।
ঈপ্সিতামীপ্সিতোঽসি ত্বং কিং মাং ন প্রতিভাষসে ॥২২॥
কৃশাং দীনাং বিবর্ণাঞ্চ মলিনাং বসুধাধিপ!।
বস্ত্রার্দ্ধপ্রাবৃতামেকাং বিলপন্তীমনাথবৎ ॥২৩॥
যূথভ্রষ্টামিবৈকাং মাং হরিণীং পৃথুলোচন!।
ন মানয়সি মানার্হ! রুদতীমরিকর্ষণ! ॥২৪॥ (যুগ্মকম্)
মহারাজ! মহারণ্যে অহমেকাকিনী সতী।
দময়ন্ত্যভিভাষে ত্বাং কিং মাং ন প্রতিভাষসে ॥২৫॥

ভারতকৌমুদী

ধর্ষয়তীতি। ধর্ষয়তি বলাদ্গ্রহীষ্যতি, ব্যাত্তাস্যো বিবৃতবদনঃ, অরণ্যরাট্ সিংহঃ ॥২০॥
নেতি। ঋতাং সত্যাম্। পুরা পূর্ব্বম্। ভারতীং বাচম্ ॥২১॥
উন্মত্তামিতি। ইষ্টাং দ্রষ্টুমভিলষিতাম্, ঈপ্সিতাং প্রিয়াম্, ঈপ্সিতঃ প্রিয়ঃ ॥২২॥
কৃশামিতি। দীনাং কাতরাম্। মলিনাং ধূল্যাদিমলদিগ্ধাঙ্গীম্। একামেকাকিনীম্। যূথভ্রষ্টাং শ্রেণীচ্যুতাম্। হে পৃথুলোচন! বিশালনেত্র!। মানয়সি আদ্রিয়সে ॥২৩—২৪॥

ভয়ঙ্করস্বভাব, দারুণাকৃতি ও বিবৃতবদন ক্ষুধার্ত্ত সিংহ আমাকে নিশ্চয়ই আক্রমণ করিবে, আপনি কি রক্ষা করিবেন না ॥২০॥

মঙ্গলভাজন! আপনি সর্ব্বদা বলিতেন যে, তুমি ভিন্ন অন্য কোন রমণীই আমার প্রিয় নহে। রাজা! আপনার এই পূর্ব্বোক্ত কথা সত্য করুন ॥২১॥

নরনাথ! আপনি আমার প্রিয় ভর্ত্তা, আমিও আপনার প্রিয়া ভার্য্যা, এই অবস্থায় আমি উন্মত্ত হইয়া বিলাপ করিতেছি, আপনি উত্তর দেন না কেন? ॥২২॥

হে বিশালনয়ন সম্মানযোগ্য শত্রুহন্তা রাজা! আমি এখন যূথভ্রষ্টা একাকিনী হরিণীর ন্যায় কৃশা, কাতরা, বিবর্ণা, ধূলিধূসরা ও অর্দ্ধবস্ত্রে আবৃতা হইয়া অনাথার ন্যায় একা বিলাপ ও রোদন করিতেছি; আপনি আসিয়া কেন আদর করিতেছেন না? ॥২৩—২৪॥

[২০] কর্ষয়ত্যেষ মাম্…বা ব কা, ভৎ সয়ত্যেষ মাম্…নি। (২৪)…মামার্য্য! রুদতীম্…বা ব কা নি,…ন মানয়সি কল্যাণ! রুদতীম্…পি। (২৫)…মামিহৈকাকিনীং সতীম্। স্বপত্নীমভিভাষন্তীম্…পি,…আভাষমাণাং স্বাং পত্নীম্…নি।

কুলশীলোপসম্পন্নং চারুসর্ব্বাঙ্গশোভনম্।
নাদ্য ত্বামনুপশ্যামি গিরাবস্মিন্ নরোত্তম! ॥২৬॥
বনে চাস্মিন্ মহাঘোরে সিংহব্যাঘ্রনিষেবিতে।
শয়ানমুপবিষ্টং বা স্থিতং বা নিষধাধিপ! ॥২৭॥
প্রস্থিতং বা নরশ্রেষ্ঠ! মম শোকবিবর্দ্ধন!।
কং নু পৃচ্ছামি দুঃখার্ত্তা ত্বদর্থে শোককর্ষিতা ॥২৮॥ (যুগ্মকম্)
কচ্চিদ্দৃষ্টস্ত্বয়ারণ্যে সঙ্গত্যেহ নলো নৃপঃ।
কো নু মে বাথ প্রষ্টব্যো বনেঽস্মিন্ প্রস্থিতং নলম্ ॥২৯॥
অভিরূপং মহাত্মানং পরব্যূহবিনাশনম্।
যমন্বেষসি রাজানং নলং পদ্মনিভেক্ষণম্ ॥৩০॥

ভারতকৌমুদী

মহেতি। দময়ন্তী ভবতঃ পরমপ্রিয়া ভার্য্যেত্যাশয়ঃ ॥২৫॥

কুলেতি। চারুভিঃ সর্ব্বৈরঙ্গৈঃ শোভনং সমুদায়েন সুন্দরম্। গিরৌ পর্ব্বতে ॥২৬॥

বন ইতি। স্থিতং দণ্ডায়মানম্। প্রস্থিতং গচ্ছন্তম্। কং জনম্ ॥২৭—২৮॥

কচ্চিদিতি। সঙ্গত্যা সম্মেলনেন। পূর্ব্বার্দ্ধবাক্যেন কো জনঃ প্রষ্টব্য ইত্যর্থঃ ॥২৯॥

অভীতি। অভিরূপং পরমসুন্দরম্। পরব্যূহস্য শত্রুসৈন্যস্য বিনাশনম্। অন্বেষসি

ভারতভাবদীপঃ

সেতি। প্রতিভয়ং ভীষণং ঝিল্লিকাতীক্ষ্ণশব্দঃ পতঙ্গবিশেষঃ ॥১—১৯॥ অরণ্যরাট্ শার্দ্দূলঃ, মাং মম চিত্তং কর্ষয়তি ব্যথয়তি ॥২০—২৯॥ পরব্যূহাঃ শত্রুসৈন্যানি। পর-

---

মহারাজ! আমি দময়ন্তী এই মহাবনে একাকিনী হইয়া আপনার উদ্দেশে কত বলিতেছি, আপনি কেন আমাকে কিছুই বলিতেছেন না? ॥২৫॥

নরশ্রেষ্ঠ! আপনি কুল ও শীলসম্পন্ন এবং সর্ব্বাঙ্গসুন্দর; হায়! সেই অবস্থায় আপনাকে আজ এই পর্ব্বতে দেখিতে পাইতেছি না ॥২৬॥

নিষধরাজ! নরশ্রেষ্ঠ! আমার শোকবর্দ্ধক! সিংহ ও ব্যাঘ্রে পরিপূর্ণ এই মহাভয়ঙ্কর বনে আমি দুঃখার্ত্তা ও শোকাকুলা অবস্থায় শয়িত, উপবিষ্ট, দণ্ডায়মান বা গমনকারী কোন্ ব্যক্তিকে আপনার বিষয় জিজ্ঞাসা করিব ॥২৭-২৮॥

'আপনি কি সম্মিলিত হইয়া এই বনে নলরাজাকে দেখিয়াছেন?' এই ভাবে আমি এই বনমধ্যে প্রস্থিত নলরাজার বিষয় কাহার নিকট জিজ্ঞাসা করিব ॥২৯॥

'সুন্দরি! মনোহরমূর্ত্তি, মহাত্মা, শত্রুসৈন্যহন্তা এবং পদ্মনয়ন যে নল-

---

(২৬) কুলশীলোপসম্পন্ন! চারুসর্ব্বাঙ্গশোভন…পি।

অয়ং স ইতি কস্যাদ্য শ্রোষ্যামি মধুরাং গিরম্ ।
অরণ্যরাড়য়ং শ্রীমাংশ্চতুর্দ্দংষ্ট্রো মহাহনুঃ ॥৩১॥
শার্দ্দূলোঽভিমুখোঽভ্যেতি প্রক্ষ্যাম্যেনমশঙ্কিতা ।
ভবান্ মৃগাণামধিপস্ত্বমস্মিন্ কাননে প্রভুঃ ॥৩২॥
বিদর্ভরাজতনয়াং দময়ন্তীতি বিদ্ধি মাম্ ।
নিষধাধিপতের্ভার্য্যাং নলস্যামিত্রঘাতিনঃ ॥৩৩॥
পতিমন্বেষতীমেকাং কৃপণাং শোককর্ষিতাম্ ।
আশ্বাসয় মৃগেন্দ্রেহ ! যদি দৃষ্টস্ত্বয়া নলঃ ॥৩৪॥ (কুলকম্)
অথবা ত্বং বনপতে ! নলং যদি ন শংসসি ।
মাং খাদয় মৃগশ্রেষ্ঠ ! দুঃখাদস্মাদ্বিমোচয় ॥৩৫॥
শ্রুত্বারণ্যে বিলপিতং ন মামাশ্বাসয়ত্যয়ম্ ।
যাত্যেতাং স্বাদুসলিলামাপগাং সাগরঙ্গমাম্ ॥৩৬॥

ভারতকৌমুদী

অন্বিষ্যসি। ইতি ইত্থম্। অরণ্যরাট্ বনাধিপতিঃ, শ্রীমান্ কান্তিশালী, চতস্রো দংষ্ট্রাঃ সম্মুখবর্ত্তিনো বৃহন্তো দন্তা যস্য সঃ। প্রক্ষ্যামি প্রশ্নং করিষ্যামি। মৃগাণাং পশূনাম্। কৃপণাং দীনাম্। আশ্বাসয় নলবৃত্তান্তকথনেন ॥৩০—৩৪।

অথবেতি। ন শংসসি ন ব্রবীষি। খাদয়েতি স্বার্থে ইন্। মৃগশ্রেষ্ঠ! পশুশ্রেষ্ঠ! ॥৩৫॥

রাজাকে তুমি অন্বেষণ করিতেছ, এই তিনি !' এইরূপ মধুর বাক্য আজ আমি কাহার নিকট শুনিব। (সে যাহা হউক,) হৃষ্ট-পুষ্ট-শরীর, বিশালদন্তচতুষ্টয়যুক্ত ও বিশাল-হনু-শালী এই বনাধিপতি ব্যাঘ্র এই দিকেই আসিতেছে; আমি নিঃশঙ্কচিত্তে উহাকেই জিজ্ঞাসা করি—'পশুশ্রেষ্ঠ! আপনি পশুদের অধিপতি এবং এই বনের রাজা; আপনি অবগত হউন যে, আমি বিদর্ভরাজের দুহিতা এবং শত্রুহন্তা নিষধাধিপতি নলরাজার ভার্য্যা, আমার নাম—'দময়ন্তী'; আমি শোকার্ত্তা ও কাতরা হইয়া একাকিনী পতির অন্বেষণ করিতেছি। অতএব পশুরাজ! আপনি যদি নলরাজাকে দেখিয়া থাকেন, তবে তাঁহার বৃত্তান্ত বলিয়া আমাকে আশ্বস্ত করুন' ॥৩০—৩৪॥

অথবা, বনাধিপতি পশুশ্রেষ্ঠ! আপনি যদি নলরাজার বিষয় না বলেন, তবে আমাকে ভক্ষণ করুন এবং এই দুঃখ হইতে মুক্ত করুন ॥৩৫॥

হায়! এই ব্যাঘ্র আমার বিলাপ শুনিয়াও আমাকে আশ্বস্ত করিল না, কিন্তু স্বাদুজলা সাগরগামিনী এই নদীর দিকে যাইতেছে ॥৩৬॥

[৩২]…ব্রজাম্যেনমশঙ্কিতা…বা ব কা,…পৃচ্ছাম্যেনমশঙ্কিতা…নি।

ইমং শিলোচ্চয়ং পুণ্যং শৃঙ্গৈর্বহুভিরুচ্ছ্রিতৈঃ।
বিরাজিতং দিবস্পৃগ্‌ভির্নৈকবর্ণৈর্ম্মনোরমৈঃ ॥৩৭॥
নানাধাতুসমাকীর্ণং বিবিধোপলভূষিতম্।
অস্যারণ্যস্য মহতঃ কেতুভূতমিবোত্থিতম্ ॥৩৮॥
সিংহশার্দ্দূলমাতঙ্গ-বরাহর্ক্ষমৃগায়ুতম্।
পতত্রিভির্বহুবিধৈঃ সমন্তাদনুনাদিতম্ ॥৩৯॥
কিংশুকাশোকবকুল-পুন্নাগৈরুপশোভিতম্।
কর্ণিকারধবপ্লক্ষৈঃ সুপুষ্পৈরুপশোভিতম্ ॥৪০॥
সরিদ্ভিঃ সবিহঙ্গাভিঃ শিখরৈশ্চ সমাকুলম্।
গিরিরাজমিমং তাবৎ পৃচ্ছামি নৃপতিং প্রতি ॥৪১॥ (কুলকম্)
ভগবন্নচলশ্রেষ্ঠ! দিব্যদর্শন! বিশ্রুত!।
শরণ্য! বহুকল্যাণ! নমস্তেঽস্তু মহীধর! ॥৪২॥

ভারতকৌমুদী

শ্রুত্বেতি। অয়ং শার্দ্দূলঃ। আপগাং নদীম্, সাগরঙ্গমাং নদ্যন্তরামিলিতাম্ ॥৩৬॥

ইমমিতি। শিলোচ্চয়ং পর্ব্বতম্। উচ্ছ্রিতৈরুচ্চৈঃ। দিবস্পৃগ্‌ভির্গগনস্পর্শিভিঃ। বিবিধৈরুপলৈঃ পাষাণৈর্ভূষিতম্। কেতুভূতং ধ্বজরূপম্। ঋক্ষো ভল্লুকঃ, আয়ুতং সমন্বিতম্। পতত্রিভিঃ পক্ষিভিঃ। কর্ণিকারৈঃ স্থলপদ্মবৃক্ষৈঃ, প্লক্ষৈঃ পর্কটীবৃক্ষৈঃ। শিখরৈর্জলপর্য্যন্তাবনতৈর্বৃক্ষাগ্রৈঃ। নৃপতিং প্রতি নলরাজবিষয়ে ॥৩৭—৪১॥

এই একটী পবিত্র পর্ব্বত উন্নত, আকাশস্পর্শী, নানাবর্ণ ও মনোহর বহুতর শৃঙ্গে শোভা পাইতেছে; এই পর্ব্বতটী গৈরিকপ্রভৃতি বহুধাতুতে ব্যাপ্ত, নানাবিধ প্রস্তরে ভূষিত এবং এই মহারণ্যের ধ্বজের ন্যায় উত্থিত রহিয়াছে; ইহাতে সিংহ, ব্যাঘ্র, হস্তী, বরাহ, ভল্লুক ও হরিণগণ বিচরণ করিতেছে; নানাবিধ পক্ষী সকল দিকে রব করিয়া বেড়াইতেছে; মনোহরপুষ্পশালী কিংশুক, অশোক, বকুল, পুন্নাগ, স্থলপদ্ম, ধব ও পর্কটীবৃক্ষ সকল শোভা জন্মাইতেছে; অনেক নদী প্রবাহিত হইতেছে, তাহাতে আবার পক্ষিগণ বিচরণ করিতেছে এবং বহুতর বৃক্ষের অগ্রদেশ আসিয়া জলস্পর্শ করিয়াছে। এই পর্ব্বতরাজের নিকট নলরাজার বিষয় জিজ্ঞাসা করি ॥৩৭—৪১॥

ভগবন্! দিব্যদর্শন! বিশ্ববিখ্যাত! শরণাগতরক্ষক! বহুমঙ্গলময়! পৃথিবীধর! পর্ব্বতশ্রেষ্ঠ! আপনাকে নমস্কার ॥৪২॥

(৩৭)…বিরাজন্তিরিবানেকৈঃ…বা ব কা,…বিরাজন্তির্দিবস্পৃগ্‌ভিঃ…পি।
(৪১)…শিখরৈশ্চোপশোভিতম্…পি।

প্রণমে ত্বাভিগম্যাহং রাজপুত্রীং নিবোধ মাম্ ।
রাজ্ঞঃ স্নুষাং রাজভার্য্যাং দময়ন্তীতি বিশ্রুতাম্ ॥৪৩॥
রাজা বিদর্ভাধিপতিঃ পিতা মম মহারথঃ ।
ভীমো নাম ক্ষিতিপতিশ্চাতুর্বর্ণ্যস্য রক্ষিতা ॥৪৪॥
রাজসূয়াশ্বমেধানাং ক্রতূনাং দক্ষিণাবতাম্ ।
আহর্ত্তা পার্থিবশ্রেষ্ঠঃ পৃথুচার্বঞ্চিতেক্ষণঃ ॥৪৫॥
ব্রহ্মণ্যঃ সাধুবৃত্তশ্চ সত্যবাগনসূয়কঃ ।
শীলবান্ বীর্য্যসম্পন্নঃ পৃথুশ্রীর্ধর্ম্মবিচ্ছুচিঃ ॥৪৬॥
সম্যগ্‌গোপ্তা বিদর্ভাণাং নির্জ্জিতারিগণঃ প্রভুঃ ।
তস্য মাং বিদ্ধি তনয়াং ভগবংস্ত্বামুপস্থিতাম্ ॥৪৭॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

ভগবন্নিতি। হে ভগবন্! মাহাত্ম্যশালিন্! দিব্যদর্শন! অলৌকিকাকৃতে! ॥৪২॥
প্রণম ইতি। প্রণমে প্রণমামি, ত্বা ত্বাম্। স্নুষাং পুত্রবধূম্ ॥৪৩॥
রাজপুত্রীমিত্যাদ্যুক্তং বিবৃণোতি রাজেতি। রাজা ক্ষত্রিয়ঃ, ক্ষিতিপতির্ভূপাল ইত্য-পৌনরুক্ত্যম্। দক্ষিণাবতাং প্রশস্তদক্ষিণাযুক্তানাম্। আহর্ত্তা অনুষ্ঠাতা। পৃথুনী বিশালে চারুণী মনোহরে অঞ্চিতে সরলে চ ঈক্ষণে চক্ষুষী যস্য সঃ। ব্রহ্মসু ব্রাহ্মণেষু সাধুরিতি ব্রহ্মণ্যঃ, সাধুবৃত্তঃ সদ্ব্যবহারী। পৃথুশ্রীর্বিশালসমৃদ্ধিঃ। গোপ্তা রক্ষিতা ॥৪৪—৪৭॥

ভারতভাবদীপঃ

ব্যসনেতি পাঠে—পরেষাং দুঃখস্য নাশনম্ ॥৩০—৪৫॥ ব্রহ্মণ্যঃ ব্রহ্মণি ব্রাহ্মণজাতৌ বেদে

আমি আপনার নিকটে উপস্থিত হইয়া আপনাকে নমস্কার করিতেছি। আপনি জানুন যে, আমি রাজার কন্যা, রাজার পুত্রবধূ এবং রাজার ভার্য্যা; আমার নাম—'দময়ন্তী' ॥৪৩॥

বিদর্ভদেশের অধিপতি ও ব্রাহ্মণপ্রভৃতি চারি বর্ণের রক্ষক মহারথ ভীম-রাজা আমার পিতা। তিনি প্রশস্ত-দক্ষিণা-যুক্ত রাজসূয় ও অশ্বমেধপ্রভৃতি যজ্ঞের অনুষ্ঠান করেন ও রাজাদের মধ্যে শ্রেষ্ঠ এবং তাঁহার নয়নযুগল বিশাল মনোহর ও সরল। আর তিনি ব্রাহ্মণগণের হিতৈষী, সকলের সঙ্গেই সদ্ব্যবহারকারী, সত্যবাদী, অসূয়াশূন্য, সচ্চরিত্র, বীর্য্যশালী, মহাসমৃদ্ধিসম্পন্ন, ধর্ম্মজ্ঞ, পবিত্র, যথাযথভাবে বিদর্ভদেশের রক্ষক, শত্রুবিজয়ী ও প্রভাবসম্পন্ন। ভগবন্ পর্ব্বতরাজ! আমি তাঁহারই কন্যা, আপনার নিকট উপস্থিত হইয়াছি, ইহা আপনি অবগত হউন ॥৪৪—৪৭॥

নিষধেষু মহারাজঃ শ্বশুরো মে নরোত্তমঃ।
গৃহীতনামা বিখ্যাতো বীরসেন ইতি স্ম হ ॥৪৮॥
তস্য রাজ্ঞঃ সুতো বীরঃ শ্রীমান্ সত্যপরাক্রমঃ।
ক্রমপ্রাপ্তং পিতুঃ স্বং যো রাজ্যং সমনুশাস্তি হ ॥৪৯॥
নলো নামারিদমনঃ পুণ্যশ্লোক ইতি শ্রুতঃ।
ব্রহ্মণ্যো বেদবিদ্বাগ্মী পুণ্যকৃৎ সোমপোঽগ্নিমান্ ॥৫০॥
যষ্টা দাতা চ যোদ্ধা চ সম্যক্ চৈব প্রশাসিতা।
তস্য মামচলশ্রেষ্ঠ! বিদ্ধি ভার্য্যামিহাগতাম্ ॥৫১॥
ত্যক্তশ্রিয়ং ভর্ত্তৃহীনামনাথাং ব্যসনান্বিতাম্।
অন্বেষমাণাং ভর্ত্তারং ত্বং মাং পর্ব্বতসত্তম! ॥৫২॥ (কলাপকম্)
সমুল্লিখদ্ভিরেতৈর্হি ত্বয়া শৃঙ্গশতৈর্নৃপঃ।
কচ্চিদ্‌দৃষ্টোঽচলশ্রেষ্ঠ! বনেঽস্মিন্ দারুণে নলঃ ॥৫৩॥

ভারতকৌমুদী

নিষধেম্বিতি। নিষধেষু তদাখ্যে দেশে। গৃহীতনামা প্রাতঃস্মরণীয়নামা ॥৪৮॥

তস্যেতি। শ্রীমান্ কান্তিমান্। ক্রমপ্রাপ্তম্ উত্তরাধিকারক্রমেণোপস্থিতম্, স্বং স্বত্বাস্পদীভূতম্। পুণ্যঃ শ্লোকো যশো যস্য সঃ, "পদ্যে যশসি চ শ্লোকঃ" ইত্যমরঃ। ব্রহ্মণ্যো ব্রাহ্মণেষু সাধুঃ। সোমপো যজ্ঞে সোমরসপায়ী, অগ্নিমান্ সাগ্নিকঃ। যষ্টা যজ্ঞকর্ত্তা। ত্যক্তশ্রিয়ং হীনকান্তিম্। ব্যসনান্বিতাং বিপদ্‌যুক্তাম্ ॥৪৯—৫২॥

সমিতি। সমুল্লিখদ্ভির্গগনস্পর্শিভিঃ, শৃঙ্গশতৈর্মস্তকস্বরূপৈরিত্যাশয়ঃ ॥৫৩॥

নিষধদেশের অধিপতি, নরশ্রেষ্ঠ এবং প্রাতঃস্মরণীয়নামা মহারাজ বীরসেন আমার শ্বশুর ছিলেন ॥৪৮॥

সেই রাজার পুত্র, মহাবীর, পরমসুন্দর এবং যথার্থবিক্রমশালী যে নল উত্তরাধিকারিক্রমে পিতার রাজ্য শাসন করিতেন, যিনি শত্রুবিজয়ী, 'পুণ্যশ্লোক'-নামে বিখ্যাত, ব্রাহ্মণগণের হিতৈষী, বেদবিৎ, বাগ্মী, পুণ্যকারী, সোমপায়ী, সাগ্নিক, যজ্ঞকারী, দাতা, যোদ্ধা এবং সম্যক্ শাসনকর্ত্তা, হে পর্ব্বতশ্রেষ্ঠ! সেই নলরাজারই আমি ভার্য্যা; কিন্তু সম্প্রতি সেই ভর্ত্তৃপরিত্যক্তা, অনাথা, কান্তিহীনা ও বিপন্না হইয়া সেই ভর্ত্তারই অন্বেষণ করিতে করিতে এখানে আসিয়াছি, ইহাও আপনি অবগত হউন ॥৪৯—৫২॥

পর্ব্বতশ্রেষ্ঠ! আপনি এই সকল গগনস্পর্শী শৃঙ্গদ্বারা এই ভয়ঙ্কর বনমধ্যে নলরাজাকে কি দেখিয়াছেন? ॥৫৩॥

(৫০) নলো নামারিহা শ্যামঃ…বা ব কা নি। (৫১) তস্য মামবলাং শ্রেষ্ঠাম্…বা ব কা।

গজেন্দ্রবিক্রমো ধীমান্ দীর্ঘবাহুরমর্ষণঃ।
বিক্রান্তঃ সত্ত্ববান্ বীরো ভর্ত্তা মম মহাযশাঃ।
নিষধানামধিপতিঃ কচ্চিদ্দৃষ্টস্ত্বয়া নলঃ ॥৫৪॥
কিং মাং বিলপতীমেকাং পর্ব্বতশ্রেষ্ঠ! বিহ্বলাম্।
গিরা নাশ্বাসয়স্যদ্য স্বাং সুতামিব দুঃখিতাম্ ॥৫৫॥
বীর! বিক্রান্ত! ধর্ম্মজ্ঞ! সত্যসন্ধ! মহীপতে!।
যদ্যস্যস্মিন্ বনে রাজন্! দর্শয়াত্মানমাত্মনা ॥৫৬॥
কদা সুস্নিগ্ধগম্ভীরাং জীমূতস্বনসন্নিভাম্।
শ্রোষ্যামি নৈষধস্যাহং বাচং তামমৃতোপমাম্ ॥৫৭॥
বৈদর্ভীত্যেব বিস্পষ্টাং শুভাং রাজ্ঞো মহাত্মনঃ।
আম্নায়সারিণীমৃদ্ধাং মম শোকবিনাশিনীম্।
ভীতামাশ্বাসয় চ মাং নৃপতে! ধর্ম্মবৎসল! ॥৫৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

উক্তমেবার্থমভিমুখীকরণায় পুনরাহ গজেন্দ্রেতি। অমর্ষণো দুঃখাসহিষ্ণুঃ। সত্ত্ববান্ অধ্যবসায়ী। নিষধানাং নিষধদেশস্য। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৪॥

কিমিতি। বিলপতীং বিলপন্তীম্, একাম্ একাকিনীম্। স্বাং নিজাম্ ॥৫৫॥

পর্ব্বতং নিরুত্তরং দৃষ্ট্বা পুনর্নলমুদ্দিশ্যাহ বীরেতি। যদি অসি তিষ্ঠসি ॥৫৬॥

কদেতি। জীমূতস্বনসন্নিভাং মেঘধ্বনিতুল্যাম্। আম্নায়ং বেদং সরতি অনুগচ্ছতীতি তাম্, মৎপক্ষে বেদতুল্যামিত্যর্থঃ, ঋদ্ধাং সৎপদসদর্থসম্পন্নাম্। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৫৭—৫৮॥

গজেন্দ্রের ন্যায় বিক্রমশালী, বুদ্ধিমান্, দীর্ঘবাহু, দুঃখাসহিষ্ণু, অত্যন্তশক্তি-সম্পন্ন, অধ্যবসায়ী, বীর ও মহাযশা নিষধরাজ নলকে কি আপনি দেখিয়া-ছেন? ॥৫৪॥

হা পর্ব্বতশ্রেষ্ঠ! আমি আপনার নিজের কন্যার মত বিহ্বলা ও দুঃখিতা হইয়া একাকিনী বিলাপ করিতেছি, তথাপি আপনি আজ বাক্যদ্বারাও আমাকে আশ্বস্ত করিতেছেন না কেন? ॥৫৫॥

বীর! বিক্রান্ত! ধর্ম্মজ্ঞ! সত্যপ্রতিজ্ঞ! রাজা! আপনি যদি এই বনে থাকেন, তবে নিজেই নিজের দর্শন দান করুন ॥৫৬॥

হায়! মেঘধ্বনির ন্যায় অতিস্নিগ্ধ ও গম্ভীর, অমৃতের ন্যায় মধুর, আমার পক্ষে বেদের তুল্য প্রমাণ, শোকনাশক ও মঙ্গলসূচক এবং উত্তম পদ ও অর্থ-

---

(৫৮,...ভীতামাশ্বাসয়ত মাম্...বা ব কা।

ইতি সা তং গিরিশ্রেষ্ঠমুক্ত্বা পার্থিবনন্দিনী।
দময়ন্তী ততো ভূয়ো জগাম দিশমুত্তরাম্ ॥৫৯॥
সা গত্বা ত্রীনহোরাত্রান্ দদর্শ পরমাঙ্গনা।
তাপসারণ্যমতুলং দিব্যকাননশোভিতম্ ॥৬০॥
বশিষ্ঠভৃগ্বত্রিসমৈস্তাপসৈরুপশোভিতম্।
নিয়তৈঃ সংযতাহারৈর্দমশৌচসমন্বিতৈঃ ॥৬১॥
অব্ভক্ষৈর্বায়ুভক্ষৈশ্চ পর্ণাহারৈস্তথৈব চ।
জিতেন্দ্রিয়ৈর্মহাভাগৈঃ স্বর্গমার্গদিদৃক্ষুভিঃ ॥৬২॥
বল্কলাজিনসংবীতৈর্মুনিভিঃ সংযতেন্দ্রিয়ৈঃ।
তাপসাধ্যুষিতং রম্যং দদর্শাশ্রমমণ্ডলম্ ॥৬৩॥

ভারতকৌমুদী

ইতীতি। গিরিশ্রেষ্ঠং প্রত্যুক্তের্বিশেষত্বাত্তন্মাত্রমুক্তম্, নলং প্রত্যুক্তিস্তু প্রাকরণিকত্বান্নোক্তা ॥৫৯॥

সেতি। তাপসারণ্যং তপোবনম্। সন্নিহিতেন দিব্যকাননেন শোভিতম্ ॥৬০॥

বশিষ্ঠেতি। নিয়তৈর্ব্রতিভিঃ। দমঃ কর্ম্মেন্দ্রিয়নিগ্রহঃ, শৌচং বাহ্যাভ্যন্তরপবিত্রতা তাভ্যাং সমন্বিতৈঃ। অব্ভক্ষৈর্জলমাত্রপায়িভিঃ। অন্যয়োরপ্যেবম্। জিতেন্দ্রিয়ৈর্জ্ঞানেন্দ্রিয়জয়িভিঃ। সংযতেন্দ্রিয়ৈর্মনোজয়িভিঃ। আশ্রমাণাং মণ্ডলং সমূহম্ ॥৬১—৬৩॥

ভারতভাবদীপঃ

বৈদিককর্ম্মণি পরমাত্মনি বা সাধুঃ ॥৪৬—৪৯॥ অগ্নিমান্ নিত্যযোগে মতুপ্, সর্ব্বদৈবাগ্নিবিচ্ছেদশূন্য ইত্যর্থঃ ॥৫০—৫৭॥ আম্নায়সারিণীং বেদানুগাং সত্যামিত্যর্থঃ, ঋদ্ধামদীনাম্। আশ্বাসয়তেতি বহুত্বং বক্তুর্বৈক্লব্যান্ন দোষাবহম্ ॥৫৮—৬১॥ অব্ভক্ষৈরিতি

সম্পন্ন 'বৈদর্ভি!' এই প্রকার নলরাজার বাক্য আবার কবে শুনিতে পাইব। হা ধর্ম্মবৎসল রাজা। আমি ভীত হইয়া পড়িয়াছি, আমাকে আশ্বস্ত করুন' ॥৫৭—৫৮॥

রাজনন্দিনী দময়ন্তী এই ভাবে পর্ব্বতশ্রেষ্ঠকে বলিয়া, তাহার পর আবার উত্তরদিকে গমন করিতে লাগিলেন ॥৫৯॥

নারীশ্রেষ্ঠ দময়ন্তী তিন অহোরাত্র উত্তরদিকে যাইয়া দিব্যবনসন্নিধানে একটী অতুলনীয় তপোবন দেখিতে পাইলেন ॥৬০॥

সেই তপোবনের মধ্যে অনেকগুলি মনোহর আশ্রম দেখিলেন; তত্রত্য তপস্বীরা সকলেই ব্রতপরায়ণ, সংযতাহার, পবিত্র, মহাত্মা, স্বর্গলিপ্সু এবং বল্কল ও অজিনধারী ছিলেন, আর কর্ম্মেন্দ্রিয়, জ্ঞানেন্দ্রিয় ও অন্তরিন্দ্রিয় জয় করিয়াছিলেন এবং তাঁহাদের মধ্যে অনেকে জলমাত্র পান করিতেন, অনেকে

নানামৃগগণৈর্জুষ্টং শাখামৃগগণায়ুতম্ ।
তাপসৈঃ সমুপেতঞ্চ সা দৃষ্ট্বৈব সমাশ্বসৎ ॥৬৪॥
সুভ্রূঃ সুকেশী সুশ্রোণী সুকুচা সুদ্বিজাননা ।
বর্চ্চস্বিনী সুপ্রতিষ্ঠা স্বসিতায়তলোচনা ॥৬৫॥
সা বিবেশাশ্রমপদং বীরসেনসুতপ্রিয়া ।
যোষিদ্রত্নং মহাভাগা দময়ন্তী তপস্বিনী ॥৬৬॥ (যুগ্মকম্)
সাভিবাদ্য তপোবৃদ্ধান্ বিনয়াবনতা স্থিতা ।
স্বাগতং ত ইতি প্রোক্তা তৈঃ সর্ব্বৈস্তাপসোত্তমৈঃ ॥৬৭॥
পূজাঞ্চাস্যা যথান্যায়ং কৃত্বা তত্র তপোধনাঃ ।
আস্যতামিত্যথোচুস্তে ব্রূহি কিং করবামহে ॥৬৮॥

ভারতকৌমুদী

নানেতি। জুষ্টং সেবিতম্। শাখামৃগাণাং বানরাণাং গণেন আয়ুতং যুক্তম্ ॥৬৪॥

সুভ্রূরিতি। সুশ্রোণী সুনিতম্বা, সুকুচা সুস্তনী, শোভনা দ্বিজা দন্তা যস্মিন্ তৎ সুদ্বিজম্ আননং যস্যাঃ সা, বর্চ্চস্বিনী তেজস্বিনী লাবণ্যবতীত্যর্থঃ, সুষ্ঠু প্রতিষ্ঠা অবস্থিতির্যস্যাঃ সা, শোভনে অসিতে কৃষ্ণে আয়তে দীর্ঘে চ লোচনে যস্যাঃ সা। বীরসেনসুতস্য নলস্য প্রিয়া। তপস্বিনী শোচ্যা ॥৬৫—৬৬॥

সেতি। সা দময়ন্তী। তে তব, স্বাগতং সুখেনাগমনং জাতম্ ॥৬৭॥

ভারতভাবদীপঃ

সর্ব্বং বাক্যং সাবধারণমিতি ন্যায়েন অম্বুমাত্রভক্ষৈরিত্যর্থঃ ॥৬২—৬৪॥ সুদ্বিজাননা শোভনদন্তযুক্তমুখী, বর্চ্চস্বিনী ধর্ম্মজেন তেজসা যুক্তা, সুপ্রতিষ্ঠা সুজঘনা প্রতিতিষ্ঠত্যস্মিন্নিতি

বায়ুমাত্র ভোজন করিতেন, আর অনেকে বৃক্ষের পত্রমাত্র আহার করিতেন ॥৬১—৬৩॥

আর, সেই তপোবনে নানাবিধ হরিণ ও বানর বিচরণ করিত এবং বহুতর তপস্বী বাস করিতেন ; এ হেন তপোবন দেখিয়াই দময়ন্তী আশ্বস্ত হইলেন ॥৬৪॥

যাঁহার ভ্রূযুগল, কেশকলাপ, নিতম্বযুগল, স্তনযুগল, দন্তসমূহ, অঙ্গের লাবণ্য ও অবস্থানের ভঙ্গী সুন্দর ছিল এবং নয়নযুগল কৃষ্ণবর্ণ, আয়ত ও মনোহর ছিল, সেই নলপ্রিয়া, রমণীরত্ন, মহাভাগা, অথ চ শোচনীয়া দময়ন্তী সেই আশ্রমে প্রবেশ করিলেন ॥৬৫—৬৬॥

তিনি বৃদ্ধ তপস্বীদিগকে নমস্কার করিয়া বিনয়ে অবনত হইয়া রহিলেন ; তখন সেই সকল শ্রেষ্ঠ তপস্বীরা তাঁহাকে বলিলেন—'আপনার সুখে আগমন হইয়াছে ত ?' ॥৬৭॥

---

(৬৭)···তৈঃ সর্ব্বৈস্তাপসৈশ্চ সা—বা ব,···তৈঃ সর্ব্বৈস্তাপসৈর্বনে—কা।

তানুবাচ বরারোহা কচ্চিদ্ভগবতামিহ।
তপস্যগ্নিষু ধর্ম্মেষু মৃগপক্ষিষু চানঘাঃ ॥৬৯॥
কুশলং বো মহাভাগাঃ! স্বধর্ম্মাচরণেষু চ।
তৈরুক্তা কুশলং ভদ্রে! সর্ব্বত্রেতি যশস্বিনি! ॥৭০॥
ব্রূহি সর্ব্বানবদ্যাঙ্গি! কা ত্বং কিঞ্চ চিকীর্ষসি।
দৃষ্ট্বৈব তে পরং রূপং দ্যুতিঞ্চ পরমামিহ ॥৭১॥
বিস্ময়ো নঃ সমুৎপন্নঃ সমাশ্বসিহি মা শুচঃ।
অস্যারণ্যস্য দেবী ত্বমুতাহোঽস্য মহীভৃতঃ ॥৭২॥ (যুগ্মকম্)
অস্যাশ্চ নদ্যাঃ কল্যাণি! বদ সত্যমনিন্দিতে!।
সাব্রবীত্তানৃষীন্ নাহমরণ্যস্যাস্য দেবতা ॥৭৩॥
ন চাপ্যস্য গিরের্বিপ্রাঃ! নৈব নদ্যাশ্চ দেবতা।
মানুষীং মাং বিজানীত যূয়ং সর্ব্বে তপোধনাঃ ॥৭৪॥

ভারতকৌমুদী

পূজামিতি। পূজাং সম্মানম্। আস্যতাম্ উপবিশ্যতাম্। তে তপোধনাঃ ॥৬৮॥

তানিতি। বরৌ উত্তমৌ আরোহৌ নিতম্বৌ যস্যাঃ সা বরারোহা দময়ন্তী, তান্ তপোধনানুবাচ। ইহ ভগবতাং ভবতাম্, তপসি, অগ্নিষু হোমসাধকেষু, ধর্ম্মেষু, মৃগপক্ষিষু চ, অনঘা ভবন্তো নির্বিপদঃ কচ্চিৎ এষাং বিপন্নাস্তি কিমিত্যর্থঃ ॥৬৯॥

কুশলমিতি। বো যুষ্মাকম্। তৈস্তপোধনৈঃ, ইতি উক্তা দময়ন্তী ॥৭০॥

ব্রূহীতি। দ্যুতিং কান্তিম্। উতাহোঽস্যেতি অকারলোপ আর্ষঃ ॥৭১—৭২॥

অস্যা ইতি। অস্যা নদ্যাশ্চ দেবী ত্বমিতি পূর্ব্বানুকর্ষঃ। সা দময়ন্তী ॥৭৩॥

এবং তপস্বীরা যথানিয়মে উঁহার সম্মান করিয়া বলিলেন যে, আপনি উপবেশন করুন এবং আমরা আপনার কি করিব—বলুন' ॥৬৮॥

দময়ন্তী তাঁহাদিগকে বলিলেন—'এখানে আপনাদের তপস্যা, হোমাগ্নি, ধর্ম্ম ও পশু-পক্ষীদিগের কোন বিপদ নাই ত? ॥৬৯॥

মহাশয়গণ! আপনাদের ধর্ম্মাচরণের মঙ্গল ত?'। তাঁহারা বলিলেন—'ভদ্রে! যশস্বিনি! আমাদের সর্ব্বত্র মঙ্গল ॥৭০॥

সর্ব্বাঙ্গসুন্দরি! বল—তুমি কে? কি করিতেই বা ইচ্ছা করিতেছ? তোমার পরম রূপ এবং গুরুতর তেজ দেখিয়াই আমাদের বিস্ময় জন্মিয়াছে; তুমি আশ্বস্ত হও, শোক করিও না। তুমি কি এই বনের দেবী? না—এই পর্ব্বতের দেবী? ॥৭১—৭২॥

অথবা, এই নদীর দেবী? কল্যাণি! অনিন্দিতে! সত্য বল'। তখন দময়ন্তী সেই ঋষিগণকে বলিলেন—'আমি এই বনের দেবতা নহি ॥৭৩॥

বিস্তরেণাভিধাস্যামি তন্মে শৃণুত সর্ব্বশঃ।
বিদর্ভেষু মহীপালো ভীমো নাম মহাদ্যুতিঃ ॥৭৫॥
তস্য মাং তনয়াং সর্ব্বে জানীত দ্বিজসত্তমাঃ !।
নিষধাধিপতির্ধীমান্ নলো নাম মহাযশাঃ ॥৭৬॥
বীরঃ সংগ্রামজিদ্বিদ্বান্ মম ভর্ত্তা বিশাং পতিঃ।
দেবতাভ্যর্চ্চনপরো দ্বিজাতিজনবৎসলঃ ॥৭৭॥
গোপ্তা নিষধবংশস্য মহাতেজা মহাবলঃ।
সত্যবান্ ধর্ম্মবিৎ প্রাজ্ঞঃ সত্যসন্ধোঽরিমর্দ্দনঃ ॥৭৮॥
ব্রহ্মণ্যো দৈবতপরঃ শ্রীমান্ পরপুরঞ্জয়ঃ।
নলো নাম নৃপশ্রেষ্ঠো দেবরাজসমদ্যুতিঃ ॥৭৯॥ (কলাপকম্)
স মে ভর্ত্তা বিশালাক্ষঃ পূর্ণেন্দুবদনোঽরিহা।
আহর্ত্তা ক্রতুমুখ্যানাং বেদবেদাঙ্গপারগঃ ॥৮০॥

ভারতকৌমুদী

নেতি। গিরিরয়ং পূর্ব্বদৃষ্টাদন্যঃ, দিনত্রয়গমনাৎ পরং তস্য গিরেদর্শনাসম্ভবাৎ ॥৭৪॥

বিস্তরেণেতি। সর্ব্বশঃ সর্ব্বে যূয়ম্। মহীপালঃ, অস্তীতি শেষঃ ॥৭৫॥

তস্যেতি। তস্য ভীমস্য। বিশাং প্রজানাম্। দ্বিজাতিজনবৎসলো ব্রাহ্মণক্ষত্রিয়-বৈশ্যপ্রিয়ঃ। গোপ্তা রক্ষিতা। সত্যসন্ধঃ সত্যপ্রতিজ্ঞঃ। ব্রহ্মণ্যো ব্রাহ্মণেষু সাধুঃ, দৈবত-পরো দেবতাধ্যানপরায়ণঃ, পূর্ব্বং দেবতাভ্যর্চ্চনপর ইত্যাদ্যভিধানাৎ ॥৭৬—৭৯॥

স ইতি। বিশালাক্ষো দীর্ঘনেত্রঃ, অরিহা শত্রুহন্তা, আহর্ত্তা অনুষ্ঠাতা। সপত্নানাং

কিংবা এই পর্ব্বত বা এই নদীরও দেবতা নহি। তপোধন ব্রাহ্মণগণ! আপনারা সকলে আমাকে মানুষী বলিয়া জানুন ॥৭৪॥

আমি বিস্তরক্রমে বলিতেছি, তাহা আপনারা সকলে শ্রবণ করুন,—বিদর্ভদেশে 'ভীম'— নামে এক মহাতেজা রাজা আছেন ॥৭৫॥

ব্রাহ্মণশ্রেষ্ঠগণ! আমাকে তাঁহার কন্যা বলিয়া আপনারা সকলে অবগত হউন। আর, বুদ্ধিমান্, যশস্বী, বীর, যুদ্ধবিজয়ী, বিদ্বান্ এবং প্রজাপালক নিষধরাজ নল আমার ভর্ত্তা; তিনি দেবতাপূজাপরায়ণ, দ্বিজাতিবৎসল, নিষধ-বংশের রক্ষক, মহাতেজা, মহাবল, সত্যপরায়ণ, ধর্ম্মজ্ঞ, প্রাজ্ঞ, সত্যপ্রতিজ্ঞ, শত্রুবিজেতা, ব্রাহ্মণহিতৈষী, দেবতাধ্যানতৎপর, কান্তিসম্পন্ন, শত্রুনগরবিজয়ী এবং ইন্দ্রের তুল্য তেজীয়ান্ শ্রেষ্ঠ রাজা ॥৭৬—৭৯॥

---

[৭৫]…ভীমো নাম মহীপতিঃ—বা ব কা নি।

সপত্নানাং মৃধে হন্তা রবিসোমসমপ্রভঃ।
স কৈশ্চিন্নিকৃতিপ্রজ্ঞৈরনার্য্যৈরকৃতাত্মভিঃ ॥৮১॥
আহূয় পৃথিবীপালঃ সত্যধর্ম্মপরায়ণঃ।
দেবনে কুশলৈর্জ্জিহ্মৈর্জ্জিতো রাজ্যং বসূনি চ ॥৮২॥ (বিশেষকম্)
তস্য মামবগচ্ছধ্বং ভার্য্যাং রাজর্ষভস্য বৈ।
দময়ন্তীতি বিখ্যাতাং ভর্ত্তুর্দর্শনলালসাম্ ॥৮৩॥
সা বনানি গিরীংশ্চৈব সরাংসি সরিতস্তথা।
পল্বলানি চ সর্ব্বাণি তথারণ্যানি সর্ব্বশঃ ॥৮৪॥
অন্বেষমাণা ভর্ত্তারং নলং রণবিশারদম্।
মহাত্মানং কৃতাস্ত্রঞ্চ বিচরামীহ দুঃখিতা ॥৮৫॥ (যুগ্মকম্)
কচ্চিদ্ভগবতাং পুণ্যং তপোবনমিদং নৃপঃ।
ভবেৎ প্রাপ্তো নলো নাম নিষধানাং জনাধিপঃ ॥৮৬॥

ভারতকৌমুদী

শত্রূণাম্, মৃধে যুদ্ধে। বক্তৃদময়ন্ত্যা উন্মত্তত্বাদত্র পুনরুক্ত্যাদয়ো দোষাঃ সোঢ়ব্যাঃ। নিকৃতিপ্রজ্ঞৈঃ শাঠ্যনিপুণৈঃ, অনার্য্যৈরসভ্যৈঃ, অকৃতাত্মভিরশিক্ষিতৈঃ। অত্র বহুবচনাদ্দ্যূতক্রীড়াসময়ে পুষ্করপক্ষে অপরেঽপ্যাসন্নিতি প্রতীয়তে। দেবনে দ্যূতক্রীড়ায়াম্, জিহ্মৈঃ কুটিলৈঃ। বসূনি ধনানি ॥৮০—৮২॥

তস্যেতি। অবগচ্ছধ্বং জানীত। আত্মনেপদমার্ষম্। দর্শনে লালসামিচ্ছুম্ ॥৮৩॥

সেতি। সা অহম্, বনানি উপবনানি, অরণ্যানীতি পৃথগুপাদানাৎ। পল্বলানি ক্ষুদ্রজলাশয়ান্। কৃতাস্ত্রং শিক্ষিতাস্ত্রম্ ॥৮৪—৮৫॥

আমার ভর্ত্তা সেই আয়তনয়ন, পূর্ণচন্দ্রবদন, শত্রুহন্তা, প্রধান প্রধান যজ্ঞের অনুষ্ঠাতা, বেদ ও বেদাঙ্গের পারদর্শী, যুদ্ধে বিপক্ষবিজয়ী, চন্দ্র ও সূর্য্যের তুল্য তেজস্বী এবং সত্য ও ধর্ম্মপরায়ণ নলরাজাকে আহ্বান করিয়া কতকগুলি শাঠ্যনিপুণ, অসভ্য, অশিক্ষিত, ক্রীড়াদক্ষ ও কুটিলপ্রকৃতি লোক দ্যূতক্রীড়ায় তাঁহার রাজ্য ও ধন জয় করিয়া নিয়াছে ॥৮০ - ৮২॥

আপনারা অবগত হউন যে, আমি সেই রাজশ্রেষ্ঠ নলের ভার্য্যা; আমার নাম—'দময়ন্তী'; আমি ভর্ত্তাকে দেখিবার ইচ্ছা করিতেছি ॥৮৩॥

সুতরাং যুদ্ধবিশারদ, উদারচেতা ও অস্ত্রে সুশিক্ষিত সেই ভর্ত্তা নলকে অন্বেষণ করিতে প্রবৃত্ত হইয়া দুঃখিত অবস্থায় আমি এখন উপবন, পর্ব্বত, সরোবর, নদী, সমস্ত ক্ষুদ্রজলাশয় এবং সমস্ত অরণ্যে বিচরণ করিতেছি ॥৮৪-৮৫॥

---

[৮৬] কচ্চিদ্ভগবতাং রম্যম্…বা ব কা নি।

যৎকৃতেঽহমিদং ব্রহ্মন্ ! প্রপন্না ভৃশদারুণম্ ।
বনং প্রতিভয়ং ঘোরং শার্দ্দূলমৃগসেবিতম্ ॥৮৭॥
যদি কৈশ্চিদহোরাত্রৈর্ন দ্রক্ষ্যামি নলং নৃপম্ ।
আত্মানং শ্রেয়সা যোক্ষ্যে দেহস্যাস্য বিমোচনাৎ ॥৮৮॥
কো নু মে জীবিতেনার্থস্তমৃতে পুরুষর্ষভম্ ।
কথং ভবিষ্যাম্যদ্যাহং ভর্ত্তৃশোকাভিপীড়িতা ॥৮৯॥
এবং বিলপতীমেকামরণ্যে ভীমনন্দিনীম্ ।
দময়ন্তীমথোচুস্তে তাপসাঃ সত্যবাদিনঃ ॥৯০॥
উদর্কস্তব কল্যাণি ! কল্যাণো ভবিতা শুভে ! ।
বয়ং পশ্যাম তপসা ক্ষিপ্রং দ্রক্ষ্যসি নৈষধম্ ॥৯১॥

ভারতকৌমুদী

কচ্চিদিতি। ভগবতাং ভবতাম্। প্রাপ্ত আগতঃ। কচ্চিৎ ইতি বেদিতুমিচ্ছামি ॥৮৬॥
যদিতি। যৎকৃতে যস্য নলস্য নিমিত্তে। প্রপন্না প্রাপ্তা। প্রতিভয়ং ভয়ঙ্করম্। একার্থে অনেকশব্দপ্রয়োগো বক্তৃদময়ন্ত্যা উন্মত্তত্বাৎ সোঢ়ব্যঃ। এবমন্যত্রাপি ॥৮৭॥
যদীতি। শ্রেয়সা মঙ্গলময়েন লোকান্তরেণ; মঙ্গলময়ত্বঞ্চাত্রত্যশোকাদিহানাৎ ॥৮৮॥
অথ কথং ম্রিয়েথা ইত্যাহ ক ইতি। অর্থঃ প্রয়োজনম্, ঋতে বিনা, কথং কীদৃশী ॥৮৯॥
এবমিতি। বিলপতীং বিলপন্তীম্, একাম্ একাকিনীম্ ॥৯০॥

ভারতভাবদীপঃ

প্রতিষ্ঠশব্দো জঘনবাচী ॥৬৫॥ বীরসেনসুতস্য নলস্য প্রিয়া ॥৬৬—৮৭॥ শ্রেয়সা মোক্ষেণ, যোক্ষ্যে যোজয়িষ্যে যোগবলেন দেহং ত্যক্ত্বা মোক্ষং প্রাপ্স্যে ইত্যর্থঃ। অন্যথা আত্মহত্যা-

তাই জানিতে ইচ্ছা করি যে, নিষধাধিপতি নলরাজা আপনাদের এই পবিত্র তপোবনে আসিয়াছেন কি ? ॥৮৬॥

ব্রাহ্মণ। যাঁহার জন্য আমি এই ব্যাঘ্র ও অন্যান্য পশুগণে পরিপূর্ণ ভয়ঙ্কর বনে আসিয়াছি ॥৮৭॥

যদি আমি কয়েক দিনের মধ্যে নলরাজাকে দেখিতে না পাই, তবে এই দেহ পরিত্যাগ করিয়া মঙ্গলময় পরলোকে গমন করিব ॥৮৮॥

কারণ, সেই পুরুষশ্রেষ্ঠ ব্যতীত আমার জীবনের প্রয়োজন কি ? আমি ভর্ত্তৃশোকে পীড়িত থাকিয়া কি প্রকার হইয়া যাইব ॥৮৯॥

একাকিনী ভীমনন্দিনী দময়ন্তী বনমধ্যে এইরূপ বিলাপ করিতে লাগিলেন ; তখন সেই সত্যবাদী তপস্বীরা তাঁহাকে বলিলেন— ॥৯০॥

[৯০]...তাপসাঃ সত্যদর্শিনঃ...বা ব কা।

নিষধানামধিপতিং নলং রিপুনিপাতিনম্।
ভৈমি! ধর্ম্মভৃতাং শ্রেষ্ঠং দ্রক্ষ্যসে বিগতজ্বরম্ ॥৯২॥
বিমুক্তং সর্ব্বপাপেভ্যঃ সর্ব্বরত্নসমন্বিতম্।
তদেব নগরং শ্রেষ্ঠং প্রশাসতমরিন্দমম্ ॥৯৩॥
দ্বিষতাং ভয়কর্ত্তারং সুহৃদাং শোকনাশনম্।
পতিং দ্রক্ষ্যসি কল্যাণি! কল্যাণাভিজনং নৃপম্ ॥৯৪॥ (যুগ্মকম্)
এবমুক্ত্বা নলস্যেষ্টাং মহিষীং পার্থিবাত্মজাম্।
অন্তর্হিতাস্তাপসাস্তে সাগ্নিহোত্রাশ্রমাস্তথা ॥৯৫॥
সা দৃষ্ট্বা মহদাশ্চর্য্যং বিস্মিতা হ্যভবত্তদা।
দময়ন্ত্যনবদ্যাঙ্গী বীরসেননৃপস্নুষা ॥৯৬॥
কিং নু স্বপ্নো ময়া দৃষ্টঃ কোঽয়ং বিধিরিহাভবৎ।
ক নু তে তাপসাঃ সর্ব্বে ক তদাশ্রমমণ্ডলম্ ॥৯৭॥

ভারতকৌমুদী

উদর্ক ইতি। উদর্কো ভাবিফলম্, "উদর্কঃ ফলমুত্তরম্" ইত্যমরঃ ॥৯১॥

নিষধানামিতি। বিগতজ্বরং তিরোহিতসন্তাপম্, রাজ্যাদীনাং পুনর্লাভাৎ ॥৯২॥

বিমুক্তমিতি। সর্বপাপেভ্যঃ পাপজনিতসর্ব্বকষ্টেভ্যঃ। প্রশাসতং শিষ্টানুগ্রহদুষ্টনিগ্রহাদিনা পালয়ন্তম্। কল্যাণাভিজনং মঙ্গলময়কুলোৎপন্নম্ ॥৯৩—৯৪॥

এবমিতি। ইষ্টাং প্রিয়তমাম্। অগ্নিহোত্রৈরাশ্রমৈশ্চ সহেতি সাগ্নিহোত্রাশ্রমাঃ ॥৯৫॥

সেতি। বিস্মিতা অভবৎ, কলের্মায়েত্যনবগমাদিতি ভাবঃ। স্নুষা পুত্রবধূঃ ॥৯৬॥

কল্যাণি! তোমার ভাবী ফল ভালই হইবে; আমরা যোগবলে দেখিতেছি—তুমি শীঘ্রই নলরাজাকে দেখিতে পাইবে ॥৯১॥

দময়ন্তি! শত্রুহন্তা ও ধার্ম্মিকশ্রেষ্ঠ নিষধরাজ নলকে সন্তাপশূন্য অবস্থাতেই তুমি দেখিতে পাইবে ॥৯২॥

কল্যাণি! শত্রুহন্তা ও সৎকুলজাত নলরাজা সমস্ত কষ্ট হইতে বিমুক্ত হইয়া এবং সমস্ত রত্ন লাভ করিয়া সেই শ্রেষ্ঠ নগরই শাসন করিবেন, শত্রুদিগের ভয় জন্মাইবেন এবং বন্ধুদিগের শোক নাশ করিবেন; এই অবস্থাতেই তুমি তাঁহাকে দেখিতে পাইবে' ॥৯৩—৯৪॥

নলের প্রিয়তমা মহিষী রাজনন্দিনী দময়ন্তীকে এইরূপ বলিয়া সেই তপস্বীরা অগ্নিহোত্র ও আশ্রমের সহিত অন্তর্হিত হইলেন ॥৯৫॥

বীরসেনরাজার পুত্রবধূ অনিন্দ্যসুন্দরী দময়ন্তী তখন সেই গুরুতর আশ্চর্য্য দেখিয়া বিস্ময়াপন্ন হইলেন (এবং মনে মনে ভাবিলেন—) ॥৯৬॥

(৯৩)…সর্ব্বরত্নবিভূষিতম্…পি। (৯৫)…তাপসাস্তর্হিতাঃ সর্ব্বে…বা ব কা।

অন্নসংস্কারমপি চ জানাম্যন্যৈর্বিশেষতঃ ॥৩॥

যানি শিল্পানি লোকেঽস্মিন্ যচ্চৈবান্যৎ সুদুষ্করম্।
সর্বং যতিষ্যে তৎ কর্ত্তুমৃতুপর্ণ! ভরস্ব মাম্ ॥৪॥

ঋতুপর্ণ উবাচ।

বস বাহুক! ভদ্রং তে সর্ব্বমেতৎ করিষ্যসি।
শীঘ্রযানে সদা বুদ্ধির্ধ্রিয়তে মে বিশেষতঃ ॥৫॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। নৈষধো নলঃ দশমেঽহনি ঋতুপর্ণস্য নগরং প্রযযৌ প্রাবিশচ্চ ॥১॥

স ইতি। উপাতিষ্ঠৎ উপাগচ্ছৎ। বাহনে সঞ্চালনে, যুক্তো নিপুণঃ ॥২॥

অর্থেতি। অর্থকৃচ্ছ্রেষু কর্ত্তব্যসঙ্কটেষু, নৈপুণেষু নিপুণকার্য্যেষু। অন্নসংস্কারং খাদ্যনির্ম্মাণম্। অন্যৈরন্যজনেভ্যঃ ॥৩॥

যানীতি। সুদুষ্করং কর্ম্ম। ভরস্ব বেতনাদিদানেন ভর ॥৪॥

বসেতি। তে তব ভদ্রং মঙ্গলং ভবিষ্যতি। বুদ্ধিরভিপ্রায়ঃ, মে ময়া ॥৫॥

বৃহদশ্ব বলিলেন—কর্কোটকনাগ অন্তর্হিত হইলে, নিষধরাজ নল দশম দিনের দিন ঋতুপর্ণরাজার নগরে গমন করিলেন এবং প্রবেশ করিলেন ॥১॥

নল ঋতুপর্ণরাজার নিকট উপস্থিত হইয়া 'আমার নাম—বাহুক' এই কথা বলিয়া বলিলেন—'আমার তুল্য অশ্বচালননিপুণ লোক পৃথিবীতে নাই ॥২॥

কর্ত্তব্যসঙ্কটে এবং নিপুণকার্য্যে আমার নিকট পরামর্শ জিজ্ঞাসা করিবেন; আর আমি খাদ্যবস্তুনির্ম্মাণও অন্য অপেক্ষা বিশেষভাবে জানি ॥৩॥

রাজা! এই জগতে যে কিছু শিল্পকার্য্য আছে এবং অন্য যে কিছু অতিদুষ্কর কার্য্য আছে, সে সমস্তই আমি সম্পাদন করিবার চেষ্টা করিব; আপনি আমাকে ভরণ করুন' ॥৪॥

স ত্বমাতিষ্ঠ যোগং তং যেন শীঘ্রা হয়া মম।
ভবেয়ুরশ্বাধ্যক্ষোঽসি বেতনং তে শতং শতাঃ ॥৬॥
ত্বামুপস্থাস্যতশ্চৈব নিত্যং বার্ষ্ণেয়জীবলৌ।
এতাভ্যাং রংস্যসে সার্দ্ধং বস বৈ ময়ি বাহুক! ॥৭॥

বৃহদশ্ব উবাচ।

এবমুক্তো নলস্তেন ন্যবসত্তত্র পূজিতঃ।
ঋতুপর্ণস্য নগরে সহবার্ষ্ণেয়জীবলঃ ॥৮॥
স বৈ তত্রাবসদ্রাজা বৈদর্ভীমনুচিন্তয়ন্।
সায়ং সায়ং সদা চেমং শ্লোকমেকং জগাদ হ ॥৯॥

ভারতকৌমুদী

স ইতি। স ত্বম্, তং যোগমুপায়ম্, আতিষ্ঠ অবলম্বস্ব; যেন মম হয়া অশ্বাঃ, শীঘ্রাঃ শীঘ্রগামিনো ভবেয়ুঃ। অশ্বাধ্যক্ষোঽসি, শতং শতাঃ শতানি সহস্রমুদ্রা ইত্যর্থঃ, তে তব বেতনম্। এতদ্বার্ষিকং মন্তব্যম্, অপরীক্ষিতস্য মাসিকত্বানৌচিত্যাৎ ॥৬॥

ত্বামিতি। বার্ষ্ণেয়ো নাম নলসারথিঃ পূর্ব্বমৃতুপর্ণমাশ্রিতঃ, জীবলো নাম ঋতুপর্ণস্য পূর্ব্ব-সারথিঃ, এতৌ, ত্বাম্, নিত্যমুপস্থাস্যতঃ সেবিষ্যেতে। রংস্যসে আমোদিষ্যসে ॥৭॥

এবমিতি। পূজিতঃ সম্মানিতঃ। বার্ষ্ণেয়জীবলাভ্যাং সহেতি সহবার্ষ্ণেয়জীবলঃ ॥৮॥

স ইতি। রাজা নলঃ। সদা সায়ং সায়ং প্রত্যহমেব সন্ধ্যাকালে ॥৯॥

ঋতুপর্ণ বলিলেন—'বাহুক। তুমি থাক, তোমার ভাল হইবে, তুমি এ সমস্তই করিবে। আমি সর্ব্বদাই বিশেষ দ্রুতগমনে ইচ্ছা করিয়া থাকি ॥৫॥

তুমি সেই উপায় অবলম্বন কর, যাহাতে আমার অশ্বগুলি দ্রুতগামী হয়; তুমি আমার অশ্বাধ্যক্ষ হইলে, তোমার বার্ষিক বেতন দশহাজার মুদ্রা নির্দ্দিষ্ট থাকিল ॥৬॥

(আমার পূর্ব্বসারথি-) বার্ষ্ণেয় ও জীবল সর্ব্বদাই তোমার সেবা করিবে; সুতরাং তুমি উহাদের সহিত আমোদ অনুভব করিতে পারিবে। অতএব বাহুক। তুমি আমার নিকটেই থাক' ॥৭॥

বৃহদশ্ব বলিলেন—'ঋতুপর্ণ রাজা এইরূপ বলিলে, নল তৎকর্ত্তৃক সম্মানিত হইয়া বার্ষ্ণেয় ও জীবলের সহিত সেই ঋতুপর্ণরাজার পুরীতেই বাস করিতে লাগিলেন ॥৮॥

নলরাজা দময়ন্তীকে স্মরণ করিতে থাকিয়া সেখানে বাস করিতে থাকিলেন এবং প্রত্যহ সন্ধ্যাকালে তিনি এই শ্লোক পাঠ করিতেন—॥৯॥

(৭)···বার্ষ্ণেয়জীবনৌ···পি।

ক নু সা ক্ষুৎপিপাসার্ত্তা শ্রান্তা শেতে তপস্বিনী।
স্মরন্তী তস্য মন্দস্য কং বা সাঽদ্যোপতিষ্ঠতি ॥১০॥
এবং ব্রুবন্তং রাজানং নিশায়াং জীবলোঽব্রবীৎ।
কামেনাং শোচসে নিত্যং শ্রোতুমিচ্ছামি বাহুক! ॥১১॥
আয়ুষ্মন্! কস্য সা নারী যামেবমনুশোচসি।
তমুবাচ নলো রাজা মন্দপ্রজ্ঞস্য কস্যচিৎ ॥১২॥
আসীদ্বহুমতা নারী তস্যা দৃঢ়তরশ্চ সঃ।
স বৈ কেনচিদর্থেন তয়া মন্দো ব্যযুজ্যত ॥১৩॥ (যুগ্মকম্)
বিপ্রযুক্তঃ স মন্দাত্মা ভ্রমত্যসুখপীড়িতঃ।
দহ্যমানঃ স শোকেন দিবারাত্রমতন্দ্রিতঃ ॥১৪॥

ভারতকৌমুদী

কেতি। সা দময়ন্তী। তপস্বিনী দীনা। তস্য মন্দস্যেতি কর্ম্মণি ষষ্ঠী ॥১০॥
এবমিতি। রাজানং নলম্। নিশায়াং প্রত্যহং রাত্রৌ। অব্রবীৎ কদাচিৎ ॥১১॥
আয়ুষ্মন্নিতি। মন্দপ্রজ্ঞস্য অল্পবুদ্ধেঃ কস্যচিৎ পুরুষস্য বহুমতা অত্যাদৃতা নারী আসীৎ, স পুরুষশ্চ তস্যা নার্য্যা দৃঢ়তরঃ প্রগাঢ়প্রিয় আসীৎ। অর্থেন প্রয়োজনেন ॥১২—১৩॥
বিপ্রেতি। বিপ্রযুক্তো ভার্য্যাতো বিচ্ছিন্নঃ। স স ইতি শোকবৈক্লব্যাদ্দ্বিরুক্তিঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

তস্মিন্নিতি ॥১—৫॥ শতং শতাঃ শতানি মাসিকং বেতনং দশসহস্রং সুবর্ণা ইত্যর্থঃ ॥৬—৯॥ তস্য মন্দস্য, তং মন্দম্ উপতিষ্ঠতি জীবনার্থমিতি শেষঃ ॥১০—১২॥ অদৃঢ়তরং

'ক্ষুৎপিপাসার্ত্তা ও পরিশ্রান্তা সেই দীনা রমণী আজ কোথায় শয়ন করিতেছে এবং সেই অল্পবুদ্ধিকে স্মরণ করিয়া আজ কাহারই বা আশ্রয় লইয়াছে' ॥১০॥

নলরাজা প্রত্যহ রাত্রিতেই এইরূপ বলিতেন; তখন একদিন জীবল বলিল—'বাহুক! তুমি প্রত্যহই কোন্ রমণীর জন্য এই শোক কর, আমি শুনিতে ইচ্ছা করি ॥১১॥

আয়ুষ্মন্! সে নারী কাহার? তুমি যাহার জন্য এইরূপ শোক করিতেছ'। নলরাজা সেই জীবলকে বলিলেন—'কোন অল্পবুদ্ধি পুরুষের অত্যন্ত আদরের পাত্র এক নারী ছিল, সেই পুরুষও সেই নারীর প্রগাঢ় প্রণয়ের পাত্র ছিল; কিন্তু সেই অল্পবুদ্ধি পুরুষ কোন প্রয়োজনে সেই নারীর সহিত বিচ্ছিন্ন হইয়াছে ॥১২—১৩॥

সেই ভার্য্যাবিচ্ছিন্ন পুরুষ দিবারাত্র দুঃখে পীড়িত এবং শোকে দগ্ধ হইতে থাকিয়া অনবরত ভ্রমণ করিতেছে ॥১৪॥

---

(১৩)…তস্যাদৃঢ়তরং বচঃ…বা ব কা।

নিশাকালে স্মরংস্তস্যাঃ শ্লোকমেবং স গায়তি ।
স বৈ ভ্রমন্ মহীং সর্ব্বাং ক্বচিদাসাদ্য কিঞ্চন ॥১৫॥
বসত্যনর্হস্তদ্দুঃখং ভূয় এবানুসংস্মরন্ ।
সা তু তং পুরুষং নারী কৃচ্ছ্রেঽপ্যনুগতা বনে ॥১৬॥ (যুগ্মকম্)
ত্যক্তা তেনাল্পপুণ্যেন দুষ্করং যদি জীবতি ।
একা বালানভিজ্ঞা চ মার্গাণামতথোচিতা ॥১৭॥
ক্ষুৎপিপাসাপরীতাঙ্গী দুষ্করং যদি জীবতি ।
শ্বাপদাচরিতে নিত্যং বনে মহতি দারুণে ।
ত্যক্তা তেনাল্পভাগ্যেন মন্দপ্রজ্ঞেন মারিষ ! ॥১৮॥
ইত্যেবং নৈষধো রাজা দময়ন্তীমনুস্মরন্ ।
অজ্ঞাতবাসং ন্যবসদ্রাজ্ঞস্তস্য নিবেশনে ॥১৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি নলোপাখ্যানে নলবিলাপে পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

নিশেতি। তস্যা ইত্যপি কর্ম্মণি ষষ্ঠী। ক্বচিৎ ঋতুপর্ণভবনে, কিঞ্চন বেতনাদিকমাসাদ্য প্রাপ্য, অনর্হস্তৎকর্ম্মাযোগ্যঃ। তস্যা নার্য্যা দুঃখং তদ্দুঃখম্ ॥১৫—১৬॥

ত্যক্তেতি। যদি জীবতি প্রাণধারণং করোতি, তদ্দুষ্করম্। মার্গাণামনভিজ্ঞা ॥১৭॥

ক্ষুদিতি। ক্ষুৎপিপাসাভ্যাং তৎকষ্টেন পরীতানি ব্যাপ্তানি অঙ্গানি যস্যাঃ সা। শ্বাপদৈর্হিংস্রজন্তুভিঃ আচরিতে সেবিতে। হে মারিষ! আর্য্য!। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৮॥

সেই পুরুষ রাত্রিকালে সেই নারীকে স্মরণ করিয়া এইরূপ শ্লোক পাঠ করিয়া থাকে। বর্ত্তমানসময়ে সেই পুরুষ সমস্ত পৃথিবী বিচরণ করিয়া, কোন স্থানে কিছু লাভ করিয়া, অনবরত সেই নারীর দুঃখ স্মরণ করিতে থাকিয়া বাস করিতেছে। সেই নারী কিন্তু কষ্টকর বনেও সেই পুরুষের অনুগমন করিয়াছিল ॥১৫—১৬॥

সেই মন্দভাগ্য-পুরুষ-পরিত্যক্তা, একাকিনী, বালিকা, পথের অনভিজ্ঞা এবং সেরূপ দুঃখভোগের অযোগ্যা সেই নারী এখনও যদি জীবন ধারণ করিয়া থাকে, তবে দুষ্কর কার্য্যই করিতেছে ॥১৭॥

সজ্জন জীবল! সেই অল্পভাগ্য ও অল্পবুদ্ধিপুরুষকর্ত্তৃক পরিত্যক্তা সেই নারী সর্ব্বদা হিংস্রজন্তুপরিপূর্ণ, বিশাল ও ভয়ঙ্কর বনে ক্ষুধা ও পিপাসায় কাতর হইয়া এখনও যদি জীবন ধারণ করিয়া থাকে, তবে দুষ্কর কার্য্যই করিতেছে' ॥১৮॥

---

* '...সপ্তষষ্টিতমঃ...' বা ব কা, '...পঞ্চষষ্টিতমঃ...' পি, '...চতুঃষষ্টিতমঃ...' নি।

ষট্পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ

——ঃ(•)ঃ——

বৃহদশ্ব উবাচ।

হৃতরাজ্যে নলে ভীমঃ সভার্য্যে প্রেষ্যতাং গতে।
দ্বিজান্ প্রস্থাপয়ামাস নলদর্শনকাঙ্ক্ষয়া ॥১॥
সন্দিদেশ চ তান্ ভীমো বসু দত্ত্বা সুপুষ্কলম্।
মৃগয়ধ্বং নলং যূয়ং দময়ন্তীঞ্চ মে সুতাম্ ॥২॥
অস্মিন্ কর্ম্মণি সম্পন্নে বিজ্ঞাতে নিষধাধিপে।
গবাং সহস্রং দাস্যামি যো বস্তাবানয়িষ্যতি ॥৩॥

ভারতকৌমুদী

ইতীতি। লোকৈর্ন জ্ঞাতো বাসো যস্মিন্ কর্ম্মণি তদ্‌যথা তথা, তস্য ঋতুপর্ণস্য ॥১৯॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি নলোপাখ্যানে পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

———০ঃ❀ঃ০———

হৃতেতি। ভীমো বিদর্ভরাজঃ। প্রেষ্যতাম্ অযোধ্যারাজচেদিরাজয়োর্ভৃত্যত্বম্। দ্বিজান্ ব্রাহ্মণান্ প্রস্থাপয়ামাস, তেষাং সর্ব্বত্রৈবান্তঃপুরাদৌ গমনসম্ভবাদিতি ভাবঃ। নলপদং দময়ন্ত্যা অপ্যুপলক্ষণম্, তস্যা অপ্যন্বেষণাভিধানাৎ ॥১॥

সমিতি। সন্দিদেশ আদিদেশ, বসু ধনম্, সুপুষ্কলমতিপ্রচুরম্, মৃগয়ধ্বমন্বিষ্যত ॥২॥

অস্মিন্নিতি। বো যুষ্মাকং মধ্যে যো দ্বিজঃ তৌ দময়ন্তীনলৌ আনয়িষ্যতি আনেষ্যতি ॥৩॥

ভারতভাবদীপঃ

দময়ন্ত্যাং মিথ্যাপ্রতিজ্ঞত্বং স্বস্যাহুসন্ধায়েয়মুক্তিঃ, ব্যযুজ্যত বিযুক্তঃ ॥১৩—১৭॥ মারিষ! আর্য্য! ॥১৮—১৯॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫৫॥

নলরাজা ঋতুপর্ণরাজার ভবনে এই ভাবে দময়ন্তীকে স্মরণ করিতে থাকিয়া সকলের অজ্ঞাতভাবে বাস করিতে লাগিলেন ॥১৯॥

———ঃ০ঃ———

বৃহদশ্ব বলিলেন—'হৃতরাজ্য নল, দময়ন্তীর সহিত ভৃত্যকার্য্যে নিযুক্ত হইলে, ভীমরাজা তাঁহাদিগকে দেখিবার ইচ্ছায় ব্রাহ্মণদিগকে প্রেরণ করিলেন ॥১॥

এবং ভীমরাজা তাঁহাদিগকে প্রচুর ধন দান করিয়া আদেশ করিলেন যে, 'আপনারা নলকে এবং আমার তনয়া দময়ন্তীকে অন্বেষণ করুন ॥২॥

অগ্রহারঞ্চ দাস্যামি গ্রামং নগরসম্মিতম্ ।
ন চেচ্ছক্যাবিহানেতুং দময়ন্তী নলোঽপি বা ॥৪॥
জ্ঞাতমাত্রেঽপি দাস্যামি গবাং দশশতং ধনম্ ।
ইত্যুক্তাস্তে যযুর্হৃষ্টা ব্রাহ্মণাঃ সর্ব্বতো দিশম্ ॥৫॥ (যুগ্মকম্)
পুররাষ্ট্রাণি চিন্বন্তো নৈষধং সহ ভার্য্যয়া ।
নৈব ক্বাপি প্রপশ্যন্তি নলং বা ভীমপুত্রিকাম্ ॥৬॥
ততশ্চেদিপুরীং রম্যাং সুদেবো নাম বৈ দ্বিজঃ ।
বিচিন্বানোঽথ বৈদর্ভীমপশ্যদ্রাজবেশ্মনি ॥৭॥
পুণ্যাহবাচনে রাজ্ঞঃ সুনন্দাসহিতাং স্থিতাম্ ।
মন্দং প্রখ্যায়মানেন রূপেণাপ্রতিমেন তাম্ ।
নিরুদ্ধাং ধূমজালেন প্রভামিব বিভাবসোঃ ॥৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অগ্রেতি। অগ্রে হ্রিয়ত ইত্যগ্রহারো ব্রহ্মত্রারূপস্তম্। অধনিজনবিরলবসতিকং স্থানং গ্রামঃ, নিবিড়নিবাসিবহুধনিজনপ্রাসাদাপণাদিযুক্তং স্থানং নগরম্ ॥৪—৫॥

পুরেতি। পুররাষ্ট্রাণি বিচরন্ত ইতি শেষঃ, চিন্বন্তঃ অন্বিষ্যন্তঃ ॥৬॥

তত ইতি। বিচিন্বানঃ পর্য্যবেক্ষমাণঃ, বৈদর্ভীং প্রাক্‌পরিচিতাং দময়ন্তীম্। রাজ্ঞশ্চেদিরাজস্য, পুণ্যাহবাচনে যজ্ঞারম্ভে ব্রাহ্মণৈঃ পুণ্যাহবাচনকালে, সুনন্দা চেদিরাজভগিনী তয়া সহিতাম্। প্রখ্যাতীতি প্রখ্যস্তদ্বদাচরতীতি প্রখ্যায়মানং তেন অল্পং প্রকাশমানেনেত্যর্থঃ। বিভাবসোরগ্নেঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৭—৮॥

এই কার্য্য সিদ্ধ হইলে, অর্থাৎ আপনাদের মধ্যে যিনি নল ও দময়ন্তীর সংবাদ জানিয়া তাহাদিগকে আনিতে পারিবেন; তাঁহাকে একসহস্র গো দান করিব ॥৩॥

আর, নগরের তুল্য একটী গ্রাম ব্রহ্মোত্তর দিব। যদি নল ও দময়ন্তীকে এখানে আনিতে নাও পারেন, তথাপি তাহাদের সংবাদ জানিলেও একসহস্র গো দান করিব'। ভীমরাজা এইরূপ বলিলে, সেই ব্রাহ্মণেরা আনন্দিত হইয়া সকল দিকে গমন করিলেন ॥৪—৫॥

সেই ব্রাহ্মণেরা পুর ও রাজ্যে বিচরণ করিয়া নল ও দময়ন্তীর অন্বেষণ করিতে থাকিয়া কোথাও তাঁহাদিগকে দেখিতে পাইলেন না ॥৬॥

তাহার পর, সুদেবনামে এক ব্রাহ্মণ মনোহর চেদিরাজধানী পর্য্যবেক্ষণ করিতে থাকিয়া রাজবাড়ীতে দময়ন্তীকে দেখিতে পাইলেন। তখন রাজার যজ্ঞারম্ভে পুণ্যাহবাচন হইতেছিল; সেখানে দময়ন্তী সুনন্দার সহিত উপস্থিত

(৮)…নিবদ্ধাং ধূম…বা ব কা নি।

তাং সমীক্ষ্য বিশালাক্ষীমধিকং মলিনাং কৃশাম্।
তর্কয়ামাস ভৈমীতি কারণৈরুপপাদয়ন্ ॥৯॥

সুদেব উবাচ।

যথেয়ং মে পুরা দৃষ্টা তথারূপেয়মঙ্গনা।
কৃতার্থোঽস্ম্যদ্য দৃষ্ট্বৈমাং লোককান্তামিব শ্রিয়ম্ ॥১০॥
পূর্ণচন্দ্রাননাং শ্যামাং চারুবৃত্তপয়োধরাম্।
কুর্বতীং প্রভয়া দেবীং সর্ব্বা বিতিমিরা দিশঃ ॥১১॥
চারুপদ্মবিশালাক্ষীং মন্মথস্য রতীমিব।
ইষ্টাং সমস্তলোকস্য পূর্ণচন্দ্রপ্রভামিব ॥১২॥
বিদর্ভসরসস্তস্মাদ্দৈবদোষাদিবোদ্ধৃতাম্।
মলপঙ্কানুলিপ্তাঙ্গীং মৃণালীমিব চোদ্ধৃতাম্ ॥১৩॥

ভারতকৌমুদী

তামিতি। কারণৈঃ পূর্ব্বদৃষ্টৈর্লক্ষণৈঃ, উপপাদয়ন্ সঙ্গময়ন্ ॥৯॥

যথেতি। মে ময়া। তথারূপৈব দৃশ্যত ইতি শেষঃ। লোকৈঃ কান্তামিষ্টাম্। শ্যামাম্—"শীতে সুখোষ্ণসর্বাঙ্গী গ্রীষ্মে চ সুখশীতলা। তপ্তকাঞ্চনবর্ণাভা সা স্ত্রী শ্যামেতি কথ্যতে" ইতি ভট্টিটীকায়াং ভরতধৃতকারিকয়া পরিভাষিতাম্। চারূ মনোহরৌ বৃত্তৌ গোলৌ

ভারতভাবদীপঃ

হৃতেতি। প্রেষ্যতাং দাসতাম্ ॥১—৩॥ অগ্রং ব্রাহ্মণভোজনং তদর্থং খ্রিয়ন্তে রাজধনাৎ পৃথক্ ক্রিয়ন্তে তেঽগ্রহারাঃ ক্ষেত্রাদয়ঃ ॥৪—৮॥ কারণৈর্লিঙ্গৈঃ, উপপাদয়ন্ ইয়মেব দময়ন্তীতি নিশ্চিন্বন্ ॥৯—১০॥ শ্যামাং সদা ষোড়শবার্ষিকীম্। "শীতে চৈবোষ্মলা নিত্যং গ্রীষ্মে চাতীব শীতলা। মধ্যঃ ক্ষীণস্তু যস্যাস্তু সা শ্যামেত্যভিধীয়ত" ইত্যন্যে ॥১১—১৩॥ শুক্ল-

ছিলেন; তখন তাঁহার অতুলনীয় রূপ অল্প প্রকাশ পাইতেছিল; সুতরাং ধূমাবৃত অগ্নিপ্রভার ন্যায় তিনি অবস্থান করিতেছিলেন ॥৭—৮॥

সুদেব সেই বিশালনয়না এবং অত্যন্তমলিনা ও কৃশা নারীকে দেখিয়া, পূর্ব্বদৃষ্ট লক্ষণদ্বারা মিলাইয়া তাঁহাকে দময়ন্তী বলিয়াই মনে করিলেন ॥৯॥

তখন সুদেব (মনে মনে) বলিতে লাগিলেন—'আমি পূর্ব্বে দময়ন্তীকে যেমন দেখিয়াছিলাম, এখনও তেমনই দেখিতেছি। সুতরাং লোকের অভীষ্ট লক্ষ্মীদেবীর ন্যায় ইঁহাকে দেখিয়া আমি আজ কৃতকার্য্য হইলাম। ইঁহার মুখখানি পূর্ণচন্দ্রের তুল্য, শরীরের বর্ণ তপ্তকাঞ্চনসদৃশ এবং স্তন দুইটী সুন্দর ও সুগোল; আর ইনি আপন প্রভাদ্বারা সমস্ত দিক্ই যেন অন্ধকারশূন্য

(১১) পূর্বচন্দ্রনিভাম্…বা ব কা নি, কুর্বন্তীং প্রভয়া…কা নি। (১২)…ইষ্টাং সর্ব্বস্য জগতঃ…পি।

পৌর্ণমাসীমিব নিশাং রাহুগ্রস্তনিশাকরাম্ ।
পতিশোকাকুলাং দীনাং শুষ্কস্রোতোনদীমিব ॥১৪॥
বিধ্বস্তপর্ণকমলাং বিত্রাসিতবিহঙ্গমাম্ ।
হস্তিহস্তপরামৃষ্টাং ব্যাকুলামিব পদ্মিনীম্ ॥১৫॥
সুকুমারীং সুজাতাঙ্গীং রত্নগর্ভগৃহোচিতাম্ ।
দহ্যমানামিবার্কেণ মৃণালীমিব চোদ্ধৃতাম্ ॥১৬॥
রূপৌদার্য্যগুণোপেতাং মণ্ডনার্হামমণ্ডিতাম্ ।
চন্দ্রলেখামিব নবাং ব্যোম্নি নীলাভ্রসংবৃতাম্ ॥১৭॥
কামভোগৈঃ প্রিয়ৈর্হীনাং হীনাং বন্ধুজনেন চ ।
দেহং ধারয়তীং দীনাং ভর্ত্তৃদর্শনকাঙ্ক্ষয়া ॥১৮॥ (কুলকম্)

ভারতকৌমুদী

পয়োধরৌ স্তনৌ যস্যাস্তাম্। বিতিমিরা বিগতান্ধকারাঃ। রতীং রতিদেবীম্। বিদর্ভা বিদর্ভদেশ এব সরস্তস্মাৎ। উদ্ধৃতামুৎখাতাম্, উদ্ধৃতামন্যত্র নীতাম্। শুষ্কস্রোতাশ্চাসৌ নদী চেতি তাম্। বিধ্বস্তানি হস্তিশুণ্ডাপরামর্শাদেব বিনষ্টানি পর্ণানি দলানি যস্য তত্তাদৃশং কমলং পদ্মং যস্যাস্তাম্। শুষ্কমুখসাদৃশ্যার্থমিদম্। বিত্রাসিতা হস্তিনৈব ভয়েনাপসারিতা বিহঙ্গমাঃ পক্ষিণো যস্যাস্তাম্। স্বজনবিচ্ছেদপ্রদর্শনার্থমেতৎ। হস্তিনা হস্তেন শুণ্ডয়া পরামৃষ্টাং দলিতাম্, অতএব ব্যাকুলাং পদ্মিনীং পদ্মসরসীমিব স্থিতাম্। সুজাতাঙ্গীং সুন্দরগাত্রীম্, রত্নানি গর্ভে অভ্যন্তরে যস্য তাদৃশে গৃহে উচিতাং বাসযোগ্যাম্। মণ্ডনার্হামলঙ্কারযোগ্যাম্। নীলাভ্রেণ নীলমেঘেন সংবৃতাম্। ভর্ত্তৃদর্শনকাঙ্ক্ষয়ৈব দেহং ধারয়তীং ধারয়ন্তীম্ ॥১০—১৮॥

করিতেছেন। রতিদেবীর ন্যায় ইঁহারও নয়ন দুইটী পদ্মের তুল্য সুন্দর ও বিশাল এবং ইনি পূর্ণচন্দ্রের প্রভার ন্যায় সমস্ত লোকেরই অভীষ্ট ; আর ইনি দৈবদোষে বিদর্ভদেশরূপ সরোবর হইতে উদ্ধৃত এবং মল ও কর্দ্দমলিপ্ত মৃণালীর ন্যায় অবস্থান করিতেছেন ; আর রাহু আসিয়া চন্দ্রকে গ্রাস করিলে পূর্ণিমার রাত্রির ন্যায় এবং স্রোত শুষ্ক হইলে নদীর ন্যায় ইনি পতিশোকে আকুলা হইয়া ক্ষীণা হইয়াছেন ; এবং দলবিহীন-পদ্ম-সমন্বিত ও পক্ষীশূন্য হস্তীশুণ্ডা-মথিত আকুল পদ্মসরসীর ন্যায় অবস্থান করিতেছেন ; কোমলাঙ্গী, পরমসুন্দরী এবং রত্নময়-গৃহ-বাসের যোগ্যা দময়ন্তী রবিকিরণদগ্ধ উদ্ধৃত মৃণালীর ন্যায় এখানে রহিয়াছেন ; ইনি রূপ ও উদারতাসম্পন্না এবং অলঙ্কারের যোগ্যা, অথ চ অলঙ্কৃতা নহেন ; সুতরাং আকাশে নীলমেঘাবৃত নবীন চন্দ্রলেখার ন্যায়

---

(১৪)···শুষ্কস্রোতাং নদীমিব—বা ব কা নি। (১৬)···রত্নগর্ভগৃহোষিতাম্। দহ্যমানামিবোষ্ণেন···পি।

ভর্ত্তা নাম পরং নার্য্যা ভূষণং ভূষণৈর্ব্বিনা।
এষা হি রহিতা তেন শোভনাপি ন শোভতে ॥১৯॥
দুষ্করং কুরুতেঽত্যন্তং হীনো যদনয়া নলঃ।
ধারয়ত্যাত্মনো দেহং ন শোকেনাবসীদতি ॥২০॥
ইমামসিতকেশান্তাং শতপত্ত্রায়তেক্ষণাম্।
সুখার্হাং দুঃখিতাং দৃষ্ট্বা মমাপি ব্যথতে মনঃ ॥২১॥
কদা নু খলু দুঃখস্য পারং যাস্যতি বৈ শুভা।
ভর্ত্তুঃ সমাগমাৎ সাধ্বী রোহিণী শশিনো যথা ॥২২॥
অস্যা নূনং পুনর্লাভান্নৈষধঃ প্রীতিমেষ্যতি।
রাজা রাজ্যপরিভ্রষ্টঃ পুনর্লব্ধ্বেব মেদিনীম্ ॥২৩॥

ভারতকৌমুদী

ভর্ত্তেতি। পরমুত্তমম্। ভূষণৈঃ কটকাদিভিরলঙ্কারৈর্ব্বিনাপি। তেন ভর্ত্রা ॥১৯॥
দুষ্করমিতি। হীনো বিরহিতঃ। অবসীদতি অবসাদেন দেহং ত্যজতি ॥২০॥
ইমামিতি। অসিতাঃ কৃষ্ণাঃ কেশান্তা যস্যাস্তাম্, শতপত্ত্রবৎ পদ্মবৎ আয়তে দীর্ঘে ঈক্ষণে চক্ষুষী যস্যাস্তাম্। সুখার্হাং সুখভোগযোগ্যাম্ ॥২১॥
কদেতি। শুভা দময়ন্তী। সমাগমাৎ সম্মেলনাৎ। রোহিণী তদাখ্যং নক্ষত্রম্ ॥২২॥
অস্যা ইতি। নূনং নিশ্চিতং প্রীতিমেষ্যতি। মেদিনীং নিজরাজ্যম্ ॥২৩॥

দৃষ্টিগোচর হইতেছেন; আর ইনি প্রিয়-কাম-ভোগ-বিহীনা, বন্ধুজন-বিহীনা এবং দীনা হইয়াও ভর্ত্তাকে দর্শন করিবার ইচ্ছায়ই দেহ ধারণ করিয়া রহিয়াছেন ॥১০—১৮॥

সাধারণ অলঙ্কার না থাকিলেও ভর্ত্তাই নারীর প্রধান অলঙ্কার। সুতরাং ইনি সুন্দরী হইয়াও সেই ভর্ত্তৃবিচ্ছিন্ন হওয়ায় শোভা পাইতেছেন না ॥১৯॥

নল অত্যন্ত দুষ্কর কার্য্যই করিতেছেন; যে হেতু তিনি এই দময়ন্তীবিহীন হইয়াও নিজের দেহ ধারণ করিতেছেন, কিন্তু শোকে অবসন্ন হইয়া পড়িতেছেন না ॥২০॥

কৃষ্ণকেশী, পদ্মতুল্য আয়তনয়না এবং সুখভোগযোগ্যা দময়ন্তীকে দুঃখিত দেখিয়া আমার মনও ব্যথিত হইতেছে ॥২১॥

রোহিণী যেমন চন্দ্রের সম্মেলনে দুঃখসাগর উত্তীর্ণ হন, সেইরূপ এই কল্যাণী ও সাধ্বী দময়ন্তী কবে ভর্ত্তার সম্মেলনে দুঃখসাগর উত্তীর্ণ হইবেন ॥২২॥

রাজ্যভ্রষ্ট নলরাজা পুনরায় রাজ্যলাভের ন্যায় পুনরায় ইঁহাকে লাভ করিয়া নিশ্চয়ই আনন্দ লাভ করিবেন ॥২৩॥

তুল্যশীলবয়োযুক্তাং তুল্যাভিজনসংযুতাম্।
নৈষধোঽর্হতি বৈদর্ভীং তঞ্চেয়মসিতেক্ষণা ॥২৪॥
যুক্তং তস্যাপ্রমেয়স্য বীর্য্যসত্ত্ববতো ময়া।
সমাশ্বাসয়িতুং ভার্য্যাং পতিদর্শনলালসাম্ ॥২৫॥
অহমাশ্বাসয়াম্যেনাং পূর্ণচন্দ্রনিভাননাম্।
অদৃষ্টপূর্ব্বাং দুঃখস্য দুঃখার্ত্তাং ধ্যানতৎপরাম্ ॥২৬॥

বৃহদশ্ব উবাচ।

এবং বিমৃশ্য বিবিধৈঃ কারণৈর্লক্ষণৈশ্চ তাম্।
উপগম্য ততো ভৈমীং সুদেবো ব্রাহ্মণোঽব্রবীৎ ॥২৭॥

সুদেব উবাচ।

অহং সুদেবো বৈদর্ভি! ভ্রাতুস্তে দয়িতঃ সখা।
ভীমস্য বচনাদ্রাজ্ঞস্ত্বামন্বেষ্টুমিহাগতঃ ॥২৮॥

ভারতকৌমুদী

তুল্যেতি। অভিজনো বংশঃ। অর্হতি লব্ধুম্। অসিতেক্ষণা কৃষ্ণনয়না ॥২৪॥
যুক্তমিতি। অপ্রমেয়স্য অপরিমেয়গুণস্য, বীর্য্যসত্ত্ববতো বলাধ্যবসায়বতঃ ॥২৫॥
অহমিতি। অদৃষ্টম্ অদর্শনং পূর্ব্বং যস্যাস্তাম্। ধ্যানতৎপরাং নলচিন্তানিরতাম্ ॥২৬॥
এবমিতি। বিমৃশ্য বিবেচনেন নিরূপ্য, কারণৈর্যুক্তিভিঃ, লক্ষণৈশ্চিহ্নৈশ্চ ॥২৭॥
অহমিতি। ভ্রাতুর্দমনাম্নঃ, দয়িতঃ প্রিয়ঃ। বচনাদাদেশাৎ ॥২৮॥

নল যেমন তুল্য-কুল-শীল-বয়োযুক্তা দময়ন্তীর যোগ্য, তেমন এই নীলনয়না দময়ন্তীও তাঁহার যোগ্য ॥২৪॥

অপরিমেয়গুণসম্পন্ন এবং বল ও অধ্যবসায়শালী নলের ভার্য্যা পতিদর্শনার্থিনী এই দময়ন্তীকে আমার আশ্বস্ত করা উচিত ॥২৫॥

অতএব পূর্ণচন্দ্রনিভাননা, নলধ্যানপরায়ণা, পূর্ব্বে অননুভূতদুঃখা অথ চ এখন দুঃখার্ত্তা এই দময়ন্তীকে আমি আশ্বস্ত করি' ॥২৬॥

বৃহদশ্ব বলিলেন—'ব্রাহ্মণ সুদেব নানাবিধ যুক্তি ও লক্ষণদ্বারা এইভাবে দময়ন্তীকে নিরূপণ করিয়া, তাঁহার নিকটে যাইয়া বলিলেন—॥২৭॥

সুদেব কহিলেন—'বিদর্ভরাজনন্দিনি! আমি সুদেব, আপনার ভ্রাতার প্রিয়সখা। আমি ভীমরাজার আদেশে আপনাকে অন্বেষণ করিবার জন্য এখানে আসিয়াছি ॥২৮॥

(২৪)…তুল্যাভিজনসংবৃতাম্…বা ব কা নি।

কুশলী তে পিতা রাজ্ঞি! জননী ভ্রাতরশ্চ তে।
আয়ুষ্মন্তৌ কুশলিনৌ তত্রস্থৌ দারকৌ চ তৌ ॥২৯॥
ত্বৎকৃতে বন্ধুবর্গাস্তে গতসত্ত্বা ইবাসতে।
অন্বেষ্টারো ব্রাহ্মণাশ্চ ভ্রমন্তি শতশো মহীম্ ॥৩০॥

বৃহদশ্ব উবাচ।

অভিজ্ঞায় সুদেবং তং দময়ন্তী যুধিষ্ঠির!।
পর্য্যপৃচ্ছত তান্ সর্ব্বান্ ক্রমেণ সুহৃদঃ স্বকান্ ॥৩১॥
রুরোদ চ ভৃশং রাজন্! বৈদর্ভী শোককর্ষিতা।
দৃষ্ট্বা সুদেবং সহসা ভ্রাতুরিষ্টং দ্বিজোত্তমম্ ॥৩২॥
ততো রুদন্তীং তাং দৃষ্ট্বা সুনন্দা শোককর্ষিতা।
সুদেবেন সহৈকান্তে কথয়ন্তীঞ্চ ভারত! ॥৩৩॥

ভারতকৌমুদী

কুশলীতি হে রাজ্ঞি! নলমহিষি!। দারকৌ তব পুত্রকন্যে ॥২৯॥
ত্বদিতি। ত্বৎকৃতে ত্বন্নিমিত্তম্। গতসত্ত্বা নির্গতপ্রাণা ইব আসতে তিষ্ঠন্তি ॥৩০॥
অভীতি। পর্য্যপৃচ্ছত কুশলবিষয়ে পর্য্যপৃচ্ছৎ। স্বকান্ স্বকীয়ান্ ॥৩১॥
রুরোদেতি। ভ্রাতুর্দমস্য, ইষ্টং প্রিয়ম্ ॥৩২॥

ভারতভাবদীপঃ

স্রোতাং শুষ্কপ্রবাহাম্। ছান্দসং টাবন্তত্বম্ ॥১৪॥ পদ্মিনীং সরসীম্ ॥১৫॥ সুজাতাঙ্গীং অন্যূনানধিকাঙ্গীম্ ॥১৬—২২॥ লক্ষ্যা চ লক্ষ্যেব ॥২৩—৩২॥ সুনন্দা কথয়ামাসেতি সম্বন্ধঃ

নলমহিষি! আপনার পিতা কুশলে আছেন, মাতা এবং ভ্রাতারাও কুশলে আছেন এবং সেখানে আপনার সেই আয়ুষ্মান্ পুত্র-কন্যা দুইটীও কুশলে আছে ॥২৯॥

আপনার সেই বন্ধুগণ আপনার জন্যই যেন প্রাণশূন্য হইয়া রহিয়াছেন এবং আপনার অন্বেষণকারী শত শত ব্রাহ্মণ পৃথিবী বিচরণ করিতেছেন ॥৩০॥

বৃহদশ্ব বলিলেন—'যুধিষ্ঠির! দময়ন্তী তখন সেই সুদেবকে চিনিতে পারিয়া নিজের সকল বন্ধুর সংবাদই ক্রমশঃ জিজ্ঞাসা করিলেন ॥৩১॥

এবং রাজা! শোকার্ত্তা দময়ন্তী সহসা ভ্রাতার প্রিয়সখা ব্রাহ্মণশ্রেষ্ঠ সুদেবকে দেখিয়া অত্যন্ত রোদন করিতে লাগিলেন ॥৩২॥

ভরতনন্দন! তৎপরে, দময়ন্তী একপ্রান্তে সুদেবের সহিত আলাপ করিতে-ছেন এবং রোদন করিতেছেন ইহা দেখিয়া সুনন্দাও শোকার্ত্তা হইয়া, মাতার নিকট যাইয়া বলিলেন যে, 'সৈরিন্ধ্রী এক ব্রাহ্মণের সঙ্গে মিলিত হইয়া

জনন্যৈ কথয়ামাস সৈরিন্ধ্রী রুদতে ভৃশম্।
ব্রাহ্মণেন সমাগম্য তাং বিদ্ধি যদি মন্যসে ॥৩৪॥ (যুগ্মকম্)
অথ চেদিপতের্মাতা রাজ্ঞশ্চান্তঃপুরাত্তদা।
জগাম যত্র সা বালা ব্রাহ্মণেন সহাভবৎ ॥৩৫॥
ততঃ সুদেবমানায্য রাজমাতা বিশাংপতে!।
পপ্রচ্ছ ভার্য্যা কস্যেয়ং সুতা বা কস্য ভাবিনী ॥৩৬॥
কথঞ্চ নষ্টা জ্ঞাতিভ্যো ভর্ত্তুর্বা বামলোচনা।
ত্বয়া চ বিদিতা বিপ্র! কথমেবং গতা সতী ॥৩৭॥
এতদিচ্ছাম্যহং শ্রোতুং ত্বত্তঃ সর্ব্বমশেষতঃ।
তত্ত্বেন হি মমাচক্ষ্ব পৃচ্ছন্ত্যা দেবরূপিণীম্ ॥৩৮॥

ভারতকৌমুদী

তত ইতি। রুদন্তীং রুদতীম্। কথয়ন্তীমালপন্তীম্। কিং কথয়ামাসেত্যাহ—সৈরিন্ধ্রীতি। রুদতে রোদিতি। সমাগম্য মিলিত্বা। বিদ্ধি কেতি জানীহি ॥৩৩—৩৪॥

অথেতি। সা বালা দময়ন্তী, অভবৎ আলপন্তীতি শেষঃ ॥৩৫॥

তত ইতি। কিং পপ্রচ্ছেত্যাহ ভার্য্যেত্যাদি। ভাবিনী প্রশস্তস্বভাবা ॥৩৬॥

কথমিতি। নষ্টা বিচ্ছিন্না। বামলোচনা চারুনয়না। এবংগতা অত্রস্থা ॥৩৭॥

এতদিতি। অশেষতঃ শেষাভাবপ্রকারেণ। তত্ত্বেন যাথার্থ্যেন ॥৩৮॥

অত্যন্তরোদন করিতেছে; অতএব আপনি যদি ভাল মনে করেন, তবে যাইয়া সৈরিন্ধ্রীর পরিচয় নিন' ॥৩৩—৩৪॥

তাহার পর, চেদিরাজের মাতা রাজান্তঃপুর হইতে তখনই সেই স্থানে গমন করিলেন, যে স্থানে দময়ন্তী ব্রাহ্মণের সহিত আলাপ করিতেছিলেন ॥৩৫॥

নরনাথ! তাহার পর রাজমাতা সুদেবকে নিকটে আনাইয়া জিজ্ঞাসা করিলেন যে, 'এই সৎস্বভাবা নারী কাহার ভার্য্যা, কাহারই বা কন্যা? ॥৩৬॥

কি করিয়াই বা জ্ঞাতিগণ ও ভর্ত্তার নিকট হইতে বিচ্ছিন্ন হইল? আর ব্রাহ্মণ! এই সুলোচনা এখানে আসিয়াছে ইহা আপনিই বা কি করিয়া জানিলেন? ॥৩৭॥

আমি আপনার নিকট হইতে ইহা সমস্ত শুনিতে ইচ্ছা করি; তাই এই দেবরূপিণীর বিষয় জিজ্ঞাসা করিতেছি; আপনি সত্য বলুন' ॥৩৮॥

---

(৩৪) জনিত্র্যাঃ প্রেষয়ামাস…নি, জনিত্র্যাঃ কথয়ামাস…বা ব কা…তাং বেদ যদি মন্যসে—বা ব কা পি।

এবমুক্তস্তয়া রাজন্! সুদেবো দ্বিজসত্তমঃ।
সুখোপবিষ্ট আচষ্ট দময়ন্ত্যা যথাতথম্ ॥৩৯॥

সুদেব উবাচ।

বিদর্ভরাজো ধর্ম্মাত্মা ভীমো নাম মহাদ্যুতিঃ।
সুতেয়ং তস্য কল্যাণী দময়ন্তীতি বিশ্রুতা ॥৪০॥
রাজা তু নৈষধো বীরো বীরসেনসুতো নলঃ।
ভার্য্যেয়ং তস্য কল্যাণী পুণ্যশ্লোকস্য ধীমতঃ ॥৪১॥
স দ্যূতেন জিতো ভ্রাত্রা হৃতরাজ্যো মহীপতিঃ।
দময়ন্ত্যা গতঃ সার্দ্ধং ন প্রাজ্ঞায়ত কর্হিচিৎ ॥৪২॥
তে বয়ং দময়ন্ত্যর্থে চরামঃ পৃথিবীমিমাম্।
সেয়মাসাদিতা বালা তব দেবি! নিবেশনে ॥৪৩॥

ভারতকৌমুদী

এবমিতি। আচষ্ট অব্রবীৎ, দময়ন্ত্যা যথাতথং বৃত্তান্তমিতি শেষঃ ॥৩৯॥
বিদর্ভেতি। মহাদ্যুতির্মহাপ্রভাবঃ। বিশ্রুতা বিখ্যাতা ॥৪০॥
রাজেতি। পুণ্যশ্লোকস্য পুণ্যযশসঃ, "পদ্যে যশসি চ শ্লোকঃ" ইত্যমরঃ ॥৪১॥
স ইতি। ভ্রাত্রা পুষ্করেণ। ন প্রাজ্ঞায়ত কেনাপীতি শেষঃ ॥৪২॥
ত ইতি। দময়ন্ত্যর্থে তদন্বেষণার্থে। আসাদিতা প্রাপ্তা। নিবেশনে গৃহে ॥৪৩॥

রাজা! রাজমাতা এইরূপ বলিলে, ব্রাহ্মণশ্রেষ্ঠ সুদেব সুখে উপবেশন করিয়া দময়ন্তীর যথাযথ বৃত্তান্ত বলিলেন ॥৩৯॥

সুদেব কহিলেন—'বিদর্ভদেশে ধার্ম্মিক ও মহাপ্রতাপশালী ভীমনামে এক রাজা আছেন; এই কল্যাণী তাহারই কন্যা এবং 'দময়ন্তী'–নামে প্রসিদ্ধা ॥৪০॥

আর, নিষধদেশে বীরসেনরাজার পুত্র 'নল'–নামে এক বীর রাজা ছিলেন, এই কল্যাণী সেই পুণ্যশ্লোক ও বুদ্ধিমান্ নলরাজারই ভার্য্যা ॥৪১॥

সেই নলরাজারই ভ্রাতা পুষ্কর দ্যূতক্রীড়ায় নলকে জয় করেন এবং তাঁহার রাজ্য হরণ করেন; তৎপরে নল, দময়ন্তীর সহিত রাজধানী হইতে চলিয়া যান; কিন্তু কোথায় গেলেন, তাহা কখনও কেহ জানিতে পারে নাই ॥৪২॥

দেবি! আমরা এই দময়ন্তীর অন্বেষণের জন্যই পৃথিবী বিচরণ করিতেছি; কিন্তু আজ আপনার বাড়ীতে এই তাহাকে পাইলাম ॥৪৩॥

[৩৯] শ্লোকাৎ পরম্ '…অষ্টষষ্টিতমঃ…' বা ব কা, '…ষট্ষষ্টিতমঃ…' পি, '…পঞ্চ-ষষ্টিতমঃ…' নি। [৪১] রাজা তু নৈষধো নাম…বা ব কা নি। [৪২]…ন প্রাজ্ঞায়ত কস্যচিৎ—বা ব কা নি।

অস্যা রূপেণ সদৃশী মানুষী নহি বিদ্যতে।
অস্যা হ্যেষ ভ্রুবোর্মধ্যে সহজঃ পিপ্লুরুত্তমঃ ॥৪৪॥
শ্যামায়াঃ পদ্মসঙ্কাশো লক্ষিতোঽন্তর্হিতো ময়া।
মলেন সংবৃতো হ্যস্যাশ্ছন্নোঽভ্রেণেব চন্দ্রমাঃ ॥৪৫॥
চিহ্নভূতো বিভূত্যর্থময়ং ধাত্রা বিনির্ম্মিতঃ।
প্রতিপৎকলুষস্যেন্দোর্লেখা নাতিবিরাজতে ॥৪৬॥
ন চাস্যা নশ্যতে রূপং বপুর্মলসমাচিতম্।
অসংস্কৃতমপি ব্যক্তং ভাতি কাঞ্চনসন্নিভম্ ॥৪৭॥
অনেন বপুষা বালা পিপ্লুনানেন সূচিতা।
লক্ষিতেয়ং ময়া দেবী পিহিতোঽগ্নিরিবোষ্মণা ॥৪৮॥
তচ্ছ্রুত্বা বচনং তস্য সুদেবস্য বিশাংপতে!।
সুনন্দা শোধয়ামাস পিপ্লুপ্রচ্ছাদনং মলম্ ॥৪৯॥

ভারতকৌমুদী

নন্বিয়ং দময়ন্তীতি পরিচয়ে কো হেতুরিত্যাহ অস্যা ইতি। পিপ্লুঃ তিলকাকৃতিঃ সুদৃঢ়-শ্চিহ্নবিশেষঃ। "জটুলঃ কালকঃ পিপ্লুঃ" ইত্যমরঃ ॥৪৪॥

শ্যামায়া ইতি। শ্যামায়াঃ প্রাগুক্তলক্ষণায়াস্তপ্তকাঞ্চনবর্ণায়াঃ। পদ্মসঙ্কাশঃ পিপ্লুঃ, মলেন সংবৃতঃ অতএবান্তর্হিতোঽপি ময়া লক্ষিতঃ। অভ্রেণ মেঘেন ॥৪৫॥

চিহ্নেতি। বিভূত্যর্থম্ ঐশ্বর্য্যসূচনার্থম্। দৃষ্টান্তমাহ প্রতিপদিতি ॥৪৬॥

নেতি। বপুর্মলেন ধূল্যাদিনা সমাচিতং ব্যাপ্তম্, অসংস্কৃতমমার্জিতমপি ॥৪৭॥

অনেনেতি। বপুষা অলৌকিকসুন্দরেণেত্যাশয়ঃ। উষ্মণা ধূমেন ॥৪৮॥

রূপে ইহার তুল্য মানুষী নাই এবং ইহার দুই ভ্রূর মধ্যে এই একটী স্বাভাবিক ও সুন্দর জট (জরুড়, জড়ুল) রহিয়াছে ॥৪৪॥

তপ্তকাঞ্চনবর্ণা দময়ন্তীর এই পদ্মাকৃতি জটটী—মলাবৃত হইয়া মেঘাবৃত চন্দ্রের ন্যায় অন্তর্হিত থাকিলেও আমি উহা লক্ষ্য করিয়াছি ॥৪৫॥

বিধাতা ভাবী ঐশ্বর্য্য সূচনা করিবার জন্য এই চিহ্নস্বরূপ জটটী নির্ম্মাণ করিয়াছেন। প্রতিপদের আবিল চন্দ্ররেখা অধিক প্রকাশ পায় না ॥৪৬॥

ইহার স্বর্ণবর্ণ রূপটী শারীরিক মলে আবৃত এবং অমার্জিত হইলেও নষ্ট হয় নাই, বরং স্পষ্ট প্রকাশই পাইতেছে ॥৪৭॥

এইরূপ এবং এই জটটীই দময়ন্তীকে পরিচিত করিয়া দিয়াছে; তাই আমি ধূমাবৃত অগ্নির ন্যায় ইহাকে চিনিয়া ফেলিয়াছি ॥৪৮॥

নরনাথ! সুদেবের সেই কথা শুনিয়া সুনন্দা দময়ন্তীর জটটীর আবরণ-কারী মল মুছিয়া ফেলিলেন ॥৪৯॥

স মলেনাপকৃষ্টেন পিপ্লুস্তস্যা ব্যরোচত।
দময়ন্ত্যাস্তদা ব্যভ্রো নভসীব নিশাকরঃ ॥৫০॥
পিপ্লুং দৃষ্ট্বা সুনন্দা চ রাজমাতা চ ভারত!।
রুদন্ত্যৌ তাং পরিষ্বজ্য মুহূর্ত্তমিব তস্থতুঃ ॥৫১॥
উৎসৃজ্য বাষ্পং শনকৈ রাজমাতেদমব্রবীৎ।
ভগিন্যা দুহিতা মেঽসি পিপ্লুনানেন সূচিতা ॥৫২॥
অহঞ্চ তব মাতা চ রাজ্ঞস্তস্য মহাত্মনঃ।
সুতে দশার্ণাধিপতেঃ সুদাম্নশ্চারুদর্শনে! ॥৫৩॥
ভীমস্য রাজ্ঞঃ সা দত্তা বীরবাহোরহং পুনঃ।
ত্বন্তু জাতা ময়া দৃষ্টা দশার্ণেষু পিতুর্গৃহে ॥৫৪॥

ভারতকৌমুদী

তদিতি। শোধয়ামাস বস্ত্রঘর্ষণেনাপসারয়ামাস, মলং ধূল্যাদিম্ ॥৪৯॥
স ইতি। অপকৃষ্টেন সুনন্দয়া অপসারিতেন। ব্যভ্রো বিগতমেঘঃ ॥৫০॥
পিপ্লুমিতি। রুদন্ত্যৌ রুদত্যৌ, তাং দময়ন্তীম্, পরিষ্বজ্য আলিঙ্গ্য ॥৫১॥
উৎসৃজ্যেতি। শনকৈর্মন্দং মন্দম্। পিপ্লুনা উক্তচিহ্নেন, সূচিতা জ্ঞাপিতা ॥৫২॥
অহমিতি। সুতে তনয়াদ্বয়ম্। সুদাম্নস্তদাখ্যস্য রাজ্ঞঃ ॥৫৩॥
ভীমস্যেতি। সা তব মাতা। বীরবাহোস্তদাখ্যস্য চেদিরাজস্য ॥৫৪॥

ভারতভাবদীপঃ

॥৩৩॥ বেদ বিচারয়। বেদয়তেরিদং রূপম্, নিজভাব আর্ষঃ ॥৩৪—৪৩॥ পিপ্লুঃ রক্তিতিলকাকৃতিলাঞ্ছনং মহারাষ্ট্রাণাং মস ইতি প্রসিদ্ধম্ ॥৪৪—৪৯॥ অপকৃষ্টেন দূরীকৃতেন ॥৫০—৫৮॥

মল অপসারিত হইলে, তখন দময়ন্তীর সেই জটটী—আকাশে মেঘবিহীন চন্দ্রের ন্যায় প্রকাশ পাইতে লাগিল ॥৫০॥

ভরতনন্দন! তখন সুনন্দা ও রাজমাতা সেই জটটী দেখিয়া রোদন করিতে করিতে দময়ন্তীকে আলিঙ্গন করিয়া কিছু কাল নীরব রহিলেন ॥৫১॥

তৎপরে রাজমাতা অশ্রু বিসর্জন করিয়া ধীরে ধীরে এই কথা বলিলেন—'এই জটটীই সূচনা করিয়া দিয়াছে যে, তুমি আমার ভগিনীর মেয়ে ॥৫২॥

চারুদর্শনে! আমি এবং তোমার মাতা—দর্শার্ণদেশাধিপতি মহাত্মা সেই সুদামা রাজার তনয়া ॥৫৩॥

পিতৃদেব তোমার মাতাকে ভীমরাজার হস্তে দান করেন; আর আমাকে চেদিরাজ বীরবাহুর হস্তে সমর্পণ করেন। তা'র পর, তুমি জন্মিলে, তোমাকে আমি সেই দশার্ণদেশে পিতৃভবনে দেখিয়াছিলাম ॥৫৪॥

---

(৫০)···দময়ন্ত্যা যথা ব্যভ্রঃ···বা ব কা নি।

যথৈব তে পিতুর্গেহং তথৈব মম ভাবিনি ! ।
যথৈব চ মমৈশ্বর্য্যং দময়ন্তি ! তথা তব ॥৫৫॥
তাং প্রহৃষ্টেন মনসা দময়ন্তী বিশাংপতে ! ।
প্রণম্য মাতুর্ভগিনীমিদং বচনমব্রবীৎ ॥৫৬॥
অজ্ঞায়মানাপি সতী সুখমস্ম্যুষিতা ত্বয়ি ।
সর্ব্বকামৈঃ সুবিহিতা রক্ষ্যমাণা সদা ত্বয়া ॥৫৭॥
সুখাৎ সুখতরং বাসো ভবিষ্যতি ন সংশয়ঃ ।
চিরবিপ্রোষিতাং মাতর্মামনুজ্ঞাতুমর্হসি ॥৫৮॥
দারকৌ চ হি মে নীতৌ বসতস্তত্র বালকৌ ।
পিত্রা বিহীনৌ শোকার্ত্তৌ ময়া চৈব কথং নু তৌ ॥৫৯॥

ভারতকৌমুদী

যথেতি । মম গেহমিতি সম্বন্ধঃ । হে ভাবিনি ! প্রশস্তস্বভাবে ! ॥৫৫॥

তামিতি । প্রহৃষ্টেন, মাতুর্ভগিনীত্যবগমাদিত্যাশয়ঃ ॥৫৬॥

অজ্ঞায়েতি । অজ্ঞায়মানা ভগিনীদুহিতৃত্বেন ত্বয়া অপরিচীয়মানাপি । উষিতা কৃত-বাসা । সর্ব্বকামৈঃ সর্বৈরেব মদভীষ্টবস্তুভিঃ, সুবিহিতা সম্যক্ পোষিতা ॥৫৭॥

সুখাদিতি । সুখতরং সাতিশয়সুখং যথা স্যাত্তথা বাসো ভবিষ্যতি, ইদানীং পরিচয়-প্রাপ্তেরিতি ভাবঃ । "স্তোকং পাকঃ" ইতি শ্রীপত্যুক্তবদত্র ক্রিয়াবিশেষণত্বম্ ॥৫৮॥

দারকাবিতি । দারকৌ পুত্রকন্যে । তত্র মৎপিতৃগৃহে । কথং কীদৃশৌ জাতৌ ॥৫৯॥

অতএব দময়ন্তি ! তোমার পক্ষে তোমার পিতৃগৃহও যেমন, আমার গৃহও তেমন । সুতরাং এই সমৃদ্ধি আমারও যেমন, তোমারও তেমনই' ॥৫৫॥

নরনাথ ! তখন দময়ন্তী হৃষ্টচিত্তে সেই মাতৃভগিনীকে প্রণাম করিয়া এই কথা বলিলেন—॥৫৬॥

'আমি আপনার অপরিচিত অবস্থাতেও আপনার নিকট সুখে বাস করি-য়াছি । কারণ, আপনি সর্ব্বদাই সর্ব্বপ্রকার অভীষ্ট বস্তু দ্বারা আমাকে পরি-পোষণ করিয়াছেন এবং রক্ষা করিয়াছেন ॥৫৭॥

এখন সে সুখ অপেক্ষাও অধিকসুখে বাস করা হইবে, এ বিষয়ে কোন সন্দেহ নাই । কিন্তু মা ! আমি বহুকাল প্রবাসে রহিয়াছি ; অতএব আমাকে যাইবার অনুমতি দিন ॥৫৮॥

কারণ, আমার শিশু পুত্র-কন্যা দুইটী সেই খানে নীত হইয়া বাস করিতেছে ; সুতরাং তাহারা পিতৃ-মাতৃহীন ও শোকার্ত্ত হইয়া কেমন হইয়া গিয়াছে (বলিতে পারি না) ॥৫৯॥

যদি চাপি প্রিয়ং কিঞ্চিন্ময়ি কর্ত্তুমিহেচ্ছসি।
বিদর্ভান্ যাতুমিচ্ছামি শীঘ্রং মে যানমাদিশ ॥৬০॥
বাঢ়মিত্যেব তামুক্ত্বা হৃষ্টা মাতৃষ্বসা নৃপ!।
গুপ্তাং বলেন মহতা পুত্রস্যানুমতে ততঃ ॥৬১॥
প্রাস্থাপয়দ্রাজমাতা শ্রীমতা নরবাহিনা।
যানেন ভরতশ্রেষ্ঠ! স্বন্নপানপরিচ্ছদান্ ॥৬২॥ (যুগ্মকম্)
ততঃ সা ন চিরাদেব বিদর্ভানগমৎ পুনঃ।
তাস্তু বন্ধুজনঃ সর্ব্বঃ প্রহৃষ্টঃ সমপূজয়ৎ ॥৬৩॥
সর্ব্বান্ কুশলিনো দৃষ্ট্বা বান্ধবান্ দারকৌ চ তৌ।
মাতরং পিতরঞ্চোভৌ সর্ব্বঞ্চৈব সখীজনম্ ॥৬৪॥
দেবতাঃ পূজয়ামাস ব্রাহ্মণাংশ্চ যশস্বিনী।
পরেণ বিধিনা দেবী দময়ন্তী বিশাংপতে! ॥৬৫॥ (যুগ্মকম্)
অতর্পয়ৎ সুদেবঞ্চ গোসহস্রেণ পার্থিবঃ।
প্রীতো দৃষ্ট্বৈব তনয়াং গ্রামেণ দ্রবিণেন চ ॥৬৬॥

ভারতকৌমুদী

যদীতি। বিদর্ভান্ তত্রত্যমৎপিতৃভবনে। যানং রথাদিকমানেতুমাদিশ ॥৬০॥
বাঢ়মিতি। বাঢ়মবশ্যমেবাদেষ্টব্যম্। শোভনা অন্নপানপরিচ্ছদা যস্যাস্তাম্ ॥৬১—৬২॥
তত ইতি। সা দময়ন্তী। সমপূজয়ৎ নষ্টলব্ধতয়া সমাদৃতবান্ ॥৬৩॥
সর্ব্বানিতি। দারকৌ পুত্রকন্যে। পরেণ উত্তমেন, বিধিনা বিধানেন ॥৬৪—৬৫॥

অতএব যদি আমার কিঞ্চিন্মাত্র প্রিয়কার্য্য করিতে ইচ্ছা করেন, তবে—আমি বিদর্ভদেশে যাইতে ইচ্ছা করি, আমার জন্য সত্বর যানের ব্যবস্থা করিয়া দিন ॥৬০॥

ভরতনন্দন রাজা! 'অবশ্যই যানের ব্যবস্থা করিয়া দিতেছি' এই কথা বলিয়া আনন্দিতা দময়ন্তীর মাতৃষ্বসা রাজমাতা পুত্রের অনুমতিক্রমে বিশাল সৈন্যদ্বারা সুরক্ষিত করিয়া, সুন্দর খাদ্য, পেয় ও পরিচ্ছদ দিয়া, মনোহর মানুষবাহী যানে করিয়া, দময়ন্তীকে পাঠাইয়া দিলেন ॥৬১—৬২॥

তাহার পর, দময়ন্তী অচিরকালমধ্যেই বিদর্ভদেশে উপস্থিত হইলেন; তখন সমস্ত বন্ধুজন আনন্দিত হইয়া তাঁহার আদর করিলেন ॥৬৩॥

নরনাথ! যশস্বিনী দময়ন্তীদেবী সমস্ত বন্ধুজন, সেই পুত্র-কন্যা, মাতা, পিতা এবং সমস্ত সখীজনকে কুশলী দেখিয়া উত্তম উপচারে দেবতা ও ব্রাহ্মণদিগের পূজা করিলেন ॥৬৪—৬৫॥

---

(৬০)···বিদর্ভাং যাতুমিচ্ছামি···বা ব কা পি।

সা ব্যুষ্টা রজনীং তত্র পিতুর্বেশ্মনি ভাবিনী।
বিশ্রান্তা মাতরং রাজন্নিদং বচনমব্রবীৎ ॥৬৭॥

দময়ন্ত্যুবাচ।

মাঞ্চেদিচ্ছসি জীবন্তীং মাতঃ! সত্যং ব্রবীমি তে।
নরবীরস্য বৈ তস্য নলস্যানয়নে যত ॥৬৮॥
দময়ন্ত্যা তথোক্তা তু সা দেবী ভৃশদুঃখিতা।
বাষ্পেণ পিহিতা রাজ্ঞী নোত্তরং কিঞ্চিদব্রবীৎ ॥৬৯॥
তদবস্থান্তু তাং দৃষ্ট্বা সর্ব্বমন্তঃপুরং তদা।
হা হা ভূতমতীবাসীদ্ভৃশঞ্চ প্ররুরোদ হ ॥৭০॥
ততো ভীমং মহারাজং ভার্য্যা বচনমব্রবীৎ।
দময়ন্তী তব সুতা ভর্ত্তারমনুশোচতি ॥৭১॥

ভারতকৌমুদী

অতর্পয়দিতি। পার্থিবো ভীমো রাজা। দ্রবিণেন ধনেন ॥৬৬॥
সেতি। ব্যুষ্টা উষিতা স্থিতেতি যাবৎ, "ব্যুষ্টং কল্যে ত্রিষূষিতে" ইতি মেদিনী ॥৬৭॥
মামিতি। নরবীরস্য মনুষ্যেষু প্রধানবীরস্য। যত যতস্ব ॥৬৮॥
দময়ন্ত্যেতি। বাষ্পেণ অশ্রুণা, পিহিতা আবৃতনয়না ॥৬৯॥
তদিতি। অন্তঃপুরং তত্রত্যো জনঃ। অতীব হাহাভূতং হাহাশব্দকারি ॥৭০॥
তত ইতি। ভার্য্যা ভীমস্যৈব। কিমব্রবীদিত্যাহ দময়ন্তীত্যাদি ॥৭১॥

রাজাও দময়ন্তীকে দেখিয়াই আনন্দিত হইয়া সহস্র গো, গ্রাম এবং ধন দ্বারা সুদেবকে সন্তুষ্ট করিলেন ॥৬৬॥

রাজা! প্রশস্তস্বভাবা দময়ন্তী সেই পিতৃগৃহে রাত্রি বাস করিয়া বিশ্রামের পর মাতাকে এই কথা বলিলেন ॥৬৭॥

দময়ন্তী কহিলেন—'মা! আপনি যদি আমাকে জীবিত দেখিতে ইচ্ছা করেন, তবে আমি সত্য বলিতেছি—সেই মনুষ্যবীর নলরাজাকে আনয়ন করিবার জন্য চেষ্টা করুন' ॥৬৮॥

দময়ন্তী সেইরূপ বলিলে, রাণী অত্যন্তদুঃখিত এবং অশ্রুপ্লাবিতনয়ন হইয়া রহিলেন, কিন্তু কোন উত্তরই করিলেন না ॥৬৯॥

তখন রাণীকে সেইরূপ দেখিয়া অন্তঃপুরের সমস্ত লোকই হাহা করিতে লাগিল এবং অত্যন্ত রোদন করিতে থাকিল ॥৭০॥

---

(৬৭) সা ব্যুষ্টাং রজনীম্...পি। 'ষট্‌ষষ্টিতমঃ...' নি, '...সপ্তষষ্টিতমঃ...' পি।
[৭০] ততো ভীমং মহারাজ!...পি। [৭১]...পুণ্যশ্লোকস্য মার্গণে—বা ব কা।

অপকৃষ্য চ লজ্জাং সা স্বয়মুক্তবতী নৃপ ! ।
প্রযতন্তাং তব প্রেষ্যাঃ পুণ্যশ্লোকস্য দর্শনে ॥৭২॥
তয়া প্রচোদিতো রাজা ব্রাহ্মণান্ বশবর্ত্তিনঃ ।
প্রাস্থাপয়দ্দিশঃ সর্ব্বা যতধ্বং নলদর্শনে ॥৭৩॥
ততো বিদর্ভাধিপতের্নিয়োগাদ্ব্রাহ্মণাস্তদা ।
দময়ন্তীমথাপৃচ্ছ্য প্রস্থিতাস্তে তথাব্রুবন্ ॥৭৪॥
অথ তানব্রবীদ্ভৈমী সর্ব্বরাষ্ট্রেম্বিদং বচঃ ।
ব্রুত বৈ জনসংসৎসু তত্র তত্র পুনঃ পুনঃ ॥৭৫॥

ভারতকৌমুদী

অপেতি। অপকৃষ্য অপসার্য্য। প্রেষ্যা ভৃত্যাঃ, পুণ্যশ্লোকস্য নলস্য ॥৭২॥
তয়েতি। প্রচোদিতঃ অন্বেষণায় প্রণোদিতঃ। নলদর্শনে যতধ্বমিত্যাদিশ্যেতি শেষঃ ॥৭৩॥
তত ইতি। তথা 'নলমন্বেষ্টুমেব গচ্ছামঃ' ইত্যব্রুবন্নিত্যর্থঃ ॥৭৪॥
অথেতি। কিমব্রবীদিত্যাহ সর্বেত্যাদি। জনসংসৎসু লোকসভাসু ॥৭৫॥

ভারতভাবদীপঃ

দারকৌ সুতঃ সুতা চ, বালকৌ অল্পবয়স্কৌ ॥৫৯—৬৬॥ ব্যুষ্টা বাসং কৃতবতী ॥৬৭॥ যত যত্নং কুরু। অনুদাত্তেত্ত্বলক্ষণস্যাত্মনেপদস্য চক্ষিঙোঙিৎকরণেনানিত্যত্বজ্ঞাপনাৎ ॥৬৮—৭২॥ প্রদেশিতঃ প্রকর্ষেণ প্রেরিতঃ ॥৭৩॥ স্মৃত্বা গত্বা, তে তথা প্রস্থিতাঃ সন্তঃ অব্রুবন্ নলান্বেষণায়

তাহার পর, রাণী—মহারাজ ভীমকে এই কথা বলিলেন—'মহারাজ ! আপনার তনয়া দময়ন্তী ভর্ত্তার জন্য বড়ই শোকপ্রকাশ করিতেছে ॥৭১॥

রাজা ! সে—লজ্জা পরিত্যাগ করিয়া নিজেই বলিয়াছে যে, আপনার ভৃত্যগণ নলরাজার দর্শনের জন্য চেষ্টা করুক' ॥৭২॥

রাণী এইরূপ অনুরোধ করিলে, রাজা বশবর্ত্তী ব্রাহ্মণদিগকে সকল দিকে প্রেরণ করিলেন (এবং বলিয়া দিলেন যে,) 'আপনারা নলদর্শনের জন্য চেষ্টা করুন' ॥৭৩॥

তৎপরে সেই ব্রাহ্মণেরা বিদর্ভরাজের আদেশ অনুসারে তখনই দময়ন্তীর নিকট বিদায় লইয়া যাইবার সময়ে বলিলেন যে, 'আমরা নলদর্শনের জন্য চেষ্টা করিব' ॥৭৪॥

তদনন্তর দময়ন্তী তাঁহাদিগকে বলিলেন—'আপনারা সমস্ত রাজ্যে সেই সেই লোকসভায় বার বার এই কথা বলিবেন—॥৭৫॥

---

[৭২] তয়া প্রদেশিতো রাজা···নলমার্গণে—বা ব কা। [৭৩]···দময়ন্তীমথো দৃষ্ট্বা···পি, দময়ন্তীমথো স্মৃত্বা···বা ব কা। [৭৪]···ব্রুয়াস্তজ্জন···বা ব কা, ব্রুবধ্বং রাজসংসৎসু···পি।

ক নু ত্বং কিতব ! ছিত্ত্বা বস্ত্রার্দ্ধং প্রস্থিতো মম ।
উৎসৃজ্য বিপিনে সুপ্তামনুরক্তাং প্রিয়াং প্রিয় ! ॥৭৬॥
সা বৈ যথা ত্বয়া দৃষ্টা তথাস্তে ত্বৎপ্রতীক্ষিণী ।
দহ্যমানা ভৃশং বালা বস্ত্রার্দ্ধেনাভিসংবৃতা ॥৭৭॥
তস্যা রুদন্ত্যাঃ সততং তেন শোকেন পার্থিব ! ।
প্রসাদং কুরু বৈ বীর ! প্রতিবাক্যং বদস্ব চ ॥৭৮॥
এতচ্চান্যচ্চ বক্তব্যং কৃপাং কুর্য্যাদ্যথা ময়ি ।
বায়ুনা ধূয়মানো হি বনং দহতি পাবকঃ ॥৭৯॥

ভারতকৌমুদী

কেতি। হে কিতব ! দ্যূতকার ! । উৎসৃজ্য বিহায়, সুপ্তাং নিদ্রিতাম্ ॥৭৬॥

সেতি। সা দময়ন্তী। তথৈব বস্ত্রার্দ্ধেনাভিসংবৃতা ত্বৎপ্রতীক্ষিণী আস্তে ॥৭৭॥

তস্যা ইতি। রুদন্ত্যা রুদত্যাঃ সম্বন্ধে, প্রসাদমনুগ্রহম্। প্রতিবাক্যমুত্তরম্। বদস্বেতি "বদ সন্দেশবচনে" ইতি চৌরাদিকো বিকল্পেনস্ত উভয়পদী ॥৭৮॥

এতদিতি। ধূয়মানঃ সন্ধুক্ষ্যমাণঃ। দৃষ্টান্তমাহ বায়ুনেতি। যুষ্মদনুরোধেন নলো ময়ি কৃপাং কুর্য্যাদেবেতি ভাবঃ ॥৭৯॥

ভারতভাবদীপঃ

প্রস্থিতাঃ স্মেতীতি শেষঃ ॥৭৪॥ ব্রূয়াস্ত বদত। ক্রবধ্বমিতি পাঠে স্বার্থস্তৃঙ্ ॥৭৫—৭৭॥ বদস্ব, ভাসনোপসম্ভাবেত্যাদিনা বদেস্তঙ্ ॥৭৮॥ বায়ুনেতি। শোকাগ্নিকালবায়ুনা দিনে দিনে বর্দ্ধমানো দময়ন্তীশরীরবনং ধক্ষ্যতীতি রূপকেণোক্তম্। দহতীতি লট্প্রয়োগস্ত বর্ত্তমান-

প্রিয় দ্যূতকার ! আপনি আমার বস্ত্রের অর্দ্ধ ছেদন করিয়া, অনুরক্তা প্রিয়তমাকে নিদ্রিত অবস্থায় বনের ভিতরে পরিত্যাগপূর্ব্বক কোথায় গিয়াছিলেন ? ॥৭৬॥

আপনি তাহাকে তখন যেমন দেখিয়াছিলেন, এখনও তিনি শোকে অত্যন্ত-দগ্ধ হইতে থাকিয়া আপনার প্রতীক্ষা করতঃ অর্দ্ধবস্ত্রাবৃত অবস্থাতে তেমনই আছেন ॥৭৭॥

রাজা ! দময়ন্তী সেই শোকে সর্ব্বদাই রোদন করিতেছেন ; অতএব বীর ! আপনি তাঁহার উপরে দয়া করুন এবং প্রতিবাক্য বলিয়া দিন ॥৭৮॥

আপনারা এইরূপও বলিবেন এবং অন্যরূপও বলিবেন ; যাহাতে তিনি আমার উপরে দয়া করেন। কারণ, বায়ু সন্ধুক্ষিত করিলে, অগ্নি বন দগ্ধ করিয়া থাকে ॥৭৯॥

[৭৭] সা বৈ যথা ত্বয়াদিষ্টা…পি কা। [৭৮]…প্রতিবাক্যং দদস্ব চ—পি।

ভর্ত্তব্যা রক্ষণীয়া চ পত্নী হি পতিনা সদা।
তন্নষ্টমুভয়ং কস্মাদ্ধর্ম্মজ্ঞস্য সতস্তব ॥৮০॥
খ্যাতঃ প্রাজ্ঞঃ কুলীনশ্চ সানুক্রোশো ভবান্ সদা।
সংবৃত্তো নিরনুক্রোশঃ শঙ্কে মদ্ভাগ্যসংক্ষয়াৎ ॥৮১॥
তৎ কুরুষ মহেষ্বাস! দয়াং ময়ি নরেশ্বর!।
আনৃশংস্যং পরো ধর্ম্মস্ত্বত্ত এব হি মে শ্রুতঃ ॥৮২॥
এবং ব্রুবাণান্ যদি বঃ প্রতিব্রুয়াদ্ধি কশ্চন।
স নরঃ সর্ব্বথা জ্ঞেয়ঃ কশ্চাসৌ ক নু বর্ত্ততে ॥৮৩॥
যশ্চৈবং বচনং শ্রুত্বা ব্রূয়াৎ প্রতিবচো নরঃ।
তদাদায় বচস্তস্য মমাবেদ্যং দ্বিজোত্তমাঃ! ॥৮৪॥

ভারতকৌমুদী

ভর্ত্তব্যেতি। পতিনেত্যসমাসেঽপি আর্ষমগ্নিকার্য্যম্। উভয়ং ভরণং রক্ষণঞ্চ ॥৮০॥
খ্যাত ইতি। খ্যাতো লোকে প্রসিদ্ধঃ। সানুক্রোশঃ সদয়ঃ। সংবৃত্তো জাতঃ ॥৮১॥
তদিতি। হে মহেষ্বাস! মহাধনুর্দ্ধর!। আনৃশংস্যং দয়া, পরঃ শ্রেষ্ঠঃ ॥৮২॥
এবমিতি। অসৌ কঃ, ক চ নু বর্ত্ততে ইতি সর্ব্বথা জ্ঞেয়ো যুষ্মাভির্জ্ঞাতব্যঃ ॥৮৩॥
য ইতি। প্রতিবচঃ প্রত্যুত্তরম্। আবেদ্যং যুষ্মাভির্বিজ্ঞাপনীয়ম্ ॥৮৪॥

ভারতভাবদীপঃ

সামীপ্যে ॥৭৯॥ ভর্ত্তব্যা অন্নাদিনা, রক্ষণীয়া দস্যুপ্রভৃতিভ্যঃ, পতিনেতি পত্যা, অসমাসেঽপি ঘিসংজ্ঞাকার্য্যমার্ষম্। উভয়ং রক্ষণভরণাত্মকম্ ॥৮০॥ সানুক্রোশঃ সদয়ঃ ॥৮১—৮৪॥ মম

পতি সর্ব্বদাই পত্নীর ভরণ ও রক্ষণ করিবেন। কিন্তু আপনি ধর্ম্মজ্ঞ হইলেও আপনার সে দুইটাই নষ্ট হইয়া গেল কেন? ॥৮০॥

আপনি লোকসমাজে সর্ব্বদাই বুদ্ধিমান্, কুলীন ও দয়ালু বলিয়া বিখ্যাত রহিয়াছেন। সুতরাং আমি মনে করি—আমার ভাগ্য নষ্ট হওয়াতেই আপনি (আমার উপরে) নির্দ্দয় হইয়াছেন ॥৮১॥

অতএব মহাধনুর্দ্ধর রাজা! আপনি আমার উপরে দয়া করুন। কারণ, আমি আপনার নিকটেই শুনিয়াছি যে, দয়াই পরম ধর্ম্ম' ॥৮২॥

আপনারা এইরূপ বলিতে থাকিলে যদি কেহ প্রত্যুত্তর করে, তবে আপনারা সর্ব্বপ্রকারে সেই লোকের পরিচয় লইবেন যে, সে লোক কে এবং কোথায় থাকে ॥৮৩॥

ব্রাহ্মণশ্রেষ্ঠগণ! যে লোক এইরূপ কথা শুনিয়া প্রত্যুত্তর করিবে, তাহার সেই উত্তর লইয়া আসিয়া আমাকে জানাইবেন ॥৮৪॥

[৮২] তৎ কুরুষ নরব্যাঘ্র!...বা ব কা নি।

যথা চ বো ন জানীয়াদ্ব্রুবতো মম শাসনাৎ।
পুনরাগমনঞ্চৈব তথা কার্য্যমতন্দ্রিতৈঃ ॥৮৫॥
যদি চাসৌ সমৃদ্ধঃ স্যাদ্‌যদি বাহপ্যধনো ভবেৎ।
যদি বাহপ্যসমর্থঃ স্যাজ্‌জ্ঞেয়মস্য চিকীর্ষিতম্ ॥৮৬॥
এবমুক্তাস্ত্বগচ্ছংস্তে ব্রাহ্মণাঃ সর্ব্বতো দিশঃ।
নলং মৃগয়িতুং রাজংস্তদা ব্যসনিনং তথা ॥৮৭॥
তে পুরাণি সরাষ্ট্রাণি গ্রামান্ ঘোষাংস্তথাশ্রমান্।
অন্বেষন্তো নলং রাজন্! নাধিজগ্মুর্দ্বিজাতয়ঃ ॥৮৮॥
তচ্চ বাক্যং তথা সর্বে তত্র তত্র বিশাংপতে!।
শ্রাবয়াঞ্চক্রিরে বিপ্রা দময়ন্ত্যা যথেরিতম্ ॥৮৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি নলোপাখ্যানে নলান্বেষণে ষট্‌পঞ্চাশত্তমোহধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

যথেতি। ব্রুবতো মদুক্তপ্রকারেণ কথয়তঃ, বো যুষ্মান্, যথা ন জানীয়াৎ মদীয়ত্বেন ন পরিচিনুয়াৎ স নরঃ। তথা পরিচয়ে স্থানান্তরগমনসম্ভব ইত্যাশয়ঃ ॥৮৫॥

যদীতি। জ্ঞেয়ং যুষ্মাভিঃ। তচ্চিকীর্ষিতজ্ঞানে তৎপরিচয়ঃ সুকর ইতি ভাবঃ ॥৮৬॥

এবমিতি। উক্তা দময়ন্ত্যেতি শেষঃ। মৃগয়িতুমন্বেষ্টুম্, ব্যসনিনং বিপন্নম্ ॥৮৭॥

ত ইতি। ঘোষান্ আভীরপল্লীঃ। অন্বেষন্তঃ অন্বিষ্যন্তঃ, নাধিজগ্মুর্ন প্রাপুঃ ॥৮৮॥

ভারতভাবদীপঃ

শাসনাৎ ব্রুবতো বঃ যুষ্মান্। যথা বচ ইতি পাঠে ব্রুবতো ভবৎসমুদায়স্য বচো ন জানীয়াদিতি যোজ্যম্ ॥৮৫—৮৯॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্‌পঞ্চাশত্তমোহধ্যায়ঃ ॥৫৬॥

আপনারা সেইরূপ বলিতে লাগিলে, যাহাতে সে লোক আপনাদিগকে চিনিতে না পারে এবং আমার নিকটে আপনাদের পুনরায় আগমন জানিতে না পারে, আমার আদেশ অনুসারে আপনারা সাবধান হইয়া তাহা করিবেন ॥৮৫॥

ঐ লোক যদি ধনী, নির্ধন কিংবা, কার্য্যে অসমর্থ হয়, তবে সেই অবস্থাতে বা উঁহার কি করিবার ইচ্ছা চলিতেছে, তাহা আপনারা জানিয়া লইবেন' ॥৮৬॥

রাজা! দময়ন্তী এইরূপ বলিলে, তখনই সেই ব্রাহ্মণেরা বিপন্ন নলরাজাকে অন্বেষণ করিবার জন্য সকল দিকে গমন করিলেন ॥৮৭॥

রাজা! সেই ব্রাহ্মণেরা রাজ্য, নগর, গ্রাম, ঘোষপল্লী এবং আশ্রম সকল অন্বেষণ করিয়াও নলকে পাইলেন না ॥৮৮॥

* '…একোনসপ্ততিতমঃ…' বা ব কা, '…অষ্টষষ্টিতমঃ …' পি, '…সপ্তষষ্টিতমঃ…' নি।

সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ

——ঃ(*)ঃ——

বৃহদশ্ব উবাচ।

অথ দীর্ঘস্য কালস্য পর্ণাদো নাম বৈ দ্বিজঃ।
প্রত্যেত্য নগরং ভৈমীমিদং বচনমব্রবীৎ ॥১॥
নৈষধং মৃগয়াণেন দময়ন্তি! ময়া নলম্।
অযোধ্যাং নগরীং গত্বা ভাগস্বরিরুপস্থিতঃ ॥২॥
শ্রাবিতশ্চ ময়া বাক্যং ত্বদীয়ং স মহাজনে।
ঋতুপর্ণো মহাভাগো যথোক্তং বরবর্ণিনি! ॥৩॥
তচ্ছ্রুত্বা নাব্রবীৎ কিঞ্চিদৃতুপর্ণো নরাধিপঃ।
ন চ পারিষদঃ কশ্চিদ্ভাষ্যমাণো ময়াঽসকৃৎ ॥৪॥

ভারতকৌমুদী

অথ দময়ন্তীবাক্যং বিপ্রৈঃ শ্রাবিতং ন বেত্ত্যাহ তদিতি। ঈরিতমুক্তম্ ॥৮৯॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি নলোপাখ্যানে ষট্‌পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

——০ঃ*ঃ০——

অথেতি। দীর্ঘস্য কালস্য অতিক্রমে সতীতি শেষঃ। পর্ণমত্তীতি পর্ণাদঃ ॥১॥
নৈষধমিতি। মৃগয়াণেন মৃগয়মাণেন। ভগস্বরস্যাপত্যং ভাগস্বরিঃ ঋতুপর্ণঃ ॥২॥
শ্রাবিত ইতি। মহাজনে পাত্রমিত্রাদিবিশালজনমণ্ডলমধ্যে। যথোক্তং ত্বয়া ॥৩॥
তদিতি। পারিষদঃ সভ্যঃ। অসকৃৎ বারং বারম্ ॥৪॥

নরনাথ! দময়ন্তী যেমন ভাবে বলিয়া দিয়াছিলেন, তেমন ভাবেই সেই সকল বাক্য সেই সেই স্থানে ব্রাহ্মণেরা শুনাইয়াছিলেন ॥৮৯॥

——ঃ০ঃ——

বৃহদশ্ব বলিলেন—'তাহার পর দীর্ঘকাল অতীত হইলে, 'পর্ণাদ'—নামে এক ব্রাহ্মণ রাজধানীতে ফিরিয়া আসিয়া দময়ন্তীকে এই কথা কহিলেন—॥১॥

'দময়ন্তি! আমি নিষধরাজ নলের অন্বেষণ করিতে থাকিয়া, অযোধ্যা-নগরে যাইয়া ঋতুপর্ণরাজার নিকটে উপস্থিত হইলাম ॥২॥

এবং বরবর্ণিনি! আপনি যেমন ভাবে বলিয়া দিয়াছিলেন, তেমন ভাবেই আমি বিশালসভামধ্যে সেই ঋতুপর্ণরাজাকে আপনার সেই কথাগুলি শুনাই-লাম ॥৩॥

তাহা শুনিয়া ঋতুপর্ণরাজা কিছুই বলিলেন না, কিংবা আমি বার বার বলিলেও কোন সভ্যই কোন কথা কহিলেন না ॥৪॥

(২)···ভাঙ্গাস্বরিমুপস্থিতঃ—বা ব কা,···ভার্গংস্বরিরুপস্থিতঃ—পি।

অনুজ্ঞাতস্তু মাং রাজ্ঞা বিজনে কশ্চিদব্রবীৎ।
ঋতুপর্ণস্য পুরুষো বাহুকো নাম নামতঃ ॥৫॥
সূতস্তস্য নরেন্দ্রস্য বিরূপো হ্রস্ববাহুকঃ।
শীঘ্রযানেষু কুশলো মিষ্টকর্ত্তা চ ভোজনে ॥৬॥ (যুগ্মকম্)
স বিনিশ্বস্য বহুশো রুদিত্বা চ পুনঃ পুনঃ।
কুশলঞ্চৈব মাং পৃষ্ট্বা পশ্চাদিদমভাষত ॥৭॥
বৈষম্যমপি সম্প্রাপ্তা গোপায়ন্তি কুলস্ত্রিয়ঃ।
আত্মানমাত্মনা সত্যো জিতস্বর্গা ন সংশয়ঃ ॥৮॥
রহিতা ভর্ত্তৃভিশ্চৈব ন কুপ্যন্তি কদাচন।
প্রাণাংশ্চারিত্রকবচান্ ধারয়ন্তি কুলস্ত্রিয়ঃ ॥৯॥

ভারতকৌমুদী

অন্বিতি। রাজ্ঞা বক্তুরিঙ্গিতং দৃষ্ট্বা বিজনে গন্তুমনুজ্ঞাতং তত্র গতঞ্চ মামিত্যর্থঃ। তস্য ঋতুপর্ণস্য, সূতঃ সারথিঃ। ভোজনে খাদ্যদ্রব্যে, মিষ্টকর্ত্তা স্বাদুতাকরণদক্ষঃ ॥৫—৬॥

স ইতি। কুশলং বক্তৃজনস্য মঙ্গলং কিমিতি ভঙ্গ্যা পৃষ্ট্বা ॥৭॥

আদাবাত্মরক্ষামুপদিশতি বৈষম্যমিতি। সতীধর্ম্মবলেনৈব জিতঃ স্বর্গো যাভিস্তাঃ সত্যঃ কুলস্ত্রিয়ঃ, বৈষম্যং বিষমাবস্থাম্, সম্প্রাপ্তা অপি, আত্মনৈবাত্মানম্, গোপায়ন্তি রক্ষন্তি; অত্র সংশয়ো নাস্তি। অতস্ত্বমপ্যাত্মানং রক্ষেতি ভাবঃ ॥৮॥

রহিতা ইতি। ন কুপ্যন্তি ভর্ত্তৃষু। চারিত্রং সচ্চরিত্রমেব কবচং যেষাং তান্ ॥৯॥

তৎপরে রাজা আমাকে নির্জনে যাইবার অনুমতি করিলে আমি নির্জনস্থানে গেলাম; তখন 'বাহুক'-নামে ঋতুপর্ণরাজারই কোন লোক আমাকে বলিতে লাগিল—সে লোকটী নাকি সেই রাজারই সারথি এবং দ্রুত রথ চালাইতে নিপুণ ও সুস্বাদু খাদ্যদ্রব্য নির্ম্মাণ করিতে দক্ষ, আর তাহার আকৃতি বিকৃত এবং বাহুযুগল খর্ব্ব ॥৫—৬॥

সেই লোকটী বহুতর নিশ্বাস ত্যাগ করিয়া, বার বার রোদন করিয়া এবং আমার নিকট মঙ্গল জিজ্ঞাসা করিয়া পরে এই কথা বলিল—॥৭॥

স্বর্গবিজয়িনী সতী কুলস্ত্রীরা সঙ্কটাবস্থায় পড়িয়াও আপন ক্ষমতাবলেই আপনাদিগকে রক্ষা করিয়া থাকেন; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৮॥

ভর্ত্তারা পরিত্যাগ করিলেও, কুলস্ত্রীরা কখনও তাঁহাদের উপরে ক্রুদ্ধ হন না এবং প্রাণ ধারণ করিয়া থাকেন; সেই সময়ে তাঁহাদের সচ্চরিত্রই সেই প্রাণের কবচস্বরূপ থাকে ॥৯॥

---

(৮)···জিতঃ স্বর্গো ন সংশয়ঃ—বা ব কা নি।

বিষমস্থেন মূঢ়েন পরিভ্রষ্টসুখেন চ।
যৎ সা তেন পরিত্যক্তা তত্র ন ক্রোদ্ধুমর্হতি ॥১০॥
প্রাণযাত্রাং পরিপ্রেপ্সোঃ শকুনৈর্হৃতবাসসঃ।
আধিভির্দহ্যমানস্য শ্যামা ন ক্রোদ্ধুমর্হতি ॥১১॥
সৎকৃতাঽসৎকৃতা বাপি পতিং দৃষ্ট্বা তথাগতম্।
ভ্রষ্টরাজ্যং শ্রিয়া হীনং ক্ষুধিতং ব্যসনাপ্লুতম্ ॥১২॥ (যুগ্মকম্)
তস্য তদ্বচনং শ্রুত্বা ত্বরিতোঽহমিহাগতঃ।
শ্রুত্বা প্রমাণং ভবতী রাজ্ঞশ্চৈব নিবেদয় ॥১৩॥
এতচ্ছ্রুত্বাঽশ্রুপূর্ণাক্ষী পর্ণাদস্য বিশাংপতে!।
দময়ন্তী রহোঽভ্যেত্য মাতরং প্রত্যভাষত ॥১৪॥
অয়মর্থো ন সংবেদ্যো ভীমে মাতঃ! কদাচন।
ত্বৎসন্নিধৌ নিযোক্ষ্যেঽহং সুদেবং দ্বিজসত্তমম্ ॥১৫॥

ভারতকৌমুদী

বিষমেতি। বিষমস্থেন সঙ্কটাবস্থাপন্নেন। তেন পত্যা, তত্র পত্যৌ ॥১০॥

প্রাণেতি। পত্যা সৎকৃতা আদৃতা, অসৎকৃতা অনাদৃতা বাপি, শ্যামা প্রাগুক্তলক্ষণা দময়ন্তী, পতিম্, তথাগতং তাদৃশম্, ভ্রষ্টরাজ্যং শ্রিয়া হীনম্, ক্ষুধিতং ব্যসনাপ্লুতং বিপদাক্রান্তঞ্চ দৃষ্ট্বা, প্রাণযাত্রাং পরিপ্রেপ্সোঃ পক্ষিমাংসৈঃ প্রাণরক্ষাং কর্ত্তুমিচ্ছোঃ, শকুনৈস্তৈরেব পক্ষিভিঃ হৃতবাসসঃ, অতএব আধিভির্মনঃপীড়াভির্দহ্যমানস্য তস্য পত্যুরুপরি ক্রোদ্ধুং নার্হতি ॥১১-১২॥

তস্যেতি। ভবতী ত্বম্, ইদং মদুক্তিজাতং শ্রুত্বা, প্রমাণং কর্ত্তব্যনিশ্চায়িকা ॥১৩॥

এতদিতি। পর্ণাদস্য তদাখ্যস্য ব্রাহ্মণস্য। রহো নির্জনস্থানে ॥১৪॥

অতএব সঙ্কটাপন্ন, মোহিত এবং সুখশূন্য ভর্ত্তা যে তাঁহাকে পরিত্যাগ করিয়াছিল, সেই জন্য তাহার উপরে তিনি ক্রুদ্ধ হইতে পারেন না ॥১০॥

কুলস্ত্রী পতিকর্ত্তৃক আদৃতাই হউন বা অনাদৃতাই হউন, সে পতিকে সেইরূপ ভ্রষ্টরাজ্য, সমৃদ্ধিবিহীন, ক্ষুধার্ত্ত এবং বিপদাক্রান্ত দেখিয়া তাহার উপরে ক্রুদ্ধ হইতে পারেন না। বিশেষতঃ সে পতি তখন প্রাণরক্ষার চেষ্টা করিতেছিল, সেই অবস্থাতেই পক্ষীরা তাহার বস্ত্র হরণ করিয়া নিয়াছিল; তাহাতে সে পতি মনোদুঃখে দগ্ধ হইতেছিল' ॥১১—১২॥

রাজপুত্রি! বাহুকের সেই কথা শুনিয়া সত্বর আমি এখানে আসিয়াছি। এখন এই সকল কথা শুনিয়া যাহা হয় আপনি করুন এবং রাজার নিকট নিবেদন করুন' ॥১৩॥

নরনাথ! দময়ন্তী পর্ণাদের নিকট এই বৃত্তান্ত শুনিয়া অশ্রুপূর্ণনয়না হইয়া নির্জনে যাইয়া মাতাকে বলিলেন—॥১৪॥

যথা ন নৃপতির্ভীমঃ প্রতিপদ্যেত মে মতম্।
তথা ত্বয়া প্রকর্ত্তব্যং মম চেৎ প্রিয়মিচ্ছসি ॥১৬॥
যথৈবাহং সমানীতা সুদেবেনাশু বান্ধবান্।
তেনৈব মঙ্গলেনাশু সুদেবো যাতু মা চিরম্ ॥১৭॥
সমানেতুং নলং মাতরযোধ্যাং নগরীমিতঃ।
ঋতুপর্ণস্য নগরে নিবসন্তমরিন্দমম্ ॥১৮॥ (যুগ্মকম্)
বিশ্রান্তন্তু ততঃ পশ্চাৎ পর্ণাদং দ্বিজসত্তমম্।
অর্চ্চয়ামাস বৈদর্ভী ধনেনাতীব ভাবিনী ॥১৯॥
উবাচ চৈনং মহতা সম্পূজ্য দ্রবিণেন বৈ।
নলে চেহাগতে বিপ্র! ভূয়ো দাস্যামি তে বসু ॥২০॥

ভারতকৌমুদী

অয়মিতি। অয়ং সুদেবনিয়োগরূপঃ, অর্থো বিষয়ঃ, ভীমে রাজনি ॥১৫॥

যথেতি। প্রতিপদ্যেত বুধ্যেত। জানন্ ভীমো লোকনিন্দাভয়ান্নিবারয়েদিত্যাশয়ঃ ॥১৬॥

যথেতি। সমানীতা প্রাপিতা, বান্ধবান্ পিত্রাদীন্। মঙ্গলেন মঙ্গলকরেণ কৌশলেন। মা চিরং বিলম্বং ন করোতু। অরিন্দমং নলং সমানেতুং যাত্বিতি সম্বন্ধঃ ॥১৭—১৮॥

বিশ্রান্তমিতি। অতীবার্চ্চয়ামাস তোষয়ামাস। ভাবিনী প্রশস্তস্বভাবা ॥১৯॥

উবাচেতি। এনং পর্ণাদম্, মহতা প্রচুরেণ, দ্রবিণেন ধনেন। বসু ধনম্ ॥২০॥

'মা! আপনি এ বিষয়টা কখনও রাজাকে জানাইবেন না। আমি আপনার নিকটেই ব্রাহ্মণশ্রেষ্ঠ সুদেবকে নিযুক্ত করিব ॥১৫॥

আপনি যদি আমার প্রিয়কার্য্য করিতে ইচ্ছা করেন, তবে যাহাতে রাজা আমার অভিপ্রায় না জানেন, আপনি তাহা করিবেন ॥১৬॥

মা! সুদেব যেমন সত্বরই আমাকে বন্ধুবর্গের নিকট আনয়ন করিয়াছেন, তিনি সেইরূপ মঙ্গলময় কৌশলেই ঋতুপর্ণরাজার নগরনিবাসী শত্রুহন্তা নলকে আনয়ন করিবার জন্য সত্বরই এ স্থান হইতে অযোধ্যানগরে গমন করুন, বিলম্ব যেন করেন না' ॥১৭—১৮॥

তৎপরে ব্রাহ্মণশ্রেষ্ঠ পর্ণাদ বিশ্রাম করিলে, সৎস্বভাবা দময়ন্তী ধনদ্বারা তাঁহাকে অত্যন্তসন্তুষ্ট করিলেন ॥১৯॥

প্রচুর ধনদ্বারা তাঁহাকে সন্তুষ্ট করিয়া বলিলেন—'ব্রাহ্মণ! নল এখানে আসিলে আমি আবার আপনাকে ধনদান করিব ॥২০॥

---

(১৮) দ্বিতীয়ার্দ্ধং বা ব কা পি নাস্তি। (২০) পূর্বার্দ্ধং বা ব কা পি নাস্তি।

ত্বয়া হি মে বহু কৃতং যদন্যো ন করিষ্যতি।
যত্তত্র্যহং সমেষ্যামি শীঘ্রমেব দ্বিজোত্তম! ॥২১॥
স এবমুক্তোঽথাশ্বাস্য আশীর্ব্বাদৈঃ সুমঙ্গলৈঃ।
গৃহানুপযযৌ চাপি কৃতার্থঃ সুমহামনাঃ ॥২২॥
ততঃ সুদেবমানায্য দময়ন্তী যুধিষ্ঠির!।
অব্রবীৎ সন্নিধৌ মাতুর্দুঃখশোকসমন্বিতা ॥২৩॥
গত্বা সুদেব! নগরীমযোধ্যাবাসিনং নৃপম্।
ঋতুপর্ণং বচো ব্রূহি সংপতন্নিব কামগঃ ॥২৪॥
আস্থাস্যতি পুনর্ভৈমী দময়ন্তী স্বয়ম্বরম্।
তত্র গচ্ছন্তি রাজানো রাজপুত্রাশ্চ সর্ব্বশঃ ॥২৫॥

ভারতকৌমুদী

ত্বয়েতি। বহু উপকৃতম্ উপকার ইতি যাবৎ। সমেষ্যামি সম্মিলিতা ভবিষ্যামি ॥২১॥

স ইতি। স পর্ণাদঃ। আশ্বাস্য দময়ন্তীম্। কৃতার্থঃ প্রচুরধনলাভাৎ ॥২২॥

তত ইতি। মাতুঃ সন্নিধাবিতি তস্যা ইতরসন্দেশসন্দেহনিরাসার্থম্ ॥২৩॥

গত্বেতি। নগরীমযোধ্যামেব। কামগ ইব সম্পতন্ সবেগং গচ্ছন্। নলং প্রত্যভিধানে যত্তবিশ্বাসাৎ স নাগচ্ছেদিত্যাশঙ্ক্য রাজানং প্রত্যেবোক্ত্যুপদেশঃ, রাজাদেশং নলো ন লঙ্ঘয়েদিতি। অহো! মহাচাতুর্য্যমাবিষ্কৃতং দময়ন্ত্যা ॥২৪॥

আস্থেতি। আস্থাস্যতি বিধাস্যতি। দময়ন্তী অন্যাপি স্যাদিত্যুক্তং ভৈমীতি। ভীমস্যাপরকন্যাপি স্যাদিত্যাহ দময়ন্তীতি। তন্মাত্রাহ্বানে তস্য সন্দেহঃ স্যাদিত্যাহ তত্রেতি। কন্যান্তরস্বয়ম্বরাভিধানে নলো যত্ত্যপেক্ষেতেতি দময়ন্ত্যা এব স্বয়ম্বরাভিধানম্। যেন তৎসন্দেহনিরাসায় নলো ধ্রুবমেবাগচ্ছেৎ ॥২৫॥

কারণ, আপনি আমার বহু উপকার করিয়াছেন, যাহা অন্যে করিতে পারিবে না। যে হেতু সত্বরই আমি ভর্ত্তার সহিত মিলিত হইব' ॥২১॥

দময়ন্তী এইরূপ বলিলে, পর্ণাদ কৃতার্থ হইয়া সাতিশয়মাঙ্গলিক আশীর্ব্বাদে দময়ন্তীকে আশ্বস্ত করিয়া অতিপ্রফুল্লচিত্তে আপন গৃহে চলিয়া গেলেন ॥২২॥

যুধিষ্ঠির! তাহার পর দময়ন্তী সুদেবকে আনাইয়া, দুঃখিত ও শোকার্ত্ত হইয়া মাতার নিকটেই সুদেবকে বলিলেন—॥২৩॥

'সুদেব! আপনি কামগামীর ন্যায় দ্রুত গমন করিয়া, অযোধ্যানগরে উপস্থিত হইয়া অযোধ্যাবাসী ঋতুপর্ণরাজাকে এই কথা বলুন—॥২৪॥

'ভীমরাজার দুহিতা দময়ন্তী পুনরায় স্বয়ম্বর (নিজেই পতি বরণ) করিবেন; সেখানে সকল রাজা এবং সকল রাজপুত্রই যাইতেছেন ॥২৫॥

যথা চ গণিতঃ কালঃ শ্বো ভূতে স ভবিষ্যতি।
যদি সম্ভাবিনীয়ং তে গচ্ছ শীঘ্রমরিন্দম ! ॥২৬॥
সূর্য্যোদয়ে দ্বিতীয়ং সা ভর্ত্তারং বরয়িষ্যতি।
ন হি স জ্ঞায়তে বীরো নলো জীবতি বা ন বা ॥২৭॥
এবং তয়া যথোক্তং বৈ গত্বা রাজানমব্রবীৎ।
ঋতুপর্ণং মহারাজ ! সুদেবো ব্রাহ্মণস্তদা ॥২৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি নলোপাখ্যানে দময়ন্তীপুনঃস্বয়ম্বরকথনে সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

যথেতি। শ্বঃ পরদিনে। যদীতি সম্ভাবনায়াম্, ইয়ং দময়ন্তী, তে তব, সম্ভাবিনী ভবিতা। বিলম্বাভিধানে রাজা অন্যমপি সারথিং গৃহ্নীয়াদিত্যতঃ শ্ব ইতি ॥২৬॥

